শ্রীবিভূতিভূষণ মুখোপাধ্যায়

বেঙ্গল পাবলিশার্স ১৪, বঙ্কিম চাটুজ্জে স্ট্রীট
কলিকাতা-১২

প্রথম সংস্করণ—বৈশাখ, ১৩৫৭

প্রকাশক—শচীন্দ্রনাথ মুখোপাধ্যায়

বেঙ্গল পাবলিশার্স,

১৪, বঙ্কিম চাটুজ্জে ষ্ট্রীট

কলিকাতা—১২

প্রচ্ছদপট-পরিকল্পনা—

আশু বন্দ্যোপাধ্যায়

মুদ্রাকর—রামকৃষ্ণ পান

লক্ষ্মী সরস্বতী প্রেস,

২০৯, কর্ণওয়ালিশ ষ্ট্রীট,

কলিকাতা

ব্লক ও প্রচ্ছদপট মুদ্রণ—

ভারত ফোটোটাইপ ষ্টুডিও,

বাঁধাই—বেঙ্গল বাইণ্ডার্স

পাঁচ টাকা

এক

"এই যে দেখছেন ছোট্ট সিসিটি এর মধ্যে আছে বোম্বাস্ত্র !"

নিতান্ত ভয়ে না হোক, বিস্মিত কৌতুকে সবাই শিশিটার দিকে দৃষ্টি ফিরাইয়া চাহিল।

"চমকাবেন না, যেমন আছেন থির হ'য়ে ব'সে থাকুন, এ সে-ধরণের বোম্বাস্ত্র নয় যে গোটা ফৌজকে ফৌজ চক্ষের নিমিসে সাবাড় করে দেবে। এটি হচ্ছে যত রকম অসভ্য বিয়াধি মানুষের দেহকে আশ্রয় ক'রে আছে—তার মহৌসধি···বোম্বাস্ত্র ! পুরনো হোক, নতুন হোক, আজকের হোক, দশবছরের হোক—ফোড়া—এক্‌জিমা—কাউর—একটি ছোট্ট বড়ি—এক চামচ ছাগলের দুধে বেটে লাগিয়ে দিন—ছোট ছেলের হ'লে মায়ের দুধ গেলে—সকালে উঠে দেখবেন বেমালুম অদিশ্য হয়ে গেছে।···আসুন—বিখ্যাত সর্মা-সুর কোম্পানীর বোম্বাস্ত্র !—ছোটসিসি দু' আনা—ডবল সিসি সাড়ে তিন আনা···"

"সর্মাসুরের হাতে ব্রহ্মাস্ত্র !—সেরেছে আর কি !···খিক্—খিক্—খিক্···"

"আসুন, পশ্চাতে অনুসোচনা হবে···"

"কিনলে নাকি ?···থিক্—থিক্—থিক্···"

"রশময়ের অবাক জলপান !···আশুন, দু পয়শা প্যাকেট—বাজারে-চানাচুরের ফাঁকি নয়—রীতিমতো কিশমিশ পেশ্‌তা বাদাম ভাজা দিয়ে—তার সঙ্গে শাতরকম কাবুলী মশলা—আশুন, রশময়ের অবাক জলপান !"

"অসময়ে কেন বাবা ?—থিক্—থিক্—থিক্···ট্যাঁক যে এদিকে গড়ের মাঠ, নমুনো ছাড়বে না দুটো ?...থিক্—থিক্—থিক্···"

গাড়ির একধারে একটি বৃদ্ধ বসিয়াছিল। প্রায় ষাট-পঁয়ষট্টি বছর বয়স হইবে। শরীরের সমস্ত হাড় আর শিরাগুলি মেদের অভাবে জাগিয়া উঠিয়াছে, তবে বেশ পুষ্ট, এত বয়সেও একটা শক্তির আভাস জাগায় মনে। এক মুখ দাড়ি গোঁফ, চুলগুলা অবিন্যস্ত ; সবচেয়ে বিশিষ্ট চোখের চশমাজোড়াটি, এক দিকের ডাঁটিটা রহিয়াছে, একদিকে একটা ময়লা সুতা দিয়া কানের সঙ্গে আটকানো। কাচ দুইটা অত্যধিক মোটা, ঘোলাটে, একজোড়া চাঁদামাছের মতো, তাহার পেছনে চোখের গোলক দুইটা এক একবার অস্বাভাবিক রকম বড় হইয়া ওঠে।

বৃদ্ধও যেন কিছু বলিতে চাহে !

গাড়িতে নানা রকমের ফিরিওয়ালা ; একজন শেষ করিতেছে, সঙ্গে সঙ্গে বৃদ্ধ উঠিতে যাইতেছে, কিছু বলিবার পূর্বেই কিন্তু আর একজন নিজের সওদা লইয়া আরম্ভ করিয়া দিতেছে, বৃদ্ধ বসিয়া পড়িয়া মাথাটা নিচু করিয়া শুনিতেছে, কাঠরসিক ছোঁড়াটার মন্তব্য আর থিক্—থিক্ করিয়া হাসি শুনিয়া মুখ টিপিয়া টিপিয়া হাসিতেছে। অবাক জলপান পর্যন্ত বোধ হয় আশাই ছাড়িয়া দিয়া মুখ

নিচু করিয়া বসিয়াছিল, কেহ আরম্ভ করিল না দেখিয়া, হঠাৎ উঠিয়া দাঁড়াইয়া বলিল—"এবার আমার কথাটা একটু দয়া ক'রে শুনুন…"

ছোঁড়াটা দাঁত বাহির করিয়া হাসিয়া বলিল—"শর্মাসুরের জ্যেঠা মহিষাসুর নাকি ?…খিক্—খিক্—খিক্…"

দৃষ্টির দৌড় চশমার বাহিরে বেশি দূর পর্যন্ত নিশ্চয় নয় ; বৃদ্ধ শব্দ লক্ষ্য করিয়া আন্দাজে ঘাড়টা বক্তার দিকে ঘুরাইয়া কতকটা যেন খোসামোদের স্বরে হাসিয়া বলিল…"শর্মাসুরের জ্যেঠা মহিষাসুর !…বাঃ বেশ বলেছো ; আবার জ্যেঠা ! বাঃ, বেশ রসিক ছেলে ! · মশাইরা, তা' হ'লে আমি এইখান থেকেই আরম্ভ করি না, বেশ কথাটা পাওয়া গেছে। আমার আবার ওদের মতন গুছিয়ে বলা আসে না—এই যে অবাক জলপান, এটম্ বম্—বেশ বলে, শুনি, তবে কেমন আসে না আমার। আর আমি চাইবো ভিক্ষে, ওরা বেচবে সওদা, তফাৎও কতটা বুঝুন না। · তা এক সময় ছিলাম মহিষাসুরের মতনই মশাইরা—চেহারায় নয়, শক্তিতে…এই দেখুন না, আমিও হাসাতে পারি ঐ ছেলেটির মতন—চেহারায় মহিষাসুর নয়, এখন যা হ'য়ে উঠেছি…কৈহে ভায়া, আছ তো ? শুনে যেও…মশাইরা, সাত-আট বছর আগে পর্যন্ত আমার সামনে চোখ তুলে দাঁড়াতে লোকের বুক কেঁপে যেতো ; তবে এও বলি, সব লোকের নয়, যাদের ভেতরে গলদ থাকতো। ক্ষমতাটা এমনই ছিল যে, গলদ আর বেশি দিন থাকতে পারতো না কায়েমী হ'য়ে তাদের মধ্যে।…"

একটা স্টেশন ; ওঠা নামার জন্য একটু বিরতি। গাড়িটা আবার আধ মিনিটের মধ্যেই ছাড়িয়া দিল। ছোকরা মন্তব্য করিল—"বাঃ, এই তো চাই, একেবারে ভূত ঝাড়িয়ে ছেড়ে দিতে বুঝি ?…খিক্—খিক্…"

বৃদ্ধ আন্দাজে চশমা ঘুরাইয়া হাসি মুখে বলিল—"এই যে রয়েছ, ভাবলাম নেমে গেলে বুঝি…হ্যাঁ, ভূত ঝাড়িয়েই ছাড়তাম। শেষ পর্যন্ত ভূত কিন্তু রোজার ঘাড়েই এসে চাপল…মনের মধ্যে গলদ এসে ঢুকল—এতো হাঁকডাক, এত

প্রতিপত্তি, তবে আমি লোকটা নেহাৎ কেউ-কেটা নয়! ভগবান বললেন,
বটে! দাঁড়া, এবার তোরও ভূত ঝাড়া দরকার হয়ে পড়েছে।"

"লাগলো একেবারে দেশের জমিদারের সঙ্গে। ঐ ওপরওলাই লাগিয়ে দিলে আর কি। সংক্ষেপে বলছি মশাইরা—ভাল লাগবে কেন?—মহাভারতের পুণ্য কাহিনী নয়তো—অবিশ্যি দোষ আমার ছিল না—নলগাঁয়ের ডাকসাইটে জমিদার—নাম শুনে থাকতে পারেন, ওপরপড়া হ'য়ে এসে লাগালে বাগড়া—কিন্তু দোষ না থাক, তমো হ'য়েছিল যে, ওপরওলা ত ঐটে সহ্য করতে পারে না—অত বিষয়সম্পত্তি কয়েক বছরের মধ্যে যেন মিলিয়ে গেল—জমাট বরফ যেন জল হ'য়ে বেরিয়ে গেল মশাইরা।..ভূত তখনও কিন্তু ষোল আনা ছাড়েনি—রোজা বললে, থাম, আরও মন্তর আছে; বড় ছেলেটা গেলো—চব্বিশ বছরের খাড়া জোয়ান। এই তখন গিয়ে ঠাণ্ডা হ'য়ে বসলাম, মাজা ভেঙ্গে গেলে ত আর দৌড়-ঝাঁপ চলে না মশাইরা, আর, ছেলেটা যাওয়ার সঙ্গে সঙ্গে চোখ ছুটি প্রায় শেষ হলো কিনা। একবগ্‌গা পড়ো যেমন গুরুমশায়ের হাতে বাড়ির পর বাড়ি খেয়ে হার স্বীকার করে, আমায়ও সেই রকম করতে হলো। তখন গুরু মশাইয়ের দয়ার উদ্রেক হলো, আট বছরের ছোট ছেলেটিকে সরিয়ে নিলেন।··· কে বললেন—'খুব দয়া'?—দয়াই বৈকি; ওটাও যদি বড় হয়ে যেতো, ধরুন এই আজ—বছর পনেরো-ষোলোরটি হ'য়ে, তো তবুও কোন রকমে দেখে শুনে এই যে আপনাদের সামনে এসে দাঁড়াতে পারছি, এটা কি আর সম্ভব হতো? বলুন না—বলতে হবে না দয়া?···বাকি রইলো একটা মেয়ে, বিধবা না হ'য়েও বিধবা, আর একটি বছর চারেকের নাতনি। বিধবা না হ'য়েও বিধবা, এই জন্যে বললাম যে, জামাইটি হঠাৎ সন্ন্যেসী হয়ে বেরিয়ে গেল। ধর্মে মতি চিরকাল ছিলই, মেয়েটি হোতে ভাবলে—ভ্যালা বিপদ, এ যে আর এক পাক জড়ালে দেখছি, বুদ্ধদেবের মতন কেটে পড়াই ভাল।"

একটা লাঠির মাথার ওপর ছুটি হাত রাখা, তাহার উপর চিবুকটি—এইভাবে দাঁড়াইয়া মাথাটা ঘুরাইয়া বলিয়া যাইতেছে, গাড়ির ক্ষীণ আলো মুখের

জঙ্গলের ওপর পড়িয়া বিচিত্র ছায়ার রহস্য সৃষ্টি করিতেছে, তাহারই সঙ্গে একটা অদ্ভুত হাসি—খানিকটা বৈরাগ্য, খানিকটা নৈরাশ্য, খানিকটা কোন্ এক অদৃশ্য বিধান লইয়া ব্যঙ্গ, নিষ্ফল অনুযোগ আর অভিমান।

রসিক ছোকরা এবার চরম রসিকতা করিয়া বসিল—"মোক্ষম জায়গাটিতেই থেমে গেলে বাবা? চলুক না। কত 'বয়স হয়েছিল?"

হয়তো বলিত না; কিন্তু গাড়িটা থামিয়াছে, এই ষ্টেশনেই নামিয়া গেল, প্ল্যাটফর্মে পা দিয়া রসিকতাটাকে বরং আরও কুৎসিত আকার দিয়া থিক্—থিক্—করিয়া হাসিতে হাসিতে চলিয়া গেল।

বৃদ্ধ সঙ্গে সঙ্গে একটা চাপা হুংকারের সহিত লাঠিটা মাথার উপর তুলিয়া শব্দ লক্ষ্য করিয়া পা বাড়াইল, পাশের কয়েকজন খপ করিয়া ধরিয়া ফেলিল। চেহারা একেবারে বদলাইয়া গেছে, মোটা কাচের মধ্যে চোখ দুইটা জ্বলিতেছে, বুকটা হাপরের মত ওঠা নামা করিতেছে, খসখসে চাপা আওয়াজে বলিল—"নেমে গেল। দাঁড়ালে না কেন, মবদকা বাচ্চা ছিল তো?" সঙ্গে সঙ্গে কিন্তু শান্তও হইয়া গেল। অত উগ্র থেকে এত শান্ত ভাবের মধ্যে নিশ্চয় অমানুষিক সংযমের প্রয়োজন, সেটা কিন্তু বাহিরে কেহ বুঝিতে পারিল না। বেশ সহজ ভাবেই মুখে সেই অদ্ভুত হাসিটা আসিল ফিরিয়া, বৃদ্ধ লাঠির মুঠিটার ওপর হাত দুইটা রাখিয়া তাহার ওপর চিবুকটা চাপিয়া দাঁড়াইল, কতকটা স্বগত উক্তিতেই বলিল—"হঠাৎ রাগটা হয়ে উঠেছিল। হাত্তোর নিকুচি করেছে—এখনও মান-অপমানের বড়াই।"

গলাটা ধরিয়া আসায় চুপ করিয়া গেল। বেশ বোঝা গেল যেমন রাগটাকে সামলাইয়াছে, তেমনি এবার উদ্গত অশ্রুকেও কণ্ঠ দিয়া নামাইয়া দিল।

সব রকম লোক আছে, পাশের একটি বয়স্থ গোছের লোক একটি দু'আনি বাড়াইয়া বলিল—"এই নিন্ ধরুন; চাইতে হচ্ছে, কিছু চেয়ে নেবেন, এসব কথা কেন বলতে যান যেখানে সেখানে?"

একটা হাত বাড়াইয়া বৃদ্ধ যেন কতকটা অন্যমনস্কভাবেই দু' আনিটা গ্রহণ করিল। চুপ করিয়া দাঁড়াইয়াই রহিল, রাগের চেয়ে অশ্রু দমন করা নিশ্চয় এক এক সময় বেশি শক্ত; তাহার পর গায়ে একটা নাড়া দিয়া গলাটা পরিষ্কার করিয়া বেশ সহজ কণ্ঠে বলিল—"কি জিগ্যেস করলেন যেন—কেন বলতে যাই? বল্‌বার জন্যেই যে বেড়াচ্ছি ঘুরে—দিলে গালাগালটা, কি আর করব? কিন্তু আর কেউ দেয়নি এর আগে। হ্যাঁ, যা বলছিলাম—বলবার জন্যেই তো ঘুরে বেড়ানো—দেখেছেন আপনারা কেউ? একটি মেয়ে, ধপ্‌ ধপ্‌ করছে রং—এখন তার বয়স যাচ্ছে বছর ছাব্বিশ, সঙ্গে একটি মেয়ে, এখন বছর দশেকের—মায়ের মুখ, চোখ, রং, চুল—দেখেছেন কেউ?·· দয়া করে সবাই একটু শুনুন—একটি মেয়ে বছর ছাব্বিশ, সঙ্গে বছর দশেকের একটি মেয়ে—ফুটফুটে, দেখেছেন কোথাও?···দেখেন নি?······কেউই দেখেন নি?—নেই-ই বোধ হয় তাহলে, নৈলে এই ছ'বছরে আর তল্লাস পাওয়া যেত না?—একটা দিনও বাদ দিই নি···তাহলে আর একটু শুনুন দয়া করে—না দেখে থাকেন, যদি দেখেন, দয়া ক'রে সদর থানায় একটু খবরটা দিয়ে দেবেন—বেরুতে আর ফিরতে একবার ক'রে খবর নিয়ে যাই কিনা—বছর ছাব্বিশ—ফুটফুটে রং—সঙ্গে একটি বছর দশেকের মেয়ে; মায়ের রং, মুখ চোখও একেবারে মায়ের বসানো।"

চুপ করিল একটু, যদি দয়া করিয়া কেহ একটা প্রশ্ন করে, একটু আগ্রহ দেখায়। তাহার কোন আভাস না পাওয়ায় হাসিতে নৈরাশ্যের ভাগটা বেশি স্পষ্ট হইয়া উঠিল, বলিল—"তাহলে শুনে রাখলেন তো দয়া করে? খোঁজাখুঁজি নয়, নেহাৎ যদি পড়ে চোখে? ···যাক্‌, কিছু দেবেন দয়া করে? স্পষ্ট বলে দেওয়াই ভালো—জাত-ভিকিরী নই তো—নিজের পেটের জন্যে যে কটা পয়সা দরকার তা হয়ে গেছে, তবু চেয়ে যাই। যদি ওপরওলা দেয় ফিরিয়ে মেয়েটাকে—নাতনিটাকে, তাদের সংস্থান চাইতো, সেইটাই জমিয়ে যাচ্ছি। ···আজ্ঞে না, তখন আর কেন ভিক্ষে করব? জাত-ভিকিরী তো নয়। এখনও

যে পাতছি হাত, বাড়িতে বসে থাকলে চলে পেট, তার হেকমৎ জানা আছে, কিন্তু মেয়েটার খোঁজ নেওয়া তো চলে না তা হলে, এই আর কি ; সব খোলসা করেই বললাম মশাইদের। তা হলে, দেবেন কিছু ? এটা এক হিসেবে ন্যায্য আয় নয়, উপরি ; তা কিন্তু বলেই চাইছি।"

নিজের রসিকতায় আর একটু স্পষ্টভাবে হাসিয়া ডান হাতটা বাড়াইয়া ধরিল।

দুই

গাড়ির এই কামরার মধ্যেকারই কথা। একেবারে একটি কোণ ঘেঁসিয়া একটি স্ত্রীলোক গুটিসুটি মারিয়া, কতকটা যেন আত্মগোপন করিয়া বসিয়া আছে। পাশে একটি ঘুমন্ত মেয়ে, তাহার মাথাটা স্ত্রীলোকটির কোলের ওপর। সমস্ত কামরাটায় একটি মাত্র বাতি, তাহাও এদিকেই, সুতরাং ওদিকটায় আলো ক্রমেই ক্ষীণ হইয়া গেছে ; কিন্তু সামান্য যেটুকু আছে, সেটুকু থেকেও স্ত্রীলোকটি যেন আত্মরক্ষা করিতে চায়। তাহার একটা কারণ সুস্পষ্ট—না করিলে সম্ভ্রম রক্ষা হয় না। কাপড়টা মলিন, কয়েক জায়গায় ছেঁড়া, কয়েকটা গেরো, তা ভিন্ন যতখানি দরকার, ততখানিও নাই। স্ত্রীলোকটির একটা হাত মেয়েটির মাথার উপর, একটা হাত চঞ্চল—একবার মাথার কাপড়টা টানিয়া দিতেছে, তখনই দেখিতেছে ঘাড়ের ছেঁড়াটা বাহির হইয়া পড়িল কিনা ; পায়ের কাপড়টা নামাইয়া দিয়া সঙ্গে সঙ্গে খোঁজ লইতেছে হাঁটু-উরুর কাছে অবস্থাটা কি ; এক একবার একটা গ্রন্থির উপর হাতটা আটকাইয়া যাইতেছে, আঙ্গুলগুলা চঞ্চল হইয়া উঠিতেছে, আবার হাতটা মাথার ওপর উঠিয়া যাইতেছে, ছেঁড়ার মধ্য দিয়া এক গোছা চুল বাহির হইয়া পড়িল না তো ?

একটা বিপর্যস্ত ভাব, সবটা হইতেছে কিন্তু যান্ত্রিকভাবে, কি একটা অন্ধ শক্তিতে হাতটাকে, আঙ্গুলগুলাকে যেন চালিত করিয়া লইতেছে। সাক্ষাৎভাবে

স্ত্রীলোকটির মন কিন্তু এদিকে নাই, সে সমস্ত চেতনাকে তুটি চক্ষে জড়ো করিয়া একদৃষ্টে প্রবল উৎকণ্ঠায় বৃদ্ধের পানে চাহিয়া আছে।

কোণ ঘেঁসিয়া, কম আলো দেখিয়া বসিবার আর একটা কারণ আছে, মেয়েটির টিকিট নাই। যখন গাড়িতে প্রথম ওঠে, কয়েকটা ষ্টেশন আগে মেয়েদের গাড়িতেই উঠিয়াছিল; কিন্তু থাকিতে পাইল না। তাহার কারণ স্ত্রীলোকটি সুন্দরী; নিতান্ত অসামান্যা না হইলেও এটা ঠিক যে, যেখানে সেখানে এ সৌন্দর্য চোখে পড়ে না। মেয়েছেলেরা আর সব একরকম সহ্য করিতে পারে, গরীবের মধ্যে রূপটা সহ্য করা তাহাদের পক্ষে শক্ত, মনে হয় ওটা যেন স্পর্ধা, একটা অমার্জনীয় ঔদ্ধত্য। এদিকে রূপের অভাবে সাড়ি-সোনা ম্লান, ওদিকে রূপের জলুসে ছেঁড়া ন্যাকড়ার হাসি ধরে না—কেমনধারা বেমানান ব্যবস্থা একটা।...ভিড় থাকিলেও তুইটি প্রাণীর জায়গা ছিল, তবু প্রশ্ন হইল—"টিকিট আছে?"

"না মা, এই গোটা তিনেক ষ্টেশন পরে নেমে যাবো।"

প্রৌঢ়া, মাঝবয়সী, যুবতী—কয়েকজনই একটু ঝুকিয়া পড়িল—"না, এই-খানেই নেমে যাও বাছা, নৈলে টিকিটবাবুকে ডাকবো।"

অপাত্রে রূপ, কিছু না হোক একটু বিদ্রূপের আঘাত দিলেও খানিকটা সান্ত্বনা পাওয়া যায়, একজন ঠোঁট কুঞ্চিত করিয়া একটু হাসিল, প্রচ্ছন্ন ইঙ্গিতে বলিল—"ডেকে দিলেই তো ওর পোয়া বারো।"

স্ত্রীলোকটি ব্যাকুলভাবে কয়েকটা মুখের ওপরই চোখ বুলাইয়া লইয়া বলিল—"গালমন্দ দেবেন না মা, বিপদে পড়েছি।"

"গালমন্দ কেন দিতে যাবে লোকে? নেমে যাও, বলে টিকিটওলাদেরই জ্যায়গা হচ্চে না..."

নামিয়া যাইতে হইল। নামিতে নামিতেই কাণে গেল—

"রূপ আছে।"

"হ্যাঁ, তা আছে।"

মুড়ো জ্বেলে দিই অমন রূপে। বুঝছো না? ঐ তো পুঁজি ওদের; ওর চেয়ে সাত-জন্ম যেন কালপেঁচী হয়ে থাকি।"

নামিয়া বিপর্যস্তভাবে চারিদিকে চাহিতে চাহিতে হঠাৎ ঐ রূপের কথাই মনে পড়িয়া গেল। ভুল হইয়া গিয়াছিল; যেখানে এ-রূপের গঞ্জনা সেখানে না গিয়া বেটাছেলেদের গাড়িতেই ওঠা উচিত ছিল। সেখানে লুব্ধ প্রশংসার দৃষ্টির মধ্যে আদর আছে, অভ্যর্থনা আছে, অথচ এতো ভিড়ের মধ্যে সে আদর অভ্যর্থনায় বিপদের সম্ভাবনা নাই। ওরা মাত্র দেখিবে; তা দেখুক, টিকিটবাবু ডাকিয়া ধরাইয়া দিতে চাহিবে না। শুধু তাহাই নয়; টিকিটবাবু ধরিলে অনুরোধ উপরোধ করিয়া নামাইয়া দিতে বারণ করিবে;—আহা গরীব, অসহায়…। তবুও নামাইয়া দিতে চাহিলে চাইকি গাঁটের পয়সা দিয়া নিরস্ত করিতে পারে। …পুরুষকেও ভয় করিয়া স্ত্রীলোকের কামরায় ওঠাই ভুল হইয়াছিল; কিছুক্ষণের জন্য রূপটা শুধু একটু দৃশ্য পণ্য করিয়া রাখা বৈতো নয়।

সামনেই এই কামরাটা ছিল। দরজার কাছ থেকেই ভিড়, বচসা, তবুও প্রবেশ লাভ হইল।

"আসতে দিন মশাই, মেয়েছেলে।"

"আরে ভিকিরী একটা! আপনিও যে দেখছি—মেয়েছেলে বলে……"

ততক্ষণে গাড়ির আলোর একটা রেখা স্ত্রীলোকটির মুখের ওপর আসিয়া পড়িয়াছে; লোকটা হঠাৎ থামিয়া গেল, সেকেণ্ড কয়েক অপলক দৃষ্টিতে চাহিয়া বলিল—"তা এসো উঠে, মেয়েছেলের খাতির করতে করতে আর নিজেদের জায়গা হয় না—ট্রাম, বাস, গাড়ি যেখানেই ওঠো……নাও উঠে এসো…… দাও মেয়েটাকে,তাও একা হয় তবে তো……"

শুধু দৃশ্য-পণ্য হইয়াই যে প্রবেশ করিতে পারিল এমন নয়। তবে, অত ভাবিবার অবসর নাই। দরজার পরেই ভেতরে অপেক্ষাকৃত খালি জায়গা একটু, স্ত্রীলোকটি কিন্তু পাশ কাটাইয়া কাটাইয়া একেবারে কোণে গিয়া উপস্থিত হইল।

পুরুষের দৃষ্টিকে উপেক্ষা করা দেখা গেল অতটা সহজ নয়, বিশেষ করিয়া এই শতচ্ছিন্ন বস্ত্র পরিধান করিয়া ; মনে হয় যেন এক সঙ্গে শত শত বিষাক্ত তীর আসিয়া সর্বাঙ্গে বিঁধিতেছে। তবে মেয়েটা খানিকটা অন্যমনস্ক করিয়া দিতেছে ; ক্লান্ত, ক্ষুধার্ত, আব্দার ধরিয়াছে, তাহাকে বুঝাইয়া শান্ত করিবার চেষ্টায় নিজের কথা ভুলিতে হইতেছে, শুধু একটা হাত ছেঁড়া সাড়িটা লইয়া আপনা হইতেই চঞ্চল। গাড়ির দোলা লাগিতে ক্রমে ক্রমে অবসন্ন হইয়া মেয়েটি ঘুমাইয়া পড়িল। তখন কতকটা অন্যমনস্ক করাইয়া রাখিল ফিরিওলাদের বক্তৃতা, যেসব চক্ষু ক্ষুদ্র ছিদ্রপথে রূপের টুকরা-টাকরা খুঁজিয়া ফিরিতেছিল, সেগুলাও কতকটা ঐদিকে আকৃষ্ট হইল। খানিকটা স্বস্তি, তবু অভ্যাসের বশেই হাতটা ছেঁড়া সামলাইয়া ফিরিতে লাগিল।

ফিরিওলাদের শেষ হইলে বৃদ্ধ উঠিল।

এতক্ষণ পরে মনে একধরণের একটা সান্তনা পাওয়া গেল—যাত্রাপথে একজন সঙ্গী আছে তাহ'লে—প্রায় অন্ধ, জরাগ্রস্ত, ভিক্ষাজীবী ; আমি তাহ'লে একা নয়। তা' ভিন্ন হাসিমুখে দুঃখের কথা আওড়াইয়া যাইবার এমন একটা ক্ষমতা আছে লোকটার মধ্যে যে ফিরিওলার চেয়েও কৌতুক জাগায় ; লোকেদের দৃষ্টি আরও আকৃষ্ট হইয়াছে ওদিকে।......শেষে আসিয়া পড়িল বিধবা-কল্প মেয়ে আর নাতনিটির কথা।

স্ত্রীলোকটি এতক্ষণ নিছক কৌতূহলেই কাহিনীটা শুনিতেছিল, মেয়ের কথা আসিয়া পড়ায় তাহার ভ্রূ দুইটা কুঞ্চিত হইয়া উঠিল—হঠাৎ মনে যেন চিন্তার একটা আবর্ত উঠিয়াছে। ক্রমে যতই শুনিতে লাগিল চক্ষু দুইটা উজ্জ্বল হইয়া উঠিতে লাগিল, মনের উত্তেজনায় হাতটা আরও চঞ্চল, একটা যেন সমস্যা-পূরণ হইয়া আসিতেছে। তবুও একটা দ্বিধা, একবার পা বাড়াইয়া যেন ফিরিয়া আসা। স্ত্রীলোকটি যেন হিসাব করিতেছে,—একদিকে ঐ প্রায়ান্ধতা, আর এক দিকে বার্ধক্যভেদ করিয়াও একটা শক্তির আভাস।......তাহার পর সেই

বদরসিক ছেলেটার কুৎসিত বিদ্রূপে বৃদ্ধ যেন ফণা-ধরা সাপের মত গর্জাইয়া উঠিল।

উৎকণ্ঠার বশে স্ত্রীলোকটি একেবারে মেরুদণ্ড সিধা করিয়া নিজের যায়গায় বসিয়াছিল, এইখানে আসিয়া প্রবল চাপা উত্তেজনায় কয়েক ইঞ্চি উঠিয়া পড়িল।

সঙ্গে সঙ্গেই কিন্তু আত্মস্থ হইয়া আবার স্থিরভাবে আসন গ্রহণ করিল। কি একটা যেন ঠিক করিয়া ফেলিয়াছে, দ্বিধা-দ্বন্দ্ব গিয়া একটা মীমাংসা হইয়া গেছে।

আরও খানিকটা চলিল—ইনাইয়া-বিনাইয়া ঐ এক কথা, মাঝে মাঝে অন্য দু'একটা কথার গোঁজা দিয়া বা ভিক্ষা লইবার জন্য একটু বিরতি দিয়া—"একটু রাখবেন মনে—বয়েস এখন হবে বছর ছাব্বিশেক, ধপ্‌ধপে গায়ের রং—অবিশ্যি সেইরকমটি যদি থাকে—মেয়েটির বয়েস বছর দশ······"

গাড়িটা আসিয়া ষ্টেশনে থামিল। লোক্যাল ট্রেণ, আর একটা ষ্টেশন যাইবে; এইখানেই কিন্তু খালি হইয়া গেল। এ কামরায় মাত্র জন পাঁচছয় রহিল পরের ষ্টেশনের জন্য, বৃদ্ধ আর স্ত্রীলোকটি ছাড়া।

ষ্টেশন আসিলে তাহারা যখন নামিয়া গেল, ঘুমন্ত মেয়েটিকে বুকে চাপিয়া স্ত্রীলোকটিও ধীরে ধীরে নামিল। একটু এদিক ওদিক চাহিয়া প্লাটফর্মের দরজার কাছটিতে দাঁড়াইয়া রহিল। বৃদ্ধ আলোর নিচে দাঁড়াইয়া ভিক্ষালব্ধ উপার্জনের হিসাব করিতেছে, মুঠাটা একেবারে চোখের কাছে আনিয়া।

স্ত্রীলোকটি অপেক্ষা করিয়া রহিল, তাহার পর বৃদ্ধ টুকিয়া টুকিয়া নিচে আসিয়া দাঁড়াইলে ধীরে ধীরে তাহার দক্ষিণ হস্ত স্পর্শ করিয়া বলিল—"বাবা, আমি তোমার মেয়ে, এই এসেছি ফিরে।"

তিন

বৃদ্ধ একেবারে স্থাণুবৎ নিশ্চল হইয়া কিছুক্ষণ একভাবে দাঁড়াইয়া রহিল ; কড়া বিদ্যুতের আলোর সামনে চোখটা ধাঁধিয়া গেছে। অসম্ভব সম্ভাবনার মুখো-মুখি হইয়া মনটাও যেন অসাড় হইয়া গেল। একটু পরে শব্দ লক্ষ্য করিয়া মাথাটা ঘুরাইয়া প্রশ্ন করিল—"কে ? আমায় কেউ কিছু কি বললে ?"

"হ্যাঁ, আমি তোমার মেয়ে······যার কথা বলছিলে এক্ষুনি।"

ঘুম ভাঙিয়া যাওয়ার মুখে একটা নিবিড় সুখস্বপ্নকে আঁকড়াইয়া থাকিবার জন্য মানুষ যেমন করে, বৃদ্ধ সেইভাবে সমস্ত চেতনাকে সতর্ক করিয়া দাঁড়াইয়া রহিল ; চোখ দুইটা কাছে লইয়া গিয়া দেখিবার চেষ্টা করিল না, এমন কি হাতের ওপর যে স্ত্রীলোকটির হাত রহিয়াছে, অন্য হাত দিয়া সেটা স্পর্শ করিয়া দেখিবারও চেষ্টা করিল না। কিছু করিতে গেলেই জাগরণের নাড়া পাইয়া স্বপ্ন যদি মিলাইয়া যায় !

তাহার পর মনটা কিন্তু হঠাৎ বাস্তবে প্রবুদ্ধ হইয়া উঠিল, হাতটা অন্য হাত দিয়া খপ্‌ করিয়া চাপিয়া ধরিয়া বলিল—"নাম কি বলো—আর কি বলে আমি ডাকতাম—তুটোই—নয়তো পুলিসে দোব—একবার ঠকিয়েছিল—এক······"

একটা কড়া গাল দিয়া শেষ করিল, উগ্র হইয়া উঠিয়াছে, কাঁপিতেছে, নরম হাতের ওপর হাতটা কড়কড়িয়া বসিয়া গেছে।

স্ত্রীলোকটি যেন নিরুপায় হইয়া চুপ করিয়া রহিল, সুবিধা এই যে, বৃদ্ধ মুখের ভাবটা দেখিতে পাইতেছে না। তবু মুখটা একটু ঘুরাইয়া লইল, তাহার পর ধীরে ধীরে কতকটা আব্দার আর ব্যঙ্গের স্বরে বলিল—"থাক্, যাঁচ্‌ করার দরকার নেই ; ছ' বছর পরে যদি নাম মনে করিয়ে ঘরে ঢুকতে হয়তো কাজ নেই, ছেড়ে দাও······"

গলাটা ধরিয়া আসিয়াছে। বৃদ্ধ বিহ্বলভাবে একটু দাঁড়াইয়া রহিল, মুঠাটা নরম হইয়া আসিয়াছে; তাহার পর স্নেহদ্রব কণ্ঠে ডাকিল—"বন্দী—মা? ......আয়......"

স্ত্রীলোকটি বৃদ্ধের হাতটা তুলিয়া নিজের কন্যার মাথায় রাখিয়া বলিল—"গলা শুনেও তো চেনা উচিত বাবা; আর এই নাও, তোমার নাতনি, নাম জাহ্নবী—নতুন ক'রে রাখা।... ..প্রণাম কর্ জানু তোর দাদুকে।"

নিজে পায়ের ধূলা লইয়া উঠিয়া দাঁড়াইল। বৃদ্ধ নিজেকে সংযত করিতে পারিতেছে না, স্বর কাঁপিয়া যাইতেছে,—বলিল—"ওর কথাও জিগ্যেস করতে যাচ্ছিলাম—কিন্তু সাহস হচ্ছিল না মা, ছ' ছটা বছর—কে গেল, কে রইল, সাহস হচ্ছিল না জিগ্যেস করতে......তাহ'লে বন্দীই?—মেয়ের নাম বললি জাহ্নবী। ......দেখতে তো পাচ্ছি না—কড়া আলোয় পয়সাগুলো গুণছিলাম—অন্ধকারটা তবু সয়—আচ্ছা, ওর রংটা......"

স্ত্রীলোকটি আরও একটু ঘেঁষিয়া আসিয়া চাপা গলায় বলিল—"সে হবে'খন বাবা, দাঁড়ালে তো চলবে না এখানে, বিপদ রয়েছে। থাকো কোথায়?"

"বিপদ!"—বৃদ্ধের মুষ্টিটা লাঠির মাথার উপর আবার কড়া হইয়া উঠিয়াছিল, স্ত্রীলোকটি তাহারই উপর নরমভাবে নিজের ডান হাতটা রাখিয়া বলিল—"রয়েছে বিপদ বাবা, এই পরের গাড়িটা এলেই বোধ হয়। সব শুনবে; কোথায় থাকো, চলো তাড়াতাড়ি।"

বৃদ্ধকে প্ল্যাটফর্মের গেটে কেহ আটকাইল না। চেনা লোকই,—ভিখারী ঐ ইতিহাস, এমনই যাওয়া আসা করে। তাহার পেছনে স্ত্রীলোক আর মেয়েটি। প্রশ্ন হইল—"টিকিট?"

বৃদ্ধ মুখটা একটু ঘুরাইয়া বলিল—"আমার লোক বাপু।"

গলা কাঁপিয়া গেল। অসহ্য আনন্দ, তাহার পেছনেই যে কী আবার অজানা বিপদের আশঙ্কা!

"সেই মেয়ে আর নাতনি নাকি গো ?"

"আজ্ঞে হ্যাঁ।"—তাড়াতাড়ি সিঁড়ি দিয়া নামিতে নামিতেই উত্তরটা দিল, স্ত্রীলোকটিও কন্যার হাত ধরিয়া দ্রুতপদে নামিয়া গেল। টিকেট কলেক্টর আলগাভাবেই প্রশ্নটা করিয়াছিল, কতকটা অন্যমনস্ক হইয়াই ; উত্তরে স্ত্রীলোকটি আর মেয়েটির উপর ভালোভাবে নজর পড়িতে যেন বাক্‌রোধ হইয়াই দাঁড়াইয়া রহিল। ততক্ষণ ইহারা নামিয়া রাস্তায় পড়িয়াছে, ওদিকে ডাউন লাইনের একটা গাড়িও হুইসিল্ দিয়া প্ল্যাটফর্মে প্রবেশ করিল ; ডিউটির দিকে মন দিতে হইল।

ষ্টেশনটা বৃদ্ধের যেন নখদর্পণে, বেশ সহজেই বাহিরে আসিয়া রাস্তায় পড়িল। খানিকটা ঘুরিয়া ফিরিয়া যাওয়ার পরই ষ্টেশন-হাতার বিদ্যুতের আলো ক্রমে ক্রমে কমিয়া আসিল। নিঃশব্দে চলিল তিনজনে। বৃদ্ধ শুধু একবার বলিল—"তুই আয় বন্দী, আমার ঠিক আছে, পথ মুখস্ত কিনা ; এই সেদিন মাত্র চোখদুটো একেবারে এমন হ'য়ে গেল।"

স্ত্রীলোকটি নিজের চিন্তা লইয়াই নিঃশব্দে হাঁটিয়া যাইতেছে ; মেয়েটিও যেন সম্মোহিত।

রাস্তার ধারে দূরে দূরে একটা করিয়া কেরোসিন তেলের আলো ; এক আধটা বাড়ি ; ক্রমে তাহাও গেল। ষ্টেশন থেকে প্রায় মাইল দেড়েক আসিয়াছে, কয়েকটা মোড় ঘুরিয়া। অন্ধকার, চারিদিক নিঃশব্দ, পায়ের নিচে রাস্তায় ইটের খোয়া কমিতে কমিতে শেষে শুধু মাটিতে আসিয়া ঠেকিল ; বৃদ্ধের গতি কিন্তু আরও দ্রুতই হইয়া উঠিয়াছে, অন্ধকারে অভ্যস্ত হইয়া দৃষ্টি যেন খুলিয়াছে একটু। আরও একটা মোড় ঘুরিতে রাস্তাটা একেবারে সরু হইয়া গেল। একফালি জমির পরই দু'ধারে আগাছা আর ভাঙা বাড়ির ইঁট।

বৃদ্ধ হঠাৎ থামিল। ঘুরিয়া বলিল—"দেখো আহাম্মকি ! কত কষ্ট হ'ল মেয়েটার !······আয়তো দিদি আমার কোলে।"

স্ত্রীলোকটি রাগিয়া বলিল—"অত আদরে কাজ নেই—কানা মানুষ তুমি, তায় সমস্তদিন ঘুরে ঘুরে হাক্লান্ত।"

"দেখো! নাতনির হবে না আদর?"—এতক্ষণ পরে বেশ স্বচ্ছন্দ কণ্ঠে হাসিয়া উঠিল বৃদ্ধ। সমস্ত বনভূমিটা হঠাৎ গম্‌গম্‌ করিয়া উঠিল।

স্ত্রীলোকটি রাগিয়াই বলিল—"নাতনি বলে মাথায় রাখতে হবে!"

আর একটা বনজাগান হাসি।—"শোন কথা! তুই মেয়ে, কচি বেলায় বুকে জড়িয়ে রাখতাম ব'লে নাম দিয়েছিলাম বন্দনা থেকে বন্দী। নাতনির তাহ'লে আর একটু উঁচুতে মাথায় থাকাই উচিত নয়?......এদিকে নামও তো আগে থাকতে দিয়ে বসে আছিস্‌ জাহ্নবী!—ওর জায়গাই ত আমার মাথার ওপর।"

অন্ধকারে হাতড়াইতেই জাহ্নবীর গায়ে হাতটা গিয়া ঠেকিল; বৃদ্ধ দাঁড়াইয়া দাঁড়াইয়া মাথায় মুখে বুকে পিঠে হাতটা ভালো করিয়া বুলাইল, বলিল—"নাকটি তোর মতন বন্দী—চোখ, ভুরু, ঠোঁট—সবই, রংটা কি রকম বল্‌লিনে তো......"

"এই অন্ধকারের মতন।......তুমি এগিয়ে চলো বাবা, আর জ্বালিয়ো না। মনে হ'চ্ছে নাতনি পেয়ে দিশেহারা হ'য়ে গেছো তুমি। কত দূর? আর এ কী পথ? ঠিক যাচ্ছো তো?"

বৃদ্ধ জাহ্নবীকে হাল্‌কা সোলার মতোই তুলিয়া বুকে ফেলিল, চলিতে চলিতে হাসিয়া বলিল—"দিশেহারা হ'লে অন্যায় হয়?—তুই-ই বল্‌না বন্দী? তা এসে পড়েছি, এই যে আর দেরি নেই, হ্যাঁরে, বছর দশ-এগারোর মেয়ে, এ কী? হাল্কা ফন্‌-ফন্‌, বাড় নেই, যেন একটা বছর সাতেকের শিশু!"

স্ত্রীলোকটি একটু চুপ করিয়া গেল, তাহার পর বলিল—"বড্ড বাড়-বাড়ন্ত অবস্থার মধ্যে ছিল, তাই......"

"তা বটে মা, চল্‌, সব শুনবো। এইসব শুনতেই তো বেঁচে আছি।......

না গো, বেঁচে আছি তাই তো ফিরে পেলাম আমার সাত রাজার ধন; বল্‌ বন্দী, মিথ্যে বলছি?......এই এসে গেছি।"

হাত চারেক তফাতেই অন্ধকারটা হঠাৎ জমাট হইয়া যেন একটা আকার পরিগ্রহ করিয়াছে—একটা উঁচু দেয়াল, তাহার মাঝখানে বড় খিলানের নিচে

একজোড়া বড় কপাট, বন্ধ ; দেয়ালের মাথা মাঝে মাঝে দু'এক জায়গায় ভাঙা, তাহার পর অল্পে অল্পে দুইদিকে অন্ধকারে মিলিয়া গেছে।

বৃদ্ধ বন্ধ দরজায় গোটা কতক ঘা দেওয়ার সঙ্গে সঙ্গে ডাক দিল—"দিদি! দোর খোল, অ দিদি!"

গলা আবার কাঁপিয়া যাইতেছে।

সামনে, একটু দূরে দুয়ার খোলার শব্দ হইল, মনে হইল, যেন দেয়ালের পেছনে ওপর দিকটায় একটু আলোকিত হইল, তাহার পর পদশব্দ শোনা গেল, এবং দুয়ারের অর্গল খুলিয়া একজন বৃদ্ধা সামনাসামনি হইয়া দাঁড়াইল, হাতে ধূম-মলিন একটা লণ্ঠন।

একটু বেঁটে, কিন্তু বেশ আঁটসাঁট গড়ন, মাথায় কাঁচা পাকা চুল ছোট ছোট করিয়া ছাঁটা। দৃষ্টিশক্তি বেশ প্রখরই মনে হইল, লণ্ঠনটা একটু তুলিয়া ধরিয়া প্রশ্ন করিল—"কে? ·····কোলে আবার উটি কে? আবার রাস্তার বালাই টেনে ঘরে তোলা!"

—বেশ ব্যাজার-ব্যাজার ভাব।

বৃদ্ধ তাড়াতাড়ি কতকটা খোসামোদের স্বরে বলিল—"না গো দিদি, এবার সত্যিই, এই নাতনি পর্যন্ত দেখো না—আর নামধামও সব বলে গেল গড়গড়িয়ে—অম্বিকাচরণ চৌধুরী—মৌরিহাটায় চক্‌মেলান বাড়ি ছিল—বাদকুল্লা ষ্টেশনে নেমে যেতে হয়। সব বললে—এমন কি আমি যে আদরের নামটা ধরে ডাকতাম সেটা পর্যন্ত, মেকি হ'লে বলতে পারে কখনো?······কৈ, গড় করেছিস্ তোর পিসিকে?····· তুইও দিদিমণিকে গড় কর জাহ্নবী ·····নাতনির তোমার নাম জাহ্নবী, দিদি। গোড়ায় ছিল কানন—পাকা নয়, ডাকনাম, তোমায় বলিনি? তা নয় কানন ব'লেই ডাকবে সবাই—তখন বছর পাঁচও হয়নি, আমি রেখেছিলাম নাম।"

দু'জনে পায়ের ধূলা লইয়া উঠিয়াছে; বৃদ্ধা চিবুকে হাত দিয়া ঠোঁটে একটু ঠেকাইয়া লইল, মুখের ভাব দেখিয়া মনে হয় না যে, কোন আশীর্বাদ করিল;

কতকটা বিরস কণ্ঠেই বলিল—"জাহ্নবী হ'ল মা-গঙ্গার নাম····· তা নয়, কানন! বিবিয়ানা ঢং!······তা মেকিই হও, খাঁটিই হও, এখন তো চলো ওপরে····· "

টালি-বিছানো উঠানটা পার হইয়া তিনজনে বারান্দায় উঠিতে যাইবে, বৃদ্ধা দরজার হুড়কাটা দিতে দিতে ঘাড়টা ফিরাইয়া বলিল—"দোরটা দিতে তর সইল না বিবিদের? অন্ধকারে সাপে খাবে যে! তখন ছোট্ মাগি তুই মুদ্দফরাস ডাকতে!······"

আন্দাজে হাতটা চালাইতে সেটা স্ত্রীলোকটির মাথায় গিয়া ঠেকিল; বৃদ্ধ কানের কাছে মুখটা আগাইযা লইযা ফিস্ ফিস্ করিযা বলিল—"ভয় পাস্নি যেন, ওপরটাই শুধু ঐরকম।"

চার

ডাউন লাইনের গাডিটা পশ্চিম থেকে আসিতেছে, অনেক পশ্চিমা যাত্রী নামিল। এব কযেক মিনিট পরেই হাওডার দিক থেকে আর একখানা লোক্যাল প্যাসেঞ্জার এই প্ল্যাটফর্মেই অন্যদিকে আসিয। দাঁড়াইল।

একটি লোক ইণ্টারক্লাসের একটা কামরা থেকে নামিয়া তাড়াতাড়ি নিচের সিঁডির দিকে অগ্রসর হইল। মুখে বেশ খানিকটা উদ্বেগের ছাপ। প্ল্যাটফর্মের মাঝখানে অনেকগুলি টানা ঘর, সেগুলা পার হইয়া আসিতেই সিঁড়ির গোড়ায় ভিড়ের চাপ দেখিয়া তাহার মুখটা বিরক্তিতে ভরিয়া উঠিল। বেশ ভালো করিয়া গলা উঁচাইয়া সমস্ত ভিডটার একটা আন্দাজ করিযা লইল, তাহার পর যেন নিরুপায় হইয়া প্ল্যাটফর্মের ঘরের দেওয়াল ঘেঁষিয়া চুপ করিয়া দাঁড়াইয়া রহিল।

লোকটার বয়স প্রায় পঁয়ত্রিশ-ছত্রিশ বৎসর। চেহারাটা সৌখিন, তবে অনিয়ম-অত্যাচারের একটা গভীর ছাপ রহিয়াছে তাহাতে; এদিককার স্বাস্থ্য ভাল হইলেও, মুখের শিরাগুলা খুব প্রকট, চোখের চারিদিকে অনেকগুলি কুঞ্চন-রেখা। গায়ে একটা সিল্কের পাঞ্জাবী; ভালো সিল্ক, পাঞ্জাবীটা কিন্তু

সাইজ দু'এক বড়—অর্থাৎ যে গায়ের মাপ লইয়া সেলাই করা, সে গায়ের ওপর নাই ; পায়ের জুতা জোড়াটা খুব দামী বিলাতী পেটেণ্ট লেদারের, কিন্তু দু'তিন জায়গায় বেয়াড়া তালি মারা ; বেশ বোঝা যায় যাহার জুতা তাহার পায়ে থাকিলে ও-তালি কখনই পড়িত না।

লোকটিকে দেখিলে মনে হয় কোন বড লোকের মাথায় হাত বুলাইয়া খায় ; মামুলি মোসাহেব নয়, যাহারা তাহাদের পাপের পথ পরিষ্কার করিতে করিতে বেশি পেয়ারের হইয়া পড়ে সেই ধরণের কেহ একজন।

টিকিট চেক করিতে দেরি হইতেছে। কুলি-জাতীয় লোক, 'মুলুক' থেকে আসিতেছে, কাহারও কাহারও টিকিট কেনা নাই, কাহারও 'হেরা গৈল বা', কাহারও ত্রিশ বছরেও হাফ টিকিট,—নানা রকম বখেরা ··লোকটা গলা উঁচাইয়া উঁচাইযা বার দু'য়েক দেখিয়া রূপাব সিগারেট্ কেস খুলিয়া একটা সিগারেট ধবাইল, ক্রমেই বেশি রকম চঞ্চল হইয়া উঠিতেছে। একবার মাথা গুঁজিয়া একবার তুলিয়া চারিদিকে চাহিয়া, জায়গাটুকুর মধ্যে ঘুরিয়া বেড়াইতে লাগিল। একটা সিগারেট শেষ করিয়া আর একটাতে অগ্নি সংযোগ করিল, সেটা যতক্ষণে শেষ হইয়া আসিয়াছে ভিড অনেকটা পাৎলা হইল ; আর একটু পরেই জায়গাটা পরিষ্কার হইয়া গেল।

লোকটা কিন্তু তখনও অগ্রসর হইল না। জাযগাটা যাত্রিশূন্য হইলেও টিকিট-কলেক্টার ছাড়া ষ্টেশনসংক্রান্ত আরও জন পাঁচেক লোক দাঁড়াইয়া আছে, একজন রেলওয়ে পুলিস পর্যন্ত, গল্প-গুজব হইতেছে। লোকটা যেন আরও অধৈর্য হইয়া পড়িল, শুধু তাহাই নয়, যেন ওদের দৃষ্টি আকর্ষণ করিবার ভয়ে বা অনিচ্ছায়ই আরও একটু পিছাইয়া আড়ালে দাঁড়াইল।

— লক্ষ্য করিতেছে, সেই সঙ্গে ইতিকর্তব্য সম্বন্ধেও একটা যেন প্রবল চিন্তার ধারা চলিয়াছে।

খানিকক্ষণ পরে তিনজন লোক চলিয়া গেল। টিকিট-কলেক্টার ছাড়া বাকি রহিল দুইজন, তাহার মধ্যে একজন পুলিসটা। লোকটা আড়াল থেকে সেইভাবে

লক্ষ্য রাখিয়া আরও একটু অপেক্ষা করিল, যেন একেবারেই ভেজাল চায় না। তাহার পর হঠাৎ বোধহয় মনে পড়িল আবার নূতন গাড়ি আসিয়া ভেজাল বাড়িতেই পারে একচোট; মুখ চোখের ভাব বেশ সহজ করিয়া লইয়া হন্‌হন করিয়া গিয়া উপস্থিত হইল। টিকেট-কলেক্টার হাত বাড়াইয়া বলিল—"টিকিট ?"

লোকটা পকেট থেকে টিকিট বাহির করিয়া হাতে দিল, বলিল—"আগের ষ্টেশন পর্যন্ত; এইটুকু ওভারক্যারেড্ হয়ে গেছি।"

একটু রসিকতা করিয়া বলিল—"অবশ্য ঘুমের ঘোরে নয়।"

"চার্জটা দিতে হবে।"

"কত ?"

টিকিট-কলেক্টার দামটা জানাইয়া বলিল—"তার সঙ্গে পেনাল্টি আট আনা।"

লোকটা সঙ্গে সঙ্গেই একটা দু'টাকার নোট বাহির করিয়া হাতে দিল। টিকিট-কলেক্টার একটু নরম হইয়া পড়িল, বোধহয় কড়াকড়িটা বেশি হইয়া গেছে বলিয়া, কহিল,—"এই তো মুস্কিল করলেন, খুচরো নেই। না হয় ভাড়াটাই দিন শুধু।"

"থাক না, মুস্কিল আর কি ? ক'টা পয়সাই বা ফিরতো ?"

অমায়িকভাবে হাসিয়া একটু চুপ করিল, তাহার পর জিজ্ঞাসা করিল,—"ফেরবার শেষ গাড়িটা কখন পাবো ?"

উত্তরটা দিল পুলিস—"কোথায় যাবেন ? সোব গাড়ি সোব টিশনে রাখে না তো।"

সেকেণ্ড দু'য়েক বিলম্ব হইল, তাহার পর উত্তর হইল—"যাব ওতোরপাড়া।"

"ন'টা ছাব্বিশ।"

লোকটা কব্জি উল্টাইয়া ঘড়িটা দেখিয়া ওপরে চোখ তুলিয়া একটু হিসাব করিল, বলিল—"তাহ'লে আর সময় পাচ্ছি কোথায় ?"

একটু যেন নিরুপায়ভাবে দু'এক জায়গায় চঞ্চল দৃষ্টি ফেলিয়া টিকিট-কলেক্টারকে বলিল,—"আপনি যদি একটু সাহায্য করেন, সামলে নিতে পারি এইটুকুর মধ্যে। দয়া করে এদিকে একবার আসবেন কি? তেমন কিছু নয়, তবে······"

টিকিট-কলেক্টারের হাতটা নোটশুদ্ধ আপনিই পকেটে চলিয়া গেল, বলিল—"বলুন, যদি সাধ্যে কুলোয়······"

দু'জনে খানিকটা সরিয়া প্ল্যাটফর্মের ধারে গিয়া দাঁড়াইল। লোকটি সামান্য একটু ইতস্ততঃ করিয়া মুখে হাল্কা একটু হাসির ভাব আনিয়া বলিল—"ওদের একটু ভাঁওতা দিয়েই আপনাকে সরিয়ে নিয়ে এলাম, মাফ্ করবেন। নিতান্ত 'তেমন কিছু নয়' না; কথাটা গোপনীয়।"

টিকিট-কলেক্টার বিমূঢ় সপ্রশ্ন দৃষ্টিতে মুখের পানে চাহিয়া রহিল।

"ইয়ে—কথা হচ্ছে, এই একটু আগে যে লোক্যালটা এল তা থেকে একটি স্ত্রীলোক নেমেছে?"

টিকিট-কলেক্টারের ভ্রূ দুইটা মুহূর্তের জন্য একটু কুঞ্চিত হইয়া উঠিল; কি যেন মিলাইয়া লইল, তাহার পর বলিল—"একটি কেন? অনেকগুলিই নেমেছে তো······"

লোকটি বাধা দিয়াই একটু হাসিয়া অন্তরঙ্গভাবে ডান হাতটা ধরিল, বলিল "তবেই হয়েছে টিকিট-কলেক্টার বাবু। আমি উকিলের জেরা করছি না—একটু সাহায্য চাইছি। অথচ দয়া ক'রে রাজি হ'লে একটা উকিলের ফী-ই দোব। আপনি দয়া করে আস্তে আস্তে ওদের দিকে পেছন ফিরে দাঁড়ান একটু, দেবার সুবিধা হবে আমার।"

"আগে কথাটাই পরিষ্কার করে বলুন, কোন্ মেয়ের কথা বলছেন কি করে জানব?"—ঘুরিয়াও দাঁড়াইল একটু।

লোকটা চোখের কোণ টিপিয়া, জিভটা সামান্য বাহির করিয়া গভীরতর অন্তরঙ্গতার হাসি হাসিল একটু, বলিল—"দেখবেন, পুরুষে পুরুষে কথা হচ্ছে!···

যাক্ ভেঙেই বলি—এই বছর পাঁচশ ছাব্বিশেক, সংগে একটি বছর আট নয়-এর মেয়ে·· ”

“ছেঁড়া নেকড়া পরা ?”

লোকটি ঠিক সেইরকম আর একটি হাসি টানিয়া আনিয়া মুখের পানে চাহিয়া একটু দাঁড়াইয়া রহিল, টিপ্পনী করিল—“উপায় আছে না চোখে লেগে !”

টিকিট কলেক্টার না-উৎসাহ না-নিরুৎসাহ করা গোছের একটু হাসিয়া বলিল—“বেশ, তারপর ? কি দরকারটা বলুন, ওদিকে আবার গাড়ি এসে পড়বে আমার।”

“গেল কোথায় ?”

“তা তো বলতে পারি না · কি ক'রে বলব ?”

“সে-কথা নয়, বোধ হয় টিকিট ছিল না, দাঁড় করিয়ে জিগ্যেস করে থাকতে পারেন, তাই বলছি।”

“টিকিট সত্যিই ছিল না, তবে একটা লোকের সংগে ছিল, ভিকিরী তাই ছেড়ে দিলাম।”

লোকটা হঠাৎ সচকিত হইয়া উঠিল—

“লোকের সংগে ছিল !”

“হ্যাঁ।”

“কিছু বললে নাকি লোকটা ?”

“বললে আমারই লোক, দয়া ক'রে ছেড়ে দিন।”

“তার কে, কি বৃত্তান্ত কিছু বললে না ?”

“না, ঐ টুকুই বললে। আমি জিগ্যেসও করিনি আর।”

লোকটা ভেতরে ভেতরে খুবই চঞ্চল হইয়া উঠিয়াছে, এর পর কিভাবে প্রশ্ন করিবে যেন ঠিক করিয়া উঠিতে পারিতেছে না।

টিকিট-কলেক্টারই বলিল—“কিছু গলদ আছে নাকি ? · ভিকিরীটাকে আমি চিনি।”

"চেনেন ? তাই নাকি ! "

"হ্যাঁ, প্রায় রোজই নামে এখানে এই সময় ; এখান থেকেই ওঠে···"

"আর···?"

ওর ব্যস্ততার জন্যে টিকিট-কলেক্টর কি ভাবিয়া যেন সাবধান হইয়া গেল, বলিল—"ঐ পর্যন্তই, আর কিছু জানি না মশাই।"

লোকটা একবার সিঁড়ির পানে চকিতে চাহিয়া রহিল, পকেট থেকে একটা দশ টাকার নোট বাহির করিয়া এক হাতেই ভাঁজ করিয়া লইয়া প্রচ্ছন্নভাবে হাতটা বাড়াইয়া বলিল—"ধরুন···" সঙ্গে সঙ্গে একটু ভাবিয়া লইয়া বলিল—"ভয়ের কিছু নেই। মাগিটা সয়তান, মেয়েটা ওর নিজের নয়।"

টিকিট কলেক্টার হাতটা একটু বাড়াইয়া নোটটা লইল, একটু নরম হইয়া বলিল—"সত্যি আর জানি না বিশেষ কিছু।·· তবে একটা কথা—তাতে যদি কিছু সাহায্য হয় আপনার—যা বলে ভিক্ষে চায় বুড়োটা···"

"হ্যাঁ, ঠিক কথা—কি রকম চেহারা লোকটার ? "

টিকেট-কলেক্টার যথাযথ বর্ণনা করিল।

"বেশ, কি বলছিলেন—কি বলে ভিক্ষে চায় ?"

টিকিট কলেক্টার সমস্তটা বলিয়া গেল। লোকটা শুনিয়া খানিকক্ষণ চুপ করিয়া রহিল, তাহার পর জিজ্ঞাসা করিল—"বাড়ি কোথায় তার জানেন ?"

"না, এইদিকেই কোথাও থাকে নিশ্চয়, সম্ভবতঃ রেল কলোনীর বাইরে। ছোট জায়গা, একটু খোঁজ নিন না।"

লোকটা আবার চুপ করিয়া একটু ভাবিল, তাহার পর বলিল—"তা নোব, তবে আজ আর হবে না, রাত হ'য়ে গেছে। আপনি এক কাজ করতে পারবেন দয়া করে ?—ভিকিরী বললেন, গাড়িতে ভিক্ষে করে—কাল যখন নামবে, একটা কুলিকে ওর পেছনে লাগিয়ে দেবেন—বাসাটা দেখে আসবে চুপি চুপি। আছে বিশ্বাসী লোক ?"

টিকিট-কলেক্টার একটু চিন্তা করিয়া বলিল—"আছে ; কিন্তু টাকা লাগবে।

এ সব কাজে···বুঝতেই পারেন ··মুখ বন্ধ করে রাখতে হবে তো।"

লোকটা পকেটে হাত দিয়া আন্দাজে একটা পাঁচ টাকার নোট বাহির করিল, দু'জনেই ধীরে ধীরে হাত বাড়াইল, নোটটা হাতফের হইল। টিকেট-কলেক্টার বলিল,—"কিন্তু যদি আর না বেরোয় ভিক্ষে করতে ?"

"সম্ভব মনে হয় না, একটার জায়গায় তিনটে পেট হলো তো ? কাল নয়, আমি তাহ'লে পরশু আসব, না হয় আরও একটা দিন যাক্, তরশু। এই ট্রেণেই, কি বলেন ?"

"বেশ।"

"অনেকক্ষণ কথা হ'লো আমাদের, ও দু'জন জিগ্যেস করবেই; একজন আবার লাল-পাগড়ি।"

একটু হাসিল। টিকিট-কলেক্টারও হাসিল, বলিল—"সে অনেক বাহানা আছে—স্টেশনে নিত্যি হ'চ্ছেই এরকম গুজ-গুজ ফুস্ ফুস্; বলব কাল একটা বরযাত্রী পার্টিকে পার করতে হবে তাই এসেছিলেন—ফুঃ।"

চতুর্থ দিনে আবার এই গাড়িতে আসিল লোকটা। খবর পাইল বৃদ্ধ আসে নাই। টাকাটা খরচ হইয়া গেছে,—টিকিট-কলেক্টার সেই লোকটাকে দিয়া সমস্ত তল্লাটটা খোঁজ করাইয়াছিল।

আরও পাঁচটা টাকা হাতে দিয়া তৃতীয়দিনে আসিবে বলিয়া আগন্তুক চলিয়া গেল।

আসিয়া খবর পাইল টিকিট-কলেক্টরটি ছিল রিলিভিং, অন্যত্র বদলি হইয়া গেছে। ব্যাপারটা লইয়া ঘাঁটাঘাটি কবা চলে না বলিয়া নিরুপায়ভাবে চাপিয়া যাইতে হইল।

এরপর দিনের বেলায় আসিয়া নিজেই প্রচ্ছন্নভাবে খোঁজাখুঁজি করিল। লোকালয়ে কোন সন্ধান পাওয়া গেল না। বেশি গোয়েন্দাগিরি বা জিজ্ঞাসাবাদ করিতে সাহসও হইল না। টিকিট-কলেক্টরটা ধূর্ত্ত, নিজে কুড়িটা টাকা খাইল,

কি জানি আবার কিছু রটাইয়া গেছে কিনা; মধ্যে আবার একটা পুলিসও রহিয়াছে।

পথহীন অরণ্যভূমিকে সন্দেহ হইল না—এক অন্ধ আর এক অন্ধকে কি আশ্রয় দেয়?

আপাততঃ চাপাই রহিল ব্যাপারটা।

পাঁচ

নূতন অভিজ্ঞতা, পথশ্রম, তাহার উপর রান্নাবান্না করিয়া আহারাদি করিতেও রাত হইয়া গিয়াছে, পরদিন স্ত্রীলোকটির উঠিতে একটু বেলাই হইয়া গেল। নূতন পরিবেশে একটু আচ্ছন্ন হইয়া রহিল; তাহার পর সব মনে পড়িল।

পাশে জাহ্নবী শুইয়া আছে, তাহাকে তুলিতে সেও কতকটা বিমূঢ়ভাবেই মাথা ঘুরাইয়া ঘুরাইয়া প্রকাণ্ড ঘরটার চারিদিক দেখিতে লাগিল। ভেজানো দুয়ার খুলিয়া দু'জনে বাহিরে আসিল। ঘরটার সামনে একটা চওড়া রক।

বৃদ্ধ ঠিক দরজার পাশেই দেওয়ালে ঠেস্ দিয়া উবু হইয়া বসিয়াছিল, আওয়াজ শুনিয়াই উঠিয়া দাঁড়াইল। দিনেও দৃষ্টির অবস্থা প্রায় একই রকম, মুখটা আন্দাজে ফিরাইয়া প্রশ্ন করিল—"উঠ্লি মা!"

স্ত্রীলোকটি বলিল—"বেলা হ'য়ে গেল বাবা, তোলনি কেন? দোরগোড়ায়ই তো ব'সেছিলে দেখছি।"

"ক্লান্ত হ'য়ে ঘুমুচ্ছিলি, কচি মেয়েটাও উঠে পড়তো।...ইয়ে, বন্দী, দাঁড়াতো মা একটু।"—মুখটা একেবারে মুখের কাছে লইয়া গেল, প্রত্যেকটি জিনিস খুঁটিয়া খুঁটিয়া দেখিল—নাক, চোখ, কান, ঠোঁট—হাত বুলাইয়া বুলাইয়া ধীরে ধীরে নিজের মাথাটা ঘুরাইয়া, মুখে একটা তৃপ্তির হাসি লাগিয়া রহিয়াছে, বকিয়াও যাইতেছে আস্তে আস্তে—"দিনের বেলায় একটু পাই দেখতে—তবে

এই একেবারে কাছে চোখ নিয়ে গিয়ে—নয়তো আবছা আবছা—কে যেন একজন দাঁড়িয়ে আছে, বাস ঐ পর্যন্ত। চোখটা তোর দাদা যেতেই গেছল একরকম—সে তো তুই জানিস্ই—তারপর…”

স্ত্রীলোকটি বাধা দিয়া একটু হাসিয়া বলিল—“তুমি যেন খুঁটিয়ে খুঁটিয়ে মেলাচ্ছ বাবা, সন্দেহ কি মেটেনি এখনও ?”

বৃদ্ধ হাসিয়া মাথাটা সরাইয়া লইল, স্ত্রীলোকটির নিজের মাথাটা বুকে টানিয়া আনিয়া বলিল—“শোন কথা বন্দীর ! তা নয়রে পাগলি—দেখতে ইচ্ছে হয় যে—দূর থেকে তো পারি না—কাছে গিয়েও রংটা পড়ে না ধরা। বন্দী বলে—সন্দেহ ! দেখলি তোর হয়েই সব ব’লে দিলাম দিদিকে—মৌরিহাটায় বাড়ি—বাদকুল্লায় নেমে যেতে হয়—হি—হি—হি…”

চাপা গলায় প্রাণ ভরিয়া হাসিতে লাগিল—“বুঝলি না ?—দেখলাম যে সেই জেদী, অভিমানী বন্দী—কাল রাত্তিরে যেই জিগ্যেস করলাম নাম কি বলতো—সঙ্গে সঙ্গে বেঁকে বসল—তাই বুড়িকে জানিয়ে রাখলাম সাত তাড়াতাড়ি। ওতো আমি নয়, যদি হঠাৎ ভজাতে চায়, বেঁকে বসলেই চিত্তির। তাই গোড়া মেরে দিলাম—হি—হি—হি…দিদিমণি কোথায় ? এই দেখ আহাম্মকি ! ভাববে বুড়োর কাণ্ড দেখো ;—মেয়ে পেয়ে নাতনিকে ভুলে গেল…এদিকে এসো তো ভাই।”

কোলের মধ্যে টানিয়া লইয়া, মুখে মাথায় হাত বুলাইতে লাগিল। মুখে কি রকম একটা অপ্রস্তুত, অপরাধী ভাব, কি যেন চায় কিন্তু সাহস হইতেছে না। স্ত্রীলোকটি বোধ হয় সেটা বুঝিয়াই বলিল—“চোখ কাছে নিয়ে গিয়ে দেখো না বাবা—সেটাকে তো আর মেলানো বলব না, চার-পাঁচ বছরের থেকে এতোটা হ’য়ে উঠেছে তো,—বদলাবার বয়স, কত বদ্‌লেছে।”

বৃদ্ধ কিন্তু চোখ নামাইয়া দেখিল না, একটু অপ্রস্তুতভাবেই বলিল—“দেখব বৈ কি, দেখব না ? নাতনি পেয়েছি, বলে, চোখই আর ফেরাব না অন্ধ কে খাও।…তোমার নাম কি বলতো দিদি।…তুই যেন আবার বলে বসিস্‌নি

বন্দী, দেখেছ, বাবার সন্দেহ যাচ্ছে না।...তা নয়, শুনি একবার আমার দিদিমণির নিজের মুখে নামটা। কাল থেকে একটা কথাও তো বলেনি যে, গলার আওয়াজটাও শুনব—হতভম্ব হ'য়ে গেছে।...বলতো নামটি দিদি।"

'জাহ্নবী।"

তৃপ্তিতেই বৃদ্ধ একটু চুপ করিয়া রহিল, হাসিটি ধীরে ধীরে মুখময় ছাইয়া গেছে। তাহার পর বলিল—"মেয়ে তোর কেপ্পন হয়েছে বন্দী।...সবটাই বলো, ভাল করে; আজকাল যেমন হয়েছে—শ্রীমতী জাহ্নবীকুমারী হালদার। বলো তো, ভয় নেই, আমি আজকালকার নতুন বিবিয়ানা বলব না।"

স্ত্রীলোকটি হাসিয়া বলিল—"আবার কুমারী কেন বাবা?—অনেকখানির লোভে?"

বৃদ্ধ হি—হি করিয়া হাসিয়া উঠিল, অবশ্য চাপা গলায়ই, মাথাটা দুলাইতে দুলাইতে বলিল,—"তা ঠিক বলেছিস্ বন্দী, লোভই বটে; কুমারীটা আবার বেশি পুরাণো হয়ে যায়, না?...কৈ, বললি না তো দিদি?"

মেয়েটি লজ্জিত কণ্ঠে বলিল সমস্তটা।

"বেশ, বাপের নাম?"

মেয়েটি যে মায়ের মুখের পানে চাহিল, সেটা বৃদ্ধ দেখিতে পাইল না বটে, তবে একটু যে দেরী হইল তাহার জন্যই সামলাইয়া লইয়া বলিল—"ও সে আর তুই কি ক'রে জানবি?—মা তো নাম করবে না।...বিনোদকুমার হালদার, সাকিম জয়মঙ্গল......মনে থাকবে? শ্রীযুক্ত বাবু বিনোদকুমার হালদার...হ্যাঁ আর একটা কথা কি যে মনে হলো, দেখো ভুলে গেলাম, এইরকম হয়েছে আজকাল..."

মনে করিবার জন্য মাথাটা নীচু করিয়া একটু চুপ করিয়া রহিল, তাহার পর হাল ছাড়িয়া দিয়া বলিল—"যাক্‌গে, হ্যাঁ তা'হলে তোমার নাম হলো শ্রীমতী জাহ্নবী সরকার—কাজ নেই কুমারীতে—আর সরকারটুকুও শুধু আমার কাছে—আমি আধুনিক বর হলাম কিনা; দিদিমণি জিগ্যেস করলে বলবে দেবী, দেখলেই

তো দেবদেবীর ওপর কত···এই হয়েছে রে বন্দী! কথাটা মনে পড়ে গেছে—বলছিলাম তোর নামটাও বদলে একটা ঠাকুর-দেবতার নামই রাখি আয়—বুড়ি খুশী হবে—বললেই হবে আর একটা ছিল নাম, সেইটিই চলুক—বুড়ো হয়েছি, যদি মরি ত আবার বন্দী-বন্দী করতে করতে মরব···ঠকানো বুড়িকে একটু আর কি, মেজাজ তো দেখছিস্।"

মাথা দুলাইয়া দুলাইয়া হাসিতে লাগিল, যেন বাপে-মেয়েতে মস্তবড় একটা কুটচাল আবিষ্কার করিয়াছে।

"তা হ'লে কি নাম রাখি বল্‌তো মা?"

"যা পছন্দ হয় বাবা, আমার তো তোমার মুখে সব নামই মিষ্টি। বন্দী বলে ডাকছ তাও ···"

গলাটা হঠাৎ ধরিয়া গেল। বৃদ্ধ তাড়াতাড়ি হাতটা চালাইয়া কাঁধের উপর রাখিল, বলিল—"হয়েছে মা, ইয়ে, তুই এক কাজ কর, বাড়িটা একবার ভালো করে দেখে আয়; এইখানেই তো থাকতে হবে—মৌরিহাটার তো আর কিছু নেই. সেখানে ফেরাও চলবে না আর। ঘুরে আয়, তারপর সব বলব। দিদি থাক আমার কাছে। দিদি গঙ্গা স্নানে গেছে ···এই দেখো আবার গোলমাল।—দু' দু'টো দিদি একসঙ্গে—ওদিকেও নামের ব্যবস্থা করতে হবে, দিদির নাম হ'লো অন্নদাঠাকরুণ—সব বলব তোকে আস্তে আস্তে। তুই যা, একটু দেখেশুনে আয়।"

একটা প্রকাণ্ড দুতলা, দুমহল বাড়ীর ভগ্নাবশেষ। ভেতরের মহলটা ছিল চকমিলান। এখন তাহার সামনের দিকটা একেবারেই পড়িয়া গেছে, বাইরের আর ভেতরের উঠান প্রায় এক হইয়া গিয়া একটা যেন মাঠের মতো হইয়া গেছে। একেবারে সামনে পূর্বমুখী একটা প্রকাণ্ড দরজা, আপাদমস্তক বড় বড় পেরেকের মাথা জাগিয়া আছে; সমস্ত বাড়িটার মধ্যে এইটেই যেন জীবন্ত, অতীত গৌরবের সাক্ষীস্বরূপ, মনে একটা সম্ভ্রম জাগায়।

ভেতর-মহলের বাকি তিনদিকের ঘরগুলার মধ্যে পশ্চিমদিকের মাঝামাঝি

হইতে দক্ষিণদিকের শেষ পর্যন্ত ঘরগুলিই জীর্ণ হইতে হইতে ক্রমে ধূলিসাৎ হইয়া গেছে। কোনখানটায় বারান্দা ঝুলিতেছে, কোনখানটায় ছাতের খানিকটা, কোনখানটায় কড়ি-বরগা দুয়ার জানালা জটলা পাকাইয়া বিশৃঙ্খলভাবে নামিয়া আসিয়াছে। উঠানের একদিক থেকে আগাছার জঙ্গল আরম্ভ হইয়া, উত্তরোত্তর ঘনীভূত হইয়া বাড়িটার অর্ধেকেরও বেশি ফেলিয়াছে ছাইয়া; কচু, ঘেঁটু, আশশেওড়া, বিছুটি, কয়েকরকম ফার্ণ থেকে ক্রমে ক্রমে বট, অশ্বত্থ, জেওল, ভুরকুণ্ডা; তাহাদের শিকড় কোথাও জাগিয়া, কোথাও দেয়ালের মধ্যে প্রবিষ্ট হইয়া, কোথাও বা দেয়ালের খানিকটা নিজের কুণ্ডলীর মধ্যে চাপিয়া বাড়িটার এ অংশটা যেন নাগপাশে বন্ধ করিয়া জীর্ণ করিয়া আনিতেছে। বাকি অংশটার মধ্যে নিচের তলায় উত্তরের দুইখানা ঘর এবং তাহারই সংলগ্ন পশ্চিমের তিনখানা ঘর খানিকটা করিয়া বাসের যোগ্য। ভাগের বাড়িতে যেমন হইয়া থাকে, মনে হয়, এই অংশটায় বরাবর লোক থাকিয়া আসিয়াছে; একেবারে সম্প্রতি না হোক, কয়েক বছর আগে পর্যন্ত মাঝে মাঝে জীর্ণ সংস্কার হইয়া আসিয়াছে।

বাড়ীর বাহিরে সামনের দিকে একটা সরু পথ আগাছায় ঢাকা ইটের স্তূপের মধ্য দিয়া খানিকটা দূর আগাইয়া গেছে; এইটুকু পরিষ্কার করিয়া ঝাঁট দেওয়া, তাহার পর ঠিক পথ বলিতে কিছু নাই, তবে আগাছা ঠেলিয়া মানুষে যে যাতায়াত করে মাঝে মাঝে, লতা ছিঁড়িয়া ডাল ভাঙ্গিয়া, তাহার একটা চিহ্ন রহিয়াছে।

এর পরই চারিদিকে নিবিড় জঙ্গল, এতই নিবিড় যে, কোন কোন জায়গায় দশ-বার হাতের ওদিকে আর দৃষ্টি যায় না। কত রকম গাছ—পুরানো পুরানো—আম, জাম, অশ্বত্থ, বেল, কাঁটাল—ঘনসন্নিবিষ্ট লতায় আচ্ছন্ন, তাহার ওপর কতরকম যে পরগাছা—কোন কোনটাতে গোছা গোছা ফুল ধরিয়াছে, কোন কোনটাতে টকটকে রাঙা ছোট ছোট ফলের স্তবক। দু' এক জায়গায় জঙ্গলটা ওরই মধ্যে একটু পাতলা—তাহারই মধ্য দিয়া

দুই জায়গায় আর দুইটা বাড়ীর ভগ্নাবশেষ চোখে পড়ে—একটা প্রায় শ'দু'য়েক হাত দূরে—কিছুই নাই, শুধু পাহাড় প্রমাণ ইটের স্তূপের মধ্যে খান আড়াইয়েক ঘরের আদল লইয়া প্রায় দোতলা পর্যন্ত একটা দেয়াল দাঁড়াইয়া আছে, এক কোণে কয়েকটা বরগা সমেত একটা কড়িকাঠ ঝুলিতেছে, বড় বড় জানালার জায়গাগুলা খালি—কোন একটা অট্টালিকার যেন কঙ্কালসার প্রেতমূর্তি। সামনেই একটু সরিয়া আসিয়া একটা বড় ডোবা; জলের কিছু নজরে পড়ে না, নুইয়া-পড়া তাল আর নারিকেল গাছে এবং বাঁশের ঝাড়ে ওপরটা ছাইয়া ফেলিয়াছে।...একটা বাড়ী অপেক্ষাকৃত আরও কাছে, গুটি পাঁচেক ঘরের আদরা রহিয়াছে, তাহার মধ্যে দুটি ঘর আর উঠানটা দেখিলে মনে হয় কয়েকদিন আগে পর্যন্ত ও বাড়িটাতে কেহ ছিল, উঠানের এক পাশে মাচার ওপর গোটাকতক কিসের লতা পর্যন্ত নজরে পড়ে, নূতন আজ্ঞানো, এই সবে নধর লকলকে ডগা ছাড়িয়াছে।

স্ত্রীলোকটি ঘুরিয়া ঘুরিয়া দেখিয়া বেড়াইতে লাগিল, যেখানেই দাঁড়ায় যেন অভিভূত হইয়াই দাঁড়াইয়া থাকে। সমস্ত জায়গাটা নিস্তব্ধ; থমথমে, পাখির আওয়াজ তাহাও বেশি নয়, ক্বচিৎ এক একটা শব্দ উঠিয়া বনভূমি উচ্চকিত করিয়া তুলিতেছে। বেলা হইয়াছে খানিকটা, কিন্তু সূর্যের মুখ দেখা যায় না, একটা আলোর আভাস চারিদিকে যেন অকাল সন্ধ্যার সৃষ্টি করিয়াছে মাত্র। এখন বোঝা গেল, কাল রাত্রে অন্ধকারটা কেন অত ভীষণ মনে হইতেছিল।

এইখানেই কাটাইতে হইবে। আত্মগোপনই দরকার স্ত্রীলোকটির, তাহার উপযুক্ত জায়গাই, তবুও যেন মনে হয় এ কোন্ এক অতিকায় জানোয়ারের উদরে ধীরে ধীরে জীর্ণ হওয়া। অস্বস্তি বোধ হইতেছে।

অভিভূত, মন্থর গতিতে ফিরিয়া আসিল, দেখে বৃদ্ধ রকে পা ঝুলাইয়া বসিয়া প্রবল বেগে নাতনির সংগে গল্প করিয়া যাইতেছে। পায়ের শব্দে ঘুরিয়া প্রশ্ন করিল—"দেখলি মা, কেমন লাগল?"

"মন্দ কি ? ...সেটা কিন্তু শুধু আমার দিক থেকে বলছি বাবা, তুমি কিন্তু—কি করে থাকো—আর পিসিমাও ?"

"চমৎকার লাগেরে পাগলি। তবে শোন, মৌরিহাটা থেকে এসে শহরেই তো ছিলাম—হেঁজিপেঁজি শহর নয়, নৈহাটিতে। হাতে পয়সা ছিল তখন, চোখটাও এতটা যায়নি, একটা ঘর ভাড়া করে থাকতাম, এক মুঠো রেখে খেয়ে বেরিয়ে পড়তাম তোর খোঁজে—যেদিন যেদিকটা ইচ্ছে হলো—রাণাঘাট, টিটাগড়, পেনিটি, বারাকপুর, কোনদিন গঙ্গা পেরিয়ে হুগলি, সেরামপুর, কোন্নগর, কোলকাতাতেও প্রায় ঠেলে উঠতাম। তারপর চোখ গেল, ওদিকে পয়সাও গেল। এই নিয়ে দিদির সংগে গেল বেধে..."

স্ত্রীলোকটি প্রশ্ন করিল—পিসিমাও তোমার সংগে থাকতেন, নাকি বাবা ?"

বৃদ্ধ একটু হাসিয়া চুপ করিল, কহিল—"এই দেখো, গুছিয়ে বলা কেমন হয় না আমার দ্বারা—আর তুই তো গোলমাল করবিই, দিদিকে দেখেছিলি একবার মাত্র যখন তুই বছর ছ'য়েকের। এ দিদি তো আমার নিজের দিদি নয়, সেই বাড়িরই মেয়ে। বিধবা, ভায়ের ওখানে থাকে। এদিকে সবই ভালো, সারা সংসারটা মাথায় করে থাকে, তবে একটা দোষ—কেমন মানিয়ে চলতে পারে না। ছোটখাট খিটিমিটি লেগেই থাকতো, আমায় সরিয়ে দেবার কথা নিয়ে হঠাৎ ব্যাপারটা ঘোরালো হয়ে উঠলো—দিদি বলে, একটা মানুষ, যদ্দিন পেরেছে দিয়ে এসেছে; তার চোখ গেল, আধ হাত দূরে নজর যায় না, বলে পথ দেখো।

আমাকে নিয়েই অশান্তি, আমি বাড়িটা ছেড়ে দিলাম, শহরটাও; যেখানেই যাই, কিছু কিনে টিনে, চেয়ে চিন্তে খেয়ে নিই, ইষ্টিশনে, কোন মন্দিরের চাতালে, কিম্বা কারুর বারবারান্দায় রাতটা কাটিয়ে দিই। দিন ছ' সাত পরে একদিন হঠাৎ কি মনে হলো, নৈহাটিতে গেলাম, গিয়ে শুনলাম দিদি ঝগড়াঝাটি করে তার শ্বশুরের ভিটেয় চলে গেছে..."

বৃদ্ধ হঠাৎ চুপ করিয়া গেল, একটু যেন কান পাতিয়া থাকিয়া চাপা গলায় প্রশ্ন করিল—"দেখ তো বন্দী, বুড়ি আসছে কি? আর দেখতে হবে না, ঠিক আসছে…"

একটা চতুর হাসি হাসিয়া গলাটা আর একটু খাট করিয়া বলিল—"চোখটা গিয়ে কানটা খুব সজাগ হয়েছে কিনা, দূর থেকেই টের পাই…বড্ড খর-চাল যে বুড়ির! মাটি কাঁপে কিনা, হি-হি-হি…"

বনও কাঁপিয়া উঠিল—"পারবো না পোয়াতে আমি এসব হ্যাপা—বলে নিজের ঠাঁই হয় না, শঙ্করাকে ডাকে—না সরাতে চায় নিজে শুদ্ধ্যু যাক্—গরীবের ওকি ওলুক্ষুণে রূপরে বাবা!—এদিকে পেটে ভাত নেই, কোমরে বস্তোর নেই—আবার গুমর—মেয়ে-নাতনি আমার কি সুন্দর একবার দেখো দিদি!—কেতাত্ত হ'য়েছে দিদি—বনবাস সার করেছে, এখন বসে বসে ভাল-মন্দ মানুষ ঠেকাক!…"

বৃদ্ধের হাত স্ত্রীলোকটির কাঁধেই ছিল, একটু টিপিয়া ফিস্-ফিস্ করিয়া বলিল—"ঘাবড়াস্‌নি।"

অন্নদাঠাকরুণ উঠানের মাঝামাঝি আসিয়া পড়িতে বেশ সপ্রতিভভাবেই হাসিয়া বলিল—"তোমার ভাইঝিরও নামটা পাল্টে দিলাম দিদি। ছিল একটা ঠাকুরেরই নাম—নারায়ণী—চাপা পড়ে গেছলো; তোমার ভাইঝি বলে—পিসিমার যখন ঠাকুর-দেবতার নামই পছন্দ, তাই ব'লেই ডেকো বাবা…"

"তবে আর কি, সব সমিস্থি মিটল!"

এর অধিক কিছুমাত্র মন্তব্য না করিয়া অন্নদাঠাকরুণ কমণ্ডলু-হাতে গটগট করিয়া ঘরের মধ্যে চলিয়া গেল।

ছয়

অদৃষ্ট এইভাবে জাহ্নবীকে সমাজের মাঝখান থেকে তুলিয়া অরণ্যের মাঝে বসাইয়া দিল।

শহর থেকে হয়তো ক্রোশ খানেকের বেশি নয়, কিন্তু চারিদিকে প্রায় আধ ক্রোশটাক লইয়া আর জনমানব নাই বলিলেই চলে। এই সীমার একেবারে ধারে ধারে, শহরের দিকটায় এক আধখানা বাড়ি আছে দাঁড়াইয়া, কোনটাতে একটি বা দুইটি বিধবা, কোনটাতে হয় তো স্থায়িভাবে তাহাও নয়; মরচে-পড়া তালা লাগানো, কালে-ভদ্রে হয়তো কেহ একবার আসিল, ফলটা-পাকুড়টা সংগ্রহ করিয়া লইয়া যাইতে; দু' দিন একটু আলো জ্বলিল, গৃহাশ্রিত শ্বাপদকুল একটু সচকিত হইল, তাহার পর আবার সেই অবস্থা। শহরের উল্টা দিকে এই অরণ্য পাতলা হইতে হইতে বহুদূরে গিয়া ধানের ক্ষেতে মিশিয়া গিয়াছে। একদিন এখানে একটা সমৃদ্ধ জনপদ ছিল, আজ বাঙ্গলার বহু জনপদের মতোই তাহারও এই দশা।

এই ঘনারণ্যের গহ্বরে একটা বিরাট ধ্বংসস্তূপের মাঝখানে খানপাঁচেক ঘর আর হাত কয়েকের একটা উঠান লইয়া কে একজন অন্ধ আর একজন বিধবা দিনাতিপাত করে লোকে তাহার কোন কালেই খোঁজ রাখে নাই। তাহারা বিলুপ্ত হইলেও কোনখানে কোন সাড়া জাগিত না, তাহাদের পরিবার বৃদ্ধিতেও কৌতূহলের উদ্রেক হইবার কোন সম্ভাবনা রহিল না।

প্রথমটা জাহ্নবী হাঁপাইয়া উঠিল। তাহার জীবনটা যে আর সব ছেলেমেয়ের মতো নয়, এর চারিদিকে যে একটা কুহেলী আছে এই রকম ধরণের একটা অনুভূতি বরাবরই ছিল ওর মনে, চারিদিকে এই নিবিড় বনের আওতায় সেটা যেন আরও বাড়িয়া গেল। গা ছম্‌ছম্ করে, মনে হয় যে-রহস্যটা আলগাভাবে

দূরে দূরে ছিল, সেইটাই চারিদিক থেকে স্পষ্ট মূর্তিতে চাপিয়া আসিতেছে। সকাল বেলাটা একরকম কাটিয়া যায়, মায়ের সঙ্গে ভাঙা ঘরের গৃহস্থালিতে যোগ দিতে হয়—ঝাঁট-পাট, জল তোলা, বাসন মাজা, রান্নাবান্না করা। অন্নদাঠাকরুণ রাত থাকিতেই গঙ্গাস্নানে চলিয়া যায়; ঝাঁটপাটের মধ্যে কখন গর-গর করিতে করিতে আসিয়া প্রবেশ করে, তাহার পর আচার বাঁচাইয়া সোজা ঘরেব মধ্যে গিয়া পূজায় বসে। বৃদ্ধ ওঠে বিলম্ব করিয়া, হয়তো নিজের চিন্তার হাত থেকে মুক্ত হইয়া নিদ্রা যাইতে রাত্রি বেশি গভীর হইয়া যায়, তাহার ওপব এদিকে আবার নিশ্চিন্ততাও আছে—আর খোঁজাখুঁজির বালাই নাই। মুখ হাত ধুইয়া যতক্ষণে রকটিতে আসিয়া বসে, নারায়ণী ততক্ষণে রান্নাঘরে আসিয়া প্রবেশ করিয়াছে। জাহ্নবীর এই সময়টা কাটে দু'জনের মধ্যে ভাগাভাগি করিয়া। দাদুর কাছে গল্প শুনিবার ডাক পড়ে, গল্প যখন বেশ জমিয়া উঠিয়াছে, মায়ের কাছ থেকে ডাক পড়ে কোন একটা ফরমাশ খাটিবার। বৃদ্ধ হাসিযা অনুযোগ করে মেয়ের কাছে—মেয়েটাকে খাটাইয়া খাটাইয়া শেষ করিয়া দিক্—বাপের বাড়ি আসিয়া যজ্ঞের রান্না বাঁধিতেছে তো, একা পারিবে কেন?…নারায়ণী বলে—"বাপের বাড়ির শাকভাতও যে যজ্ঞির রান্না বাবা, তুমি খাটো করলেই কি খাটো হবে?…তা'নয়, রযেছে তো তোমাব কাছেই, আমি যে ডাকি একটু আধটু তার হেতু একটু গতর নাড়া দরকার। কেউ বলবে দশ এগার বছরের মেয়ে একটা? যেন দিন দিন কুঁকড়ে যাচ্ছেন!"

এক কথা থেকে অন্য কথা আসিয়া পড়ে, পুরানো কাহিনীতেও টান পড়ে—জাহ্নবীদের সংসারের অতীত ইতিহাস। জাহ্নবীর কাছে কল্প-কাহিনীর মতোই মনে হয়, ওর জীবনের একদিকে কুহেলিকা স্বচ্ছ হইয়া আসিতে থাকে—এই সময়টুকু বেশ হাল্কাভাবেই যায় কাটিয়া।……এরপরে অন্নদাঠাকরুণ ওঠে পূজা থেকে, প্রখর গতিতে এঘর-সেঘর, একাজ সেকাজ করিয়া ফেরার মধ্যে অনর্গল মুখ চলিতে থাকে, বৃদ্ধ মাঝে মাঝে হাসিয়া এক একটা কথা বলে,

অন্নদাঠাকরুণের পায়ের গতি জিভের গতি দু'টাই যায় বাড়িয়া। হাওয়াটা বেশ একটু ভারাক্রান্ত হইয়া পড়ে বটে, জাহ্নবী আর তাহার মায়ের মুখ একেবারেই যায় বন্ধ হইয়া, তবু কিন্তু এসময়টা লাগে ভালোই, তাহার কারণ বোধ হয়, শিশু হইলেও জাহ্নবী এটুকু একরকম করিয়া বুঝিতে পারে যে, অন্নদাঠাকরুণের জিভের একটা অভ্যাস ওটা ; প্রায় সব কথা তাহাদের লইয়াই বলা, তাহাদের মধ্যে বেশির ভাগই তাহার মায়ের অশুভরূপের উল্লেখ তবুও যেন গায়ে লাগে না। এক একবার শুধু সশঙ্ক কৌতূহলে চোখের কোণে মায়ের মুখের পানে চায় ; দেখে সেখানে রাগ নাই, দুঃখ নাই, অভিমান নাই ; কাজের মধ্যে মায়ের হাত-পা সবই সচল, মুখটা শুধু পুতুলের মতো কঠিন। এ কঠিনতার ওদিকে শিশুর দৃষ্টি যায় না, তাই এটাকে ঔদাসীন্য অবহেলা বলিয়া ধরিয়া লইয়া নিশ্চিন্তই থাকে।

অসহ্য হয় দুপুর বেলাটা। দাদুর সঙ্গে গল্প করিতে করিতে দাদু ঘুমাইয়া পড়িল, রাত থাকিতে ওঠে বলিয়া অন্নদাঠাকরুণও ঘুমায় এ সময়টা, পাশের ঘরে নাক ডাকার একটানা শব্দ, খুব মিহি কিন্তু অবিরাম। মা রাত্রে ঐ ঘরেই শোয়, এখন কিন্তু থাকে রান্না ঘরের পাশের ঘরটায়। ঘরটা থাকে বন্ধ, হয়তো বেড়ালের ভয়ে, সামান্য যা একটু ভাঁড়ার তা ঐ ঘরেই। বোধ হয় ঘুমায় মা, যাহাই করুক, এঘরে কোন শব্দই আসে না।

জাহ্নবীর গা ছমছম করে, দাদুর বুকের কাছটা জড়াইয়া চুপ করিয়া পড়িয়া থাকে। ধীরে ধীরে চারিদিকে বনভূমি সজীব হইয়া ওঠে, মনে হয় কে একজন যেন—আকাশ-জোড়া তাহার মূর্তি—জাহ্নবীকে ঘিরিয়া, জাহ্নবীর ওপর অনিমেষ দৃষ্টিপাত করিয়া নিঃশব্দে বসিয়া আছে। সারা দুপুরের গায়ে মাত্র যে দুটি শব্দ—একটা একটি পাখির ডাক, বনের বহুদূরে কোথায়, আর অন্নদাঠাকরুণের তৃপ্তনিদ্রাধ্বনি—এ দু'টাই ঐ মৌন কে-একজনের সঙ্গে যায় এক হইয়া, যেন উহারই চাপা নিঃশ্বাস, উহার অস্তিত্বকেই যেন স্পষ্ট করিয়া তুলিতেছে। এক একবার মনে হয় তাহার স্পর্শ পর্যন্ত অনুভব করিতেছে জাহ্নবী। ভয় করে,

চোখ দুইটা শক্ত করিয়া চাপিয়া পড়িয়া থাকে, দাদুকে ডাকা দূরের কথা, হাতের একটু চাপ দিয়া সামান্য ইঙ্গিত করিতেও সাহস হয় না, মনে হয় এই নিস্তব্ধতার গায়ে ক্ষীণতম শব্দ-তরঙ্গ তুলিলেও এই অজ্ঞানা অতিথি বিরূপ হইয়া না জানি কি একটা অঘটন ঘটাইয়া বসিবে।

এরই ভয়ে জাহ্নবী এক একদিন দাদুর পাশে আর শোয় না; যতক্ষণ গল্প করে, বসিয়া থাকে, গায়ে মাথায় হাত বুলায়, হাতের আঙুলগুলা লইয়া নাড়া-চাড়া করে—যতক্ষণ সম্ভব জাগাইয়া রাখার চেষ্টা; গল্পের গতি শ্লথ হইয়া আসিলেই কোন একটা ছুতা করিয়া উঠিয়া পড়ে—'জল খেয়ে আসছি দাদু।...... কিংবা 'দেখি তো মা কি করছেন।'

তাহার পর দাদু জাগিয়া থাকিতে থাকিতেই, কিংবা দাদু যে জাগিয়া আছে এই সাহসটা বজায় থাকিতে থাকিতেই যেন সম্মোহিত হইয়াই একটু একটু করিয়া সেই নিঃশব্দ মূর্তির সামনে গিয়া দাঁড়ায়। নিচে সে আর দাদু যে ঘরটায় শোয় ঠিক তাহার ওপরে একটা ঘরের আদল—ছাত সুদ্ধ ঘরের অর্ধেকের বেশিটা পড়িয়া গেছে, যেটুকু আছে সেটুকু কিন্তু আশ্চর্যরকম তক্‌তকে ঝরঝরে। এক এক জায়গায় দেয়ালের গায়ে সিঁদুরের কতকগুলা লম্বা দাঁড়ি মাটি পর্যন্ত নামিয়া আসিয়াছে, কুলুঙ্গীতে একটা নির্বাপিত মাটির প্রদীপ, দেয়ালে তাহার তেলের দাগ, ভুষির দাগ, দেওয়ালের মাথায় ছাতের কাছটায় চিত্রবিচিত্র খোদাই কাজের ওপর নীল রঙের দাগগুলা বেশ টাটকা। কোনদিন অকস্মাৎই সন্ধান পাইয়াছিল, তাহার পর ধ্বংসের গায়ে এই সজীবতাটুকু জাহ্নবীকে আকৃষ্ট করে। এইখানে একটি জানলার ধারে গিয়া বসিলে এক পিছন দিক ছাড়া, বনভূমির অনেকখানিই নজরে পড়ে।

জাহ্নবী চুপটি করিয়া বসিয়া থাকে। ঠিক সে-ধরণের ভয়টা আর থাকে না, কিছু-না-দেখার পেছনে তাহার যে সবটাই কল্পনায় আরও ভীষণ। এ এই নিরাপদ নিভৃতে বসিয়া সবটুকু প্রত্যক্ষ করার যে ভয় সেটা বরং লাগে ভালোই। ডানদিকে ডোবা, তাহার ওপারে দোতলা পর্যন্ত উঁচু দেয়ালের ভগ্নাবশেষ, আর

একটু বাঁদিক ঘেঁষিয়া আর একটা ভস্মস্তূপ, বাকি সব বন, বন, আর বন। দৃষ্টি বাধা পায় বলিয়া কল্পনা কুতূহলী হইয়া ওঠে—কি আছে?—ঐ গাছের পর,—ঐ বাড়ির পেছনে, গাছ পালা ঢাকা দেওয়া ঐ পুকুরটার গহ্বরে।—ঠিক সামনে পড়ে তাহাদের বাড়ির ওদিককার অংশটা, উঁচু নীচু ইটের গাদা, ইট দেখা যায় অল্পই, হাল্কাগাঢ় কত রকম সবুজ লতায় ঢাকা, মাঝে মাঝে এক একটা দেযালের খানিকটা মাথা তুলিয়া দাঁড়াইয়া আছে—একেবারে ওদিকে একটা ঘরেরও খানিকটা যায় দেখা, মায় দুটি কুলুঙ্গী পর্যন্ত, এ ঘরেরই মতো ছাতের কাছে খানিকটা লাল রং। রংটা কল্পনা জাগায়, কেননা ধ্বংসের মাঝখানে ওটা সৃষ্টির সাক্ষী। রাঙা রং বলিয়া শিশুকল্পনাকে আরও বেশি করিয়া সাড়া দেয়—কবে কাহারা ছিল ওখানে?—অতি ক্ষণিকের জন্য কাহার শাড়ির রাঙা পাড় যেন দুলিয়া ওঠে, কোন্ চঞ্চল শিশু-বালিকার বেণীর আগাটুকু।......একেবারে বাঁদিকে সেই প্রকাণ্ড দরজাটা, হুড়কা লাগানো; হুড়্কাটাই কত বড়! ঐ খানটায় দৃষ্টি আটকাইয়া যায়, বড় অদ্ভুত লাগে ওটা। আসিয়া-পর্যন্ত দুয়ার খুলিয়া ওদিকে যায় নাই জাহ্নবী, মাও নয়, যতদূর জানা আছে দাদুও নয়। যায় এক শুধু দিদিমণি। ঐ দিকে আছে জীবন। মনে পড়ে বহুদিন আগে এক তন্দ্রাচ্ছন্ন রাতে শেষবারের মত সেই জীবন থেকে এই অবরোধের মধ্যে চলিয়া আসা, সেদিনের স্মৃতিটা প্রায় সমস্তটাই আবছায়া, শুধু এক একটা জিনিস তাহার মধ্যে অতিরিক্ত উজ্জ্বল।—

আশ্রমে ওদের ঘরটা অন্ধকার হইয়াছে, মা ফিস্‌ফিস্ করিয়া বলিল—"খিড়কী দিয়ে বেরিয়ে ওদিককার গলি দিয়ে একেবারে বড় রাস্তায় গিয়ে দাঁড়িয়ে থাকবি; গলির মুখে নয়, একটু সরে যে একটা ঝাঁকড়া গাছ আছে সেইখানে।...... একটা টিনের বাক্স, অনেক খেলনা তাহাতে, সেই দিনই সকালে একজন বাবু দিয়াছিল, কানের গোড়ায় তাহার দুইটা সাদা চক্‌চকে গহণা—বাক্সটা তুলিতে যাইতে মা ধমকাইয়া উঠিল—"যা না, গেলি? থাক ওটা।"......ভয় করিতেছে, অনেকক্ষণ পরে মা আসিল, ময়লা ছেঁড়া কুটিকুটি কাপড় পরা......

একটা বাস্ আসিয়া দাঁড়াইল, ওরা উঠিল।······বড় ঘুম ধরিয়াছে, কী ভিড় বাসে! কী কষ্ট!······বাস থামিল, মা দাড়িওলা লোকটাকে বলিতেছে—"ছিল পয়সা একটা গেঁজেয়, ভিক্ষে-করা কে যে নিয়ে নিলে, এইখানেই।"······নামিতে হইল······বুঝিতে পারিতেছে না ·····আর একটা বাস, তাহার পর রেলগাড়ি—অনেকগুলা মেয়ে—নামাইয়া দিল—ঠিক মনে পড়ে না, জাহ্নবী কি বলিয়াছিল?—"ওগো আমাকে শুধু একটু ঘুমুতে দাও।"······তাহার পর আর একটা ভিড়, সব বেটাছেলে, আর কিছু মনে নাই অনেকক্ষণ পর্যন্ত······ তাহার পরেরটা খুব স্পষ্ট—দাঁড়াইয়া আছে, একজন বুড়ো নামিল, এই দাদু; মা গিয়া বলিল—"বাবা, আমি তোমার মেয়ে এই এসেছি ফিরে।"

স্টেশনটুকুও মনে আছে······তাহার পর মনে পড়ে আস্তে আস্তে আলো কমিয়া আসিতেছে—ঘুমাইয়া ঘুমাইয়া ক্রমেই একটা নিঃশব্দ অন্ধকারের মধ্যে প্রবেশ করিতেছে জাহ্নবী, স্বপ্ন দেখার মতো—আরও অন্ধকার—আরও অন্ধকার—পা আর ওঠেনা, তাহার পর দাদুর কোল··· ··শেষকালে ঘুমভাঙার মতোই এই দরজাটা গেল খুলিয়া······

আধভাঙা ঘরটাতে বসিয়া জাহ্নবী জীবন থেকে সেই শেষ চলিয়া-আসাটির দিকে চাহিয়া থাকে। সাড়া শব্দ নাই, অনেকদূরে একটা কি পাখির এক ঘেয়ে ডাক—কুটু-র্-র্-র্, কুটু-র্-র্-র্······আরও সব ঘটনা মনে পড়ে, আরও আগেকার; সে সবের মধ্যেকার যে-জাহ্নবী, তাহার ওপর কেমন একটা মায়া হয়—যেন সেইজন্যই আরো খুঁটাইয়া খুঁটাইয়া ভাবিতে ইচ্ছা করে—যে-সবদিন কিছু খায় নাই, যে-সবদিন অতি সামান্য কথাতেই মায়ের কাছে নির্দয় প্রহার খাইয়াছে, তাহার পর মা নিজেই আর আহার করে নাই—অনেকক্ষণ পরে অযথাই আদর করিয়াছে জাহ্নবীকে—পিঠে হাত দিয়া বসিয়া থাকার ছবিটি যেন দুলিতে থাকে জাহ্নবীর চোখের সামনে।

এক এক সময় ওদিককার ঐ জীবনটা বড় আতঙ্ক জাগায় মনে, আবার ফিরিয়া যাইতে হইবে নাতো!······আবার এক এক সময় কি হয়, যেন দুর্নিবার

আকর্ষণে টানে। বড় অসহ্য বোধ হয় এই নিঃসঙ্গ স্তব্ধ, রিক্ত জীবন। মনে হয় আবার ছুটিয়া যাই—কান্না দিয়াই যেন ডাকিতেছে ঐ জীবন; চক্ষু দুইটা সজল হইয়া আসে, উঠানের বন্ধ দরজার গায়ে মনটা যেন আছাড়ি-পাছাড়ি খাইয় পড়িতে থাকে।

সন্ধ্যার পর দুইটা জিনিস যেন একেবারে নিরেট হইয়া চাপিয়া ধরে চারিদিক হইতে,—অন্ধকার আর ভয়। কোনদিকে চোখ তুলিতে সাহস হয় না, মনে হয় কাহারো যেন দিনের পরিচিত জায়গাগুলা নিঃশব্দ চরণে আসিয়া অধিকার করিয়া বসিল—বনের মধ্যেকার সেই ভাঙা বাড়ি দুইটা, লাউ মাচাওলা ভালো বাড়িটা, এই বাড়ির ঢিবিগুলা, শিকড়ে জড়ানো লতায়-ঢাকা দেওয়ালগুলো এমন কি ওপরের সেই পরিচ্ছন্ন ঘরটুকু পর্যন্ত। মায়ের ফরমাশে প্রদীপ হাতে একটা কাঠ আনিতে উঠানে নামিলে দৃষ্টিটা অবাধ্যভাবেই ওপরে যায় উঠিয়া—এক মুহূর্তের জন্য, তাহাতেই কিন্তু মনে হয় কে যেন ওপরের ভাঙা ঘরের কুলুঙ্গীর সেই নিভানো প্রদীপটা জ্বালিয়াছে। কত রকম শব্দ ওঠে বনভূমিতে—কোনটা ফিস্‌-ফিসানি, কোনটা চাপা হাসি, কোনটা কে যেন থাকিয়া থাকিয়া একটানা প্রশ্ন করিয়া যাইতেছে।—উঁ ?—উঁ ?—উঁ ?·· অনেক পরে পরে এক একবার শেয়ালেরা সমস্বরে ওঠে ডাকিয়া; চেনা আওয়াজ, তবুও মনে হয় ওটাও যেন অন্ধকার বনভূমির একটা অশরীরী শব্দতরঙ্গই।

সাত

জাহ্নবীরা আসিয়াছিল শীতের শেষে, গ্রীষ্ম গিয়া বর্ষা নামিল। অবরোধ আরও নিবিড় হইয়া উঠিল, এক এক সময় দিনের পর দিন বৃষ্টি; অবিশ্রান্ত ধারাপাতে ঘরের মধ্যে থেকে মনে হয় বনভূমি যেন আরও আগাইয়া আসিয়া উঠানটুকু পর্যন্ত গ্রাস করিয়া ফেলিল। আতঙ্কও যায় বাড়িয়া। বর্ষণের শব্দ

ছাপাইয়া মাঝে মাঝে গুরুগম্ভীর শব্দ ওঠে, কোন দেয়ালটা হয়তো ভাঙিয়া পড়িল, এই বাড়িরই বা দূরের কোন ভাঙা বাড়ির; কিম্বা খানা-ডোবার ধারে কোন গাছটাই বোধহয় গোড়া আলগা হইয়া ধরাশায়া হইল······অন্নদাঠাকরুণের মেজাজ অতিশয় খারাপ হইয়া উঠিয়াছে, একটা ছুতা পাইলেই হইল; আরম্ভ করিয়া দেয়—"মিত্রদের বাড়ির ওপরের ছাতটা ধ'সল ঐ,—এও যাবে, যে দিনটা না যাচ্ছে। ভেবেছিলাম কাজ নেই, এ বর্ষাটা নৈহাটিতে ভাইয়ের ওখানে গিয়েই কাটাব—বাড়ির যে অবস্থা, শেষে অপঘাতে মরে ভূত হয়ে থাকতে হবে নাকি? গয়ায় গিয়ে পিণ্ডি দেবে এমন একটা কেউ নেই।······ পোড়াকপালে ভগবান বল্লে—যাওয়াচ্ছি তোমায় ভালো করে! একটা ছিল, হলো তিনটে, ছিল বুড়ো হাবড়া কানা, এলেন রূপের ডালা সাজিয়ে রাজরাণী।··· বাপের বাড়ি যাবে?—আগলা বসে বসে দাসী বাঁদীর মতন!···এ কি ওলুক্ষনে কাণ্ডরে বাবা! একটা সামঞ্জস্যি নেই? ছেঁড়া আঁচলে সোনার গাঁট বাঁধা, একি ট্যাঁকে, না, টেঁকেছে কখনও?···কবে কি ঘটবে, নিজের ভিটেয় যেন কাঁটা হ'য়ে থাকা! কেনরে বাপু!···দু'দিন থেকে নাইতে পর্যন্ত যেতে পারছি না একটু যে হ্যাঁ, গঙ্গায় দু'টো ডুব দিয়ে শরীলটা শুদ্ধ করি। অলুক্ষণ নয়!···"

মা হয় তো রান্নাঘরে, কিংবা ঐ ঘরেই; এঘরে দাদুর গলা যায় বন্ধ হইয়া। অভ্যাস হইয়া গেছে, কিছু বোঝেও না, কী যে দোষ এত রূপ হওয়ার, তবু জাহ্নবী যেন কাঠ হইয়া বসিয়া থাকে। দাদু চশমাটা মুখের খুব কাছে নামাইয়া আনে, তাহার পর আবার মুখ তুলিয়া বসিয়া ওর মাথায়, কপালে, নাকে, চোখে হাত বুলায়, বিশেষ করিয়া চোখে, এক একবার বলেও—"কাঁদছিস নাকি রে?···নাঃ, দিদিমণি তেমন বোকা নয়।" আরও গলা নামাইয়া বলে—"বুড়ির ঐ রীত যে, কি করবে? ভেতরে তাল্‌শাঁস।···দু'দিন জ্বরে পড়েছিল মা, দেখছিলি তো?···কেন, আপদ তো নাওয়া-খাওয়া ছেড়ে আগলে রৈলি কেন?—হি—হি—হি।"

বর্ষার অবিরাম ঝর-ঝর শব্দ, তাহার সঙ্গে ভেকের গম্ভীর নিনাদ,—নিতান্ত অন্নদাঠাকরুণের গলা, নয়তো ঘরের মধ্যেকার আওয়াজই এ কোণ থেকে ও কোণ যায় না ; তবু বৃদ্ধ একেবারে জাহ্নবীর কানের কাছে মুখটা লইয়া যায়, বলে—"শোন্ তবে জাহ্নবী, সমস্ত বর্ষার চালডাল যুগিয়ে রেখেছে, নয়তো চারটে মানুষ না খেয়ে মরতো···কবে, কি করে তা টের পেয়েছিস্ ?—ঐ দেখ্, বল্‌বি দাদু মিথ্যে কথা বলছে !—মিলিয়ে নে। আর শোন্···"

যেন একটু দ্বিধাভরে থামিয়াই মুখটা তুলিয়া লয়, তাহার পর আবার ফিস্ ফিস্ করিয়া কানে কানে বলে—"আর এই বলে দিলাম তোকে, বুড়ির আছে কিছু—ভাঙাঘরই হোক বা ভাঙা সিন্ধুকই হোক। কিন্তু একথা আর কাউকে নয়,—ভূভারতে আর কাউকে নয়, খবরদার।···"

যেন অনেকক্ষণ সাড়াশব্দ বন্ধ থাকাটা ভালো নয়, এই ভাবে বেশি ঘটা করিয়াই গলা ঝাড়িয়া আবার আরম্ভ করিয়া দেয় গল্প।

এই নূতন পরিবেশে বর্ষাই দিল শেষ চাপটা। মাঝে মাঝে একটু আধটু ছাড়ান্ দিয়া, শেষাশেষি গিয়া একেবারে সাত দিনের মেয়াদ ; শুধু জল, আর জল, আর অন্নদাঠাকরুণের গলা।···"একটা অনর্থ হবেই এবারে, হতেই হবে··· সেই ছেলেবেলায় শোনা আশ্বিনের ঝড় যদি না আসে এবারে—এটাও আশ্বিন চলেছে···মা বলতেন না—কুলীনদের বিধবা মেয়েটা কেলেঙ্কারি করে গলায় দড়ি দিয়ে মোল, তার পরদিনই সে কী কাণ্ড !···রূপ যেখানে সাজে সেখানেই ভালো···'মেয়ে আমার রূপসী !'—অথচ না আছে চাল, না আছে চুলো—এ রূপ এমন কিছু পৌরুষের কথা নয় যে, বড় গলা করে গেয়ে বেড়াতে হবে !···"

বৃদ্ধ গল্প করিতেছিল। মাঝে মাঝে বাধিয়া যাইতেছে, নাতনির মুখে চোখে হাত বুলাইতেছে, বিশেষ করিয়া চোখে, এমন সময় একটা টোকা মাথায় দিয়া নারায়ণী হঠাৎ এ-ঘরে প্রবেশ করিল, বৃদ্ধ সচকিত হইয়া দুয়ারের দিকে চশমা দুইটা তুলিয়া প্রশ্ন করিল—"কে ?"

জাহ্নবী জবাব দিল—"মা।"

"বন্দী ?—কি গা ?"

"এই একটা জিনিষ নিতে এলাম···রাঁধছিলাম···"

মায়ের মুখে আজ নূতন একটা কি আছে, জাহ্নবী সভয়ে চোখের কোণে চাহিয়া রহিল। সমস্ত ঘরটা যেন থমথম করিতেছে, পাশের ঘরে অন্নদাঠাকরুণের বাক্য-স্রোতে নূতন ঢল নামিয়াছে। আজ বাড়াবাড়ি—ছয়দিন থেকে গঙ্গাস্নান হয় নাই, আগলানোর ওজুহাতে গায়ের জ্বালা মিটাইতেছে—"রূপ কি থাকে না ? থাকে, পোড়া ভগবান চাপিয়ে দিলে মানুষে করবে কি ? কিন্তু তার ব্যবস্থাও হয়। কেন, শাস্ত্রেই তো আছে শ্রীবৎস রাজার রাণী চিন্তার কথা—পুড়ে গেল রূপ, কু-লোকে দেখে ঘেন্নায় মুখ ফিরিয়ে নিলে···"

নারায়ণী কি যেন একটা খুঁজিয়া বেড়াইতেছে, এ-কুলুঙ্গী, ও-কুলুঙ্গী, ঘরের এ-কোণ, ও-কোণ। জাহ্নবীর বুঝিতে বাকি থাকে না মায়ের এই খোঁজাখুঁজি একটা ছুতা মাত্র। হয়তো কিছু বলিবে দাদুকে। কাঠ হইয়া বসিয়া আছে। দাদুরও অবস্থা একই রকম, আর কোন কথা কহিতে যেন সাহস পাইতেছে না; ধীরে ধীরে শুধু জাহ্নবীর কপালে আঙ্গুলের ডগাগুলা বুলাইয়া যাইতেছে।

একটু পরে বৃদ্ধের কাছে একটু থমকিয়া দাঁড়াইয়া, আবার তখনই টোকাটা মাথায় দিয়া নারায়ণী বাহির হইয়া গেল।

বৃদ্ধ জিজ্ঞাসা করিল—"চলে গেল, না ?"

জাহ্নবী উত্তর করিল—"হ্যাঁ।" কণ্ঠটা শুষ্ক।

বৃদ্ধ একবার চোখের ওপর হাতটা বুলাইয়া লইয়া প্রশ্ন করিল—"কি একটা বলতে এসেছিল, না ?"

"বোধহয়, দাদু।"

এমন সময় ও-ঘরে হঠাৎ অন্নদাঠাকরুণের গলাটা থামিয়া গেল। বৃদ্ধ যেন সন্ত্রস্ত হইয়া উঠিল, "বোস তো দিদি।"—বলিয়া সঙ্গে সঙ্গে চৌকি থেকে

নামিয়া দরজার কাছে গিয়া দাঁড়াইল, জাহ্নবীও কৌতূহল দমন করিতে না পারিয়া পাশে গিয়া দাঁড়াইল।

এই দিকে পেছন করিয়া নারায়ণী খোলা রকে, পাশের ঘরের চৌকাঠের ঠিক বাহিরটিতে দাঁড়াইয়া আছে; সেখান থেকেই ঘরের দিকে মুখ করিয়া কাতর কণ্ঠে বলিতেছে—"কি করব ব'লে দাও পিসিমা, আকাশের বৃষ্টি মাথায় করে দিব্যি করছি তাই কোরব এখুনি; মরতে বল মরছি, বেরিয়ে যেতে বল, বেরিয়ে যাচ্ছি ঐ বালাইটার হাত ধরে···আমি কি বুঝি না এ রূপ নয়,—কার অভিশাপ—বয়ে বেড়াচ্ছি। কি করব? উপায় নেই···চিন্তার কথা বলছ, তাঁদের ছিল যে পুণ্যের শরীর। দিব্যি করে বলছি পিসিমা, আমি রোজ মা-মনসাকে ডাকি—সাপের সঙ্গে ঘর করছি মা, আমার ভাগ্যে কি সব কেঁচো হয়ে গেল? একটা ছোবলে যে সব জ্বালা মিটে যায়···বলো পিসিমা, আমি এতটুকু দেরি করব না, ঘরের মধ্যে ভিজে পা সাঁদ করাব না, ভাবব না কি আছে অদৃষ্টে আমার। যেমন এসেছিলাম চলে যাব মেয়েটাকে নিয়ে...আর সয়না আমার—সত্যি আর···"

আর বলিতে পারিল না, কান্নায় ভাঙিয়া পড়িল। নিরুপায় বলিয়া এই সাতটা মাস মুখটি বুজিয়া শুনিয়া গেছে, কিন্তু এই কান্নাই তো ভিতরে ভিতরে জমা হইতেছিল।

আট

বৃষ্টিটা দিন দুই পরে বিকালের দিকে হঠাৎ ধরিয়া গেল। আশ্বিনের নিজের রূপটি যেন চাপা পড়িয়া গিয়াছিল, সঙ্গে সঙ্গে ঝলমল করিয়া উঠিল। সন্ধ্যার আকাশে রং ধরিল, সকালে উঠিয়া জাহ্নবীর মনে হইল দিনটি যেন কোন্ এক নূতন দেশ থেকে আসিয়া পড়িয়াছে। নীল আকাশে সাদা সাদা চঞ্চল মেঘের স্তূপ, সবুজ গাছপালার ফাঁকে ফাঁকে সূর্যের রাঙা আলো ঘাসেভরা

উঠানের এখানে ওখানে আসিয়া পড়িয়াছে; উঠিয়াই বৃষ্টির সেই একঘেয়ে ঝরঝরানি শোনা যেন একটা আতঙ্ক হইয়া দাঁড়াইয়াছিল। তাহার জায়গায় একটা শান্ত স্তব্ধতা, শুধু বনের এখানে সেখানে দু'একটা পাখীর ঘুম ভাঙা ডাক।···মায়ের নত মুখে একটি নীরব হাসি—কবে কোন্ একটা কাজের মধ্যে দেখিয়াছিল, আজকের সকালটিতে কেবলই সেটা ঘুরিয়া ঘুরিয়া মনে পড়িয়া যাইতেছে জাহ্নবীর—কোথায় কি একটা যেন মিল আছে দিনটুকুর সঙ্গে।

অন্নদাঠাকরুণ দরজা ঠেলিয়া প্রবেশ করিল, গঙ্গাস্নান ফেরত। মায়ের অমন করিয়া বলার পর এ দুদিন একরকম কথাই বন্ধ রাখিয়াছে, কেমন একটা চাপা আতঙ্কেই কাটিয়াছে জাহ্নবীর। আজকের সকালবেলাটি কিন্তু এমন মুক্ত আর দ্বিধাহীন, শুধু যেন কথা কওয়ার আনন্দ আর আবেগেই গায়ে-পড়া হইয়াই প্রশ্ন করিয়া বসিল—"গঙ্গা নেয়ে এলে রাঙা দিদিমণি?"

"হ্যাঁ ভাই।···আমার আবার গঙ্গাস্নান!·· তাও বুঝি হল বন্ধ।···ওমা, তুই উঠেছিস এত ভোরে।"

"উঠে পড়লাম।··চান বন্ধ কেন হল রাঙা দিদিমণি?"

"যা জঙ্গল দিদি, পাহাড় বৃষ্টিটা গেল, আরও চাপ বেঁধে উঠেছে। ·আবার ডাল ভেঙে পথ পঙ্কের করো···"

কথা বলিবার জন্য জাহ্নবীর দিকে মুখ ফিরাইতে পূবের আলো গিয়া মুখে পড়িয়াছে, একেবারে নূতন রকম দেখাইতেছে অন্নদাঠাকরুণকে; তা ভিন্ন এত দরদ-ভরা কণ্ঠস্বরও নূতন, জাহ্নবীর ইচ্ছা হইল কয় আরও দুটা কথা, কিন্তু কেমন একটা কুণ্ঠা আসিয়া পড়িল—একটু পুরাণো ভয়, তাহার সঙ্গে একটু লজ্জাও—একটা ঢোঁক গিলিয়া চুপ করিয়া গেল।

অন্নদাঠাকরুণই আবার কথা কহিল, রকে উঠিয়া ফিরিয়া দাঁড়াইয়া বলিল—"তা উঠেছিস্ তো আয় দিকিন, চন্দনটা ঘষে দে, শিখতে হবে একটু একটু করে; রাঙা দিদির বয়েসও তো হয়ে আসছে। মা কোথায়?"

"খিড়কির ঘাটে গেছেন, বাসনগুলো নিয়ে।

অন্নদাঠাকরুণের মুখটা একেবারে গম্ভীর হইয়া গেল। পূজার আয়োজনের মধ্যে আর একটি কথা বলিল না, শেষ হইলে আসনে বসিতে বসিতে শুধু সংক্ষিপ্ত মন্তব্য করিল—"অথচ কাল্ রাত্তিরে মাথা ব্যথার জন্মে এই মানুষই উপোস দিয়েছে !…থাক্, কিছু বলব না বাবা !"

জাহ্নবী মুখের ভাবটা বুঝিবার জন্যই দৃষ্টি তুলিয়া প্রশ্ন করিল—"যাই তাহ'লে দিদিমণি ?"

"যাও।…বাঃ, বেশ ঘন ক'রে বেটেছিস তো চন্দনটা !"

না, মুখে সেই ঝাঁঝালো রাগ নাই, কেমন যেন একটা দুঃখ আর অভিমান, মায়ের মুখে অন্নদাঠাকরুণেরই বকুনির পর কতবারই যাহা লক্ষ্য করিয়াছে জাহ্নবী।

তবুও মনটাতে যে একটু খুঁতখুঁতানি লাগিয়া রহিল দুপুরবেলা সেটুকুও নষ্ট হইল।

খাওয়াদাওয়ার পর দাদুর কাছে শুইয়া গল্প শুনিতেছে। একটু একটু ঘুম আসিয়াছে ; ভাল শ্রোত্রী, নিজের জীবনের কাহিনীও অফুরন্ত, সজাগ রাখিবার জন্য তাগাদাটা বৃদ্ধের একটু ঘন হইয়া আসিয়াছে—"শুনছিস গা ?… ঘুমুলি দিদি ?"—এমন সময় অন্নদাঠাকরুণ আসিয়া প্রবেশ করিল, প্রশ্ন করিল—"অম্বিকে ঘুমুলে নাকি ?"

—স্বর অস্বাভাবিক রকম নরম।

বৃদ্ধ উত্তর করিল—"না, জেগে ; কেনগা দিদি ?"—চশমাটা নাকে দিয়া উঠিয়া বসিল।

অন্নদাঠাকরুণ একটু ইতস্তত: করিয়া ঘরের মধ্যে আরও আগাইয়া আসিয়া চৌকিটার কাছাকাছি দাঁড়াইল, আরও একটু বিলম্ব করিয়া প্রশ্ন করিল—"নাতনি ঘুমুচ্ছে ?"

জাহ্নবী কি ভাবিয়া চোখ বুজিয়াছে। এই মাত্র দাদুর তাগাদায় সাড়া দিয়াছিল। তবু বৃদ্ধ অম্বিকাচরণ একটু দ্বিধা কাটাইয়া মিথ্যা কথাটাই

বলিল—"হ্যাঁ ঘুমিয়ে পড়ল···এই কতক্ষণ হ'ল। কিছু বলবে নাকি দিদি?"

আর একটু ইতস্ততঃ করিল অন্নদাঠাকরুণ, তাহার পর বলিল—"না, বলব আর কি? কুঁদুলে মানুষ, মুখ না খোলাই ভালো, ত্রিভুবনে কাউকেই তো সন্তুষ্ট করতে পারলাম না।...থাকতেও পারি না, তাই মনে করলাম না হয় অম্বিকের কাছেই বুকটা একটু হালকা করে আসি; অবিশ্যি যদি বোঝে···"

"তোমায় বুঝবো না দিদি? অপরাধ বাড়াচ্ছ ছোট ভাইয়ের?"

"সেই ভরসা।···এমন কিছু নালিশও নয় ফরিয়েদও নয়, বলছিলাম শুনেছো তো নিজের কানে? কি বলেছিলাম এমন?—ভাইঝি বলে নিয়েছি যখন তখন শত্রু তো নয় যে রূপ দেখলে চোখ করকরাবে আমার। তবে কথা হচ্ছে যা অবস্থায় রয়েছি, হয় না একটু সশঙ্কিত হয়ে থাকতে? সেই কথাই তো বলা? পেত্যয় যাবে না অম্বিকে, সেদিন গঙ্গার ঘাটে ছিরু বোষ্টমীর সঙ্গে একটু হলে তুমুল কাণ্ড হয়ে গিয়েছিল,—আমার কাছে মেয়ের রূপ নিয়ে ঠ্যেকার করতে আসে!···মুখে বললাম না, হোলও না কিছু, কিন্তু মুখ দিয়ে তো প্রায় বেরিয়েই গেছল—ওলো উনুনমুখী, ও তোর মেয়ের অত ঠাট-বাটের রূপের কথা কার কাছে বলছিস? রূপ দেখবি তো চল আমার বন-আলোকরা লক্ষ্মী-ঠাকরুণ দেখিয়ে দিই।··

মুখে বললাম না, কিন্তু গুমোর আছে বলেই তো মনে উঠল কথাটা গঙ্গার ঘাটে দাঁড়িয়ে অম্বিকে, বলো না?···হয়তো বলবে দিলে না কেন দিদি থোঁতা মুখ ভোঁতা করে?···সেই তো ভয়, একটা কানা নড়বড়ে পুরুষ মানুষ আর নিজে এই, এই দুজনে তো আগলে রেখেছি—লুকিয়েই রাখা এই ভাঙা বাড়িতে, জঙ্গলের মধ্যে—গুমোর করে বলবার কি উপায় রেখেছে পোড়া ভগবান?···এই কথাই তো পরশু বলেছিলাম, না আরও কিছু? নিজের কানেই তো শুনেছ? তা সেই পাহাড়ে বৃষ্টি মাথায় করে কি না বললে, আমায় নারাণ সেদিন?—চলে যাব মেয়ের হাত ধরে—রূপ না কার শাপমণ্যি—

সাপের সঙ্গে বাস করেও সাপে ছোবলায় না'...বাকিটা কি রাখলে?—সোনার প্রতিমে, তোকে সাপে ছোবলাবে এই আমার কামনা?...চুপ করে গেলাম। ভাবলাম কাজ নেই, আমারই দোষ...তা দোষ যদি হয়ই, বলি, রাগ কি মিটতে নেই এই দুটো দিনেও?"

অম্বিকাচরণ চশমা তুলিয়া ব্যগ্রভাবে বাধা দিয়া প্রশ্ন করিল—"রাগের কিছু করেছে নাকি দিদি?"

"কি করেনি? যে-মানুষটা মাথা ব্যথা বলে কাল রাত্তিরে ডাহা উপোস দিলে, আজ ভোরে কাক-কোকিল না ডাকতে সে কিনা এঁটো আর পোড়া বাসনের ডাঁই নিয়ে ঘাটে গিয়ে বসল! এটা যদি রাগের কথা না হয় তো রাগের কথা কোনটাকে বলব অম্বিকে? এর ফল কি হবে? অসুখটা বাড়বে না, কমবে, তুমিই বল না।"

"বেড়েছে নাকি দিদি?"

"বেড়েছে, একশোবার বেড়েছে; উনি না বললেই তো হবে না। তাই বললাম—মিষ্টি করেই বললাম—জানিতো আমি কথা কইলেই তেতো লাগে সবার—বলি, "ছেড়ে দেনা মা নারাণ, আজ দুটো হেঁসেলই আমি সেরে নিচ্ছি, অমন মাথা ব্যথাটা গেল, খেলিনি কিছু কাল...না, বেশ আছি পিসিমা, একেবারে আর নেই মাথা ব্যথাটা, আমি নিচ্ছি রেঁধে।...রাগের কথাটা একবার দেখো অম্বিকে—অমন মাথা-ব্যথা, তা একেবারে আর নেই! এবে সেই কি বলে তাই। চুপ করে গেলাম।...রাঁধলে, তোমাদের খাইয়ে নিজে খেলে—ঐ যে দেখাতে তো হবে করেনি মাথা ব্যথা!...কিন্তু চলবে এ রকম রাগ করে থাকা, না, উচিত?...তোকে পর বলে তো ঘরে নিইনি বাছা।...তাই ভাবলাম একবার বলি অম্বিকাকে..."

আরও একটু গজর গজর করিয়া অন্নদাঠাকরুণ চলিয়া গেলে বৃদ্ধ জাহ্নবীর মুখে-চোখে হাতটা বুলাইয়া প্রশ্ন করিল—"দিদি ঘুমুলি নাকি?" উত্তরের দরকার নাই, চোখ দুইটা চাপিয়া বোজা, বলিয়া চলিল—"শুনলি তো সবটা—আর ঐ

মিলিয়ে নে দাদুর কথা—মাথা ধরলেও ভেবে মরছে, না ধরলে ধরেছে মনে করে আরও ভেবে সারা হচ্ছে।—হি-হি-হি···বলিনি তোকে, বাইরেটাই ওরকম, ভেতরটা তালশাঁসের মতন নরম। বলবি বকাবকি করে; রোগ একটা, কি করবে?—তোর দাদুর এই চোখের রোগ,—উপায় আছে?···আর হোলোও যে তেমনি সময় বুঝে,—ঐ পাশের বাড়িটা—লাউমাচাওলা ওতে ছিল বুড়ি পেসাদীর-মা—যেমন ভাব, তেমনি ঝগড়া তার সঙ্গে, বন ডিঙিয়ে দুজনের ঝগড়ায় গমগম করতো সারা তল্লাটটা—বনভূমিতে একটা কাক কি চিলের আওয়াজ শোনা যেত না। তোদের আসবার মাসখানেক আগে একদিন বলা নেই কওয়া নেই, বুড়ি টপ করে গেল মরে।···অব্যেস, কি করবে বল? পেট ফোলে, একজন নাহলে চলে না, তোর মাকে পেয়েছে হাতের কাছে···সত্যিই তো একটা গাছকে দাঁড় করিয়ে মানুষে ঝগড়া করতে পারে না, বল দিদিমণি? ···ঘুমুলি নাকি গো?"

পরদিন স্নানের ফেরত গাছের সঙ্গেই ঝগড়া করিতে করিতে বাড়িতে প্রবেশ করিল অন্নদাঠাকরুণ—"একেবারে ছেয়ে ফেলেছে! একটু আধটু যা রাস্তায় চেহ্ন ছিল এখানে ওখানে, সেটুকু গেরাস করে নিয়েছে পোড়া জঙ্গলে—লোকে একটু গঙ্গাস্তান করবে সেটুকুও আর সইল না! ছেলেবেলায় বিয়ের কনে এসে এই জায়গায় দেখেছি—যেন ইন্দ্রপুরী—সবটা পেটে পুরেছিস—এখনও সাধ মিটলো না—একটা ভাঙা বাড়ি, চারটে লোক থরহরি-কম্প হয়ে কোন রকমে রয়েছে মাথা গুঁজে, তার অবস্থাটাই করে তুলেছে দেখ না!···বলে খাণ্ডবন দাহন! পোড়াকপাল! শাস্ত্র যে এদিকে মরে ভূত হয়ে উঠেছে······"

জাহ্নবী পাশেই বসিয়াছিল, বৃদ্ধ কাঁধের কাছটা টিপিয়া ফিস্ ফিস্ করিয়া বলিল—"ঐ শোন্, বলছিলাম না কাল?"

নয়

বর্ষার ক্ষান্তি, শরতের রূপ, অন্নদাঠাকরুণের রূপান্তর—এক সঙ্গে এই এতগুলি পরিবর্তন জাহ্নবীকে হঠাৎই যেন একটি নূতন আলোর সামনে আনিয়া দিল। সেই আলোয় বনে-ঘেরা ভাঙা বাড়ির এই আবদ্ধ জীবনই ওর কাছে বড় মিষ্ট, বড় অপরূপ হইয়া দেখা দিল। এতদিন চারিদিককার চাপে যেন পাশ মোড়া দিবার যায়গা পাওয়া যাইতেছিল না, আজ হঠাৎ মনে হইল এর মধ্যেই যথেষ্ট স্থান আছে নিজেকে মুক্ত আনন্দে মেলিয়া দিবার। মৌন থেকে মুখর হইয়া উঠিল জাহ্নবী, গম্ভীর থেকে হাস্যময়ী। দাদুর হাত ধরিয়া তুলিয়া, গায়ে এলাইয়া পড়িয়া গল্প আদায় করে; পূজায় তো বটেই, অনেক কাজেই এখন দিদিমণির সহচরী; মানে, আবদারে, কপট রাগে ওর ওপর আধিপত্য করে, আর সব জায়গায় সব নাতনিরই মতো! মায়ের কাছেও নূতন হইয়া উঠিল, এতদিন ছিল শুধু সমবেদনাময়ী সখী, অশ্রুসিক্ত মুখের দিকে করুণ চোখে চাহিয়া থাকা—সব দুখিনী মায়ের মেয়ের মতো, আজ নিজের আনন্দেব আবেগে তাহারও কাছে হইয়া উঠিল নন্দিনী। একটি দিনের প্রভাতে জীবনকে যেন একেবারে নূতন করিয়া গড়িয়া দিল।

বর্ষার পর বন আরও ঘন হইয়া উঠিয়াছে, কিন্তু মনের দিক দিয়া এখন অন্য রকম; আগে শিশুসুলভ কৌতূহলের মধ্যে একটা আতঙ্ক ছিল, এখন যেন হাতছানি দিয়া ডাকে। বোধ হয়, টানা বর্ষায় অনেকদিন ঘরে বন্দী হইয়া থাকার জন্য অরণ্যটাও এখন মুক্ত বলিয়া মনে হয়। আর, এই এতদিন কাটিলও তো এই বনের মধ্যে—কেমন যেন সহিয়াও গেছে। নিজের বাড়ির সঙ্গে যেমন একটা আত্মীয়তা জন্মায, চারিদিকের গাছপালার সঙ্গে সেই রকম একটা আত্মীয়তা, একটা অন্তরঙ্গতা গেছে জন্মাইয়া। আজকাল মনটা হালকা, পা দুইটা চঞ্চল, ইচ্ছা হয় বাহিরে গিয়া দেখি কি আছে—বাড়ির ওদিকে—

দূরে—আরও দূরে। কল্পলোকের বয়স এটা, বাহিরের ছেলেমেয়েরা এ বয়সে বইয়ে-পড়া গল্পে পক্ষিরাজ ঘোড়ায় চড়িয়া দূরের পাড়ি দেয়, ও সে-সব গল্প পড়ে বনের পাতায়, অফুরন্ত সে গল্প, অনন্ত-বিস্তৃত অরণ্যলোক বাহিয়া সে-সব গল্পের অভিযান।···আলোয়-ঝল্‌মল শারদ আকাশের নীচে জাহ্নবীর পক্ষিরাজ পাখা মেলিয়া দেয়।

একদিন সত্যই বাহির হইয়া পড়িল। বাড়ির বাহিরের সহিত যোগ রক্ষা করে একমাত্র অন্নদাঠাকরুণ, তাও মাত্র ঐ গঙ্গাস্নানের সময়টিতে একবার। ভোর চারটের সময় বাহির হইয়া যায়; প্রায় দেড় ক্রোশ পথ। স্নান করিয়া, দিনের হাটবাজার সারিয়া ফিরিতে অনেকখানি বেলা হইয়া যায়। নারায়ণী আসিবার পর একটু বেশি রকম গোপনীয়তার বাই হইয়াছে বুড়ির, বাহির হইবার সময় সে-ই উঠিয়া দরজাটা দিয়া আসে।

জাহ্নবীর ঘুমটা আজকাল ভোরের দিকে পাতলা হইয়া আসিয়াছে, এক একদিন ওদের দোর-খোলা, চলাফেরার শব্দে বেশ ভালভাবেই জাগিয়া যায়।

দাদুর পাশে শুইয়া থাকে, কিন্তু ওর মনটা ওদের সঙ্গ লয়; দরজা খুলিয়া অন্নদাঠাকরুণ বাহির হইয়া গেলে তাহাকেই করে আশ্রয়, বনপথ ভাঙিয়া সঙ্গে চলে···কতদূর, কেমনধারা পথ এটা? আসার রাতে তন্দ্রাচ্ছন্ন স্মৃতির কিছু স্পষ্ট মনে নাই···এর পরেই বা কি?···চিন্তার ক্লান্তিতেই আবার ঘুমাইয়া পড়ে জাহ্নবী।

সেদিন আর ঘুম আসিল না। বোধ হয় একটু বেশি বেলা হইয়াছে, ঘরের মধ্যে আলোর আভাসটা একটু বেশি, দু'একটা পাখির তন্দ্রালস কণ্ঠস্বরও যায় শোনা। জাহ্নবীর মনটা বড় চঞ্চল হইয়া উঠিল। পিঠের ওপর দাদুর হাতটা আলগাভাবে রাখা, আস্তে আস্তে নামাইয়া দিল। বৃদ্ধের সকালের ঘুমটা খুব গাঢ়, তবুও ওঠে কিনা দেখিবার জন্য আর একটু পড়িয়া রহিল—ওদিকে মায়েরও ঘুমানো দরকার—তাহার পর এক সময় উঠিয়া পড়িল।

সন্তর্পণে কপাট খুলিয়া বাহিরে আসিল। উঠানে নামিল, একটু একটু গা-ছম্‌ছম্‌ করিতেছে, কিন্তু লাগিতেছে ভালো। উঠান পার হইয়া সদর দরজার কাছে আসিয়া দাঁড়াইল; গা-ছমছমানিটা বাড়িয়াছেই, কিন্তু সেই সঙ্গে একটা অদম্য কৌতূহল। হুড়কাটায় হাত দিয়া পেছনে একবার চাহিল—মা ওঠে নাই তো? তাহার পর আস্তে আস্তে টানিয়া দুয়ারটা একটু খুলিয়া বাহিরে মুখ বাড়াইল।

দরজার পর থেকেই ঘন জঙ্গল, শুধু মাঝখানটিতে খানিকটা পর্যন্ত হাতদুয়েক চওড়া একটা রাস্তাগোছের। কতকগুলা ওপড়ান আগাছা আর ভাঙা ডাল পড়িয়া আছে, অর্থাৎ অন্নদাঠাকরুণ রোজ একটু একটু করিয়া এটুকু পরিষ্কার করিয়াছে। জাহ্নবী একভাবে অনেকক্ষণ চুপ করিয়া দাঁড়াইয়া রহিল, দোতলার ছাতে সেই আধ-ভাঙা ঘর থেকে যে-জগৎটিকে দেখিত, তাহার একেবারে সামনে আসিয়া পড়িয়াছে। বড় অদ্ভুত লাগিতেছে। কত রকম গাছ! দু'একটার নাম জানা আছে—বাড়ির মধ্যে তাহাদের জঙ্গল—আস্‌শেওড়া, ঘেঁটু, বাসক—একটু দূরে বাঁদিকে একটা পুকুর, বেশ বড়ই, তবে আগাগোড়াই পানা আর একরকম ঘাসে ঢাকা, শুধু ওপারে এককোণে কতকগুলা রাঙা টকটকে কি ফুল ফুটিয়া রহিয়াছে। পুকুরে একটা শান-বাঁধানো সিঁড়ি, ওপরে খানিকটা শানের চাতাল, দুদিকে দুইটা লম্বা বসিবার জায়গা—সবই কিন্তু ভাঙাচোরা, ছাৎলা-পড়া। ঘাটের ধারেই একটা ঝাঁকড় গাছ, খুব মোটা একটা লতা দড়ির মতো পাকে পাকে গাছটাকে আষ্টেপৃষ্ঠে বাঁধিয়া ফেলিয়াছে, আর অজস্র সাদা ফুল তাহাতে, তলাটায়ও যেন বিছাইয়া আছে। ডানদিকের বনটা অন্য রকম;—বড বড় গাছ, তাহাদের মধ্যে আম, কাঁঠাল আর মাদারের গাছটাকে চিনিল জাহ্নবী, আশ্রমে ছিল একটা, বাকি সব অচেনা। কিন্তু কত রকম! কত রকমের লতা জড়ানো! তলায় কত রকমের আগাছা চাপ বাঁধিয়া রহিয়াছে! একটা মিশ্র গন্ধ উঠিতেছে—পচা পুকুরের, ঘেঁটু ফুলের;

আর মাঝে মাঝে একটা তীব্র মিঠা গন্ধ—বোধ হয় ঘাটের ওপরে ঐ লতার ফুলগুলার।

একই ভাবে, শুধু মুখটুকু দরজার ফাঁকে বাহির করিয়া জাহ্নবী যেন সম্মোহিত হইয়া দাঁড়াইয়া রহিল—অনেকক্ষণ, তাহার পর নিতান্ত অকারণেই সেই ছমছমানির ভাবটা গেল বাড়িয়া। দরজা বন্ধ করিয়া পিছনদিকে চাহিল। কেমন একটা স্বস্তি বোধ হইতেছে, কত দূরে কোথায় গিয়া যেন হারাইয়া গিয়াছিল। সন্তর্পণে উঠান রক পার হইয়া ঘরে আসিয়া আবার দাদুর পাশে শুইয়া পড়িল।

অরণ্য কিন্তু উহাকে পাইয়া বসিল। কৌতূহলের মধ্য হইতে ভয়ের ভাবটা যাইতে লাগিল কমিয়া, তাহার জায়গায় একটা আনন্দ, রহস্যাবৃত একটা পুলক-রোমাঞ্চ। সন্ধ্যার পর থেকেই ওর অন্তরাত্মা যেন ভোরের এই লগ্নটুকুর জন্য প্রতীক্ষা করিয়া থাকে। ওদিকে অন্নদাঠাকরুণ বাহির হইয়া গেল, এদিকে মা আসিয়া তন্দ্রাচ্ছন্ন চোখে ঘরে দুয়ার দিল, জাহ্নবী উঠিয়া সদর দরজার ফাঁকে মুখটি বাহির করিয়া দাঁড়ায়, অতি-প্রত্যুষের পাতলা অন্ধকারের যবনিকা ধীরে ধীরে গুটাইয়া অরণ্যের নাট্যমঞ্চ ওর দৃষ্টির সামনে উদ্‌ঘাটিত হয়। সেই একই দৃশ্য, কোন অভিনয়ও নাই, শুধু একটু একটু করিয়া আলোর মধ্যে দৃশ্যপটের স্বচ্ছ হইয়া ওঠা; কিন্তু নিত্য দেখায়ও ক্লান্তি আসে না জাহ্নবীর চোখে। শুধু তো বনই নয়, তাহার সঙ্গে জীবনের সঙ্কেত—ঐ ঘাট, একদিন যত্ন করিয়া পোতা ঐ ফুলের লতা—কাহারা ছিল?—কোথায় গেল তাহারা?...সামনে কিসে টানে; পা'দুইটা নিস্‌পিস্ করে। সামনের দিকে আর ভয় নাই, শুধু পেছনের ভয়েই জাহ্নবী পা বাড়াইতে পারে না।

একদিন বাড়াইল পা। হাত কয়েকের পরিষ্কার জমিটুকু পার হইয়া অরণ্যে প্রবেশ করিল—দুই ধারের আগাছা ঠেলিয়া; জল ঠেলিয়া একটা পুকুরে প্রবেশ করার মতোই—কোমর ডুবিল, তাহার পর বুক, তাহার পর মাথা। আবার গা ছম্‌ছম্ করিতেছে, অরণ্যের মধ্যে থেকেই একটা কায়াহীন

তর উঠিয়া আচ্ছন্ন করিয়া ফেলিতেছে ; জাহ্নবী তাড়াতাড়ি বাহির হইয়া আসিয়া আবার কপাটের পেছনে সেইভাবে দাঁড়াইল।

হয়তো এই ক্ষণিক আতঙ্কই ওর দৃষ্টিটা জীবনের দিকে ফিরাইল। ডাল ভাঙিয়া, আগাছা উপড়াইয়া যে পথটুকুর সূচনা, তাহার ওদিকে রহিয়াছে চঞ্চল জীবন, বন উত্তীর্ণ করিয়া জাহ্নবীর মন সেখানে গিয়া পৌছায়। আজ কতদিন হইল জাহ্নবী ঐ-জীবন থেকে বিচ্ছিন্ন। সেই রকমই আজও চলিতেছে নাকি ? বেশ সুখের স্মৃতি নয়, কিন্তু ধরো, এখন যদি আবার গিয়া পড়ে তো সেই সবই ফিরিয়া আসিবে নাকি ?···জাহ্নবী হঠাৎ যেন হাঁপাইয়া ওঠে, কী যে হয়, অশ্রুর স্মৃতিগুলা মুছিয়া গিয়া হাসির স্মৃতিগুলাই উজ্জ্বল হইয়া ওঠে,—নিজের জীবনে এক আধ টুকরা যা ছিল, তা' ভিন্ন যত হাসি যত আনন্দ ছিল চারিদিকে ছড়ানো। সেসব তাহার না হোক, তাহার মায়ের না হোক, তবুও কেমন করিয়া মনে হয় ঐটুকুই জীবনের আসল রূপ ; ইচ্ছা হয় এই বন ভাঙিয়া আবার দাঁড়াই ঐ জীবনের মাঝখানটিতে—ভাল-মন্দ সবার সঙ্গে সব কিছুর সঙ্গে মিশিয়া।

দশ

এই রকম আরও কিছুদিন চলিল। বন-জীবন নিবিড় হওয়ার সঙ্গে সঙ্গে বাহিরের আকর্ষণটা আরও প্রবল হইয়া উঠিতেছে। আরও বন-অবগাহন হইল কয়েকদিন ; সাহস বাড়িতেছে, সেই সঙ্গে গতির পরিধিও। একদিন পুকুরঘাট পর্যন্তও গেল, সেই সাদাফুলে কোঁচড় ভরিল। খুবই গোপন অভিযান, শিশুচিত্তের অভিসারই, তবু ফুলের লোভটা সংবরণ করিতে পারিল না ; অবশ্য রাখিল গিয়া ওপরের সেই আধ-ভাঙা ঘরটাতে। সেটা হইয়া পড়িয়াছে ওরই খাসমহল।

কিন্তু জীবনের আকর্ষণটা আরও প্রবল। আর কিছু নয়, শুধু একটু দেখার; শুধু কপাটের ফাঁকে অরণ্য দেখার মত করিয়া। জাহ্নবী একটা ঠিক করিয়া ফেলিল পর্যন্ত, একদিন রাঙাদিদিমণির সঙ্গে যাইবে।

একেবারে সঙ্গে নয়, রাঙাদিদির পেছনে, বেশ খানিকটা দূরে থাকিয়া; যাহাতে শুধু পথটা বুঝা যায়, কিন্তু সে না টের পায়। কেহ দরজার বাহিরে পা দেয় এটা অন্নদাঠাকরুণের যে মোটেই অভিপ্রেত নয়, সেটুকু ভালরকমই জানা আছে।···সংকল্পের পর আগ্রহটা আরও গেল বাড়িয়া এবং এই সময় একটা সুবিধাও আসিয়া পড়িল; মায়ের হইল জ্বর, কপাট বন্ধ করিয়া আসিবার ভার পড়িল জাহ্নবীর ওপর।

অন্নদাঠাকরুণ বাহির হইয়া গেলে কপাট চুল পরিমাণ খুলিয়া রাখিয়া জাহ্নবী বাহিরের দিকে চাহিয়া থাকে, নজর যতটা সম্ভব তীক্ষ্ণ করিয়া দেখে, কতটা দূর পর্যন্ত ও আগাইয়া গেলে জাহ্নবীর নামা চলে বনের ভিতরে।···ঐ চলিয়াছে অন্নদাঠাকরুণ—খানিকটা যে একেবারেই পরিষ্কার করিয়া ফেলিয়াছে, সেটুকু শেষ করিয়া আরম্ভ হইল অরণ্যের চৌদ্দপুরুষান্ত। আগাছা উপড়াইয়া, ডাল ভাঙিয়া অগ্রসর হইতেছে; তাহার পর বন ঠেলিয়া—শরীর ডুবিল—আরও ঘন বন, শুধু বস্ত্রের আভাসটুকু যায় দেখা; আর দু'পা যাক্···হ্যাঁ, এইবার নামা চলে জাহ্নবীর।

কাল সঙ্গ লইবে, আজ দুপুরে আবার অন্নদাঠাকরুণ সেদিনকার মত কতকটা সন্তর্পণে ওদের ঘরে প্রবেশ করিল, প্রশ্ন করিল—"অম্বিকা ঘুমুলে নাকি?"

"নাতো দিদি, কিছু বলবে নাকি?" উঠিয়া চশমাটা নাকে দিল।

"নাতনি ঘুমুল?"

জাহ্নবীর চাপা চোখে হাত বুলাইয়া বৃদ্ধ বলিল—"হ্যাঁ, খানিকক্ষণ হল।"

"না ঘুমুলেও ক্ষতি নেই, বিপদের কথাটা জানা দরকার। বড্ড ছেলেমানুষ, তা যেমন রেখেছেন ভগবান—সাবধানে থাকতে হবেতো···"

একটু চুপ করিয়া বলিল—"শুনে অবধি গা জলে আংরা হয়ে যাচ্ছে, আমায় ঐ কথা!·· তোর মতন আমার ঐ ব্যবসা?···সেই ছিরু বোষ্টমী, মাঝে মাঝে নাম করি না? সেই মাগি। মিসি দেওয়া দাঁত বের করে বক্‌বক্ করে, এক আধটা কথার দিই উত্তর, নইলে ভারি আমার আলাপ জমাবার মানুষ ও!··· মুখে আগুন, বুঝি না কি, কেন ওর গঙ্গার ঘাটে সবার সঙ্গে অত্তিস্ত দেখিয়ে বেড়ানো?···আজ এ-কথা সে-কথা কইতে কইতে আমার সঙ্গেই উঠল ঘাট থেকে, তারপর চৌধুরীপাড়া পেরিয়ে যখন দুটিতে একলা হয়েছি, গলা নামিয়ে বলছে—'ঠাকরুণদিদি, একটা কথা, ভরসা দাও তো বলি।···বল না গো; একটা কথা বলবে তার আর ভয়-ভরসা কি?···না, লোক দেখে ভয়-ভরসার কথা ওঠে বই-কি, তুমি কি দরের মানুষ দেখছি তো; তবে যা বলছি তাতে নাকি মোটা রকম ট্যাকা আছে—তুমি একলা মানুষ, কামান্‌সার কেউ নেই, তাই মনে করলুম ঠাকরুণদিদির কানে তুলে রাখি কথাটা। অবিশ্যি দিদি থাকে না কারুর কথায়, তবে পুরোণো মানুষ, পাঁচটা জায়গায় যায়, পাঁচটা লোকের সঙ্গে আলাপ আছে···শুনে যেও অম্বিকে!—আমি পাড়া-বেড়ানী, পাঁচ জায়গায় ঘুরে নোকেদের সঙ্গে আলাপ করে বেড়াই—গেরস্তের কেচ্ছা কুড়িয়ে। আস্পদ্দটা দেখে রেখো মাগির।···কিছু বললাম না, পেটের কথাটাই বের করি আগে।···বলি, তা কথাটা কি শুনি না।···না, কথাটা আর কিছু নয়, এই সহরেই কোথায় একটা মেয়ে লুকোন আছে, সুন্দরী, বয়েস এই পঁচিশ ছাব্বিশ, সঙ্গে তার বছর নয়েকের একটি মেয়ে। অবাক কাণ্ড! লুকিয়ে রেখেছে নাকি একটা বুড়ো, চোখে ভালো দেখতেও পায় না। সেই লুকিয়ে রেখেছে কি কারুর হাতে তুলে দিয়েছে কে জানে? মোট কথা এই ইতিহাস। এখন সেই মেয়ে আর মার খোঁজ পড়েছে।···শুনে তো আমার গা ঝিমঝিম করতে লাগল অম্বিকে; কিন্তু ভাবলাম একটু গায়ে গা না ঘষলে তো কথা বেরুবে না; জিগ্যেস করলাম—তা খুঁজছেটা কে? বাপ না সোয়ামী?···মুচকি হাসি হেসে বলে—ঠাকরুণদিদি ন্যাকা সাজছে!—মেয়েটা একটা

অবলা আশ্রমে ছিল, আজকাল যা হয়েছে না চারিদিকে? একজন মারোয়াড়ী বাবুর নজরে পড়ে, মেয়েটা পালায় সেখান থেকে। সেই বাবুর লোকেরা খবর পেয়েছে এই ইস্টিশনে নেমেছে, একটা বুড়োর সঙ্গে, তারপরই একেবারে নাপাত্তা। এই মাস সাতেক ঘুরছে তারা, হদিস পায়নি, তবে আছে এইখানেই, সেই বুড়োদস্যু; সে নাকি গাড়িতে গাড়িতে ভিক্ষে করে বেড়াত, আর কিন্তু বেরোয় না।...এই কাহিনী দিদি, যদি পাও সন্ধান, সে-বাবু ট্যাকা দেবে, খরচে তো পেছপা নয়।

আমিও অন্নদাঠাকরুণ অম্বিকে, সব কথা বের করে নিয়ে এমন প্যাঁচ কষে এসেছি যে, হারামজাদিকে ও ঘাটই ছেড়ে দিতে হবে কাল থেকে, বললাম—জানি না তো দিদি, কে কোথায় লুকিয়ে আছে, সহর তো একটুখানি নয়, তবে সন্ধান পেলে তো মারোয়াড়ীবাবুর চেয়ে পুলিশেই বেশি ট্যাকা দেবে, সেইটে হিসেব করে জানাব, তোমাকেই বা তাদের।...আর থাকে নচ্ছার মাগি আমার সঙ্গে? খানিকটা এসে একটা ছুতো করে সরে পড়ল।

কিন্তু কথা হচ্ছে এযে বড় সমিস্যে হোল অম্বিকে! ট্যাকাওলা মানুষ; সে যদি চায়, পুলিশকে হাত করতেই বা কতক্ষণ? কি করা যায়? আমার তো ভয়ে পেটে হাত পা সেঁদিয়ে যাচ্ছে।"

বৃদ্ধ একটু চিন্তা করিয়া বলিল—"আমি যে এখানে আছি, কখনও কাউকে বলেছ দিদি?"

অন্নদাঠাকরুণ একটু চুপ করিয়া রহিল, তাহার পর বলিল—"না, বলিনি।...তুমি মায়ের পেটের ভাইয়ের চেয়েও আপন, অম্বিকে...কিন্তু..."

বৃদ্ধ বাধা দিয়া উঠিল—"থাক্ দিদি, অপরাধ হয়েছে জিগ্যেস করে।...তাহলে এ বাড়িতে পড়বে না নজর, পড়া সম্ভব নয়। আমি কোথায় থাকি, কখনও বলিনি ভিক্ষে করতে গিয়ে, এখানে এসে সহরে কখনও যাইও নি ভিক্ষে করতে; এদানিং নৈহাটি-রাণাঘাটের ওদিকে দেখলেই ছেলেরা প্রায় খ্যাপাত কিনা, এখানে এসে রেলে রেলেই ঘুরেছি। তবুও সাবধান থাকতে হবে বৈকি।

তিনজনের কেউ বাড়ি থেকে বেরুচ্ছিই না, নারাণ যে খিড়কির ঘাটে একটু যায় তাও বন্ধ করুক, বাড়িতে তো পাতকোটা রয়েছে। দিদিমণি তো বেরোয়ই না, তার কথাই নেই। এর পর ভগবান্ আছেন, আর কি বলব দিদি?"

জাহ্নবীর বাহিরে যাওয়ার সংকল্প বাতাসে মিলাইয়া গেল। দিনকতক পরে আর একটা ব্যাপার হইল—

বাড়ির উঠানটার একটু চেহারা ফিরিয়াছে। বর্ষা ভালো করিয়া যাওয়ার পর ইটের স্তূপ অল্প অল্প করিয়া পরিষ্কার করিয়া, নিচে থেকে টালিগুলা সরাইয়া একটা বাগান করা হইয়াছে। অল্প অল্প করিয়া এখন উঠানের প্রায় অর্ধেকটা জুড়িয়া অনেক রকমের গাছ, বেগুন, মূলা, পালং শাক, রাঙানটের ডাঁটা, ধারে ধারে কয়েক রকম ফুলও, যা সহজে জোগাড় হয়,—দোপাটি, গেঁদা, নয়নতারা; একটি গোলাপের ডালও কি করিয়া সংগ্রহ হয়, তাহাতে কয়েকটি কচি পাতা ছাড়িয়া বাগানটিতে একটা আভিজাত্যের সূত্রপাত করিয়াছে। বর্ষায় পাঁশগাদায় অনেক রকম গাছ আপনি গজায়, একটি বেগুন চারা আর গেঁদার ঝাড় থেকে নারায়ণীর মনে বাগানের কথাটা ওঠে, গুটিকতক টালি সরাইয়া গোড়াপত্তন হয়; এখন ওটি সবার প্রাণ, বৃদ্ধ অম্বিকাচরণ পর্যন্ত দৃষ্টির বাধা সত্বেও ঐটুকু লইয়াই থাকে সর্বক্ষণ, সবার আবদ্ধ মন ঐখানটিতে চমৎকার একটি মুক্তির আস্বাদ পায়।

মা ও মেয়েতে মিলিয়া বাগানের পরিচর্যা করিতেছিল, অন্নদাঠাকরুণ ঘুম থেকে উঠিয়া একটু পানদোক্তা মুখে দিয়া উপস্থিত হইল। এই সময়ে ঘুমটাতে রাত থাকিতে ওঠার গ্লানিটা যায় কাটিয়া, মনটা থাকে ভালো; একটু হাসি-মুখেই বলিল—"নারাণের একেবারে নিদ্রে হরণ করে নিয়েছে বাগানে। জাহ্নবীও বোধ হয় ঘুমুসনি একটুও?"

জাহ্নবী উত্তর করিল—"বাগানটা যে মস্ত বড় হয়ে গেল রাঙাদিদিমণি।"

"তা হয়েছে, আরও তুলে দেব'খন খানকতক টালি, উঠোন রেখে তো ভারি উগার; তার চেয়ে তুটো পালং শাকের ঝাড় দিলে গেরস্তের সুসর।"

"আর তুটো পাতা-বাহার দিদিমণি, অনেকদিন থেকে সাধ আছে।"

"গেরস্তের সুসর" কথা তুইটার পরে এই কথা বলিয়া এমন কাতর আবদারের দৃষ্টিতে ঘাড় ফিরাইয়া চাহিল যে অন্নদাঠাকরুণ হাসিয়া উঠিল, বলিল—"তা মিটবে সাধ, বাহারের তো বয়েসই এখন তোমার! নিয়ে আসব তুটো ডাল কোথাও থেকে।"

নারায়ণী একটু অন্যমনস্ক ছিল। সময়টা বিকাল, প্রথম হেমন্তের রাঙা রোদ চারিদিকের গাছপালার ফাঁকে ফাঁকে উঠানে ছড়াইয়া পড়িয়াছে; এমনই মনটা কেমন করিয়া দেয়, তাহার ওপর আজ বনেরই কোন্ দূর প্রান্ত থেকে সানাইয়ের করুণ সুর ভাসিয়া আসিয়া আরও যেন উদাস করিয়া দিতেছে। মুখ নিচু করিয়া নয়নতারার গোড়া নিড়াইতেছিল, একটু হাসিয়া বলিল—"আমারও হয় একটা সাধ, তবে নাতনির মতন তো পিসিমার কাছে আমল পাব না, চুপ করে থাকাই ভালো।"

"চুপ করেই বা থাকবে কেন? ভাইঝি পিসিমার দর বোঝে, হাতী-ঘোড়া চাইবেও না, তার কথাও নেই; সাধ্যিতে কুলোয়, করব চেষ্টা।"

নারায়ণী ঠোঁট তুইটা আর একটু টিপিয়া হাসিয়া বলিল—"আগমনীর শানাই বাজছে…এবার পূজোটা ফাঁক গেল…"

খানিকক্ষণ পর্যন্ত এমন একটা নিস্তব্ধতা গেল, যে নারায়ণী একবার মুখটা তুলিতেও সাহস পাইল না; জাহ্নবী শুধু একবার অতি সন্তর্পণে চোখের কোণে দেখিল—অন্নদাঠাকরুণ একদিকে দৃষ্টি ফেলিয়া চাহিয়া আছে। একটু পরে একটা কাজের ছুতা করিয়া চলিয়া গেল।

হঠাৎ এমন অবস্থাটা দাঁড়াইল, মা-মেয়েতে নিজেদের মধ্যেও একটা কথা কহিতে পারিল না।

সমস্ত বিকাল আর সন্ধ্যাটা এই রকম আড়ষ্টভাবে কাটিল, তাহার পর দুজনে যখন হেঁসেলে, জপ সারিয়া অন্নদাঠাকুরুণ চৌকাঠের বাহিরে আসিয়া দাঁড়াইল, বলিল—"একেবারে পুজো দেখার কথাটাই বললি নারাণ, সারা বছরের একটা সাধ মানুষের, তাই ভাবছিলাম। এদিকে তো এতো ভয়ে ভয়ে থাকতে হয়েছে, রেতে আলোটা পর্যন্ত বাইরে বের ক'রতে সাহস হয় না।...তা যাবি একদিন, বড় মুখ করে বললি, তারপর মার ধর্ম মা বুঝবেন। তবে, এখানকার ঠাকুর দেখা চলবে না।"

ওটা ঠিক বোধনের সানাই ছিল না। পূজা এবার দেরিতে, বনের পশ্চিম প্রান্তে কয়েকঘর ঢুলি-সানাইয়ের বাস, তাহারা মহলা দিতেছিল। কটা দিন অসহ্য উৎকণ্ঠায় কাটিল জাহ্নবীর—বাহিরে যাইবে! দেখিবে! একেবারে পূজা!...কয়েকদিন পরে রাত্রির আহারাদি সারিয়া বনের জ্যোৎস্নাতরলিত অন্ধকারের মধ্য দিয়া তিনজনে যাত্রা করিল। কী যে একটা পুলক!—সমস্ত জীবনে এর কাছাকাছিও কিছু একটা অনুভব করে নাই জাহ্নবী। বনের সঙ্গে লড়াই-ঝগড়া করিয়া অন্নদাঠাকরুণ দরজার দিকে আরও খানিকটা পথ পরিষ্কার করিয়া ফেলিয়াছে। তাহার পরও আগাছা ওপড়ান না হোক, একটু একটু করিয়া ডালপালা ভাঙা, তাহার পর আভাঙা বন। অনেকটা গিয়া পায়ের নিচে একটা রাস্তার আভাস পাওয়া যায় যেন—ছাৎলাপড়া ইটের খোয়া, বনটাও একটু পাতলা। এ ভাবটা অনেক দূর পর্যন্ত গেছে, আঁকিয়া বাঁকিয়া, ঘুরিয়া ফিরিয়া, তাহার পর আবার নিরেট বন। খানিকটা যাইয়া এটা হঠাৎ শেষ হইয়া ফাঁকা মাঠ আসিয়া পড়িল।......ভীষণ, কিন্তু অন্তরের উৎকণ্ঠিত আনন্দে প্রত্যেক মাটিকণাটি মাড়াইয়া মাড়াইয়া চলিল জাহ্নবী, সামনে অন্নদাঠাকুরুণ, মাঝখানে সে, পেছনে মা। অম্বিকাচরণকে সঙ্গে লওয়া হয় নাই; এমনই এ অভিযান তাহার পক্ষে খুবই কঠিন, তাহার ওপর চেহারাটা খুবই বিশিষ্ট,—দৃষ্টি আকর্ষণ করিবে।

নিঃশব্দে বন অতিক্রম করিয়া মাঠে নামিল। একটা বেশ চওড়া আল, রাস্তা হিসাবেই ব্যবহার হবার মতো ; ভরা জ্যোৎস্নার নিচে দুদিকে আকাশ পর্যন্ত ধান ক্ষেতের দোলা। জাহ্নবী স্বপ্নের মধ্যে চলিতেছে, ভাঙা বাড়িটা হইয়া গেছে কবেকার একটা দুঃস্বপ্ন। কোন কথা নাই, শুধু একবার মাঠের মাঝামাঝি আসিয়া অন্নদাঠাকরুণ বলিল—"এটা সহরের উল্টো দিক, বারুলির মিত্তিরদের পূজো, সেও ডাকসাইটে ব্যাপার।"

অনেকক্ষণ লাগিল, তাহার পর গ্রামের মধ্যে একটু গিয়া তিনজনে উৎসব বাড়ির সামনে আসিয়া উপস্থিত হইল।

প্রকাণ্ড বাড়ি, আলোয় আলোয় দিন হইয়া আছে। লোকের ভিড়। বড় বড় থামওয়ালা চণ্ডীমণ্ডপের মধ্যে ডাকের সাজে প্রতিমা ঝল্‌মল্‌ করিতেছে। সামনে প্রকাণ্ড উঠানে যাত্রার আসর। অন্নদাঠাকরুণ যেন একটু ধাঁধার মধ্যে পড়িয়া গেছে, তাহার পর ভিড় চিরিয়া একটা রাস্তা ধরিল, চণ্ডীমণ্ডপের দিকে যাইতেছে! একটি লোক, জাহ্নবীর মনে হইল যেন জোরে যাইতে যাইতে হঠাৎ গতি শ্লথ করিয়া তাহার পাশাপাশি চলিতে আরম্ভ করিল,—একটু সামনে, কতকটা নারায়ণী আর তাহার মাঝামাঝি হইয়া। একটু গিয়া প্রশ্ন করিল—"ঠাকুর দেখতে যাচ্ছ খুকি ?"

জাহ্নবী বলিল—"হ্যাঁ।"

"এই ভিড়ের মধ্যে পারবে কেন ? এস, আমার কোলে।"

দোষের কিছু না দেখিলেও, জাহ্নবী একটু ভ্যাবাচ্যাকা খাইয়া গেছে,—নারায়ণী ঘুরিয়া চাহিল এবং তাহারই হাতের টিপুনিতে অন্নদাঠাকরুণও মুখটায় বিরক্তির ভাব করিয়া প্রশ্ন করিল—"কি ?"

"বলছিলাম খুকি না হয় আমার কোলে……"

"কেন ?"—বিরক্তিটা আরও ফুটিয়া উঠিয়াছে,—"কোলে উঠতে গেল কেন ?"

লোকটা অতিরিক্ত রোগা গোছের, মাথায় ফাঁপা টেড়ি, অন্নদাঠাকরুণের চাহনিতে কতকটা কাঁচুমাচু হইয়া তাড়াতাড়ি সরিয়া পড়িল। এর পর থেকেই

কেমন একটা অপ্রীতিকর অনুভূতিতে জাহ্নবীর মনটা ছাইয়া রহিল। এ সব কথা বিশেষ কিছু না বুঝিলেও ঐ বয়সের অন্য মেয়ের চেয়ে বোঝে। দৃষ্টিটা একটু তীক্ষ্ণ হইয়া উঠিল, কেমন যেন মনে হইল তাহাদের কাছাকাছি থাকিবার জন্য কয়েকজনের মধ্যেই একটু ঠেলাঠেলি পড়িয়া গেছে, একটু বিলম্ব করিয়া চলারও ভাব, মনে হয় নিজের কাজ ছাড়িয়াই।

ঠাকুর দেখিয়া অন্নদাঠাকরুণ একটা অপেক্ষাকৃত নিরিবিলি জায়গায় দাঁড়াইল, বেশ ব্যাজার-ব্যাজার ভাব। বলিল—"মনে করেছিলাম যাত্রাটা শুনেই যাব, ভাল পালা আছে—নদের নিমাই, তা······"

নারায়ণীও বিচলিত হইয়া পড়িয়াছে, তবে আছে চুপ করিয়া; যাত্রা শোনার কথায় একটু লুব্ধ হইয়াই আব্দারের স্বরে বলিল—"থেকে যাও না পিসিমা, আসাতো হয় না······"

"ন্যাকা সাজছিস নারাণ ?—দু'পা চলতে পারা যায় না কুলোকের নজরের জ্বালায় !—আমার আবার পূজো দেখতে আসা ! সাধে কি বলি রূপ যেখানে···"

জাহ্নবী কৌতূহলে মুখ তুলিয়াছে, চোখোচোখি হইতেই থামিয়া গেল।

এই সময়ে উঠানের ওদিককার রকের এক জায়গা থেকে ব্যাটাছেলেদের সরাইয়া একটি লোক সামনে কয়েকখানি চিক্ টাঙাইয়া দিল; জায়গাটা ভদ্র শ্রেণীর মেয়েতে ভর্তি হইয়া আসিতে লাগিল। একটু দাঁড়াইয়া থাকিয়া অন্নদাঠাকরুণ বলিল—"চল্, দেখি।"

ঘুরিয়া ভিড় ঠেলিয়া যাইতে একটু দেরি হইল, ততক্ষণে জায়গা প্রায় সমস্তটা ভর্তি হইয়া আসিয়াছে। তিনজনে গিয়া একটা কোণ দেখিয়া ঘেঁষাঘেঁষি হইয়া বসিল।

সবার দৃষ্টি আসিয়া পড়িতেছে, প্রথমে অপাঙ্গে তাহার পর সোজাসুজি। ঠিক রেলের মতো অবস্থা নয়, তবুও বিসদৃশ বইকি, অত রূপ অথচ পরণে নিতান্ত সাদাসিদা একটা আটপৌরে কাপড়, একটু সোনাদানার পাট নাই একেবারে।

প্রশ্ন আরম্ভ হইল, বিভিন্ন মুখে—

"থাক কোথায়—?"

উত্তর দিতে সামান্য একটু বিলম্ব হইল অন্নদাঠাকরুণের, তাহার পর সহরটারই নাম করিল।

"তা সেখান থেকে এদিকে পূজো দেখতে আসা?"

"কেউ আছে নাকি এদিকে?"

"কাদের বাড়ি এসেছ?"

অন্নদাঠাকরুণ বলিল—"ডাকসাইটে পূজো, তাই আজ এখানেই এলাম দেখতে।"

প্রশ্ন আর উত্তরের রকম দেখিয়া জাহ্নবী পর্যন্ত আড়ষ্ট হইয়া গেছে। আজ দৃষ্টিও ওর খুব সজাগ, দেখিতেছে সবার চক্ষুই ঘুরিয়া ফিরিয়া ওদের ওপর আসিয়া পড়িতেছে, বিশেষ করিয়া মায়ের ওপর; একটা অস্পষ্ট ঘৃণার ভাব, দূরে দূরে রাখার ভাব; তাহার পর একজন মোটাসোটা গোছের বর্ষীয়সী বেশ স্পষ্টভাবেই বলিল—

"অত চাপাচাপির কথা আমার কাছে নেই বাপু, তোমাদের জায়গা ঐখানে, যে-দরের লোক সেইখানেই গিয়ে বসলে আর গোল থাকে না।"

অন্নদাঠাকরুণের এর পর আর ধৈর্য রাখা সম্ভব নয়;—"কেন গা! পাঁচখানা কেমিকেলের গয়না গায়ে নেই বলে আর ..."

বেশ ঝাঁকাইয়াই আরম্ভ করিয়াছিল, নারায়ণী সঙ্গে সঙ্গেই আঁচলটা চাপিয়া ধরিয়া বলিল—"পিসিমা, চলো..... "

কিন্তু ততক্ষণে ওদিকে কযেক মুখেই সুরু হইয়া গেছে, গুলতন শুনিয়া কয়েকজন বেটেছেলে আসিযা পড়িল। এদিকে নারায়ণীর জিদে ইহারাও উঠিয়া পড়িয়াছে, মেয়েদের কুৎসিত মন্তব্য এবং বেটাছেলেদের কুৎসিত দৃষ্টির নিচে দিয়া আসিয়া ভিড়ে মিশিয়া গেল।

মাত্র আর একটি অভিজ্ঞতা;—গ্রামের প্রায় মাঝামাঝি আসিয়া একটা নির্জন জায়গায় হঠাৎ সেই ফাঁপা-টেড়িওলা লোকটা নজরে পড়িল। কিছু

হইল না কিন্তু, অন্নদাঠাকরুণ পথের মাঝখান থেকে আধখানা ইট তুলিয়া "কী!" বলিয়া প্রশ্ন করিয়া দাঁড়াইতে লোকটা আত্মরক্ষার জন্য মুখের সামনে ডান হাতটা তুলিয়া বলিল—"না, কিছুনা; এই দিকেই বাড়ি, তাই যাচ্ছি।"

মুখটা ফিরাইয়া একটা রাস্তার বাঁকে অদৃশ্য হইয়া গেল।

সেই একই পথ, কিন্তু জাহ্নবীর মনে হইতেছে চলার যেন আর শেষ নাই। মাঠের মাঝখান দিয়া উঁচুনিচু আল, তাহার পর জঙ্গল···এবারেও জাহ্নবী স্বপ্নেই চলিতেছে—গাছগুলো সব মানুষ—দুর্গাপূজার ভিড়ের মানুষ সব—গায়ে পড়িয়া পিষিয়া দিতেছে। অসহ্য ক্লান্তি, এক পা চলা যায় না, তবুও চলিতেই হইবে··· আর কত দূর গা?—আর কত দিন?···

এগার

ঘটনা দুইটি জাহ্নবীর জীবনে দাগ কাটিয়া বসিয়া গেল,—ছিরু বোষ্টমী লইয়া ব্যাপারটা, আর এইটা। কোনটাই সামান্য নয় নিশ্চয়, তবে এমন কিছু অসামান্যও নয়। জাহ্নবীর অভিজ্ঞতায় এ ধরণের ব্যাপার আরও ঘটিয়াছে আগে, সে সময় অর্থ অতটা বুঝিত না, আজ একটু আধটু বোঝে, তফাৎ এই যা।

এই দুইটি ঘটনার স্মৃতি মনে চিরন্তন হইয়া রহিল আরও এইজন্য যে বড় দুইটি আশার মুখে ঘটিল এ দুইটি। মন যখন পূর্বের সব স্মৃতি ভুলিয়া আবার বহির্মুখী হইবার জন্য আকুল হইয়া উঠিয়াছে—দীর্ঘ বিচ্ছেদে আর হয়তো নূতন বয়সের জোয়ারেও পৃথিবীকে যখন আবার নূতন করিয়া ভালো লাগিতে আরম্ভ হইয়াছে, সেই সময় পৃথিবী আবার যেন ভ্রূকুটি করিয়া দাঁড়াইল।

শুধু তাহাই নয়। আগেকার মতো এই জাতীয় সব তিক্ত অভিজ্ঞতা—অর্থাৎ তাহাদের রূপ লইয়া, তাহাদের সহায়হীন দারিদ্র্য লইয়া—সেগুলাও নূতন অর্থে আসিয়া আজকের অভিজ্ঞতার পাশে ভিড় করিয়া দাঁড়াইল।

জাহ্নবী আবার ওপরের সেই আধভাঙা ঘরটি আশ্রয় করিল। ভাবে, খুঁজিয়া খুঁজিয়া একত্র করে—কবে কোথা থেকে কোথায় গিয়াছিল ইহারা, তাহার পর আবার কোথায়—যেন ছুটিয়া পলাইয়া; কাহারা সব আসিয়া দাঁড়াইয়াছিল উহাদের পাশে—কি বিচিত্র রূপে, কত প্রলোভন, কত ভয়, কত নিদ্রাহীন রাত, মা-মেয়ের গুটিসুটি মারিয়া জাগিয়া থাকা—সব একত্র করে খুঁজিয়া খুঁজিয়া। সবগুলার গোড়াতেই তিনটি কথা—তাহার মা সুন্দর, তাহাদের সঙ্গতি নাই, তাহাদের সহায় নাই।

চিন্তা প্রশ্নের আকার গ্রহণ করে,—হইলেই বা সুন্দর, সে তো ভালোই; নাই বা থাকিল সহায়-সঙ্গতি, তাই বলিয়া এমন হইবে কেন?

কোন মতেই পাওয়া যায় না এ প্রশ্নের উত্তর। শুধু একটা জিনিষ হয়, যতই খুঁটিয়া খুঁটিয়া মনে পড়ে, বাহিরের পৃথিবী হইয়া ওঠে ভয়াবহ। সমস্ত পৃথিবী ব্যাপিয়া তাহাদের দুজনকে লইয়া একটা চক্রান্ত চলিয়াছে—বাহির হইবার জো নাই, তাহা হইলেই ফাঁপা-টেড়ি রোগা লোকটার মতো সবাই ঘিরিয়া দাঁড়াইবে—না দাঁড়ায়, চোখের কোণে দেখিবে।......কি দোষ দেখায়?—তাহার তো ভালো লাগে মাকে দেখিতে; দাদুর চেয়ে, দিদিমণির চেয়ে মাকেই দেখিতে ভালো লাগে—সুন্দর বলিয়াই—কী মিষ্টি চোখ, কী রাঙা ঠোঁট মায়ের!—তবে দেখিলইবা আরও সবাই?

এ-প্রশ্নেরও সোজা একটা উত্তর পাওয়া যায় না। শুধু মনে হয় ঐ সব চকিত দৃষ্টির চিকমিকিতে কেমন যেন একটা কি আছে। ওর ছেলেমানুষী কল্পনাতে মনে হয় ক্ষুধার্তের লালার মত একটা কি; একটা ডাঙার শামুক যেন চিকচিকে রস ছাড়িতে ছাড়িতে দেয়াল বাহিয়া উঠিতেছে। গা ঘিনঘিন্ করে, মনটা গুটাইয়া আসে।

চিন্তাটার মোড় ফেরায় জাহ্নবী আতঙ্কে, ঘৃণায়, অসহায়তায়। বনের দিকে থাকে চাহিয়া—স্নিগ্ধ, সবুজ, রসে পুষ্ট, শান্ত, স্তব্ধ; সবচেয়ে ভালো—কোন মানুষ নাই তাহাতে···

তৃপ্তি পায়। এই বনের আরও একটি রূপ আছে, সেখানে বনের সঙ্গে তাদের মিতালি। আদরে যত্নে ঘরের মেয়েটির মতোই ধীরে ধীরে বাড়িয়া উঠিতেছে।... সেই যে আশ্রমের একটি মেয়ের সঙ্গে সই পাতাইয়াছিল, যেন সে-ই।...জাহ্নবী বাগানে নামিয়া আসে। বাগান আরও বড় হইয়াছে—ওদিকে ভাঙা ঘরের ইট সরাইয়া, এদিকে উঠানের আরও টালি তুলিয়া। অনেক রকম গাছ, তাহার মধ্যে ফুলই কত রকম—ঋতুতে ঋতুতে কতরকম রূপ!

পৃথিবী ভুলিয়া পৃথিবীর মানুষকে ভুলিয়া বনের মেয়ে জাহ্নবী তাহার এই নূতন সখীর কাছে নামিয়া আসে।

তিনটা বৎসর কাটিয়া গেল। এর মধ্যে আবও দুইবার বাহিরে আসে জাহ্নবী, নারায়ণী কি করিয়া দুর্গাপূজার কথাটা ভুলিবা গিয়াছিল, অন্নদা-ঠাকরুণেরও কি করিয়া মতিভ্রম হইয়াছিল।......জাহ্নবী সুখস্মৃতি লইয়া ফেরে নাই মোটেই, বরং আরও উৎকট—বয়স তো বাড়িতেছেই?

রাজকুমার গৌতমের মতোই নিজের ক্ষুদ্র আয়তনের মধ্যে জাহ্নবীর সুখে-দুঃখে জড়িত পৃথিবীকে চেনা হইল না, তাহারই মতো সেও শুধু বিভীষিকার দিকটা লইয়া ধ্যান করিতে করিতে দ্বাদশ বর্ষে উপনীত হইল।

বার

এই তিন বৎসরের মধ্যে বাহিরের জগতে একটা নবতর বিক্ষোভের সূত্রপাত হইয়াছে,—দ্বিতীয় মহাযুদ্ধ। অরণ্য ঠেলিয়া জাহ্নবীদের জীবনে কিন্তু এর কোন প্রভাবই আসিয়া পড়িল না। অনেকদিন আগেকার কথা—প্রায় বছর আড়াই হইল, অন্নদাঠাকরুণ একদিন গঙ্গার ঘাটের নূতন গল্প লইয়া আসিল একটা—ইংরাজদের সঙ্গে জার্মাণীর আবার লড়াই বাধিয়া গেছে; কলিকাতাতেও নাকি সাজসাজ রব পড়িয়া গেছে। এই খবরটুকুকে কেন্দ্র করিয়া অম্বিকাচরণ, অন্নদাঠাকরুণ আর

নারায়ণীর মধ্যে খানিকটা নূতন ধরণের গল্প হইল—এরকম নাকি আর একবার হইয়াছিল, বছর পঁচিশেক আগে, নারায়ণীর সেইবারে জন্ম হয়; তাহার পর বছর চারেক চলে যুদ্ধটা। অন্নদাঠাকরুণ বলিল—"রামায়ণের পর সেইতো প্রথম উড়োজাহাজে যুদ্ধ আরম্ভ হ'ল। আর সেকি যুদ্ধ! ওদের ওদিকে সহরকে সহর উজোড় করে দিলে। এ-বারেও তাই হবে, চারপো কলি হয়ে এল তো, আর কি, বাসুকির টনক নড়বেই কিনা…"

কাজের চলা-ফেরার মধ্যেই গল্পগুলা ছাড়া ছাড়া ভাবে হইল; জাহ্নবী দাদুর কাছে দুপুরে আলাদা করিয়াও শুনিল খানিকটা ঐ দিনটাতেই; তাহার পর ব্যাপারটা আবার জুড়াইয়া গেল। দিন পাঁচসাত বাদে নারায়ণী একদিন জিজ্ঞাসা করিল—"লডাইয়ের খবর আর শোনোনা পিসিমা?" অন্নদাঠাকরুণ মুখটা একটু বিকৃত করিয়া বলিল—"কে জানে বাছা, আদার ব্যাপারী জাহাজের খোঁজ রাখি না; হয় বৈকি ঘাটে কথা, সবরকম লোক জোটে তো…"

"না সেকথা বলছি না, আমাদের এখানে কোন হ্যাঙ্গাম ট্যাঙ্গাম হবে নাতো?"

অন্নদাঠাকরুণ এই প্রশ্নেরও উত্তর একটা প্রবাদ বাক্যেই দিল—"কোন্ গাঁয়ে ঢেঁকি পড়ে, কোন্ গাঁয়ে মাথাব্যথা। এ বনগাঁয়ে যুদ্ধ কর'তে আসবে কি ক'রতে বল? তাদের খেয়ে দেয়ে কাজ নেই?"

গল্প শুনিয়া খানিকটা যে অনির্দিষ্ট ভয়ের মতো দাঁড়াইয়া ছিল জাহ্নবীর, অন্নদাঠাকরুণের কথা শুনিয়া সেটা কাটিয়া গেল। রহিল বনের প্রতি একটি নিশ্চিন্ত নির্ভর। বাহিরের জগতের প্রতি অবিশ্বাসের সঙ্গে সঙ্গে অরণ্যের প্রতি প্রীতিটা বাড়িয়া গেল,—থাক্ ওরা ওদের কদর্যতা, হানাহানি, কাটাকাটি লইয়া, জাহ্নবীরা বেশ আছে। পোড়ো ঘরের ইট এক একখানি করিয়া সরাইয়া এখন সমস্ত উঠান লইয়া প্রকাণ্ড বাগান। অন্নদাঠাকরুণ প্রায়ই এক আধটা নূতন গাছ আনে, পুকুরের ঘাটের সেই সাদা ফুলের লতার চারা আনিয়া দিয়াছিল,—তাহার নামও জানে জাহ্নবী এখন, মালতী—যত্নে-সেবায় সেটা

নূতন মাচাটা প্রায় ছাইয়া ফেলিয়াছে ; অন্নদাঠাকরুণ বলিয়াছে আসছে ফাগুনে ফুল দিবে ; জাহ্নবীর বাজে সব কথা ভাবিবার ফুরসৎই থাকে না।

এদিকে অরণ্যের প্রসার বাড়িতেছে। অন্নদাঠাকরুণ বলে, সহরের দিকে বনের ধারে ধারে অনেকগুলো বাড়ি এক একটা করিয়া খালি হইয়া যাইতেছে, লোকেরা নাকি এসব জায়গা ছাড়িয়া কোথায় চলিয়া যাইতেছে—কেহ কেহ বলে লড়াইয়ের ব্যাপারে নাকি লোকের খুব টান।…জাহ্নবীর মনে এক এক সময় একটা অদ্ভুত আনন্দের জোয়ার ঠেলিয়া ওঠে, সঙ্গে থাকে কিশোর মনের প্রতিহিংসার উল্লাস—এও যেন একটা লড়াই, তাহার নিজের জগৎ—এই অরণ্য-লোক, লোকালয় ঠেলিয়া সামনে আগাইয়া যাইতেছে, একটু একটু করিয়া ক্রমে ঐ সহরটাও গেল—যেখানে কাহারা একদল কি একটা কুৎসিত উদ্দেশ্যে তাহাদের দুজনের সন্ধানে ঘুরিয়া বেড়াইতেছিল, হয়তো আরও অনেকের উদ্দেশ্যে—যাহারা জাহ্নবীর মায়ের মতোই সুন্দর, গরীব, অসহায়। জাহ্নবীর মনের ভিতর থেকে কে যেন বলিতে থাকে—'বেশ হয় তা'হলে, আর এদিকেও মাঠের ওপর দিয়ে বন ছোটে গাঁয়ের দিকে, দুর্গাবাড়ির আলো নিভিয়ে, লোকেদের ভিড় ঠেলে—সেই রোগা ফাঁপা-চুলওয়ালা এবং আরও যত সব সেদিন চাপ্ বেঁধে ঘুরে বেড়াচ্ছিল।"

লড়াইয়ের আড়াইটা বৎসর এই করিয়া কাটিয়া গেল, বৈচিত্র্যের মধ্যে ঋতুর আবর্তন যেটুকু সঙ্গে আনে। লড়াইয়ের খবরে আর কিছু নূতনত্ব নাই, অভ্যাসে একঘেয়ে হইয়া পড়িয়াছে ; নূতনত্বের মধ্যে এদিকে উড়ো-জাহাজের আকাশচারণ বাড়িয়াছে একটু ; প্রথমে ভয় করিয়াছিল কি জানি যদি বোমা পড়ে, তাহার পর এখন সেটাও গেছে।

এই সময় হঠাৎ অন্নদাঠাকরুণ একেবারে একটা নূতন খবর আনিয়া হাজির করিল, জাপানীরা কলিকাতায় নাকি উড়োজাহাজ থেকে বোমা ফেলিয়াছে। খবরটা লইয়া আলোচনা হইবার পূর্বেই কিন্তু ছোট্ট সংসারটিকে অন্য একটি ব্যাপার লইয়া জড়াইয়া পড়িতে হইল,—অন্নদাঠাকরুণ নিজে হঠাৎ অসুখে

পড়িয়া গেল। কম্প দিয়া ম্যালেরিয়া জ্বর; হয় বছরে এক আধবার, এবার কিন্তু একটু বাড়াবাড়ি হইল। অন্নদাঠাকরুণের সংসার, বনের মধ্যেও গোছাল, সাধারণ কয়েকটা ওষুধপত্র মজুদ থাকে, সেইটুকুর ওপর ভরসা করিয়া তিনজন শঙ্কিত দৃষ্টিতে রোগীকে ঘিরিয়া বসিল।

ছায়াটা ঘনাইয়া আসিতে লাগিল, এই দিক দিয়াই নয়, যেন চারিদিক দিয়াই। একদিন নিছক মনের ক্লান্তির জন্যই জাহ্নবী রোগীর ঘর ছাড়িয়া তাহার ওপরের সেই আধভাঙা ঘরটিতে গিয়া বসিল। একটু বসিয়াছে, কানে একটা শব্দ ভাসিয়া আসিল—খট্-খট্-খট্…

কয়েকটা আওয়াজ শুনিয়া বুঝিল গাছকাটার শব্দ। মনে হইল খুব কাছে না হইলেও খুব দূরেও নয়। শীতকালের বিকাল, প্রায় সন্ধ্যারই নামান্তর, অন্ধকারটা আর একটু গাঢ় হইলে শব্দটা থামিয়া গেল। ইহার পর কিন্তু আর একটা শব্দ উঠিল, অরণ্য-জগতে যাহা কল্পনাতীত,—ক্ষীণ একটা যন্ত্রসঙ্গীতের আওয়াজ, বনের কোন্ দূর প্রদেশ থেকে যেন ভাসিয়া আসিতেছে।…সন্ধ্যা আরও গাঢ় হইয়া আসিল, কাছাকাছি বনে ঝিঁঝির ডাক বাড়িয়া উঠিয়া বনভূমির নৈশ রূপটা স্পষ্ট হইয়া উঠিল। জাহ্নবীর ভয় করিতে লাগিল। হঠাৎ মনে হইল সমস্ত ব্যাপারটুকু ভৌতিক; যন্ত্রসঙ্গীত তো বটেই, এমনকি সেই খট্ খট্ শব্দটা পর্যন্ত।

কি করিয়া এর সঙ্গে মিশিয়া গেল নিচে অন্নদাঠাকরুণের রোগশয্যার দৃশ্যটা,—নিথর, নিস্পন্দ হইয়া পড়িয়া আছে, মা মাঝে মাঝে বাহিরে গিয়া চোখ মুছিয়া আসিতেছে, দাদু ঘন ঘন আসিয়া দুয়ারের কাছে দাঁড়াইতেছে। সমস্তটুকু অরণ্য-নিঃসৃত সঙ্গীতের সঙ্গে মিশাইয়া জাহ্নবী সামনের অন্ধকারের পানে একদৃষ্টে চাহিয়া রহিল।…এর পর হঠাৎ আর একটা যে শব্দ উঠিল তাহার কাছাকাছিও জাহ্নবী জীবনে কিছু শোনে নাই,—একটা কান্না—রোগের যন্ত্রণায় অন্নদাঠাকরুণ যে এক একবার গোঙাইয়া উঠিতেছে, এ যেন সেই গোঙানি, শুধু হাজারগুণ বেশি—বন গেল ভরিয়া—কান্না ঢেউয়ের পর ঢেউ তুলিয়া সমস্ত আকাশটা ফেলিল ছাইয়া—এতটুকু ফাঁক নাই আর কোথাও—ঘর, দোর, বন,

আকাশ, সব গেল ভরিয়া অসহ্য ভয়; কিন্তু চেঁচাইতে পারিতেছে না জাহ্নবী, পা উঠিতেছে না যে নামিয়া পালায়।…নিচে থেকে আওয়াজ উঠিল, অম্বিকাচরণ আর নারায়ণী ডাকাডাকি করিতেছে, ত্রস্ত কণ্ঠস্বর—"জাহ্নু! কোথায় গেলি?…জাহ্নবী! দিদিমণি! কোথায় গেলি রে? দেখতো,—এই ভরসন্ধেয়!"

কয়েকবার ডাকের পরই নারায়ণী আলো হাতে করিয়া সিঁড়ি দিয়া হন্তদন্ত হইয়া উঠিয়া আসিল: দেখে দুই হাতে মুখ ঢাকিয়া জাহ্নবী প্রায় সম্বিৎহারা হইয়া ভাঙা জানালার নিচে শিথিলভাবে পড়িয়া আছে।

রাত্তিরে অন্নদাঠাকরুণের অবস্থাটা একটু ভালোর দিকে ফিরিল। সকালে সূর্যোদয়ের পর তাহারই নির্দেশমতো নারায়ণী পুকুরঘাটের নিকট হইতে ওষুধের জন্য একটা লতার ফল সংগ্রহ করিতে গিয়াছিল। লতাটা মালতী-লতার সঙ্গে জড়াইয়া জড়াইয়া উঠিয়াছে; থোপা থোপা এক রকম হলদে ফল, খানিকটা ওপরে ঝুলিতেছে, শানের বেঞ্চের পিঠটায় উঠিলে পাওয়া যায়। বেঞ্চের ওপর উঠিতেই হঠাৎ ডানদিকে দৃষ্টি পড়ায় নারায়ণী নিস্পন্দ হইয়া দাঁড়াইয়া পড়িল। ডাল ভাঙিয়া আর আগাছা উপড়াইয়া অন্নদাঠাকরুণ একটা পথের মতো করিয়াছে, তাহার ওদিকে, প্রায় শ'দুয়েক হাত দূরে একটি স্ত্রীলোক তাহার পানে স্থির বিস্মিত দৃষ্টি নিক্ষেপ করিয়া তাহারই মতো নিশ্চলভাবে দাঁড়াইয়া আছে। বনের মধ্য দিয়া সবটা দেখা যায় না। তবে যতটা দেখা যায়, তাহাতে বেশ বোঝা যায়, আধুনিক রুচিসম্পন্না ভদ্রঘরের মেয়ে, বয়স বোধ হয় সাতাশ আটাশের মধ্যে, সাদা প্লেন সাড়ি পরা, কপাল বেড়িয়া কালো ফিতাপাড় নামিয়া আসিয়াছে, কাঁধের ওপর একটা খয়ের রঙ্‌য়ের উলের স্কার্ফ, চোখে চশমা; নীচের দিকটা জঙ্গলে একেবারে ঢাকিয়া গেছে।

খানিকটা উভয়ে উভয়ের পানে নির্বাক হইয়া চাহিয়া রহিল, ও-স্ত্রীলোকটি যেন আরও বিমূঢ় হইয়া গেছে। একটু পরে নিজের সামনের বনটা যেন খুঁজিতে

লাগিল, তাহার পর ভাঙা ডালপালায় পথের নির্দেশ পাইয়া বন ঠেলিয়া অগ্রসর হইল।

কাছে আসিয়াও বিস্মিত ভাবটা কাটে নাই দেখিয়া নারায়ণীই একটু হাসিয়া প্রশ্ন করিল—"মানুষ বলে বিশ্বাস হচ্ছে না?"

স্ত্রীলোকটি বিহ্বল হইয়া উত্তর করিল—"বিশ্বাস না হলে দোষ দেওয়া যায় কি?"

অদ্ভুত আবেষ্টনীর সঙ্গে যে তাহার সৌন্দর্যের ইঙ্গিতও রহিয়াছে কথাটার মধ্যে, এটা উপলব্ধি করিয়া নারায়ণী একটু অপ্রতিভ হইয়া পড়িল, সে-ভাবটা যেন কাটাইবার জন্যই তাড়াতাড়ি বলিল—"আমরা এই বাড়িতে থাকি।"

স্ত্রীলোকটি সেই রকম অভিভূতভাবেই পেরেকের গাঁট তোলা বদ্ধ দরজাটার পানে চাহিয়া লইয়া আবার দৃষ্টি ফিরাইল। নারায়ণী বলিল—"এটা বিশ্বাস করাও শক্ত হচ্ছে, নয়?"

"সবটুকুই, তবে খুলেই বলি—আমার আর পরী, দেবকন্যা—এসব বিশ্বাস করবার বয়েস নেই, কিন্তু সত্যি বলছি এত সকালে এ রকম জায়গায় লতাটার নিচে আপনাকে দেখে······"

নারায়ণী হাসিয়া কথাটা চাপা দিয়া বলিল—"কিন্তু সামনে পুরোনো ভাঙ্গাবাড়িটা দেখে তো পেত্নী বা শাঁকচুন্নী বলেই মনে করা উচিত ছিল···যাক আমারও ধাঁধাঁ লেগেছিল; এখন, যখন দেখা যাচ্ছে দুজনেই মানুষ—আপনি হঠাৎ এখানে কি করে?······আমি এসেছি আমার পিসিমার জন্যে একটা ওষুধ তুলতে, ঐ ফলের গোছাটা, তিনি ম্যালেরিয়ায় ভুগছেন।"

"আমরা এসেছি ঐ বাড়িটায়—ঐ যে চৌহদ্দির দেয়াল দেখা যাচ্ছে একটু।"

এতক্ষণ নূতন অভিজ্ঞতার বিস্ময়েই অভিভূত ছিল, এইবার নারায়ণীর মনটা অন্যদিকে গেল, নূতন মানুষের সমাগমে একটু যেন শুষ্ক কণ্ঠেই বলিল—"ঐ বাড়িতে? হঠাৎ?"······তাহার পর আশঙ্কার কথাটাও আপনিই মুখ দিয়া বাহির হইয়া গেল—"ব্যাটা ছেলেও আছে নাকি সঙ্গে?"

স্ত্রীলোকটি আর একবার ভাঙা বাড়িটার দিকে চাহিল কি যেন ভাবিয়া, তাহার পর বলিল—"হঠাৎই এক রকম বটে; কিন্তু আমরা তো একলাই আসিনি, ওদিককার অনেক খালি বাড়ি তো প্রায় ভর্তি হয়ে এল।"

ভয়টা নারায়ণীর দৃষ্টিতে এবার ভালোভাবেই ফুটিয়া উঠিল, প্রশ্ন করিল—"কেন?"

"আপনারা শোনেননি? কলকাতায় যে বোমা পড়েছে; লোক পালাচ্ছে চারিদিকে, এত বাড়ি কোথায়? তাই বনবাদাড়েও যেখানে যত বাড়ি আছে……"

"সত্যিই বোমা পড়েছে?"

"হ্যাঁ, শোনেননি আপনারা? এত বড় খবরটা……"

নারায়ণীর একটু হুঁস হইল; অসুখের সময়টা একটু বাড়াইয়াই বলিল—"তা একটা গুজবের মতন উঠেছিল বটে। দিন পনের একেবারেই পিসিমাকে নিয়ে পড়ে আছি কিনা, ওদিকে বেরুতে তো পারিনি……"

"কলকাতায় পড়েছে বোমা দুদিন। কেন, এখানেও তো কাল সাইরেণ বেজেছিল, শোনেন নি?"

"সে আবার কি?—সেই যে বিটকেল কান্নার মতন টানা আওয়াজটা?"

"হ্যাঁ, বোমা পড়বার ভয় হলে দেয়, এখানে কাছে এতবড় একটা রেল কেন্দ্র কিনা……"

"কি বিশ্রী শব্দ বাবা!"—বলিয়া শব্দটার স্মৃতিতেই যেন অভিভূত হইয়া একটু চুপ করিয়া রহিল নারায়ণী।

তাহার পর প্রশ্ন করিল—"আপনাদের কলকাতাতেই বাড়ি?"

স্ত্রীলোকটি যেন একটু দ্বিধায় পড়িল, বলিল—"ঠিক বাড়ি নয়, আমি থাকি একটা মেয়েদের বোর্ডিং স্কুলে……আমি ক্রিশ্চান। বোর্ডিংটা মাঝ-কলকাতায় নয়, কাছাকাছি।"

নারায়ণীর দৃষ্টিটা আর একবার স্ত্রীলোকটির বেশভূষার ওপর গিয়া পড়িল, পায়ের মেমসাহেবী ধরণের জুতোজোড়াটায় পর্যন্ত। বলিল—"ও, ক্রিস্তান ?··· বোর্ডিং কথাটা তো বুঝলাম না ?"

"মেয়েদের রেখে যেখানে শিক্ষাদীক্ষা দেওয়া হয়, বিলিতী পদ্ধতিতে—অবশ্য আমরা সব নেটিভ ক্রিশ্চান।" একটু হাসিয়া বলিল—"কালা-মেমসাহেবের দল আর কি।"

নাবায়ণীর মুখটাও অল্প একটু হাসিতে কুঞ্চিত হইল। মুখের পানে চাহিয়া আছে দেখিয়া স্ত্রীলোকটি আবার হাসিয়াই বলিল—"ক্রিশ্চান শুনে মানুষ হিসেবে আমার ওপর ধারণাটা বদলে গেল নাকি ?"

নারায়ণী সত্যই একটু অন্যমনস্ক হইয়া গিয়াছিল, সচকিত হইয়া অপ্রতিভ-ভাবে হাসিয়া বলিল—"মোটেই নয়, ওকথা কেন বলছেন আপনি, ছিঃ! · ··· বদলেই যদি থাকে তো ভালোর দিকেই।······কতজন মেয়ে আছে সঙ্গে ?"

"জন ত্রিশেক ; বাকি সবাইকে তাদের বাড়ি পাঠিয়ে দেওয়া হয়েছে।"

নারায়ণী একটু চুপ থাকিয়া প্রশ্ন করিল—"সবাই ক্রিশ্চান ? অন্য জাত বুঝি থাকে না ?"

"বিশেষ হুকুম নিয়ে থাকেও, আমাদের দুটি আছে। কে আর আসতে চায় বলুন ?······খানিকটা আবার ধর্মশিক্ষাও আছে কিনা ওর সঙ্গে।"

"সবাই বড়লোকের মেয়ে নিশ্চয় ?—খরচের ব্যাপার তো ?"—নারায়ণী আবার একটু অপ্রতিভভাবে মুখের পানে চাহিল।

"প্রায়ই, তবে দাতব্যও আছে কিছু কিছু।"

নারায়ণী আবার অন্যমনস্ক হইয়া পড়িতেছিল, সামলাইয়া লইয়া বলিল—"কাল যে গাছ কাটার শব্দ হচ্ছিল—এক আধবার যেন কানে গেল······"

"আমরাই কাটাচ্ছিলাম ; বাড়িটা ভাড়া নিয়েছি এক শ' টাকায়।··· ·· কাল রেডিওর আওয়াজও পেয়ে থাকবেন, কি করি ?—বনের মধ্যে হাঁপ ধরে যায়······"

"না, ওটা শুনিনি ; প্রায় সমস্ত দিনই পিসিমার ঘরে বন্ধ থাকি······"

হঠাৎ একটু চুপ করিয়া বাড়িটার পানে চাহিল নারায়ণী। স্ত্রীলোকটি বুঝিতে পারিয়া বলিল—"আপনার দেরি হয়ে যাচ্ছে, না ? খুব অসুস্থ আপনার পিসিমা ? একবার দেখতে পারি কি ?"

নারায়ণীর মুখখানা হঠাৎ যেন ছাইপানা হইয়া গেল, কিছু না বলিয়া শুধু কাতর দৃষ্টিতে চাহিল স্ত্রীলোকটির মুখের পানে। সে বেশ সপ্রতিভভাবেই বলিল—"যদি বাধা থাকে তো থাক···থাকতেও পারে তো অনেকরকম বাধা।"

নারায়ণী একটু মাথা নিচু করিয়া রহিল, তাহার পর বলিল—"কিন্তু একটা কথা····· "

"কি বলুন ?"

"আপনি কিন্তু দয়া করে একবার আসবেন এখানে কাল, এই সময়ে। কি জানি আপনাকে যেন আমার বড় বোন বলে মনে করতে ইচ্ছে করছে ; হয়তো বাড়িতে কেন নিয়ে যেতে পারব না সে-কথাও বলতে পারব আপনাকে।"

তের

এর পর উপরি-উপরি দিন সাতেক আরও দেখা হইল স্ত্রীলোকটির সঙ্গে এইখানে এবং এই সময়। টাটকা ঔষধ তুলিবার অজুহাতে রোজই আসে নারায়ণী, গল্প হয় ; খোঁজ লইয়া জানিয়াছে বোমার হাঙ্গামটা মিটিয়া গেলে ওরা আবার চলিয়া যাইবে, তাই একটা দিনও ফাঁক দিতে চায় না। ক্রমে মন-চেনাচিনি হইলে উভয়ে উভয়ের জীবন কাহিনী খানিকটা করিয়া বলিল। স্ত্রীলোকটির নাম অণিমা সেন, এক পুরুষে ক্রিশ্চান, জীবন কাহিনীর মধ্যে একটু করুণ সুর আছে, যদিও নারায়ণীর মতো এত মর্মান্তিক নয় একেবারে। সমবেদনা থেকে দুজনার মধ্যে একটা হৃদ্যতা দাঁড়াইল, ক্রমে সখিত্ব।

উহাদের সাধারণ জীবন সম্বন্ধেও নারায়ণী বড় কৌতূহলী হইয়া উঠিল। ক্রিশ্চান মেয়েছেলে আগে তফাতে তফাতে যা দুচারজন দেখিয়াছে, তফাতে দেখার জন্যই তাহাদের সম্বন্ধে একটা বিকৃত ধারণা ছিল; তাহারাও যে এই মানুষই, আর তাহাদের মধ্যে নিতান্ত সাধারণ বাঙালী মেয়ের সুখ-দুঃখে জড়িত এই রকম মেয়েও যে আছে ইহাতে একটা নূতন ধরণের কৌতূহল জাগিল মনে—একটি যেন নূতন জগৎ আবিষ্কার হইয়াছে। বোর্ডিং সম্বন্ধে কৌতূহলটা আরও প্রখর, একদিন খুব গোপনে গিয়া অণিমার সঙ্গে দেখিয়াও আসিল। লাগিলও বড় ভালো; পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বল্পবাক মেয়েরা একটা না একটা কাজ লইয়া স্থিরভাবে চঞ্চল; নিজেদের হাতেই মাজিয়া ঘষিয়া পুরানো বাড়িটাতে এরই মধ্যে একটা শ্রী ফিরাইয়াছে, কাছাকাছি খানিকটা পর্যন্ত একটু বাগানের ছক কাটিয়া ফেলিয়াছে, এরই মধ্যে কিছু কিছু ভাল গাছ পর্যন্ত জোগাড় হইয়াছে। বেশির ভাগই বাঙালী, তবে অন্য কয়েক শ্রেণীর মেয়ের সঙ্গেও পরিচয় করাইয়া দিল অণিমা—দুজন সাঁওতালী, দুজন কোল—সাঁওতালের মতোই ওরা, ছোট নাগপুরের ওদিকে থাকে। সুন্দর স্বাস্থ্যের ওপর শিক্ষা আর মার্জিত রুচির একটি অপরূপ শ্রী। বাংলায় অল্প অল্প টান, কিন্তু বলার সৌজন্যে যেন আরও মিষ্ট।······শুধু নূতন জগৎ আবিষ্কারই নয়, সেই জগতের একটি আলোক-কেন্দ্রের মাঝখানটিতে আসিয়া দাঁড়াইয়াছে নারায়ণী। মনের ওপর বেশ একটা ছাপ লইয়া ফিরিল।

ইহার পরই অন্নদাঠাকরুণ ধীরে ধীরে ভালো হইয়া ওঠায় গোপন সাক্ষাৎ বন্ধ হইল কিছুদিনের জন্য।

অন্নদাঠাকরুণের বেশ একটা আভ্যন্তরীণ শক্তি আছে, ভালো যখন হইল তখন বেশ তাড়াতাড়ি ভালো হইয়া উঠিল এবং দিন আষ্টেক পরেই একদিন দস্তুর মত গলাবাজি করিতে করিতে গঙ্গাস্নান করিয়া বাড়ি ফিরিল—"এ চলবে না, এই বলে দিলাম। বোমা পড়েছে তো মরগে যা বোমা চাপা প'ড়ে; কই, আমরা যে ম্যালেরিয়ায় ভুগছি, মরছি, উজোড় হয়ে যাচ্ছি, তোদের ঘাড়ে গিয়ে পড়িনি

তো।...ঘাড়ে পড়াই, একে ঘাড়ে পড়া ভিন্ন কি বলব? সহরে উদিকে এক আধ-জন আসে, যায়, ভুগে বেগতিক দেখে আবার পালায়, এ বরাবর হ'য়ে এসেছে, তা নয়, একেবারে কানাচে পর্যন্ত ঠেলে এসেছে! ..."

এ ভাবটা অনেকদিন বন্ধ ছিল। মাঝে মাঝে নিতান্ত পেট ফুলিলে অন্নদা-ঠাকরুণ জঙ্গলের আদ্যশ্রাদ্ধ করিয়া মনটা হালকা করিত, প্রতিপক্ষের এই রদবদলে অম্বিকাচরণ বাহির হইয়া আসিল, প্রশ্ন করিল—"কি হয়েছে গা দিদি?"

"হয়েছে—এখান থেকে বাস তুলতে হবে, এই আর কি। এক আধ ঘর নয়—ভাঙা, গলা যেখানে যা ছিল সব ভর্তি হয়ে গেছে, ইটের পাঁজাগুলোকেও টেনে তুলেছে সব। চারটেপ্রাণী, তোদের সঙ্গে কোন সম্বন্ধ রাখিনি, বনের এক কোণে...

জানা সত্ত্বেও নারায়ণী আসিয়া যেন কিছুই জানে না এইরকম মুখের ভাব করিয়া রান্নাঘরের দরজায় দাঁড়াইয়াছে; জাহ্নবীও বাগান ছাড়িয়া নিড়ানি হাতে বাহির হইয়া আসিয়াছে। অম্বিকাচরণ একটু চিন্তিতভাবে চাহিয়া থাকিয়া বলিল—"মুস্কিল হ'ল তো!...কিন্তু উপায়ই বা কি দিদি? যাদের বাড়ি তারা ভাড়া দিচ্ছে, যাদের গরজ তারা পালিয়ে আসছে, বিপদ তো বটেই, কিন্তু আমরা..."

অন্নদাঠাকরুণ একেবারে ঝাঁঝিয়া উঠিল—"তুমি বাজে বোকো না অম্বিকে, অমন করে ওদের হ'য়ে ওকলতি করতে তোমায় কেউ নেমতন্ন করে আনেনি। তা যদি করবেই ওকালতি তো বলি শোন, এ্যাদ্দিন যা বলিনি—অন্নদাঠাকরুণের ঘাড়ে এসে পড়া এত সহজ নয়। যখন হয়ে গেলই জানাজানি, নিরিবিলিতে যখন দেবেই না থাকতে আর, তখন আমিও ব'সে মার খাব না, আদালত পর্যন্ত গিয়ে একটি একটি ক'রে সবাইকে গলাধাক্কা দিয়ে বের করাব ..."

কথাটা একেবারেই নূতন, সেই সঙ্গে সঙ্গে অদ্ভুতও; অম্বিকাচরণ নিজের ওপর ঝোঁকটা আসিয়া গেছে বলিয়াই বোধ হয় প্রশ্ন করিতে সাহস করিল না, চশমা তুলিয়া দাঁড়াইয়া রহিল। নারায়ণীও যেন থ হইয়া গেছে; জাহ্নবী শুধু

ঝিঝিমণির দাপটে একরকম ভরসা পাইয়া আরও একটু আগাইয়া আসিল। অন্নদাঠাকরুণ বলিল—"হ্যাঁ, তাই,—কাছাকাছি এ তল্লাট'টার মধ্যে ঠিক কোন্‌টে আমার শ্বশুরের ভিটে যখন জানি না, তখন একটা হেস্তনেস্ত হয়ে না যাওয়া পর্যন্ত কোনটাতেই কোন হাঘরের এসে ওঠা চলবে না। তোমরা দু'জনে হাঁ ক'রে রয়েছ যেন কত বড় একটা আশ্চর্যির কথা বলেছি!...দশ বছরের মেয়ে শ্বশুরবাড়ি ঢুকে ঘোমটা টেনে বেড়িয়েছি। গম্ গম্ ক'রছে সহর জায়গা—রাতদুপুর পর্যন্ত চারিদিকে হাঁকডাক থামে না—বাড়িতে লোক গিজ্-গিজ্ ক'রছে, ঘোমটা খুলে যে বাড়িটা একবার ভালো করে দেখব তার ফুরসৎ নেই। বাপের বাড়ি ফিরে গিয়ে ছ'মাসের মধ্যে কপালের সিঁদুর ঘুচল। তারপর আবার যখন শ্বশুরবাড়ি ঢুকলাম, একেবারে বুড়ো, গায়ের চামড়া ঢিলে হ'য়ে এসেছে।...সে সহর নেই, সে লোক নেই; যখন ঢুকলাম তখন কি কেউ আমায় শাঁখ বাজিয়ে অভ্যত্থনা ক'রে নিয়েছিল?—ওগো, ওঠো এসে, এইটেই তোমার শ্বশুরের ভিটে।...ভাইয়েব সঙ্গে বনল না, চলে এলাম; ইষ্টিশন থেকে আন্দাজ ক'রে বন ঠেলে এসে মনে হ'ল তবে বুঝি এই আমার আপন ভিটে।... বেশ, এই তোর আপন ভিটে তো ঢুকে পড়্।...সেই আছি; তারপর তুমি এলে, তারপর নারায়ণ এল। তাই বলে যে সাব্যস্ত হ'য়ে গেল এইটেই আমার আপন ভিটে এমন তো নয়। —পাশেরটাই যে নয়, তার পাশেরটাই যে নয়, দু'রশি হটেই যে নয়, একথা তো গঙ্গাজল হাতে নিয়ে কেউ বলতে পারবে না; আর বলেই তো সে একেবারে আদালতে এসে বলুক্..."

অন্নদাঠাকরুণ দিন দিন উগ্র হইয়া উঠিতে লাগিল, লোক অবশ্য এদিকে দিন দিনই বাড়িয়া যাইতে লাগিল। বাড়ি যা কিছু ছিল, সামনের দিকেই; যেটাতে একখানা পর্যন্ত বাস করার যোগ্য ঘর সেটাও ভর্তি হইয়া গেল। সমস্ত দিন গাছকাটা আর জঙ্গল-পরিষ্কার করার শব্দ, অবশ্য দূরে দূরে, কেননা কাছে বাড়ি নিতান্তই কম; এ জায়গাটা প্রায় বনের মাঝামাঝি, পিছনে পড়ে মাঠের দিকটা। তবুও লোক আসে এদিকেও। ভদ্রলোক সব, অনেকে বেশ ফ্যাশান-

দূরন্ত, এ অবস্থার মধ্যেও, কেননা বোমায় মানুষই মারিতে পারে, ফ্যাশান মারিতে পারে না।

জাহ্নবীর মনটা দিন দিনই আতঙ্কগ্রস্ত হইয়া উঠিতেছে। তাহার হেতু মানুষ সম্বন্ধে তাহার প্রীতির ভাবটা নষ্ট হইয়া গেছে—বনের বাহিরে সবকিছুর সম্বন্ধেই, এমনকি দুর্গাপূজাও বাদ যায় না। ওপরের আধভাঙা ঘরটায় বসিয়া থাকে, শব্দগুলা শোনে—গাছকাটার, ক্বচিৎ রেডিওর, দূরে কখনও কখনও গলার স্বরও। আজকাল ওগুলার স্বরূপ চেনে, পরিচয় জানে, তবুও মনটা গুটাইয়া আসে—এর চেয়ে সেই ভুতুড়ে কাণ্ড ভাবিয়া ভয়, সেটা ছিল ভালো। একটা উগ্র আতঙ্কে বুক যেন শুকাইয়া যায়—ঐ বুঝি আসিয়া পড়িল—ফাঁপা টেরিওলা লোকের দল—শুধু সুন্দর হওয়ার জন্যই তাহার মাকে ছিনাইয়া লইতে, হয়তো তাহাকেও, কেননা জাহ্নবী নিজে যে সুন্দর এ জ্ঞান আর অনুভূতিটা ধীরে ধীরে জাগিতেছে।

এক একদিন লোকে এই বাড়ি পর্যন্ত ঠেলিয়া আসে, সদর দরজায় ধাক্কা পড়ে, আর প্রশ্ন—"এ বাড়িতে কি ভাড়া দেওয়ার মত ঘর আছে?"

বাড়ির ভিতরকার সমস্ত শব্দ একেবারে বন্ধ হইয়া যায়—কথাবার্তা, কি খুন্তিনাড়া, কি বাসনমাজা, কি চন্দনঘষা—সব কিছুই। তাহার পরই অন্নদাঠাকরুণ রকে আসিয়া দাঁড়ায়, একেবারেই সপ্তমে গলা তুলিয়া চীৎকার করিয়া ওঠে—হ্যাঁ, আছে! অনেক ঘর—মাজা-ঘষা, তরতরে, কলকাতার মতন করে সাজানো—ইলিকটিক বিজলী বাতি, জলের কল, আরও কিছু চাই?...দেখছে হা-ঘরেরা ভাঙা ইটের গাদার মধ্যে একটা বুড়োমানুষ কোন-রকমে একটু মাথা গুঁজে আছি—চোখের মাথা খেয়ে কি দেখতেও পায় না বাড়ির কি জুলুস!...আছে ঘর, দিই কপাট খুলে? হাতে কিন্তু চেলা-কাঠ থাকবে!..."

রাগের মাথায় এক একদিন আগাইয়াও যায়, অবশ্য ততক্ষণ আর কেহ চেলাকাঠ-হাতে অভ্যর্থনার অপেক্ষায় থাকে না।

জাহ্নবী বোঝে শক্ত ঠাঁই, দাদুর কাছে ভয়ের কথা তুলিলেও দাদু মোটা লাঠিটা বজ্রমুষ্টিতে ধরিয়া সামনে শত্রু যেন প্রত্যক্ষ করিয়াই উগ্র হইয়া উঠে—"তোরা দুটিতে থাকবি এমনি ক'রে বুকের মধ্যে, আর দিদি থাকবে পাশে, আসুক কে আসবে ; এমন কিছু চোখ যায় নি, এখনও ছায়া দেখতে পাই !..."

জাহ্নবী বোঝে শক্ত ঠাঁই, তবুও যে মানুষের ওপর বিশ্বাস গেছে নষ্ট হইয়া, আতঙ্ক যায় না।...চারিদিকেই মানুষ ; তবুও দূরে দূরে ছিল এতদিন, বন ছাড়িয়া বাহির না হইলে নিরাপদ , এ যে ক্রমে ক্রমে ঘিরিয়া ফেলিল !

নারায়ণী কমই কথা কয়, দিন দিন আরও স্বল্পবাক হইয়া উঠিতেছে। ওর ওপর বিশেষ করিয়া দৃষ্টি রাখিবার মানুষ অম্বিকাচরণ, সে কিন্তু প্রায়ান্ধ। জাহ্নবী অত বোঝে না, অন্নদাঠাকরুণেরও অত সূক্ষ্ম দৃষ্টি নাই, থাকিলে দেখিত তাহার মুখটা যেন দিন দিন কঠিন হইয়া আসিতেছে, কি একটা নিরতিশয় কঠোর সঙ্কল্পে। কথা অল্প হইয়া উঠিয়াছে এটা অম্বিকাচরণ বোঝে, কখনও কখনও জিজ্ঞাসা করে—"হ্যাঁগা বন্দী, মনটা তোর ভার-ভার বোধ হয় যেন ?—মানুষ বাড়ছে এ তো কিছু মন্দ কথা নয় ; এক আধজন যদি খারাপ লোক এসেই পড়ে, ভালো লোকই তো বেশি। আর আমিও তো ম'রে যাইনি মা।"

"নারায়ণী হাসিয়া উত্তর দেয়—"কম কথা কই বলে বলছ বাবা ?—পিসিমা গেয়ে বেড়াচ্ছেন বাড়িতে মাত্র একজন লোক, কেউ দোর ঠেললেও ঐ-কথাই বলছেন, তাই যতটা সম্ভব চুপ করেই থাকি ; নইলে এতদিনের পুরোণো হয়ে গেলাম আর ভয় কি এখানে ?"

চিন্তিত দেখিয়া অন্নদাঠাকরুণ কিছু বলিলেও ঐ রকম কিছু বলিয়াই উড়াইয়া দেয়। কিন্তু চিন্তায় ও দিনদিনই ডুবিয়া যাইতেছে।

ক্রমে চিন্তাটা একটা কঠোর সঙ্কল্পের আকার গ্রহণ করিল ; একদিনেই অবশ্য নয় ; মাসতিনেক এইভাবে কাটিয়া যাইবার পর।

একদিন অন্নদাঠাকরুণ স্নান করিয়া ফিরিবার সময় দেখিল জাহ্নবী ঘাটের চাতালে মালতী ফুল সংগ্রহ করিতেছে। দরজার বাহিরে কিছু বলিল না ;

তখনই ডাকিয়া লইয়া দরজাটা বন্ধ করিয়া কিন্তু নারায়ণীকে খুব একচোট ভৎর্সনা করিল। চাপা গলায়ই করিতে হইল, অন্যথা বাহিরে কোন লোক আসিয়া পড়িলে মনে করিবে একাধিক লোক আছে বাড়িতে। একটু বকিতে দিয়া হালকা হইতে দিল নারায়ণী, একেবারেই গোড়ায় বাধা দিলে উল্‌টা ফল হয়, তাহার পর শান্তকণ্ঠে বলিল—"আমি ওকে ইচ্ছে করেই পাঠিয়েছিলাম পিসিমা।"

অন্নদাঠাকরুণ স্তম্ভিত হইয়া গেল, কহিল,—"ইচ্ছের বলিহারি যাই বাছা! মেয়ে এদিকে সোমত্ত হয়ে উঠছে, আর কি, তের বছরে পা দিলে। ইচ্ছেটা কি মতলবে হ'ল শুনি?"

"ভাবলাম মাত্র একজনই আছে বলে মিছে কথা বলতে হচ্ছে তোমায়; দেখে তো কেউ দেখুক না, মনে করবে তবে বুঝি এবাড়িটাতেও এসে গেছে ভাড়াটে, আর জ্বালাতন ক'রতে আসবে না।"

যুক্তিটা মনে লাগিলেও অন্নদাঠাকরুণ সেভাবটা প্রকাশ হইতে দিল না—শুধু একটু চুপ করিয়া থাকায় যেটুকু প্রকাশ হইয়া পড়িল; বলিল—"পিসিমার তোমার নরকেই স্থান—মিথ্যে কথা বলে না হয় আরও দু'দিন মেয়াদটা বাড়বে, তার জন্যে তোমায় ভাবতে হবে না। মোট কথা, মেয়ে সোমত্ত হয়ে উঠছে, তাকে অমন করে বনবাদাড়ে যেতে দেওয়া হবে না, এই ডামাডোলের বাজারে।"

নারায়ণী কিন্তু দিতেই লাগিল। রোজ নয়, পাঁচ সাতদিন অন্তর; অম্বিকাচরণও বারণ করিল, কিন্তু ফল হইল না; ভৎর্সনা বা অনুযোগ যেটুকু বর্ষিত হইতে লাগিল সেটুকু অবাধ্য মেয়ের মতোই মাথা পাতিয়া লইতে লাগিল।

তাহার পর একদিন জাহ্নবী মুখ শুক্‌নো আর চোখ দুইটা বড় বড় করিয়া কতকটা হাঁপাইতে হাঁপাইতে রান্নাঘরে আসিয়া প্রবেশ করিল, বলিল—"মা, মানুষ।… ডাকছিল!"

নারায়ণী কতকটা যেন নিরুদ্বেগ কণ্ঠেই বলিল—"ভেতরে এসে আস্তে আস্তে বল্।"

"ফুল তুলতে গেছলাম, আচমকা দেখি যেদিক দিয়ে দিদিমণি গঙ্গা নাইতে যায়, সেই দিক দিয়ে কে একজন···"

"ব্যাটাছেলে?"

"না, মেয়েছেলে—এই তোমারই বয়সী—আমার দিকে চেয়ে দাঁড়িয়ে আছে—আমি দেখতেই হাতছানি দিয়ে ডাকলে। ভয়ে পালিয়ে আসতে আর একবার ফিরে চাইতেই আবার ডাকলে; আমি এসে তাড়াতাড়ি দরজা বন্ধ করে দিলাম!"

নারায়ণী চোখ তুলিয়া ক্ষণমাত্র কি ভাবিল, তাহার পর প্রশ্ন করিল—"ভদ্রঘরের মেয়ে?"

"হ্যাঁ, পরিষ্কার জামাকাপড় মনে হ'ল।"

নারায়ণী আবার একটু ভাবিল, তাহার পর বলিল—"বেশ, একথা কিন্তু কাউকে আর বলবে না, বুঝলে? একটি কথাও নয়।"

চৌদ্দ

পরদিন ভোরে নারায়ণী নিজেই ফুল আনিবার জন্য দরজা খুলিয়া বাহিরে আসিল, দেখে অনিমা প্রথম দিনের সেই জায়গাটিতে দাঁড়াইয়া আছে, নিজেই আগাইয়া গেল।

অনিমা একটু হাসিয়া বলিল—"কাল আপনার মেয়েটিকে ডাকলাম, অবশ্য হাতের ইসারাতেই, তা যেন ভূত দেখেছে এইভাবে তাড়াতাড়ি পেছনে চাইতে চাইতে পালাল।"

নারায়ণী বলিল—"ভূত দেখলে ওরকম করে পালাত না।"

"তার মানে?"

"মানুষকে যে ভূতের চেয়ে ভয়, যা নমুনা সব দেখেছে।...মনে হচ্ছে আমার সঙ্গেই দেখা করতে চাইছিলেন আপনি।"

"হ্যাঁ, আমরা এবার চলে যাচ্ছি।"

নারায়ণী একটু সচকিত হইয়াই প্রশ্ন করিল—"কেন? কলকতায় তো শুনছি এখনও গোলমাল চ'লছে; পিসিমা বলেন।"

"আমরা যাচ্ছি কার্সিয়াঙে, একটা বাড়ি জোগাড় হ'য়েছে।"

"সে কোথায়?—কবে যাচ্ছেন?"

"দার্জিলিং-এর কাছে—যাচ্ছি দিন তিনেকের মধ্যেই।"

নারায়ণী চুপ করিয়া গেল; শুধু তাহাই নয়, অণিমা বুঝিল ভিতরে ভিতরে বেশ চঞ্চল হইয়া উঠিয়াছে; একটু পরে বলিল—"তাহলে?...ভালো ক'রে দুটো কথাও হ'ল না, একটু পরেই পিসিমা নেয়ে ফিরবেন।—একটা অনুরোধ, কাল একবার আসুন ভোরের দিকে—মানে পিসিমা বেরিয়ে যাবার পরই, উনি প্রায় পাঁচটার সময় বেরোন। আসুন, অনেকক্ষণ সময় পাওয়া যাবে তাহ'লে; ঐ চাতালটা বেশ হবে, এদিক দিয়ে কখনও কখনও লোক আসে আজকাল।"

পরদিন প্রত্যুষে ঘাটের চাতালে সমবেত হইল দু'জনে। অণিমা প্রশ্ন করিল—"কোনও দরকারী কাজ আছে কি তেমন? কাল বড্ড তাড়াতাড়ি চলে গেলেন, জিগ্যেস করা হ'ল না।"

নারায়ণী উত্তর করিল—"একেবারে বাঁচা-মরার কথা, অবশ্য আমার নয় আমার মেয়ের, তাই থেকে আমার পক্ষেও যতটা খাটে।"

"কি রকম?"

"ওকে আপনার বোর্ডিঙে নিন।...অবিশ্যি দাতব্যের মধ্যেই—সে তো বাড়ি দেখেই..."

"সেকি!...কেন?"

নারায়ণী অণিমার ডান হাতটি চাপিয়া ধরিল, ভেতরে চাপা উত্তেজনায় একটু একটু কাঁপিতেছে ; কাতরভাবে, ভিক্ষা করিবার মতো করিয়াই বলিল—"হ্যাঁ, ওকে নিন্ দিদি, না হ'লে ও বাঁচবে না। বাঁচলেও, যে-ভাবে বাঁচতে হবে তার চেয়ে মরা ভালো ওর। কিন্তু মরা যখন ভালো তখনও তো মরণ আসে না, সেইখানেই আমার ভয়। শুধু তাই নয় দিদি, আধমরা হ'য়েই গেছে,—আজ প্রায় চার বছর ও এই ভাঙা দেওয়ালের মধ্যে আটক রয়েছে—ওই বয়সের একটা মেয়ে! ছোট মেয়ের মন নিয়েই আপনাদের কারবার, বুঝছেনই তো কী হ'য়ে যাচ্ছে ও, কি হ'য়ে যাওয়া সম্ভব। ওর চেয়ে বুনোদের জীবন ভালো, কেননা বনে থাকলেও তারা খোলাখুলি বনের সঙ্গে মিলেমিশে থাকে—ঘুরছে, ফিরছে, বন কাটছে, বেচছে, আনছে, খাচ্ছে ; আমার মেয়ের তো তা নয়,—এ বনবাসের চেয়েও খারাপ, বনে বন্দী হয়ে থাকা। ওকে নিয়ে গিয়ে বাঁচান আপনি, আমি ভিক্ষে চাইছি দিদি।"

একনাগাড়ে কথাগুলা বলিয়া নারায়ণী হাতটা চাপিয়াই মুখের পানে উদ্বিগ্ন দৃষ্টিতে চাহিয়া বসিয়া রহিল, যেন কি বলে সেই উত্তরটুকুর ওপর সত্যই ওর জীবন-মরণ নির্ভর করিতেছে। অণিমা শান্ত কণ্ঠে বলিল—"কথাগুলো বেশ করে ভেবে বলছেন আপনি ?"

"আপনাকে প্রথম দেখার দিন থেকেই ভাবছি। বোর্ডিংটা আমি ঐ জন্যেই দেখতে যাই, দেখার পর থেকেই আমি ভেবে ঠিক করে ফেলেছিলাম, আর কাল তো সমস্ত রাত ঘুমই হয়নি আমার।"

"অনেক বাধা আছে ; আমার দিক থেকে না হয় সেগুলো কাটিয়ে নিতে পারব, কিন্তু এদিক'কার ?—আপনার বাবা, পিসিমা রাজি হবেন ?—এখন পর্যন্ত তো মনে হচ্ছে জানেনই না তিনি।"

"না, জানেন না ; জানলে রাজি হবেন না, সেইজন্যে জানাবও না।"

"কিন্তু সেইখানে যে বিপদের ঘর ক'রে রাখলেন।"

"কি ?"

"টের পেলে আমি বিপদে পড়ব।"

এইখানে খুব যেন একটা গোপন রহস্য প্রকাশ করিয়া ফেলিতে ফেলিতে সামলাইয়া লইল নারায়ণী, তাহার পর তাহার মুখটা কঠিন হইয়া উঠিল, বলিল—"সেইখানে আমার মেয়ের ভবিষ্যতে কাউকে হাত দিতে দোব না দিদি। আমার মেয়ের বিষয়ে তো আমার চেয়ে কারও জোর নেই ?"

"অত সহজ নয়, বিশেষ করে আমাদের পক্ষে।"

"তাহলে বলি, আমার কাছে আরও অস্ত্র আছে, যাতে কোন বাধাই আটকাতে পারবে না ওকে।"

তাহার পর আবার কাতরভাবে এলাইয়া পড়িয়া বলিল—"না দিদি, আর অমত করবেন না, নিন্ ওকে, আপনার হাতে ধরছি। মেয়ে আমার তিল তিল ক'রে ম'রে যাচ্ছে। আর সবার চোখ এড়াক, মা হ'য়ে আমি সেটা প্রতি মুহূর্তেই ব'সে ব'সে দেখছি। এখানে ভয়ের চাপে ও দু'তিন বার অজ্ঞান হ'য়ে গেছে, বাইরে পুরুষের ওপর ওর অবিশ্বাস আর ঘেন্না জ'মে উঠছে রোজ রোজ।...আপনি ওকে মানুষ ক'বে দিন। মানুষ হ'লে ও হাজার বিপদের মধ্যেও নিজেকে চালিয়ে নেবে। আর হবেই মানুষ দিদি আপনাদের হাতে, সেই সাঁওতালী মেয়ে দুটিকে দেখে পর্যন্ত আমার আর এতটুকুও সন্দেহ নেই..."

"বেশ, তা'হলে এক কাজ করুন না, আপনি সুদ্ধ চলুন না। সে ব্যবস্থাও করতে পারি আমি।"

নারায়ণীর মুখটা আবার আগেকার মতো কঠিন হইয়া উঠিল, হাতটা একটু আলগা করিয়া দিয়া বলিল—"বাবাকে বুড়ো বয়সে ছেড়ে আমি কোথাও পারব না যেতে, মেয়ের জন্যেও না ; আর মায়ের চেয়েও বড় অমন পিসিকে ছেড়েও না।"

অনিমার মুখে একটা শান্ত হাসি ফুটিল, বলিল—"আপনার মেয়েকে আমি নোব। কিন্তু কথা হচ্ছে, বেশ জানাজানি করে যখন নিতে পারছি না—আর

আপনিও দিয়েছেন জানলে ওঁরা যখন হুলুস্থুল কাণ্ড ক'রবেন—বিশেষ করে ক্রিশ্চানের হাতে দিয়েছেন জানলে…"

"আমি সে-পথ তোয়ের ক'রে রেখেছি। আজ থেকে নয়, বাবা পিসিমার মানা সত্ত্বেও মেয়েকে যে বাইরে বেরুতে দিই তা এই মতলবেই। এখন কতকটা এই রকম দাঁড়াবে,—ছেলেমানুষ বোধ হয় দূরে গিয়ে প'ড়েছিল, তারপর কেউ ভুলিয়ে ভালিয়ে নিয়ে গিয়েছে। দোষটা আমার ঘাড়ে গিয়ে পড়বে, এই পর্যন্ত।"

"বাড়িতে কান্নাকাটি হুলুস্থুল প'ড়ে যাবে।

"তা একটু প'ড়বে দুদিন, কিন্তু আমার মেয়ের ভবিষ্যৎ জীবনে যদি হাসি থাকে, গোড়ায় এটুকু কান্না আমায় সইতে হবে বই কি।"

"পিসিমা হুলুস্থুল কাণ্ড বাধাবেন চারিদিকে, অন্ততঃ ঐ বুড়ো বাপ তো আবার লাঠি নিয়ে ভিক্ষেয় বেরুবেনই—যেমন আপনার জন্যে বেরুতেন শুনেছি আপনার কাছে।"

"অসম্ভব; সেটা আমি আগেই ভেবে নিয়ে তবে নেমেছি এ পথে। নাতনির জন্যে হৈ চৈ ক'রতে গেলেই মেয়েকে হারাতে হবে। আপনি ভুলে যাচ্ছেন আমার পেছনে চর ঘুরে বেড়াচ্ছে এ সহরে, টের পাবে আমি এই ভাঙা বাড়িতে লুকুনো আছি।…বাবার সে ভয় আছে, দোরের বাইরে পা দেওয়া তো অসম্ভব।"

অণিমার মুখটা অব্যক্ত বেদনায় একটু কুঞ্চিত হইয়া উঠিল, একটু যেন ধিক্কারের সহিতই অল্প হাসিয়া বলিল—"একটা দিকে আপনি এত নিষ্ঠুর! ওঁদের এরকম অসহায়ভাবে বুকে কান্নাটা পুষে রাখবার কথায় আমিতো শিউরে উঠছি মনে মনে!"

নারায়ণী একটু চুপ করিয়া থাকিয়া বলিল—"আমার মত পোড়াকপালীর বাপ-পিসির পক্ষে এটা কি খুব বেশি হল দিদি? আর একটা দিক ভেবে দেখুন, এত তবু মিথ্যে কান্না, নাতনি ওঁদের স্বর্গসুখে রয়েছে, মানুষ হচ্ছে;—এখানে পড়ে থাকলে ঐ কান্নাই একদিন সত্যিকার হ'য়ে ওঠবার ভয় নেই কি?"

অণিমা হঠাৎ অন্যমনস্ক হইয়া পড়িয়াছে, একথার বোধ হয় একটাও কানে যায় নাই, একান্ত নিজের আগের কথাই ধরিয়া বলিল—"বেশ, তার ব্যবস্থাও বোধ হয় হ'য়ে যেতে পারে, দেখি ভেবে। তা'হলে দেওয়াই ঠিক হ'ল আমাদের হাতে তো?"

"হ্যাঁ, ঠিক বৈকি।"—বলিয়া এবার নারায়ণীই হঠাৎ অন্যমনস্ক হইয়া পড়িল। অণিমা বলিল—"কি যেন ভাবছেন আপনি।"

নারায়ণী মুখের পানে ফ্যাল-ফ্যাল করিয়া চাহিয়া রহিল, চোখ দুইটা জলে ভরিয়া গেছে, বলিল—"আরও একটা উপকার করবেন দিদি? হ্যাঁ, করুন, দোহাই, তাহলে একেবারেই নিশ্চিন্তি হই আমি।"

কি বলুন, সাধ্যিতে থাকে ক'রব।"

"ওকে আপনাদের ধর্মে নিয়ে নিন, ভালো থাকবে—আমি মা হয়ে বলছি ভালো থাকবে—আবেগের পূর্ণতায় দুই হাতে মুখ ঢাকিয়া হু হু করিয়া কাঁদিয়া উঠিল!

অণিমা হাত দুইটা আস্তে আস্তে সরাইয়া নিজের আঁচলটা ওর চোখে চাপিয়া ধরিল, বলিল—"বোন, এ-মোহ ছাড়ুন, কত গলদ যে এদিকেও··· ! আমায়ই আবার আপনাদের ধর্মে ফিরিয়ে নিতে পারেন? আজই আসি তা'হলে।"

একদিন পরের কথা, সকাল থেকে জাহ্নবীকে খুঁজিয়া পাওয়া গেল না। ভাঙা দেওয়ালগুলার ভিতর চাপা কান্না গুমরাইয়া ফিরিল সারাদিন। অন্নদাঠাকরুণ সমস্ত দিন সারা বনভূমি আর সহরটা তন্ন তন্ন করিয়া খুঁজিয়া বেড়াইল; নীরবে শুধু ব্যাকুল দৃষ্টি ফেলিয়া ফেলিয়া—একটি কথা কহিবার জো নাই, একটি প্রশ্ন করিবার উপায় নাই কাহাকেও।

কিন্তু মাত্র এই একটি দিন আর একটি রাত।

সকালে স্নান করিয়া আসিয়া অন্নদাঠাকরুণ উঠান হইতেই ডাক দিল—"নারাণ কোথায় শীগ্‌গির আয় তো মা একবার।"

মুখটা একেবারে শুকনো, কম্পিত হস্তে আঁচল হইতে একটি চিঠি খুলিয়া দিয়া বলিল—"পড়তো, আবার নতুন কি গেরো আছে কপালে!···গঙ্গার ঘাট ছেড়ে একটু এদিকে এসেছি, একটা লোক দিয়ে গেল, বললে এটা একেবারে বাড়িতে গিয়ে পড়িয়ে নেবেন ; ফেলেই দিচ্ছিলাম, আবার ভাবলাম···"

ততক্ষণে চিঠি পড়িয়া নারায়ণীর মুখটা উজ্জল হইয়া উঠিয়াছে, চোখ দুইটা ছল্ ছল্ করিয়া উঠিয়াছে, বলিল ··"ভয়ের কিছু নয় পিসিমা, শোন :

'ঈশ্বরের নাম নিয়ে গঙ্গার ঘাটে আপনাকে এই চিঠি দিচ্ছি। জাহ্নবীকে আমি নিয়ে যাচ্ছি, চেষ্টা করব যাতে মানুষের মতন করে ফিরিয়ে দিতে পারি, চারটে বছর সময় নিলাম। নামটা আর জানাতে পারলাম না, মার্জনা করবেন আমায় ; তবে ঈশ্বরের নাম নিয়ে বলছি, কোন ভয় নেই। কোন দুরভিসন্ধি থাকলে তো চিঠিও দিতাম না, এই থেকেই বিশ্বাস করুন আমায়'।"

পনের

কার্শিয়াং প্রথমটা জাহ্নবীকে অভিভূত করিয়া ফেলিল। শুধু কার্শিয়াংই নয়, এই অভিযানের সঙ্গে জড়িত সব কিছুই—অদ্ভুতভাবে বাড়ি থেকে বাহির হওয়া, চাপা ভয় আর বিস্ময়ের মধ্যে ; অদ্ভুত সঙ্গীদের মধ্যে আসিয়া পড়া ; রেলযাত্রা—অতজন এক সঙ্গে—গদীওয়ালা গাড়িতে—অত আরামে ; তাহার পর সকালে উঠিয়াই এক অদ্ভুত দেশ—সামনে এ প্রান্ত থেকে ও প্রান্ত, আর ওদিকে আকাশ-ছোঁওয়া কি একটা দাঁড়াইয়া—গোড়ায় সবুজ গাছের বন, তাহার পর নীল, তাহার পর রূপার মতো ঝক্‌ঝকে ; সমস্তটার ওপর প্রভাতের আলো পড়িয়া সবুজ নীল আর রূপার গায়ে একটা নূতন আভা ফুটাইয়াছে।···জাহ্নবী হাঁ করিয়া দাঁড়াইয়া আছে, সহযাত্রিনীদের কথাই কানে আসিয়া লাগিল—"ঐ হিমালয় পাহাড়···কার্শিয়াং নিশ্চয় ঐ

খানটায় হবে।…দূর; এক্ষুণি ?—ছোট্ট লাইনে ক'রে এখন অনেক দূর;-
একবার গিয়েছিলাম আমি দার্জিলিং পর্যন্ত"…এই তাহা হইলে পাহাড়!
জাহ্নবী পূর্বে দেখে নাই কখনও জীবনে। এতদিন পর্যন্ত যাহা কিছু দেখিয়াছে
দুনয়নে, সে সব থেকেই কত আলাদা! এত আশ্চর্য রকম বড় যে, এতদূর
হইতেও গা ছম্ ছম্ করে, অথচ এত আশ্চর্য রকম সুন্দর যে চোখ ফেরান
যায় না। ছোট গাড়িতে চড়িল সবাই; ছোট হিসাবে এও আশ্চর্য, বড
গাড়ি হইতে নামিয়া যেন মনে হয় খেলনা। নিচু জায়গা ছাড়িয়া ক্রমে
আঁকিয়া বাঁকিয়া পাহাডে উঠিল। ছোট লাইনের সমস্ত রাস্তাটা কাটিল কখনও
নিবিড ভয়ে, কখনও নিবিড় বিস্ময়ে, কখনও নিবিড় আনন্দে; সমস্ত
সময়টুকু জাহ্নবী যেন নিজের বিচিত্র অনুভূতিব অতলে ডুবিয়া গিয়া নিস্পন্দ হইয়া
রহিল। প্রায বারোটার সময উহারা আসিযা কার্শিয়াঙে পৌছিল। এমন
বেশি কিছু সময় নয়, কাল সকাল থেকে আজ এই দুপুব—এব একদিকে আছে
নীরব অশ্রুজলে মায়ের কাছ থেকে প্রথম বিদায, আব একদিকে এই কার্শিযাং,
মাঝখানে কত কী যে হইয়া গেল! জাহ্নবী মনের মধ্যে সেগুলাকে যেন গুছাইয়া
লইতেও পাবিতেছে না।

স্টেশন থেকে হাঁটিযাই বাসার দিকে চলিল, দলের সবাই যেন আহ্লাদে
ছড়াইয়া পডিয়াছে। বেশ চওডা খানিকটা নিচু জমি, সেইটাই আস্তে আস্তে
উঠিয়া গেছে, উহারই ওদিকে নাকি জাহ্নবীদের নূতন বাসা—যে লোকটা পথ
দেখাইয়া লইয়া যাইতে আসিয়াছে, সেই বলিতেছে। তাহাব অভিধাটা কীপার—
একটা নূতন কথা শিখিল জাহ্নবী। গাছপালা সব নূতন ধবণেব, আর যেখানে
সেখানে ভালো ভালো ফুলের গাছ, যা দেশে থাকিতে বড় লোকদের বাগানে
যত্নের সঙ্গে আজ্জাইতে দেখিয়াছে। পরিষ্কার হাওয়া, তবে বেশ ঠাণ্ডা।
পাহাড়ের গা বাহিয়া দূরে কাছে হালকা মেঘেব স্তূপ উঠিয়া আসিতেছে; কথা-
বার্তার মধ্যেই শুনিয়া বুঝিয়াছে মেঘ, নয়তো ভাবিয়া পাইতেছিল না এত পেঁজা
তুলার রাশ আসে কোথা থেকে। আকাশটা কিন্তু একেবারে পরিষ্কার, আর

কি আশ্চর্য রকম নীল। খনখনে রোদ শীতেল হাওয়ায় লাগিতেছে বড় মিঠা। সবাই চঞ্চল হইয়া উঠিয়াছে—হাসি, চপল কথাবার্তা, এক এক সময় ছুটাছুটি পর্যন্ত; অণিমা দিদি, আরও তিনজন বর্ষীয়সী যে সঙ্গে আসিয়াছে, মাঝে মাঝে শাসাইয়া দিতেছে; তাহাদের মুখেও কিন্তু হাসি।

জাহ্নবী চলিয়াছে নীরবে, মুখটা বেশির ভাগ একটু নিচু করিয়াই, এত অল্প সময়ের মধ্যে জড়তাটা কাটা সম্ভব নয়। যখন চারিদিকের আনন্দের জোয়ার বুকের মধ্যে ঢুকিয়া উপচাইয়া পড়িবার মতো হইতেছে, মাথাটা তুলিয়া হাসি হাসি মুখে চারিদিকটা দেখিয়া লইতেছে একবার।...পরণে জুতা মোজা, একটা নীল সার্জের ফ্রক, সব ছোট মেয়ের গায়েই যা, এগুলা বোর্ডিং থেকে পাওয়া; অণিমা দিদি নিজের পয়সায় একটা উলের স্কার্ফ কিনিয়া দিয়াছে।...এ-সবও জাহ্নবীর জীবনে অদ্ভুত রকম নূতন—রোদ, হাওয়া, পাহাড়, সঙ্গী—এই সবের সহিত পোষাকের এসবও সমস্ত চেতনা দ্বারা অনুভব করিতে করিতে চলিয়াছে জাহ্নবী। ফ্রকের পকেটে বাঁধা একটি টাকা, আসিবার সময় মা দিয়াছিল; ডান হাতটি পকেটে দিয়া প্রায় সব সময়েই সেটা মুঠার মধ্যে চাপিয়া আছে। এক এক সময় মনে পড়িয়া যাইতেছে সেই বনের মধ্যে ভাঙাবাড়ির কথা—দাদু, মা, দিদিমা, বাগান, দোতলার আধ-ভাঙ্গা ঘরের কোণটুকু—সবগুলাই বা কোন একটা; সঙ্গে সঙ্গেই কিন্তু মেয়েদের আনন্দ-চপলতায় মুছিয়া যাইতেছে।

বাড়িটা একটা অপেক্ষাকৃত নিচু টিলার উপর; দূর থেকে মনে হয় মাথাটা সরু, কিন্তু যখন আসা গেল, দেখা গেল বেশ খানিকটা চাটালো জমি। জমিটার উঁচু দিকটায় বাড়িটা,—রাঙা টালির ছাত; একটানা নয়, খানিকটা উঁচু, খানিকটা নিচু, খানিকটা আরও নিচু। মেঝেগুলাও সেই রকম, সব ঘর আর সব বারান্দা এক সমতলে নয়, ছোট বড় সিঁড়ি দিয়া ওঠো নামো, যেন খেলা ঘর, দেশের দিকের বাড়ির মতো একেবারেই নয়। দেওয়ালগুলাও কোনটা কাঠের, কোনটা ইঁটের মতো করিয়া কাটা পাথরের, কোনটা আবার এবড়ো খেবড়ো পাথরেরই—একটার ওপর একটা করিয়া সাজানো। প্রায়

সমস্ত জমিটাই বাড়িটার সামনের দিকে; পেছনে হাত-চার পাঁচ পরেই গভীর খাদ, কতদূর নামিয়া গেছে—লম্বা লম্বা গাছের জঙ্গল, ক্রমে মাত্র সেগুলার ডগাগুলা দেখা যায়, তাহার পরই যে কী কিছুই বুঝা যায় না।

প্রতিবেশী হিসেবে খুব কাছে কোন বাড়ি নাই; তবে অল্প দূরে, আরও দূরে, চারিদিকেই অনেক বাড়ি, এ-পাহাড়ে, ও-পাহাড়ে; কোনটাতে একটা কোনটাতে দুইটা, কোনটাতে ততোধিক; কোনটা পাহাড়ের মাথায়, কোনটা ঘাড়ে, কোনটা একেবারেই ঢালুর গায়ে—কে যেন ঠুকিয়া বসাইয়া দিয়াছে। সব বাড়িগুলাই রং-করা, উঁচু-নিচু, নীল আকাশের নিচে পরিষ্কার রোদে ঝলমল করিতেছে।

আহারাদি সারিতে দেরি হইল। রাত জাগার জন্য নিদ্রা হইতে উঠিতে সন্ধ্যা উতরাইয়া গেল। দিব্য কন্‌কনে শীত, গায়ের মোটা কম্বলটা টানিয়া লইয়া জাহ্নবী ঘরের সামনে ছোট্ট বারান্দাটিতে আসিয়া একেবারে নিশ্চল হইয়া গেল,—ডাইনে, বাঁয়ে, সামনে, যেদিকে চায় শুধু আলোর ঝিকিমিকি, দূরে, আরও দূরে; এক এক জায়গায় অল্প, এক এক জায়গায় যেন কালীপূজার রাতের দেয়ালি জ্বালিয়া দিয়াছে।

কাঁধে কাহার হাত পড়িতে ফিরিয়া দেখিল অণিমা দিদি পেছনে দাঁড়াইয়া আছে, প্রশ্ন করিল—"আলো দেখছ?"

"সেই বাড়িগুলোর আলো, না?"

"হ্যাঁ, উঁচুনিচু জায়গা কিনা;—যেদিকটা পাহাড়ের আড়ালে পড়ে না, অনেক দূর পর্যন্ত দেখা যায়।...কেমন লাগছে কার্শিয়াং?"

"বেশ।"

"মন কেমন করছে নাতো?"

জাহ্নবী মাথা নাড়িয়া জানাইল, না করে না।

"আরও ভালো লাগবে, সবার সঙ্গে যেমন যেমন ভাব হবে। বেড়াবার জায়গাও এখানে অনেক, আর সুন্দর সুন্দর, এমন হবে যে পাহাড় ছেড়ে

নামতেও ইচ্ছে করবে না। নিচের জায়গায় তো বিশেষ কিছু থাকে না—সেই এক ঘেয়ে বাড়ি-ঘর-দোর, এক ঘেয়ে জীবন···এখানে আরও ভালোই লাগবে—তোমার বাড়িতো আবার বনের মধ্যে—মা, দিদিমা আর দাদু ভিন্ন···"

হঠাৎ ফোঁপাইয়া কাঁদার শব্দ হইল; হাতটা কাঁধেই, তাহার নিচে শরীরটা দুলিয়া উঠিতে লাগিল জাহ্নবীর। ··ভুল হইয়া গেছে, মন বসাইবার জন্য কার্শিয়াঙের গুণ-কীর্তন করিতে গিয়াছিল অণিমা, অতটা হিসাব করিয়া দেখে নাই। হাতে একটা স্নেহের চাপ দিয়া বলিল—"কাঁদতে নেই ছিঃ, আবার যাবে তাঁদের কাছে। ঘরে চলো, এখানে হঠাৎ আবার ঠাণ্ডা লেগে যায়।"

এই নূতন পরিবেশেব মধ্যে জাহ্নবীব নূতন জীবন আরম্ভ হইল।

এ-জীবনে সঙ্গ আছে, কিন্তু তাহা সামাজিক নয়, মুক্তি আছে কিন্তু তাহাও সমাজের মধ্যে নয়। এ-দেশটা যেমন মর্ত থেকে অনেকটা দূর—স্বর্গের কাছাকাছি, এখানের জীবনও তেমনি মর্তের জীবন থেকে একেবারে বিচ্ছিন্ন—এখানকার জীবন সুস্থ, স্বচ্ছন্দ, নিশ্চিন্ত; মর্তের যে-জীবনকে রোগ-সংশয় অভাবের সঙ্গে যুদ্ধ করিয়া বিকশিত হইতে হয়, সে-জীবনের সঙ্গে এর কোন সংস্রব নাই।

নারায়ণীর উদ্দেশ্যের এক দিকটা অবশ্য দিন দিনই সফল হইয়া উঠিতে লাগিল। জাহ্নবী সুখে আছে, ভালো আছে, এতটা বোধ হয় কল্পনাও করিতে পারিত না তাহার মা। নিটোল স্বাস্থ্য, তাহার উপর বয়োধর্মে রূপ যেন দিন দিন উছলিয়া উঠিতেছে সর্বাঙ্গে। সত্যই বোর্ডিংয়ে থাকার মতো যাহার অবস্থা, এরূপ রূপসী মেয়ের রূপে একটা দম্ভের জ্বালা থাকে; বনবাসিনী দুঃখিনী মায়ের মেয়ে জাহ্নবীর রূপে আছে একটা বিষাদের স্নিগ্ধতা। তাই বোর্ডিঙে ওর শত্রু নাই; সৌন্দর্যের জন্যই যে-সব সুন্দরী মেয়েদের ঈর্ষা হওয়ার কথা, তাহারাও ওকে ভালোই বাসে; এদিক দিয়াও সবার

ভালোবাসায় সুখে আছে জাহ্নবী। শিক্ষিতও হইয়া উঠিতেছে দ্রুত। ওর বুদ্ধিটা তীক্ষ্ণ; নিঃসঙ্গ বনজীবন ওকে ধ্যানপরায়ণা করিয়া সেটাকে আরও তীক্ষ্ণ করিয়া তুলিয়াছে, শিক্ষার আনন্দে সেটা সাড়া দিয়া উঠিল। সমবয়সিনীদের পেছনে পড়িয়া থাকার লজ্জাও ওকে দ্রুত সামনে ঠেলিয়া লইয়া চলিল; তাহার সঙ্গে রহিল আণিমার যত্ন—জাহ্নবী চারিদিক দিয়াই বোর্ডিঙে বিশিষ্টা হইয়া উঠিল।

আরও একটা পরিবর্তন আসিতে লাগিল। এটাও বয়োধর্মে আসিতই, তবে অরণ্য-জীবনে উপযুক্ত সঙ্গিনীর অভাবেই দেরি হইত আসিতে, আর তাহার আগের যে জীবন তাহাতে বিকৃত হইয়াই আসিত; বোর্ডিঙে ভালোমন্দ নানারকম আলোচনার মধ্যে জাহ্নবী নিজের নারীত্ব সম্বন্ধে সজাগ হইয়া উঠিতে লাগিল। রূপের জন্য তাহাকে লইয়াই রহস্য-আলোচনা বেশি, তাই বোধ হয় একটু বেশি করিয়াই সজাগ হইয়া উঠিতে লাগিল জাহ্নবী—নিজেকে লইয়া জাগিল যৌবনের সেই চিরন্তন আত্মপ্রসাদ; মনের কোণে স্বপ্নের সিন্দূর ঊষা দিল দেখা।

তবু সবটুকুর মধ্যে একটা 'কিন্তু' কোথায় রহিয়া গেলই। যেমন রূপকে চিনিল তাহার আসল মূল্যে, সেই সঙ্গে রূপের পিছনে যে, বিকৃত তৃষা ঘুরিয়া বেড়ায়—কপট হাসির মধ্যে, সেবার মধ্যে, সহানুভূতির মধ্যে, আত্মীয়তার মধ্যে—সেটাকেও চিনিতে লাগিল তাহার প্রকৃত স্বরূপে। অরণ্যবাসের আগে তাহার মায়ের জীবনে ছোটখাটো ঘটনাগুলা আর একেবারেই ছোটখাটো রহিল না; মায়ের অমন চোখ জুড়ানো রূপ—কিন্তু তাহার জন্যই তাহাকে এক আশ্রয় থেকে অন্য আশ্রয় খুঁজিয়া বেড়াইতে হইয়াছে—ছবিগুলা এক এক করিয়া জাগিয়া ওঠে জাহ্নবীর চোখের সামনে—একটা বাড়িতে রাঁধুনিগিরি করিত মা, একদিন গভীর রাত্রে খিড়কির দুয়ার খুলিয়া, জাহ্নবীকে বুকে চাপিয়া বাহির হইয়া আসিল।...আর একবার বর্ষার প্রায় সমস্ত রাত্রিটা একটা গাছের তলায় দাঁড়াইয়া আছে!

জাহ্নবী মায়ের কতকটা মনোরঞ্জন করিবার জন্যই বলিল—"ও-বাড়িতে কাকারা ভারী দুষ্টু ছিল, না মা?"···ছোট্ট উত্তর হইল—"হ্যাঁ"···"কিন্তু দাদু মা?—তাঁর বড্ড কষ্ট হবে, না? আমাদের বড্ড ভালো বাসতেন, না মা? আমায় খাবারের পয়সা দিতেন, রোজই কেমন, না মা?"···দাদু, অর্থাৎ বাড়ির বৃদ্ধ কর্তা। মাকেও যে ভালোবাসিত সেই কথা বলিতে যাইতে ছিল। "চুপ কর, বকে না"—বলিয়া মা থামাইয়া দিল।···কদর্য!—লালসাতুর বৃদ্ধ। আজ জাহ্নবী বোঝে সেই জন্য ছেলেদের ছিল তাহার মায়ের ওপর বিষদৃষ্টি—কিন্তু সে বিষের আড়ালেও আবার তাহাদের নিজেদের লালসায় এই বিষই লুকাইয়াছিল কিনা কে জানে?·· আরও কত ছবি, এই রকমই···বনবাসের সময় দুর্গাপূজার সেই দৃশ্য, মিত্তিরদের বাড়িতে; সেদিন মাত্র পূজার আলো একটু মলিন করিয়া দিয়াছিল, আজ সমস্ত পূজাটাকেই মসীলিপ্ত করিয়া দিয়াছে জাহ্নবীর চোখে।

বোর্ডিং অনেক কিছু দিল,—কৃষ্টি দিল, ছাত্রী-জীবনের যা' মূলগত শুচিতা, শিক্ষায় যা ঔদার্য—সবই ধীরে ধীরে সঞ্চারিত করিল জাহ্নবীর জীবনে, কিন্তু এ সব ছবি মুছিয়া ফেলে কি করিয়া?

তাই এই নূতন জীবনের নূতন আশা, নূতন আনন্দ, নূতন স্বপ্নের সঙ্গে লাগিয়া রহিল ভয়, বিদ্বেষ, অবিশ্বাস। কার্শিয়াং সমাজজীবন দিতে পারিল না, তাই মানুষ যে ভালোমন্দ দু'রকমই, কল্যাণ-অকল্যাণের আলোছায়া দিয়াই যে সমাজজীবন গড়া এ প্রত্যয়টা হইবার আর অবসর হইল না জাহ্নবীর।

এইখানেই শেষ হইল না। এই ভয় বিদ্বেষ-অবিশ্বাসের সূত্র ধরিয়া ব্যাপকতর জীবন সম্বন্ধে জাগিল একটা কৌতূহল—ধর্ম, সমাজ-ব্যবস্থা, এমন কি রাজনীতি পর্যন্ত! বয়স্থা মেয়েদের মধ্যে বরাবরই আলোচনা হয় এসব লইয়া—আগে তেমন রস পাইত না, জাহ্নবী, এখন ধীরে ধীরে আকৃষ্ট হইতেছে—প্রশ্ন জাগে—সত্যই তো ওটা যদি সর্বকল্যাণময়ী দেবীরই পূজা তো সে-পূজার রাতের অমন কলুষিত রূপ কেন? কোথায় কি ভুল আছে?···

আশ্রমটাতে অনেকদিনই ওরা বেশ সুখে ছিল, যদিও সব বিষয়েই অভাব; হঠাৎ একদিন একটা সাড়া জাগিল—একজন খুব বড় ব্যবসায়ীর কৃপাদৃষ্টি পড়িয়াছে···বিরাট অট্টালিকায় উঠিয়া গেল আশ্রম—লোকজনে, সেবাযত্নে, দারিদ্র্যের রূপ গেল বদলাইয়া, দলে দলে মেয়ে-আশ্রিতারা জুটিতে লাগিল। দিনকতক পরেই একটা চাপা আতঙ্ক—'চালান দিচ্ছে!···এও ব্যবসা!'··· শুধু তাহাই নয়, সেই লালসার আহুতি; আজ জাহ্নবী বোঝে মা কেন অত-সুখের মধ্যে ছেঁড়া কাপড়ের ছদ্মবেশে পলাইয়াছিল।···প্রশ্ন জাগে—অর্থের এ আতিশয্য কেন, যাহার জন্য উহা এভাবে বিকৃত হইয়া পড়ে?

এই সব প্রশ্নের উত্তর খুঁজিতে জাহ্নবী কি করিয়া ডোরা বোস নামক মেয়েটির কাছাকাছি আসিয়া পড়িল।

ডোরার বয়স প্রায় বাইশ-তেইশ বৎসর, অর্থাৎ বোর্ডিঙের বয়স্থা মেয়েদের একজন। মুখটা কঠিন, প্রায় লালিত্যহীনই—সুন্দরী হইয়াও; এরই মধ্যে এমন কতকগুলা রেখা জাগিয়াছে যাহাতে, দেখিলে কেমন যেন মনে হয় জীবনের পথে ও বয়সের অনুপাতে ও অনেকটা আগাইয়া গেছে। দৃষ্টি বড় তীক্ষ্ণ কিন্তু কঠোরভাবে স্বল্পভাষিণী, যেন একটা তপস্যা লইয়া আছে।

একদিন জাহ্নবীকে একলা পাইয়া হঠাৎ বলিয়া বসিল—"তোমার মধ্যে প্রেমের স্বপ্ন জেগেছে জাহ্নবী, অর্থাৎ পুরুষকে বিশ্বাস করে ভালোবাসার; প্রশ্রয় দিও না মনকে, ঠকবে।"

তাহাব পর দু'একখানা করিয়া বই পড়াইতে লাগিল। ভূমিকা করিল—"পুরুষরা এতদিন ধ'রে সমাজকে কি ক'রে গড়েছে একটু বোঝবার চেষ্টা করো। সব মেয়েই তো বিয়ে করে, তুমি না হয় এই ব্রতটাই নাও।"

ষোল

এই সবের পাশে আর একটি ব্যাপার আসিয়া জুটিল।

কার্শিয়াঙে তখন প্রায় আড়াইটা বৎসর কাটিয়া গেছে; হঠাৎ এক সময় জাহ্নবী অনুভব করিল বোর্ডিঙের জীবনে যেন একটু ছন্দপতন ঘটিতেছে। কোথায় কি অভাব হইতেছে ধরিতে পারিল না। সকাল থেকে রাত্রি পর্যন্ত রুটিনবদ্ধ কাজের মধ্যে—পড়া, বেড়ানো, নাওয়া, খাওয়া, খেলা, সঙ্গীত নিদ্রা—কোথাও একচুল এদিক-ওদিক নাই, তবু এ-কাজে ও-কাজে কোথা থেকে একটা যেন ছায়া আসিয়া পড়ে। কয়েকদিন নিজেই একটু লক্ষ্য করিয়া আবিষ্কার করিবার চেষ্টা করিল; দু'একজন সঙ্গিনীকেও বলিল, মেজাজ অনুযায়ী মন্তব্য শুনিল—"কেন, আমরা তো বেশ আছি!...তাই নাকি? ও, তা'হলে আরম্ভ হয়ে গেছে! ইউ আর্ ইন্ লভ্, জাহ্নবী, বিওয়্যার!... সত্যি?—তোমার তাহলে বেড়ানো বন্ধ করা উচিত জাহ্নবী, লক্ষণ ভালো নয়..."

একদিন ডোরাকেও বলিল। ডোরা এদিকে আরও অল্পভাষিণী হইয়া গেছে, তাহার সঙ্গও পাওয়া যায় কম, মুখের পানে একদৃষ্টে চাহিয়া রহিল একটু, একটা যেন বলিবার কথা আছে, কিন্তু বলিবে কি না স্থির করিয়া উঠিতে পারিতেছে না; তাহার পর প্রশ্ন করিল—"অনুভব করেছ তুমি?"

"হ্যাঁ, কেমন যেন...কী যে, ঠিক গুছিয়ে বলতে পারছি না ডোরাদি।"

ডোরা চোখ তুলিয়া একটু কি ভাবিল, তাহার পর বলিল—"আশ্চর্য হচ্ছি না... তোমায় এ্যাফেক্ট করবেই।...ইয়ে, অণিমাদিকে লক্ষ্য ক'রে দেখো তো।"

—খাটিয়া-খুটিয়া প্রস্তুত করিবার জন্য একটা যেন পাঠ দিয়া ডোরা কর্মান্তরে চলিয়া গেল।

জাহ্নবীর কৌতূহলী দৃষ্টি গিয়া অণিমার ওপর পড়িল। সত্যই তাহার মধ্যে একটা পরিবর্তন আসিয়াছে, খুবই সূক্ষ্ম, কিন্তু একটু মন দিয়া দেখিলেই ধরা পড়ে।

বোর্ডিঙে চারজন শিক্ষয়িত্রী, কিন্তু অণিমাই যেন প্রাণস্বরূপ। প্রধানার অনেক বয়স হইয়াছে; বোর্ডিংটা ক্যাথলিক সম্প্রদায়ের, তিনি বেশির ভাগ ধর্মগত অনুষ্ঠান লইয়াই থাকেন। বাকী দুইজনেরও বয়স হইয়াছে, শিক্ষাদান ও রুটিনগত কয়েকটা কাজের পর আর অন্যদিকে বিশেষ মন দেন না। অণিমা সবদিক তো সামলায়ই, তা' ভিন্ন নিজের প্রাণ শক্তির প্রাচুর্য দিয়া সবকিছুর মধ্যেই আনন্দ সঞ্চার করিয়া রাখে। বোর্ডিঙের সামগ্রিক জীবনে তো বটেই, ব্যক্তিগত জীবনেও সবাই যেন সর্বক্ষণ ওকে কাছে পায়। হাওয়ার মতো ওর এই নিত্য-সঞ্চরণশীলতা—হাসি লইয়া, সান্ত্বনা লইয়, আনন্দ লইয়া—সবার প্রবাস জীবনকে যেন সহনীয় করিয়া রাখিয়াছে।...জাহ্নবী লক্ষ্য করিল এইখানে একটু অভাব ঘটিয়াছে। অণিমা আছে সেইরকমই, কিন্তু যেন চেষ্টা করিয়া ঠাট বজায় রাখিয়া—এক-একসময় চেষ্টা সত্বেও অন্যমনস্ক হইয়া যায়; হাসি যে বিলাইতে চায়, তাহাতে যেন ছায়া আসিয়া পড়ে, সে রকম আলো খোলে না।...ক্রমে এ-ব্যাপারটা আরও একটু স্পষ্ট হইল। জাহ্নবীকে বেশি ভালবাসে, জাহ্নবীও খোঁজে একটু বেশি, দু'একবার এমনও হইল যে সমস্ত বোর্ডিংটা খুঁজিয়া পাওয়া গেল না অণিমাকে। এক একসময় যেন নিরিবিলি খোঁজে, নজরে পড়িয়া গেলে জাহ্নবী আড়াল থেকে লক্ষ্য করে মুখে স্পষ্ট উদ্বেগ, এমন কি ভয় পর্যন্ত।

বোর্ডিঙের অত মেয়ের মধ্যে কাহাকেও একেবারে একান্তে পাওয়া শক্ত; দুই-তিন দিন চেষ্টা করিয়া জাহ্নবীর একটু সুযোগ হইল, বলিল—"দেখলাম ডোরাদি, সত্যি অণিমাদি একটু কিরকম হ'য়ে গেছেন, এদিকে একটু শুকিয়েও গেছেন যেন। কেন?... জিগ্যেস করব না হয়?"

ডোরা শিহরিয়া উঠিয়াই বলিল—"সর্বনাশ! অমন কাজ কোর না, বোর্ডিং ছাড়তে হবে।"

"আমায়!"

"বাধ্য হবেন ছাড়াতে; কোনও এক ছুতোনাতা করে, একে তো অনুগ্রহের ওপর আছ।···থাক সে কথা, তুমি আজ বিকেলে দলের সঙ্গে বেড়াতে যেয়ো না। কিছু একটা ব'লে বাসাতেই থেকো।"

বিকালে বোর্ডিংঙের বাড়িটা খালি হইয়া যায়। বেশির ভাগ ছাত্রীই বেড়াইতে বাহির হইয়া যায় দলে দলে; পাঁচের কম একটা দলে থাকা নিয়ম নয়; বাকী সবাই বিশেষ করিয়া ছোটদের দল সামনের প্রশস্ত উঠানটায় খেলে। অণিমাও একটি ছোটখাট দল গড়িয়া লইয়া কোনদিকে চলিয়া যায়, বাকী তিনজন শিক্ষয়িত্রী প্রাঙ্গণের একধারে বেতের চেয়ার লইয়া বসেন, উল বোনা চলে, গল্প হয়।

সেদিন জাহ্নবী গেল না; অবশ্য ডোরাও নয়, বোর্ডিং যখন একেবারে খালি, বিকালটাও যখন সন্ধ্যার মুখে একটু মলিন হইয়া আসিয়াছে, ডোরা জাহ্নবীকে নিজের ঘরে ডাকিয়া আনিল।

বাড়িটা একটা ত্রিভুজের মতো। মাঝের কোণটার একেবারে পেছনের দিকে ডোরার ঘরটা। বাড়িতে সবচেয়ে ছোট ঘর, একজনের যোগ্য; একলা থাকিতে ভালবাসে বলিয়া ডোরা এইটা বাছিয়া লইয়াছে। সামনে ত্রিভুজের বাকি যে দুইটি কোণ তাহার মধ্যে একটিতে থাকে অণিমা। পাহাড়ে বাড়ির লাইন প্রায়ই একেবারে সোজা হয় না, শেষের আর সামনের এই দুইটি কোণের লাইনও আঁকিয়া বাঁকিয়া একটু ভিতরের দিকে চলিয়া আসিয়াছে, কতকটা ক্রেসেণ্ট চাঁদের মতো। ফলে ডোরার ঘর থেকে অণিমার ঘরটা দেখা যায়। কিন্তু সবটা নয়; এই দিকটায় বাড়ির নিচেই একটা গভীর খাদ, সেখান থেকে পাইন, বার্চ প্রভৃতি কতকগুলি গাছের চূড়া উঠিয়া আসিয়া

এ-প্রান্ত ও-প্রান্তের মাঝে একটা অন্তরাল সৃষ্টি করিয়াছে ; ডোরার ঘরের একেবারে শেষদিকের জানালা হইতে অণিমার ঘরের প্রায় অর্ধেকটা দেখা যায়। সেই জানালার পাশেই ডোরার বিছানাটা ; দুইজনে পাশাপাশি বসিল।

এই দিকে একটা পায়ে-হাঁটা রাস্তা আছে। বোর্ডিঙের সমতল হইতে প্রায় তিনমানুষ নিচুতে সামনের প্রাঙ্গণটার পাশ দিয়া আসিয়া অণিমার ঘরটা হাত দশ-বারো তফাতে রাখিয়া, ঠিক খাদটা বাঁচাইয়া পাশের পাহাড়টার ওপর উঠিয়া গেছে। রাস্তাটা একটু ঝোপ-ঝাড়ের মধ্যে দিয়া বলিয়া লোক চলাচল কম, পাহাড়িয়ারাই বেশি ব্যবহার করে।

ওরা দুইজনে গিয়া মিনিট পনের বসিবার পরই সামনের পাহাড় থেকে এই পথ ধরিয়া একটি লোক নামিয়া আসিয়া এই পাহাড়টায় উঠিল। ইউরোপীয় পোষক-পরা, হাতে একটা ছড়ি, সেটা ঘুরাইতে ঘুরাইতে সান্ধ্য ভ্রমণের বেশ সহজগতিতে চলিয়া আসিয়া অণিমার ঘরের সামনের বাঁকটায় হঠাৎ দাঁড়াইয়া পড়িল। সঙ্গে সঙ্গেই তাহার ভঙ্গিটা গেল বদলাইয়া, একবার রাস্তার দুই দিকটা গলা ঘুরাইয়া ঘুরাইয়া দেখিয়া লইল, তাহার পর রাস্তা আর অণিমার ঘরের মাঝখানে যে ঝোপটা তাহাব মধ্যে ঢুকিয়া পড়িল।

জাহ্নবী বলিয়া উঠিল—"এ কি! কে ও?"

ডোরা তাহার ডান হাতটায় চাপ দিয়া বলিল—"চুপ্, এরই জন্যে ব'সে আছি।"

মিনিট খানেক পবেই লোকটা একেবারে অণিমার জানালার সামনে গিয়া উঠিল, চৌকাঠের সমতলে মাথাটা তুলিয়া, তাহাব পর হাত উচাইয়া জানালায় দুইটা টোকা মাবিল।

জানালাটা খুলিয়া গেল এবং একটু তেরছাভাবে দেখা গেল অণিমার মুখ—বুকের খানিকটা পর্যন্ত।

ইহার পর যা কিছু দেখা গেল সব ইসারা-ইঙ্গিতে,—অণিমা কাতরভাবে কি বলিতেছে, মাঝে মাঝে ঘাড় বাঁকাইয়া হাতজোড় করিয়া; এদিকে

লোকটা যেন অনড়, মাঝে মাঝে সামান্য একটু মাথাটা যেন নাড়িতেছে, তাহা অসম্মতির ভঙ্গিতে। একবার হাতটা বাড়াইল, অণিমা পেছন দিকে শরীরটা একটু টানিয়া লইতে আবার নামাইয়া লইল।

তীব্র উৎকণ্ঠার জন্য জাহ্নবীর মনে হইল প্রায় পনের মিনিট কাটিল এইভাবে, তাহার পর দেখিল অণিমা নিজের বাঁ হাতের রুলিটা খুলিতেছে। হাত বাড়াইয়া লোকটার হাতে দিল। সে তবু দাঁড়াইয়া রহিল। আবার সেই মূকাভিনয়—ওদিকে কাতর মিনতি; এদিকে অতি মৃদু একটা শিরশ্চালন, অটল প্রতিজ্ঞায়; তাহার পর অণিমা নিজের ডান হাতের রুলিটাও বাড়াইয়া দিল। তাহার পর করুণা উদ্রেক করিবার জন্যই যেন খালি হাত দুইটা একটু তুলিয়া ধরিল।

লোকটা তবু দাঁড়াইয়া রহিল।

জাহ্নবী চাপা গলায় যেন আপন হইতেই বলিয়া উঠিল—"আরও চায়?"

ডোরার দাঁতে দাঁত ঘষার শব্দ হইল। জানালাটা আস্তে আস্তে বন্ধ করিতে করিতে বলিল—"হ্যাঁ, চায় বৈকি, পাবেও—দি ইটারন্যাল পার্টিং কিস্ (the eternal parting kiss) এত সত্ত্বেও!·· হওয়াই উচিত ওদের এইরকম!"

জানালা বন্ধ করিয়া দিয়া মুখোমুখি হইয়া প্রশ্ন করিল,—"দেখলে তো?"

"কিন্তু বুঝলাম না তো কিছু।"

"ব্লাকমেলিং; এক সময় ভালোবেসেছিলেন· প্রাণ দিয়ে, কবিত্ব ক'রে, তার একটা পুরস্কার চাই তো?···রাইট্‌লি সার্ভড্ (rightly served)!

ডোরার মুখটা ঘৃণায় বিকৃত হইয়া গেল।

জাহ্নবী অদ্ভুত অভিজ্ঞতায় যেন হতভম্ব হইয়া গেছে, বিশেষ করিয়া অণিমাকে লইয়া বলিয়া যেন আরও। প্রশ্ন করিল—"কিন্তু কে লোকটা?"

"জানি না; তেমন জানবার কথাও নয়, তবে দেবদূত নয় নিশ্চয়।"

"এই ব্যাপারটার সন্ধান কি করে পেলে তুমি?"

"একটা চিঠিতে।"

"কার চিঠি ?"

"ঐ শয়তানটারই।"

ডোরা উঠিয়া সুটকেশটা খুলিয়া ফিতা দিয়া বাঁধা একতাড়া চিঠির মধ্য হইতে একটা খামে ভরা চিঠি লইয়া আসিল! ভাঁজ খুলিয়া জাহ্নবীর হাতে দিয়া বলিল—"পড়ো।"

চিঠিটা ইংরাজীতে, ভালো ব্যাঙ্ক কাগজ, ওপরে বাঁ-দিকের কোণে পল-তোলা অক্ষরে ছাপা একটা পরিচ্ছন্ন মনোগ্রাম, লেখা আছে : প্রিয়তমে,

তোমার প্রেরিত টাকা কয়টি পেলাম, সহস্র ধন্যবাদ। কিন্তু আনন্দের চেয়ে দুঃখই অনুভব করছি আমি বেশি এই কারণে যে, তোমার বিচারবুদ্ধির কাছে এত ধর্ণা দিয়েও আমি আজ পর্যন্ত কৃতকার্য হতে পারলাম না। যুদ্ধের বাজারে সব জিনিসেরই দর আগুন, তবু এখনও তুমি যুদ্ধের আগে যা পাঠাতে যদি তাই পাঠাতে থাক তো চলে কি করে, উচিত নয় কি ভেবে দেখা? আর একটা কথা, যার জন্যে আমি তোমার ব্যবহারে বেশি ক্ষুব্ধ,—কার্শিয়াংয়ে গিয়ে অবধি তুমি একটা অতিরিক্ত পঞ্চাশ টাকার ভাতা পাচ্ছ এ কথাটি কিন্তু লুকিয়েছ আমার কাছ থেকে। এই অবিশ্বাসে আমি সত্যই মর্মাহত, আমাদের কি এই সম্বন্ধ ?

যাক্, আমি চাইছিলাম তোমার পথ আগলে না থেকে নিজেকে নিয়েই একান্ত নিশ্চিন্ত জীবনযাপন করতে। তার জন্যে একটু সচ্ছলতা চাই, তাতে সাহায্য করতে তুমি যখন প্রস্তুত নও, তখন আমাকে আবার গিয়ে সকলের সমক্ষে আমাদের অতীত জীবনের কথা প্রকাশ ক'রে তোমার ওপর আমার অধিকার সাব্যস্ত করতে হবে। আর সত্যই তোমার থেকে আলাদা হওয়া অবধি আমার কষ্টের পরিসীমা নেই। আমি তোমায় যে অবিমিশ্র ভালবাসা দিয়েছি, সেটা তুমি দিতে পারনি বলে একথাটা বিশ্বাস করা শক্ত হবে জেনেও লিখছি আজ। এই উদ্দেশ্যে আমি শীঘ্রই আসছি কার্শিয়াংয়ে, আশা করি আমাদের পুনর্মিলনের জন্যে প্রস্তুত থাকবে তুমি।

আমার ভালবাসা ও প্রীতিঘন চুম্বন নিও।

তোমারই

আলফ্রেড কিরণময় রায়

একেবারেই নূতন অভিজ্ঞতা, জাহ্নবী বিমূঢ়ভাবে একটু বসিয়া রহিল। তাহার পর কিছু যেন একটা বলিবার জন্যই প্রশ্ন করিল, "এই চিঠিটা পেলে কি ক'রে ?"

"নিতান্ত আকস্মিকভাবেই আমার হাতে এসে পড়েছিল, ডাক-পিয়নের ভুলে।"

জাহ্নবীকে একটু অস্বস্তির সহিত মুখের পানে চাহিতে দেখিয়া বলিল—"বুঝেছি তুমি কি বলতে চাও, আবার ফিরিয়ে দিলাম না কেন? ··আমার এরকম চিঠি খোঁজা একটা বাই আছে জাহ্নবী। বিশেষ ক'রে এটা তো আমার কাছে আমেরিকা-আবিষ্কারের চেয়েও বড়। এ আমার রক্ষাকবচ হয়ে রইল; আমায় বাঁচিয়েছে, বাঁচাবেও ভবিষ্যতে, হয়তো সেই সঙ্গে আরও অনেককে।···তুমি নীতির কথা ভাবছ; আমি ও সব বিশ্বাস করি না। আমার কাছে সব চেয়ে বড় নীতি—দেখে শিখতে হবে, শিখে বাঁচতে হবে। এই রকম অনেক জোগাড়-করা চিঠি আমায় সাহায্য করছে।" .

কিছু মন্তব্য শোনার জন্যই যেন চুপ করিল ডোরা। জাহ্নবী বলিল—"কিন্তু চিঠিটা অনিমাদির হাতে পড়লে লোকটা বোধ হয় আর আসত না, একটা নিশ্চয় ব্যবস্থা করতেন তিনি !"

"তুমি একেবারেই ভুল বলছ জাহ্নবী। অনিমাদির আর কোনও উপায় নেই। যদি এই রকম করে নিঃস্ব হয়ে লোকটার মুখ বন্ধ করে যেতে পারেন জীবনভোর, তবেই ভালো ; কিন্তু তা সম্ভব নয়। ওদের চাহিদার সঙ্গে পাল্লা দিতে পারে না কোন মেয়েই শেষ পর্যন্ত, এতই বেড়ে যায় সেটা দিন দিন।···সব পুরুষই মেয়েদের এক্সপ্লয়েট্ করছে জাহ্নবী, তার মধ্যে ঐ এক জাতের পুরুষ। ঐ ব্যবসা ওদের। ভেবেছ অনিমাদি একলা ? না, ওর আরও অনেক আছে ঐ রকম, কি রকম

স্টাইলে থাকতে হয়, চিঠির কাগজের মনোগ্রামে দেখছ না? নারীর মন আয়ত্ত করবার এ জাতের পুরুষের একটা ক্ষমতা আছে—সবার কাছ থেকে ওর মাসহারা বরাদ্দ—কলঙ্ক ভয়ের ওপর। তোমাদের সমাজের কুলীন জামাই হোত না?—এও কতকটা সেই রকম, আধুনিক কুলীন জামাই বলতে পার। তবে সে ব্যাপারটি হোত শ্বশুর-জামাইয়ে, এদের ডিরেক্ট—আধুনিক তো? অবশ্য আমাদের সমাজে, যেখানে স্ত্রী-স্বাধীনতা অবাধ, সেখানে বেশি এটা।"

দুইজনে নিজের নিজের চিন্তা লইয়া অনেকক্ষণ চুপ করিয়া রহিল। তাহার পর ডোরা হঠাৎ প্রশ্ন করিল—"কিছু নূতন শিখলে জাহ্নবী? চিনলে পুরুষকে? তার আর একটা দিক?"

জাহ্নবী ঘাড়টা কাৎ করিয়া একটু ম্লান হাসিল। বড়ই বিষাদপূর্ণ হাসি, তাহার অর্থ পুরুষ সম্বন্ধে তাহার অভিজ্ঞতা এই রকমেরই একটা কিছু এবং তাহা কত যে গভীব, কী মর্মান্তিক, ডোরা তাহার কি বুঝিবে?

ডোরা বলিয়া চলিল—"এই বোর্ডিংয়ে বয়স্থা মেয়েদের যে ক'টিকে আমার মতে আনবার চেষ্টা করেছি, তুমি তার মধ্যে একজন জাহ্নবী। আর এও জানি আমি যে, তুমি একেবারে নির্মল। আমি এই কাজ নিয়েছি, অনেককেই বাঁচাবার চেষ্টা করি, কিন্তু তোমার মতন এতটা কন্‌ফিডেন্সের মধ্যে কাউকে নিই না।"

জাহ্নবী একটু ক্লান্তভাবেই হাসিয়া বলিল—"তোমাব দয়া ডোরাদি, মনে থাকবে এ সব; কিন্তু এত দয়া পাবার যোগ্য কিসে, আমি বুঝছি না তো।"

ডোরাব মুখে ধীরে ধীরে স্বাভাবিক কাঠিন্য ফিরিয়া আসিল, অনেকক্ষণ ধরিয়া যেন সেটাকে সর্বাঙ্গে মাখিয়া লইল, তাহার পর বলিল—"দয়া বা যোগ্যতা-অযোগ্যতার কথা নয় জাহ্নবী, আমার এ ব্রত নিতান্ত নিঃস্বার্থও নয়,—আমার জীবনের সঙ্গে, আমার জন্ম-কাহিনীর সঙ্গেই এব একটা যোগ আছে। হয়তো একদিন শুনবে সে-কথা। আপাততঃ এইটুকুই বলে রাখি—আমার বড্ড ঘেন্না ওদের ওপর—ভালোমন্দ কোন পুরুষই তোমার মতন রত্ন যেন অঙ্গে না ধারণ

করতে পারে, এই আমার ইচ্ছে। ওরা যে পৃথিবীর খুব একটা বড সম্পদ থেকে বঞ্চিত হ'ল—ওদের মধ্যে যোগ্যতমও—এই আমার আনন্দ।"

সতের

সমস্ত ব্যাপারটা নিতান্ত অপ্রীতিকর বলিয়া জাহ্নবী আর এ প্রসঙ্গ লইয়া আলোচনা করিল না। কিন্তু এদিকে অণিমার জন্য একটা উৎকট আগ্রহ জাগিয়া আছে, দিন সাতেক পরে ডোবাকে একটু একান্তে পাইয়া প্রশ্ন করিল—'সে ব্যাপারটা কি হ'ল ডোবাদি? গেছে লোকটা?"

ডোবার মুখে একটা অদ্ভুত ধরণের হাসি ফুটিল—যেন এই প্রশ্নটা এই সাতটা দিনের প্রতি মুহূর্ত আশা করিতেছিল, বলিল—"যাক, আছে মনে তোমার এই সামান্য কথাটা? হ্যাঁ, গেছে চলে, দিন চারেক পরে।"

"আর এসেছিল?"

ডোবা একটু চোখ তুলিয়া চুপ করিয়া রহিল, তাহার পর ঘাড়টা বাঁকাইয়া জাহ্নবীর মুখের ওপর দৃষ্টি রাখিয়া বলিল—"হ্যাঁ, আর একবার অবশ্য এবার আর টাকা-গয়না নেয়নি বা আরও ঠিকভাবে বলতে গেলে, পায়নি

একটু চাহিয়াই রহিল, তাহার পর কিএকটা কাজে যাইতেছিল, চলিয়া গেল।

ব্যাপারটা ক্রমে জুড়াইয়া আসিল। অণিমার মুখের ভয় আর ক্লান্তির ভাবটা জাহ্নবীর দৃষ্টি থেকেও অপসৃত হইতে প্রায় মাসখানেক লাগিল সময়, তাহার পর সেখানে ধীরে ধীরে ওর স্বাভাবিক প্রসন্নতাও ফুটিয়া উঠিল। জাহ্নবীর কাছে বোর্ডিঙের জীবন আবার স্বচ্ছন্দ হইয়া উঠিল। মাস ছয়েক আরও কাটিল।

তাহার পর একদিন একটা নিতান্তই অভিনব দৃশ্য জাহ্নবীর চোখে পড়িল—

কিছুদিন পূর্বে ডোরার একজন নিকট আত্মীয় আসিয়া কার্শিয়াঙে উঠিয়াছে ; মিস্টার দত্ত। ভদ্রলোকের বয়স হইয়াছে, প্রায় ষাট-বাষট্টি, স্ত্রীর বয়সও পঞ্চাশের ওপর। আর পরিবারের মধ্যে একটি ছোট নাতি ও একটি নাতনি, পিঠোপিঠি, ওঁদের মৃত কন্যার সন্তান। এর অতিরিক্ত আছে স্ত্রীর একটি অনূঢ়া ভগ্নী' বয়স্থাই, অর্থাৎ অনূঢ়াই থাকিয়া গেছে কোন কারণে: আছেও এই পরিবারে বহুদিন থেকে।

পরিবারটি বহু পূর্ব থেকেই বোর্ডিঙের কর্তৃপক্ষের সঙ্গে অন্তরঙ্গ, বিশেষ করিয়া প্রধানা শিক্ষয়িত্রীর সঙ্গে। উঁহারা আসিয়াই একদিন বোর্ডিঙে উপস্থিত হইলেন এবং তাহার পর থেকে ডোরা তাহাদের সহিত মাঝে মাঝে দেখা করিয়া আসিবার অনুমতি পাইল।

বাসাটা প্রায় মাইল খানেক দূরে, গোটা দুই পাহাড় অতিক্রম করিয়া যাইতে হয়। প্রথমে শুধু কর্ত্রীর ভগ্নী মিস সেনই ডোরাকে লইয়া যাইতে আসিত, সঙ্গে করিয়া দিয়াও যাইত ; তাহার পর কখনও নাতি-নাতনি দু'টিও। কিছুদিন যাওয়ার পর এমনও হইতে লাগিল, ডোরাই প্রধানার বিশেষ অনুমতি লইয়া একাই যাইতে লাগিল, সন্ধ্যার আগে হইলে ফিরিয়াও আসিতে লাগিল একাই। বিরল বসতি জায়গা, তিন বছরের মধ্যে বোর্ডিঙের নিয়মকানুনে এমনই একটু শৈথিল্য আসিয়া গেছে, কলিকাতার মতো সে কড়াকড়ি ছিল না।

জাহ্নবী আরও গুটিপাঁচেক মেয়ের সঙ্গে বেড়াইতে গিয়াছিল। আজ ডোরাও তাহার আত্মীয়ের বাসায় গেছে, ছেলেমেয়ে দু'টি লইতে আসিয়াছিল। ফিরিবার সময় সবার খেয়াল হইল ডোরার আত্মীয়ের বাসা হইয়া বোর্ডিঙে যাইবে, ডোরা যদি না ফিরিয়া থাকে, তবে তাহাকে সঙ্গে করিয়া লইবে। বাসাটা এই দিকেই, তবে এদের পথে নয়, খানিকটা ঘুরিয়া যাইতে হয়।

পৌঁছিতে সূর্যাস্ত হইয়া গেল, শুনিল ডোরা মিনিট কয়েক আগে চলিয়া গেছে।

দলটা সঙ্গে সঙ্গেই আবার বোর্ডিঙের দিকে পা বাড়াইল, ডোরাকে ধরিয়া ফেলিতে হইবে। যতক্ষণ বাসাটা দৃষ্টিপথে রহিল, দ্রুতপদে হইলেও সবাই সংযতভাবেই চলিল, তাহার পর একটা টিলার আড়ালে সেটা অদৃশ্য হইয়া গেলে গতিবেগ বাড়াইয়া ক্রমে রীতিমত দৌড়াইতে আরম্ভ করিল। অচিরাৎ সমস্ত ব্যাপারটা একটা খেলায় দাঁড়াইয়া গেল এবং সেই নির্জন পাহাড়িয়া পথ পাঁচটি যুবতীর মুক্ত কৌতুক-কলোচ্ছ্বাসে মুখর হইয়া উঠিল।

মিনিট পাঁচেক এইভাবে ছুটিবার পর রাস্তার একটা বাঁকে সবাই ডোরার সঙ্গে এক রকম মুখোমুখি হইয়াই দাঁড়াইল। একা ডোরা নয়, সঙ্গে আর একজন পুরুষ, কলরবে আকৃষ্ট হইয়া দু'জনে এই দিকে ঘুরিয়া দাঁড়াইয়াছে।·· সবাই বেশ একটু বিস্মিত হইয়াই দাঁড়াইয়া পড়িল বটে, তবে জাহ্নবীর ভাবটা যেন বিস্ময়ের ওপরেও একটা কিছু—প্রস্তরবৎ নিশ্চল হইয়া গেছে, মুখটা ফ্যাকাসে। ভাগ্যে সন্ধ্যার অন্ধকার গাঢ় হইয়া আসিয়াছে, নয়তো তাহার ভাবান্তরই একটা গোলযোগের সৃষ্টি করিত। পুরুষটি সেই-মানুষ, অণিমা যাহাকে নিজের ঘরে জানালার নিচে হাতের কুলি খুলিয়া দিয়াছিল,—মাস ছয়েক আগেকার কথা।

জাহ্নবী অপরিসীম চেষ্টায় যত শীঘ্র পারিল মুখের ভাবটা সহজ করিয়া আনিল।

কথা কহিল প্রথমে ডোরাই: চমৎকার সহজ কণ্ঠস্বর, তাহাতে একটি নিতান্তই সহজ কৌতুকের সুর, মুখে একটু কৌতুকের হাসি—

"কোথায় গিয়েছিলে তোমরা? পাহাড়ে ঝরণার মতো ঘাড়ে এসে পড়লে!"

"গিয়েছিলাম আজ সান্‌সেট পয়েণ্টে ডোরাদি·· ভাবলাম তোমায় সঙ্গে নিয়ে ফিরব···গিয়ে শুনলাম তুমি চলে এসেছ···"

"হ্যাঁ, রাত হয়ে আসছিল।···এই দেখো ভুল! আমার ফার্স্ট কাজিন, পল অনুপম রয়, আমার ঐ কাকার বাসাতেই এসে উঠেছেন ক'দিন হ'ল।···

আর এরা হচ্ছে সবাই আমার বোর্ডিং মেট্‌স অনুপমদা,—জাহ্নবী, শীলা, অনুপা সেন—ক্লারা আর এই চন্দ্রা বিশ্বাস······জাহ্নবী যেমনভাবে চেয়ে আছে তোমার দিকে, মনে হয়, 'শি ইজ অল্‌রেডি ইন্‌ লাভ্‌ উইথ্‌ ইউ !" —বলিয়া সে নিজেও খিল খিল করিয়া হাসিয়া উঠিল, আর সকলেও সে হাসিতে যোগ দিল।

বাতাসটা সঙ্গে সঙ্গেই সহজ হইয়া গেল, অন্ততঃ সে-সময়টুকুর জন্য। "অনুপম" স্মিতহাস্যের সঙ্গে সবার সহিত একে একে করমর্দন করিল, বলিল,—"আমি আসতেই চাইছিলাম না, নেহাৎ নাকি আপনাদের সঙ্গে পরিচয়ের সৌভাগ্যটা ছিল।···তুমি তাহলে যাও ডোরা, আর সঙ্গী তো হল।···

ডোরা হাসিয়া বলিল—"আর খানিকটাও না হয় চলুন না, বোর্ডিঙ পর্যন্ত নেহাৎ যদি নাই যান ; পরিচয়টা যে সত্যিই সৌভাগ্য, সেটা বিশ্বাস করানও তো চাই ওদের। এ দাঁড়াচ্ছে, মস্ত বড় একটা দুর্ভাগ্যের মধ্যে পড়ে গিয়ে তাড়াতাড়ি পৃষ্ঠভঙ্গ দিচ্ছেন !"

আর একটা হাসির মধ্যে আবাব সবাই অগ্রসর হইল।

লোকটার ক্ষমতা আছে। প্রথমটা বোধ হয় একটু হকচকিয়া গিয়াছিল, বিশেষ করিয়া ও-অবস্থায় আবিষ্কৃত হওয়ায়, তাহার পর ডোবা যখন সামলাইযা লইল, ওর ক্ষণিক সঙ্কোচটা একেবারেই গেল কাটিয়া। নানারকম গল্প জানে, হাসির গল্পের টুকরা-টাকবা, কথার মাত্রায় বেশ মিলাইয়া বসাইয়া দিবার ক্ষমতা আছে। সন্ধ্যার আকাশ, চারিদিকে স্নিগ্ধ সৌন্দর্য—এসব লইযা মাঝে মাঝে কাব্যও করিল একটু আধটু—দেশী বিলাতী কয়েকজন কবিকে টানিযা আনিয়া,—এই যে যুবতী-সঙ্গ এটাও চমৎকাবভাবে বসাইয়া দিল তাহার মধ্যে—বেনারসীর আঁচলে চুমকির কাজের মতো—বেশ সরস অথচ সংযত এবং ভদ্রভাবে, চমৎকার একটি সূক্ষ্ম সুরুচির পরিচয় দিয়া, খুব শিল্পীজনোচিত একটি মাত্রাজ্ঞানের সঙ্গে। অর্ধেকের খানিকটা বেশি পথ গিয়া যখন ফিরিল তখন সে সম্পূর্ণ জয়ী ; নিমন্ত্রণের ধুম পড়িয়া গেছে—"চলুন না আমাদের সঙ্গে মিষ্টার রয়, আপনি ডোরাদির দাদা, সিস্‌টারদের কিছু আপত্তি থাকবে না···বেশ, না হয় একদিন বলে-কয়েই

"আসুন, সবাই অত্যন্ত খুশী হবেন ··আমরা নিয়েই যাব একদিন আপনাকে··· দাঁড়ান, ওঁদের বলে একটা পার্টির ব্যবস্থা করছি সবাই····· "

"অনুপম" বলিল—"ভয় করে যে,—দুষ্মন্ত কি আর আশ্রমে মুখ দেখাবার অবস্থা রেখেছেন মিস সেন ?"

একটি স্নিগ্ধ সবস হাসির ছলছলানিব মধ্যে বিদায় লইল,—একেবারে নিখুঁত স্টাইলে অল্প ঝুঁকিয়া, অল্প দুলিয়া ; স্যুটের ভাঁজগুলিও যেন ছন্দে বাঁধা।

জাহ্নবী একটু গম্ভীব ; চেষ্টা করিয়াছে দলের সঙ্গে তাল রাখিয়া যাইবার ; কিন্তু বেশি সফল হয় নাই, কাটে নাই বিস্ময়টা। কাটিবে কি, ডোরা আরও বাড়াইয়া দিল ; একেবারে তাহার পানে চাহিয়া, আগেকার ঠাট্টাটুকুর জের টানিয়াই বলিল—"আসতে বললে না শুধু জাহ্নবীই, যার সবচেয়ে বেশি করে বলা উচিত ছিল। ঠিকই—'দ্যাট্ প্রুভস্ ইট' !"

সঙ্গে সঙ্গেই গম্ভীর হইয়া বলিল—"কিন্তু যতই ডাক তোমরা, অনুপমদা আসবার পাত্র নন। ওঁর একটা সাইডই দেখলে, ওদিকে আবার ভয়ানক কড়া। ঐ যে বোর্ডিঙের নিয়ম বেটাছেলেদের আসতে হলে স্পেশ্যাল পারমিশন নিতে হবে, ওটা ওঁর আত্মসম্মানে ভয়ানক ঘা দেয়। বলেন—এই একটা নিচ অবিশ্বাস যখন, তখন না মাড়ানোই ভালো ওদিক ; লোকটি ওপরে ওপরেই ওরকম হালকা—'ইনসাইড হি ইজ এ্যাডাম্যাণ্ট'।"

ডোরা কিন্তু বেশিক্ষণ স্থায়ী হইতে দিল না এই বিস্ময়টা। রাত্রে আহারের টেবিলেই বলিল—"খাওয়ার পর আমার ঘরে একটু আসবে জাহ্নবী ?—শেলীর সেই পীস্টা নিয়ে একটু আলোচনা করা যেত ; অবশ্য যদি বেশি ক্লান্ত হয়ে না থাক, তোমরা আবার আজ অনেক দূর বেড়াতে গিয়েছিলে।"

প্রথমটা লোক-দেখান শেলীর আলোচনাই করিল, তাহার পর বোর্ডিং যখন সুষুপ্ত, একবার বাহিরটা দেখিয়া আসিয়া গলা নামাইয়া বলিল—"একেবারে অবাক হয়ে গেছ, না ?"

জাহ্নবী উত্তর করিল—"হ্যাঁ ডোরাদি ; একি কাণ্ড ! ওর পাল্লায় পড়লে কি করে ? কী অশান্তিতে যে কাটছে আমার তখন থেকে !"

"আমি ওর পাল্লায় পড়ব বিশ্বাস হয় জাহ্নবী ?···ওই আমার পাল্লায় পড়েছে এবার।"

"কি রকম ?"

"হ্যাঁ, আমিই ওকে আনিয়েছি, আমার কাকার বাসায় তুলেছি ; তোমাদের যেমন পরিচয় দিলাম আমার ফার্ষ্ট কাজিন বলে, ওঁদের কাছেও সেই পরিচয় দিয়েই। বলবে—ওঁদের তো জানা উচিত, ওঁরা যখন আমার আত্মীয়। কিন্তু আসলে ওঁদের সঙ্গে যতটা অন্তরঙ্গতা, ততটা আত্মীয় নন ওঁরা, আমাদের পরিবারের সবাইকে চেনেন না ; সেইটেই হয়েছে আমার সুযোগ। এই যে অল্প আত্মীয়তার ওপর বেশি অন্তরঙ্গতা জাহ্নবী, এটাও আমার জীবনের একটা আলাদা অধ্যায় কিন্তু সে-কথা এখন থাক। আপাততঃ অণিমাদি'র প্রণয়ী অ্যালফ্রেড কিরণময় পল অনুপম রয় হয়ে আমার আত্মীয়ের বাসায় রয়েছেন, আমার মধ্যস্থতায় পেয়িং গেষ্ট হয়ে ; ওজুহাত স্বাস্থ্যহানি। হানি নিশ্চয় তেমন কিছু তোমার চোখে পড়ে নি, কিন্তু স্বাস্থ্যকর জায়গায় আসাটাই যে স্বাস্থ্যহানির লক্ষণ আজকাল, তার বেশি কেউ দেখা দরকার বোধ করে না তো।"

ডোরা একটু চুপ করিয়া তাহার পর আবার বলিল—"তোমার কোনও প্রশ্ন জোগাচ্ছে না, নয় কি ? বেশ আমিই বলে যাই। কিরণময় এবার অণিমাদির উদ্দেশ্যে আসে নি, যদিও আসব আসব করছিল। মাসখানেক আগে ওর একটা সেই ধরণের চিঠি আমার হাতে এসে পড়ে, প'ড়ে বুঝলাম অন্ততঃ আরও মাসদুয়েক আগে থেকে সেই রকম হুমকি—কাঁদুনি-গাওয়া আরম্ভ হয়ে গেছে ; ঠিক করলাম এবার অণিমাদিকে বাঁচাতে হবে। এই সময় আমার আত্মীয়রা এলেন, আমিও আস্তে আস্তে আমার প্ল্যান তোয়ের করতে লাগলাম। প্রথমটা ওঁদের ওখানে যাওয়া-আসা আরম্ভ করে দিলাম—সেটা বাড়ালাম—তারপর ক্রমে সিস্টারদের চোখে একা যাওয়া-আসাটাও সইয়ে নিলাম। ইতিমধ্যে

চিঠি আরম্ভ করে দিয়েছি ওদিকে। অর্থাৎ ওদের দুজনের কথা জানি আর ওকে দেখেও ফেলেছি লুকিয়ে এবং ডেস্‌পারেটলি ভালবেসে ফেলেছি। উত্তর পেলাম, তারপর ব্যবস্থার কথা জানতে এসেও পড়ল একদিন।"

জাহ্নবী বিমূঢ়ভাবে চাহিয়াছিল, প্রশ্ন করিল—"অণিমাদি বাঁচলেন কি করে এর দ্বারা?"

ডোরা বলিল—"তোমার এই প্রশ্নের মধ্যে যে আর একটা প্রশ্ন আছে তারও উত্তর দিচ্ছি জাহ্নবী—অর্থাৎ আমিই যে মরব না, কিংবা অলরেডি মরিনি তাই বা কি করে বিশ্বাস করবে? না, আমার জন্তে একটুও ভয় কোরো না, আমার একটা মস্ত বড় রক্ষাকবচ ঘেন্না, সে ঘেন্না যে কত উগ্র তুমি জাননা বলেই আমার পতনের আশঙ্কা করছ। কিরণময় তো সাক্ষাৎ নরকই, ওদের মধ্যে (অর্থাৎ বেটাছেলেদের মধ্যে) যে সবচেয়ে সাধু, তার ওপরও আমার ঘেন্নার অন্ত নেই। আমার বিশ্বাস ওরা একটি জিনিসে সব চেয়ে দক্ষ, সেটা মুখোস গড়তে। এই আমার কথা, আর আণমাদি এ-ঝোঁকটায় এখন পর্যন্ত তো বেঁচেছেনই। ওর সেই হুমকি-দেওয়া চিঠিপত্র বন্ধ হয়ে গেছে, আর ও যে এখানে, সে-কথাও জানেন না উনি।

"কিন্তু দেখে ফেলতে পারেন তো কোনদিন, যখন ও রয়েছেই এখানে।"

আমি না গেলে বাসা থেকে বেরোয় না মোটেই, বই পড়ে বসে; অভ্যেস নেই, প্রাণের দায়ে করছে অভ্যেস।·· ফুলের কীটকে বইয়ের কীটে পরিণত করেছি আমি, এও কি একটা কম কথা?"

"কিন্তু এই যে মেয়েরা বললে একদিন বোর্ডিঙে নিয়ে আসবে, পার্টির ব্যবস্থা করে—এইতেই প্রকাশ হয়ে যাবে নাকি?"

"এ প্রশ্নটা তোমার করাই উচিত হয়নি: এতটা কাঁচা কাজ ও করবে না, আমিই দোব করতে? তা ভিন্ন আর একটা কথা—ওতো বরাবরের জন্তে এখানে থাকছে না, যাওয়া-আসা করবে; যে কটা দিন থাকে, লুকিয়ে রাখা। অবশ্য যাবে পাহাড় থেকে নেমেই, তবে বলা হবে দার্জিলিং যাচ্ছে, কালিম্পং

যাচ্ছে, ঘুম যাচ্ছে,—টাকাওলা শৌখীন স্বাস্থ্যান্বেষী আর কি। বুঝছ না জাহ্নবী?—আমার প্রতি টানটা বজায় রাখবার জন্যে, আরও উগ্র করে তোলবার জন্যে মাঝে মাঝে বিরহের ব্যবস্থাও তো দরকার, মেয়েছেলে হয়ে এ কূটনীতিটুকুও বুঝছ না?"

কথাটার মধ্যে কি পাইল, জাহ্নবীর মুখে অল্প একটু হাসি ফুটিয়া উঠিল, সেটুকু মিলাইয়া গেলে বলিল—"কিন্তু ওকে ধ্বংস করছ কি করে ডোরাদি? যে-পথ ধরেছ তাতে তো তোমারই বিপদ রয়েছে, অশুভতার প্রচুর সম্ভাবনা।

"সে যদি ভালবাসার একটুও সম্ভাবনা থাকত জাহ্নবী, তুমি ঐ কথাটা বরাবর ভুলে যাচ্ছ। ও যে-সব মেয়েদের সর্বনাশ করেছে তারা ওকে ভালবেসেছে, অন্তত গোড়ায় বেসেছে, এখন নেই সে ভালবাসা, কিন্তু উপায়ও নেই আর,—যেমন ধরো অণিমাদির কথা। আমি তার জায়গায় ওকে ঘৃণা করি: ওর আদ্যন্ত জানি, ওর সম্বন্ধে সতর্ক।...বিষকন্যা তো জান? আমি সেই বিষকন্যার অভিনয় করছি। তাদের থাকত শরীরে বিষ, তিল তিল করে আহরণ করা, তাদের সংস্পর্শে এলেই ম'রতে হোত পুরুষকে। আমার মনে বিষ-ঘেন্না, আমি তাই দিয়ে ওকে শেষ করব।"

সমস্ত বোর্ডিং নিস্তব্ধ হইয়া গেছে। সেই স্তব্ধতার মধ্যে ডোরার মুখের ভাব আর ভঙ্গি একটা ক্ষণিক বিভীষিকা সৃষ্টি করিয়াই যেন জাহ্নবীকে একটু মৌন করিয়া রাখিল। তাহার পর সে প্রশ্ন করিল—"কিন্তু, কি করে? ঘেন্না না হয় রয়েছে বুঝলাম......"

"সেটা ডিটেলের কথা, প্ল্যানের কথা, নাই বা শুনলে। মোটামুটি তোমায় এইটুকু বলি—ওকে এমনভাবে চালিয়ে নিয়ে যাচ্ছি যাতে আমার জন্যে ও এক সময় সবই করবে।"

জাহ্নবী তবুও মুখের পানে অবুঝভাবে চাহিয়া আছে দেখিয়া, ডোরা উঠিয়া ট্রাঙ্ক খুলিল, এক জোড়া রুলি বাহির করিয়া আনিল, তাহার হাতে দিয়া বলিল—"তার প্রমাণ এই আমার প্রথম উপহার।"

বিস্ময়ে যেন বাকরোধ হইয়া জাহ্নবী চাহিয়া রহিল। সবুজ মখমলের একটি চমৎকার সৌখীন বাক্স, কলিকাতার একটি নামকরা বিলাতী দোকানের ছাপ, তাহার মধ্যে খাঁজে বসানো বিলাতী দামী ক্যারেট স্বর্ণের এক জোড়া রুলি।

প্রশ্ন করিল—"দিয়েছে!"

"একেবারে দেওয়াটা তো একটা সর্তের ওপর নির্ভর করে।···তবে আমার জন্যেই, এবং আমার কাছেই আছে।"

"কোথায় পেলে?—এর দাম···"

"তা শ'তিনেক তো বটেই।···পেলে,—হয়তো কোন অণিমার হাত খালি ক'রে, কিন্তু একেবারে আনকোরা দেখে আমার অন্যরকম আশা হচ্ছে।"

"কি?"

"দোকান থেকে সরানো; কিংবা তার চেয়ে যা বেশি সম্ভব, কোন বড় মানুষের বাড়ির মেয়ের বিবাহের উপহারের গাদা থেকে হাতসাফাই করা। এদের যাতায়াত থাকে কিনা, তার ওপর বাড়ির চাকর কিংবা অনেক সময় আত্মীয়স্বজনের সঙ্গে যোগসাজোস থাকে, দুটো কেস্ আমারই জানা আছে।"

বিস্ময়ে রুদ্ধশ্বাস হইয়া জাহ্নবী ডোরার মুখের পানে চাহিয়া রহিল, একটা যেন সম্পূর্ণ নূতন জগৎ আবিষ্কার করার বিস্ময়!

ডোরা বলিয়া চলিল—"তা যদি হয়তো বিধাতা আমার কত অনুকূল বুঝছই, গোড়াতেই কত বড় একটা অস্ত্র তুলে দিয়েছেন আমার হাতে। ধীরে সুস্থে এগুচ্ছি, ইতিমধ্যে আরও লোক সংগ্রহ।· বেশ আনন্দ পাচ্ছি জাহ্নবী, মেয়েদের হ'য়ে কিছু একটা করছি।·· তুমি এবার যাও রাত হয়েছে। মনে রেখো শুধু তুমিই জানলে।"

বইটা খোলা রহিয়াছে, মুড়িয়া তুলিতে তুলিতে বলিল—"শেলীকে আমি সত্যিই ভালবাসি জাহ্নবী, তাই সত্যি বড্ড আপশোষ হয় লোকটা মেয়ে হয়ে জন্মাল না!·· ঘেন্না করব, আবার ভালোও বাসতে হবে—এ যে এক বিষম জ্বালা!"

আঠার

ডোরা পুরুষকে বোধ হয় কিছু কিছু চেনে। পুরুষকে লইয়া একটা বিদ্বেষ যে ওর মনে কিভাবে অনুপ্রবিষ্ট হইয়া গেছে, তাহারই প্রেরণায় ও তাহাকে বুঝিবার চেষ্টা করিয়াছে। হয়তো প্রত্যক্ষ অভিজ্ঞতাও কিছু কিছু আছে—ডোরার বয়স এখন প্রায় বাইশ-তেইশ বছর—তাহার ওপর আছে তীক্ষ্ণ দৃষ্টি; ফলে পুরুষকে ও খানিকটা জানে, অন্তত এক শ্রেণীর পুরুষের এক-দিকের খানিকটা। চেনে না ও নিজের জাতকে।

অণিমাব মনে শান্তি ছিল না। হাতেব রুলি খুলিয়া দিবার পর, মাস দুয়েক পর্যন্ত কিরণময় চুপ করিয়া রহিল, তাহার পর প্রথমে খানদুয়েক চিঠি—খাঁটি প্রণয়পত্র, শুধুই ভাবের উচ্ছ্বাস; তাহার পর অভাবের কথা, সেও খানতিনেক, তাহার পর আসিয়া পড়িবার হুমকি। এদিক থেকে চিঠি দেয় না বড় একটা, বিপদ আছে; তবু একটা দিয়াছিল, কোন উত্তর নাই।

ডোরা একটা ব্যাপার লইয়া একদম মাতিয়া আছে, নয়তো নিশ্চয় লক্ষ্য করিত এবং টের পাইত অণিমা শান্তি হারাইয়াছে। কিরণময় আসিয়া পড়িলে একটা সভয় উৎকণ্ঠার যে ছায়া পড়িত ওর মুখে সেটা অবশ্য নাই, তবে নির্জনতা খোঁজে, অন্যমনস্ক হইয়া পড়ে মাঝে মাঝে। এটা জাহ্নবীর চোখে একটু একটু ধরা পড়িয়াছে, ডোরার সঙ্গে আলোচনা করা দরকার মনে করে নাই, যে-হেতু কারণটা তো জানাই দুজনের।

তবে জাহ্নবীর জ্ঞানও ঐটুকু পর্যন্তই। ওরও গভীরে যে একটা ব্যাপার চলিতেছে তাহার সন্ধান সে পায় নাই। সে ব্যাপারটা এই,—অণিমা সন্দিগ্ধ হইয়া পড়িয়াছে।

সে-সন্দেহ শুধু এই এইটুকু লইয়াই নয় যে তাহার এক আধখানা চিঠি বেহাতে গিয়া পড়িয়া থাকিতে পারে; আরও একটা সম্ভাবনার কথা, যাহা—যে ভালবাসিয়াছে তাহার কল্পনাতেই উদয় হয়। অণিমার সন্দেহ কিরণময় আসিয়া যায় নাই তো কার্শিয়াঙে?—তাহার পর নূতন কাহারও মোহে পড়িয়া যায় নাই তো?

—অর্থাৎ যাহা ঘটিতেছে, নিতান্ত সন্দেহের বশে ওর মনটা সেই ব্যাপারের কাছাকাছি আসিয়া পড়িল। ঈর্ষা মেয়েদের মনের গোয়েন্দা, পুরাপুরি যদি সফল নাও হয় তো খুব বেশি দূরেও পড়িয়া থাকে না।

ব্যাপারটা হইলও নিতান্ত স্বাভাবিকভাবেই,—রূপের স্বর্গের কাছাকাছি যখন শয়তানের আনাগোনা আরম্ভ হইয়া গেছে তখন সে যে নিশ্চেষ্ট থাকিবে না—এ আশঙ্কা অণিমার মনে অনেকদিন আগে থেকেই উঁকি মারিতেছিল, আজ ভালো করিয়াই আত্মপ্রকাশ করিল। ওর সন্দিগ্ধ দৃষ্টি গিয়া পড়িল বোর্ডিঙের রূপসীদের ওপর—শীলা, অনুপা, ডোরা, ক্ল্যারেন্স এমনকি জাহ্নবীর ওপরও অল্প একটু।

এই সময় "অনুপম"-ঘটিত ব্যাপারটা হইল। কথাটা বোর্ডিঙে ছড়াইয়া পড়িল, তবে কোন খারাপ টিপ্পনির সঙ্গে নয়, কেননা ডোরা গোড়া থেকে সামলাইয়া লইয়াছে, তাহার পর টিপ্পনি উঠিবার আগেই আরও ভালো করিয়া সামলাইয়া লইল। দিন দুয়েক পরেই ওর আত্মীয়ের শ্যালিকা মিস সেনকে লইয়া ফিরিল বোর্ডিঙে, যেমন মাঝে মাঝে সঙ্গে করিয়া আনিত। সে বহুদিন আসে নাই এদিকে, প্রধানা ও অন্যান্য সিস্টারদের অনুযোগে নিতান্ত সাদা মনে বলিল—বাড়িতে এক নূতন অতিথি, ডোরার ফার্স্ট কাজিন মিস্টার রয়, তাই আর আসা হয় না। মেয়েদের সঙ্গে মেলামেশাতেও ঐ কথাই বলিল, কেননা বানানো কথা নয়, ঐটেই সত্য তাহার দিক থেকে। ভদ্রমহিলা সত্যই ভালো; বোর্ডিঙের সকলের শ্রদ্ধা অর্জন করিয়াছে, সন্দেহের অবকাশ ঐখানেই নষ্ট হইয়া গেল। আলোচনা যাহা একটু আধটু হইল, তাহা ডোরার কাজিনের

চেহারা লইয়া, স্টাইল লইয়া—শীলা, ক্লারা, চন্দ্রাদের মধ্যে ঠাট্টা-বিদ্রূপের আকারে। "অনুপম" ডোরারই ফার্স্ট কাজিন, ওদের তো আর নয়।

কিন্তু আর কাহারও মনে সন্দেহের উদয় না হইলেও, একজনের মনে সেটা একেবারে জমাট বাঁধিয়াই উঠিল,—অণিমা ভাবিল কিরণময়ের রহস্যের হদিস পাইয়াছে। ওর ঈর্ষাদীপ্ত দৃষ্টিতে সমস্ত বিষয়টা জলের মতো পরিষ্কার হইয়া উঠিল, আর সবার ওপর সন্দেহটা মিটিয়া গিয়া জড়ো হইল ডোরার ওপর।··· জাহ্নবী ব্যাপারটা বুঝিল না, তবে লক্ষ্য করিল, অণিমার চোখে যে একটা চিন্তান্বিত বিমর্ষভাব মাত্র ছিল এর আগে, সেখানে মাঝে মাঝে একটা যেন জ্বালা ফুটিয়া উঠিতেছে, ক্ষণিক হইলেও তাহা ভুল করিবার নয়।

ডোরা কিন্তু সতর্ক ছিল, এখানেও একটা উপযোগী চাল দিয়া বাজিমাৎ করিল। দিনকয়েক বাদে একেবারে অণিমাকেই গিয়া ধরিল, একবার তাহার আত্মীয়ের বাসায় যাইতে হইবে, মিস্ সেন গিয়া সিস্টারদের খুব তারিফ করিয়াছেন তাহার কাজিন "অনুপম"-এর কাছে, তিনি আলাপ করিতে ব্যগ্র, প্রধানা আর মধ্যমা তো বাহির হন না কোথাও, অণিমাদি' যদি যান ·

অণিমার বিস্ময়ের আর সীমা রহিল না ডোরার এই দুঃসাহসে, এমনভাবে মুখের পানে চাহিয়া রহিল যে ডোরা যেন তাহার অন্তস্তল পর্যন্ত স্পষ্ট দেখিতে পাইল। তাহার পরই অণিমা নিজেকে সংযত করিয়া লইল, বেশ সহজভাবে একটু হাসিয়া বলিল—"কেন?—তিনি নিজে তো আসতে পারেন, একসঙ্গে সবার সাথেই দেখা হয়।"

ডোরাও একটু হাসিয়া বলিল—"পারবেন না কেন?—খোঁড়া নয়, পা আছে; আর বলছেন বটে স্বাস্থ্য শোধরাতে এসেছেন, তবে শোধরাবার বিশেষ কিছু আছে ব'লে মনে হয় না, দিনকতক কাজের ঝঞ্ঝাট থেকে পালানো।· সে-সব কিছু নয়, তবে আসবেন না, ঢের চেষ্টা করেছি অণিমাদি।"

"কেন?"

"বিশেষ অনুমতি নিতে হবে তো,—সেটা ওঁর মর্যাদায় বাধে।···মানী লোক মস্ত !"

—একটু ব্যঙ্গের হাসি হাসিল।

অণিমা হাসিয়া বলিল—"আর আমাদের মান নেই ?"

ডোরা দৃষ্টি নত করিয়া একটু চুপ করিয়া রহিল, অর্থাৎ কথাটা যেন মেয়ে হিসাবে লাগিযাছে মর্মে ; তাহার পর দৃষ্টি তুলিয়া একটু ম্লান হাসির সঙ্গে বলিল—"ঠিকই বলেছেন আপ।ন ; এবার বললে তাই বলব।"

একটা বুদ্ধির দ্বন্দ্ব চলিয়াছে, মনজানাজানির খেলা ; অণিমা স্থিরভাবে চাহিয়াছিল, হাসিয়া বলিল—"না, ওকথা আর ব'লতে হবে না ; না হয় যাওয়াই যাবে একদিন, তাতে আর হয়েছে কি ?"

আরও তীক্ষ্ণ দৃষ্টিতে চাহিল এবার, ডোরার মুখের ভাব কিন্তু এতটুকু বদলাইল না, কতকটা কৃতজ্ঞ দৃষ্টিতে চাহিয়া বলিল—"হয় অনেক কিছু, তবে আপনি সে-সবের ওপরে। কী খুশীই যে হবেন অনুপমদা !"

চমৎকার অভিনয় করিল ডোরা। জিতিল আপাতত।

পরেও জিতিয়াই রহিল ; যখন সন্দেহ কাটিয়া গেছে তখন মনের এ-অবস্থায় কি আর শুধু নূতন আলাপের জন্য যায় অণিমা ?

এর পর একটা অদ্ভুত ব্যাপার হইল এবং সমস্ত ঘটনাটুকু দিন তিনেকের মধ্যে হঠাৎ চরমে উঠিয়া বোর্ডিঙের জীবনে একটা ওলট-পালট ঘটাইয়া দিল। জাহ্নবীর জীবনেরও এ-অধ্যায়টা শেষ হইল।

যেখানে হেতু থাকিতে পারে সেখানে ব্যর্থ হইয়া অণিমার সন্দেহটা একেবারে অহেতুকের কোঠায় গিয়া উঠিল। হঠাৎ জাহ্নবীর ওপর মনটা উঠিল বিষাইয়া। জানে ও নিষ্কলঙ্ক—তিন বছর আগে আদর করিয়া যে-কিশোরীটিকে আনিয়া বোর্ডিঙে অধিষ্ঠিত করিয়াছিল তাহারই সারল্য ওর মুখে এখনও মাখানো আছে, তবু ওকে হঠাৎই যেন আর সহ্য করিতে পারিতেছে না অণিমা,—শুধু, ও এত

সুন্দর কেন ?···অণিমার সন্দেহ-দিগ্ধ মনটা নিজের মধ্যে গুটাইয়া বিকৃত হইয়া পড়িয়াছে—ওর ঈর্ষাটা কোথাও কিছু না পাইয়া নিছক সৌন্দর্য-ভীতিতে পরিণত হইয়াছে।···এত সুন্দর হওয়াটাই একটা মস্ত বড় অপরাধ এবং তাহার ওপর সবরকম অপরাধই চাপানো বেশ চলিল।

একদিন মুখটা অত্যন্ত গম্ভীর করিয়া বলিল—"বেড়ানোটা তোমার এদিকে বড্ড বেড়েছে জাহ্নবী, কমাতে হবে। এদের সঙ্গে পাল্লা দেওয়া তোমার মানায় না।"

জাহ্নবী অতিমাত্র বিস্মিত হইয়া মুখের পানে চাহিয়া রহিল। মনের অবস্থা ভালো নয় বলিয়া, ক'দিন থেকে বাহিরই হয় না। তাহা ভিন্ন এত রূঢ় কথাও অণিমাদির মুখে এই প্রথম, বরাবর স্নেহই পাইয়া আসিয়াছে, বলিল—"বেরুচ্ছি না তো অণিমাদি, ক'দিন থেকেই শরীরটা ভালো নয়। কাল অনুপা'রা ডাকতেও যেতে পারলাম না, জিগ্যেস করবেন তাকে।"

অণিমা আরও গম্ভীর হইয়া উঠিল, বলিল—"সাক্ষী মানতে হবে না ; এ-সব দোষও ঢুকেছে দেখছি! কাল যেতে পারনি,—কালকের কথা বলছি না, তার আগের কথা হচ্ছে।"

উত্তরের অপেক্ষা না করিয়াই অণিমা চলিয়া গেল। এটা সকালের কথা।

পর দিন একটা ছোটখাট অভিযান ছিল, প্রায় মাইল তিনেক দূরে একটা ঝরণার ধারে গিয়া বৈকালিক জলযোগ, অণিমারই নেতৃত্বে। একরকম সকলেই গেল, জাহ্নবীও প্রথমটা প্রস্তুত হইল, তাহার পর মাথাব্যথার একটা মিথ্যা অজুহাত করিয়াই শুইয়া রহিল ; আসলে আগের দিনে অণিমার কথাগুলা মনে বড় লাগিয়াছে, বরাবর আদরই পাইয়া আসিয়াছে, অভিমান হইয়াছে। না-যাওয়ার কথাটা কিন্তু অণিমাকে বলিল না, অতগুলা মেয়ের হুল্লোড়ের মধ্যে সে লক্ষ্যও করিল না।

বিকালে নিজের কক্ষে শুইয়া শেলী লইয়াই পড়িতেছিল, এমন সময় দলটা ফিরিয়া আসার কলরোল উঠিল বোর্ডিঙের প্রাঙ্গণে। অনেক আগে ফিরিল

বলিয়া জাহ্নবী একটু চকিতভাবেই ঘাড়টা বাঁকাইয়া দুয়ারের পানে চাহিয়াছে, দেখে অণিমা। অণিমার এমন চেহারা কখনও দেখে নাই জাহ্নবী, চোখে রাগ, আক্রোশ, ঘৃণা—যেন দগ্ধ করিতে চায় দৃষ্টি দিয়া। চোখোচোখি হইতে ভিতরে আসিয়া বিছানার পাশে দাঁড়াইল, জাহ্নবীও উঠিয়া দাঁড়াইল, হতভম্ব হইয়া অল্প অল্প কাঁপিতেছে।

অণিমা শান্ত কণ্ঠে প্রশ্ন করিল—"তুমি পিকনিকে গেলে না?"

জাহ্নবী স্খলিতস্বরে উত্তর করিল—"মাথাটা বড্ড…"

"অথচ যাবার জন্যে তো প্রস্তুত ছিলে।"

"হঠাৎই ধরল মাথাটা · তাই··"

"ভাঁওতা, জাহ্নবী, এ আমার কাছে চলবে না…"

ঠিক পথের ধারেই খোলা জানলাটার দিকে ইচ্ছা করিয়াই একটু চাহিয়া বলিল, যেন নিজের কথাগুলার টীকা হিসাবে; তাহার পর আবার জাহ্নবীর মুখের ওপর দৃষ্টি রাখিয়া বলিল—"শিখলে কোথায় এসব ভাঁওতা?—আর কেনই বা? কী দরকার পড়েছে নূতন এমন?"

আর কিছু না বলিয়া দুয়ারের দিকে ঘুরিতে যাইবে, বইটার ওপর দৃষ্টি পড়িল। তুলিয়া লইয়া ভ্রূকুঞ্চিত করিয়া বলিল—"ওই ডোরার শেলী! · ডোরা!"

—তাহার পর তাচ্ছিল্যভাবে বইটা বিছানায় নিক্ষেপ করিয়া বাহির হইয়া গেল।

অণিমা নিজের জীবনের মাপকাঠি দিয়া জাহ্নবীর হিসাব লইল; উপায়ই বা কি?

পরদিন সকালেই বোর্ডিঙে একটা শঙ্কিত গুঞ্জন উঠিল—জাহ্নবীকে চলিয়া যাইতে হইবে; অণিমা প্রধানাকে বলিয়াছে সে আর তাহার দায়িত্ব লইতে অপারগ। কেন—সে-কথা যদি বলিয়াই থাকে, তাহা আর প্রকাশ পাইল না।

ব্যাপারটা এইখানেই শেষ হইল না, আরও কদর্য হইয়া ফুটিয়া উঠিল। জাহ্নবীর অনুনয় বিনয় সত্ত্বেও ডোরা অণিমার সঙ্গে নিভৃতে দেখা করিল,—বৈকালেই, সবাই যখন বাহির হইয়া গেছে, প্রাঙ্গণে কিংবা বাহিরে বেড়াইতে। বলিল—"আপনি অযথাই জাহ্নবীর ওপর রাগ করেছেন অণিমাদি…"

অণিমার চক্ষু দুইটা জ্বলিয়া উঠিল, বলিল—"এতক্ষণ যদিও একটু দ্বিধা ছিল ওর গতিবিধি সম্বন্ধে ডোরা, তোমার এই ওকালতিতে সেটুকু কেটে গেল; ওকে যেতেই হবে।"

"ও আপনার কোন ক্ষতি করে নি, বিশ্বাস করুন।"

সঙ্গে সঙ্গেই কিছু বলিতে পারিল না অণিমা, তাহার পর একটু শুষ্ক কণ্ঠেই প্রশ্ন করিল—"ক্ষতি!…আমার!…আমার কী ক্ষতি করবে?"

"হ্যাঁ, আপনার ক্ষতি…মিষ্টার কিরণময় রায়কে নিয়ে…"

অণিমার সমস্ত মুখখানা এক মুহূর্তে রক্তহীন হইয়া গেল, জিভে ঠোঁট ভিজাইয়া কিছু বলিতে পারার আগেই কিন্তু ডোরা এক নিঃশ্বাসে সমস্তই বলিয়া গেল—জানলা দিয়া কি দেখিয়াছিল ছ'মাস আগে—"অনুপম" আসলে কে—কি উদ্দেশ্যেই-বা ডাকিয়া আনানো তাহাকে—অণিমাকেই বাঁচাইবার জন্য—পুরুষ সম্বন্ধে তাহার নিজের অভিজ্ঞতা—অভিমত কি সমস্তই; বাদ দিল শুধু চিঠিগুলার কথা আর জাহ্নবীর কথা।

অণিমার চোখের দৃষ্টি এক একবার অগ্নিবর্ষী হইয়া উঠিতেছে, এক একবার একেবারে যাইতেছে নিভিয়া। শেষ হইলে যেন একবার অন্তিম চেষ্টা করিল, বলিল—"তোমার দিকের কথাগুলো আমি তো একেবারেই আমল দিই না ডোরা; আমার সম্বন্ধেও মিথ্যা রটনার কারচুপি আর আস্পর্ধা দেখে আমার মুখে রা ফুটতে চাইছে না…তুমি!…তুমি!…"

ডোরারই ঘর; ডোরা আগাইয়া গিয়া ট্রাঙ্ক খুলিয়া কিরণময়ের দু'খানা চিঠি আর অনুপমের কাছ থেকে পাওয়া ক্লিপের বাক্সটা সামনে টেবিলের ওপর

রাখিয়া বলিল—"চিঠি দু'খানা আপনার অণিমাদি," আর রুলির বাক্সটা আমি উপহার পেয়েছি।"

অণিমা কাঁপিতেছে। ওপরের চিঠিটার গায়ে শুধু একবার দৃষ্টি বুলাইয়া লইল একটু, তাহার পরই চিঠি আর রুলির বাক্স ডান হাতে সাপটাইয়া দাঁতে দাঁত পিষিতে পিষিতে দুমড়াইয়া জানলার বাহিরে ছুঁড়িয়া ফেলিয়া চীৎকার করিয়া উঠিল—"যা ভেবেছ তা নয় ডোরা—আমি কুলটা নই···আর যদি ভেবে থাক কোনও কুলটাকে আমি এ ব্যাপারের মধ্যে দাঁড়াতে দোব তো সেটাও ভুল তোমার। ···মিশন নিয়েছেন জীবনে!—ব্রত।···"

বিদায়ের আগে ডোরা জাহ্নবীকে নিজের ঘরে ডাকিয়া আনিয়া বলিল—"যাচ্ছ, যাও জাহ্নবী; তোমায় পারা যেত বাঁচাতে প্রধানার সামনে সব কথা প্রকাশ ক'রে। কিন্তু যাওয়াই ভালো তোমার এ বিষাক্ত আবহাওয়ার মধ্য থেকে। তোমায় শুধু একটা কথা বলবার জন্যে ডেকেছি,—অণিমাদি'র ওপর রাগ রেখো না পুষে, ওর দোষ নেই, খালি এইটুকু মনে রেখো, পুরুষ মেয়েদের কতো অধঃপাতে নিয়ে যেতে পারে।···শিক্ষা-ধর্মের প্রতিষ্ঠানও ওদের লালসার দৃষ্টি থেকে কাউকে বাঁচাতে পারে না।"

তিন বৎসর পূর্বে—আসবার আগের দিন এমনই করিয়াই নারায়ণী অণিমার হাতে ধরিয়া বলিয়াছিল—"পুরুষের ওপর ওর অবিশ্বাস আর ঘেন্না জমে উঠছে দিন দিন, আপনি ওকে মানুষ করে দিন দিদি।"

দিন চারেক পরে বোর্ডিঙে আর একটা ঘটনা ঘটিল,—সকালে উঠিয়া সবাই দেখিল, অণিমা নাই। সেই দিন বিকালের দিকে একটু তাড়াতাড়িই ডোরা তাহার আত্মীয়ের বাসায় গিয়া শুনিল, "অনুপম" হঠাৎই দুপুরের গাড়িতে কার্শিয়াং ত্যাগ করিয়া চলিয়া গেছে।

উনিশ

জাহ্নবীর প্রতি অন্যায়ের জন্য অণিমা যে বিবেকদংশনের জ্বালা অনুভব করিল না এমন নয়, কিন্তু সে দংশনও অগভীর, তাহার জ্বালাও ক্ষণস্থায়ী। মনটা অসহ্য গ্লানিতে ভরিয়া রহিয়াছে, অনুশোচনার চিন্তা তো থিতাইয়া বসিতেই পারিতেছে না, বরং জোর করিয়া এই চিন্তাটাই বারবার মনে আনিয়া ফেলিতেছে—না, জাহ্নবীও আছে এর মধ্যে, ডোরার সঙ্গে যখন এত ভাব ভেতরে ভেতরে, ও-ও নিশ্চয়ই আছে।

তবু হয়তো নিতান্ত লোক-দেখানোই, একটি মেয়েকে দিয়া বলিয়া পাঠাইল জাহ্নবী যদি চায় তো অণিমা সঙ্গে করিয়া দিয়া আসিতে পারে। জাহ্নবী উত্তর করিল—"বোলো, আমি কি বুঝি না এতক্ষণ আমার সঙ্গে থাকলে ওঁর কী কষ্টটা হবে?"

অভিমানের কথা, কিন্তু অণিমা আর কিছু বলিল না।

ঠিক হইল বোর্ডিঙের নেপালী কীপার তেজবাহাদুর তাহাকে রাখিয়া আসিবে। অন্তরের নিদারুণ অভিমানে এটাও প্রত্যাখ্যানই করিল জাহ্নবী. কিন্তু জোর করিয়াই তেজ বাহাদুরকে সঙ্গে দেওয়া হইল।

ছোট রেল থেকে বড় রেলে বদলি হইয়া জাহ্নবী তেজবাহাদুরকে ফিরাইয়া দিল; বুঝাইল আর দরকার নাই, এই গাড়িই তো একেবারে শেষ পর্যন্ত যাইবে, যাত্রাটাও কাটিয়া যাইবে একটি ঘুমে। লোকটা আসবার সময় যেমন ওদের কথা বুঝিয়াছিল, এখন জাহ্নবীর কথাও তেমন বেশ সহজেই বুঝিল, নির্বিচারে ফিরিয়া গেল।

প্রথম খানিকটা এই গত দুইদিনের কথা আলোচনা করিয়াই কাটিল, প্রতি পদেই একটা ক্ষুব্ধ অভিমান ঠেলিয়া উঠিতেছে মনে; কেহই তো নিজের নয়,-

তাই কাহারও ওপর নিঃশেষ হইতে পারিতেছে না বলিয়া ক্রমাগতই আবর্ত সৃষ্টি করিয়া চলিতেছে। তাহার পর হঠাৎ সামনের বেঞ্চের একটি যাত্রীর মুখের ওপর দৃষ্টি পড়ায় একেবারেই যেন একটা ভীতি-শিহরণের সঙ্গে চিন্তার মোড় গেল ঘুরিয়া;—লোকটা একটু প্রচ্ছন্ন লোলুপ দৃষ্টিতে চাহিয়া আছে, চোখের একটু কোণেই, কিন্তু তাহাতেই বিদ্যুতের কড়া আলো যেন নীল হইয়া ঠিকরাইয়া পড়িতেছে।

জাহ্নবী সঙ্গে সঙ্গে অভিমানের বিলাস থেকে রূঢ় বাস্তবে জাগিয়া উঠিল। ...তাহার রূপ!—মনে ছিল না এতক্ষণ। জানলার দিকে মুখটা আরও একটু ঘুরাইয়া স্থির হইয়া বসিল জাহ্নবী, নিজের ভয়ে যেন নিজেই আড়ষ্ট হইয়া গেছে, অস্পষ্ট জ্যোৎস্নায় অপসৃয়মান দৃশ্যের ওপর চক্ষুগোলক দুইটা স্থির হইয়া পড়িয়া আছে।..কী করে এখন সে?, আজ এই রাত্রিটুকুর অবকাশ, তাহার পরেই তো লুব্ধ জনারণ্যের মধ্যে সে একা!· এই তাহার রূপ—তাহার শত্রু ছায়ার মতো নিত্যসঙ্গী, ছায়ার চেয়েও দেহলিপ্ত, অপরিহার্য—এ শত্রুকে লইয়া সে কোথায় গিয়া দাঁড়ায়?.. ছেলেবেলায় সে মায়ের বিপদটা একভাবে উপলব্ধি করিত, বোর্ডিঙে বয়সের সঙ্গে নারীচৈতন্যের উন্মেষ হওয়ায় বুঝিতেছে আরও নিবিড়ভাবে; আজ কিন্তু একেবারেই আপনার করিয়া, নিজের অন্তরের সমস্ত অনুভূতি দিয়া উপলব্ধি করিয়া জাহ্নবীর মনটা ক্রমেই অসাড় হইয়া আসিতে লাগিল।...তিনটা জিনিস যেন আলাদা—সে, তাহার দেহলগ্নরূপ, আর সেই রূপ-লগ্ন কলুষ দৃষ্টি—যত পুরুষের—ছেলে নাই, যুবা নাই, বৃদ্ধ নাই...বোর্ডিঙের নিশ্চিন্ত জীবনে যেরূপ ছিল আনন্দ, এক মুহূর্তেই বিভীষিকা হইয়া তাহা জাহ্নবীর সমস্ত চেতনা আচ্ছন্ন করিয়া লইল।...একটা অব্যক্ত প্রার্থনা ঠেলিয়া উঠিতেছে—মনে পড়িতেছে শ্রীবৎস-চিন্তার উপাখ্যান—একদিন বড় কষ্টেই দিদিমণির কাছে মা তোলে সেই কথা—কী অপরিসীম অসহায়তাই না শ্রীবৎসপত্নী চিন্তা কুরূপ প্রার্থনা করিয়া লইয়াছিলেন! জাহ্নবীর মন থেকেও সেই প্রার্থনাই উঠিতেছে আজ...'কে কোথায় আছ, আমারও রূপ নিয়ে কুরূপ ভিক্ষা দাও—আমি তো

চাইছি না কিছু—রূপ ফিরিয়ে দিয়ে কুরূপ—এ তো কিছু চাওয়া নয়—আমায় দাও—পুরুষের হাত থেকে আমায় বাঁচাও ·~

অনেক রাত্রে কখন ঘুমাইয়া পড়িয়াছে, জানলার গায়ে মাথাটা পড়িয়াছে চলিয়া। যখন নিদ্রা ভাঙিল দেখে সকাল হইয়াছে, গাড়িটা একটা খুব যেন বড় ষ্টেশনের মধ্যে প্রবেশ করিতেছে, চারিদিকেই রেল পাতা, রেলের গাঁটে গাঁটে গাড়ির চাকার খট্‌খটানি।...প্রথম ঘোরটা কাটিয়া যাইতেই ধীরে ধীরে সব কথা মনে পড়িল, ধীরে ধীরে রাত্রির সেই আতঙ্ক উঠিতে লাগিল জাগিয়া। মনটা আবার অসাড় হইয়া আসিতেছে; কিন্তু সেটা রাত্রির অবস্থায় আসিয়া পড়িবার আগেই চিন্তার মোড় ফিরিল। গাড়ির গতিবেগ কমিয়া আসিতেছে, সবাই মোটঘাট গুছাইতেছে, বুঝিল শেষ ষ্টেশন শিয়ালদহ গিয়াছে আসিয়া। কি মনে হওয়ায় একটু ভালো করিয়া ঘুরিয়া দেখিল সেই লোকটা নাই, রাত্রে যে চোখের দৃষ্টি দিয়া জাহ্নবীর চিন্তার স্রোত দিয়াছিল খুলিয়া। দিনের বেলা, তার সেই লোকটা নাই, ওরই মধ্যে কেমন একটু স্বস্তি বোধ হইল। গাড়ি আসিয়া প্ল্যাটফরমের পাশে দাঁড়াইল।

বোধ হয় শেখা শৃঙ্খলা-বোধের জন্যই জাহ্নবী সবাইকে আগে নামিয়া যাইতে দিল। সেকেণ্ড ক্লাস, অল্পই লোক ছিল, গাড়িটা খালি হইয়া গেল। তখন একটা কথা মনে হইয়া সমস্ত শরীরটা আবার হিম হইয়া গেল,—দিনের বেলা সে যাইবে কোথা? দিনে দিনে গিয়া এই বেশে, এইভাবে তো সে বনের মধ্যে প্রবেশ করা যাইবে না।

যে ভাবে ক'টা দিন গেছে, ভালো করিয়া কিছুই ভাবিয়া স্থির করা হয় নাই, একে একে সব সমস্যাগুলা চোখের সামনে ভাসিয়া উঠিতে লাগিল। আবার সঙ্গে ঐ একটা ট্রাঙ্ক; কোথায় যাইবে ওটা লইয়া—দিনের বেলায়—সেই পথহীন বিজন বনে!

কুলীরা তাগাদা দিতেছে—"কুলী—মেম-সাহেব?"

কপালে ঘাম জমিয়া উঠিতেছে, চারটা আঙুল দিয়া মুছিয়া জাহ্নবী বলিল—"হ্যাঁ, একজন—এই ট্রাঙ্ক আর বেডিংটা।"

বসিয়া থাকাতো চলিবে না—নামিতে নামিতে চলিতে চলিতে চিন্তা করিতে হইবে।

প্ল্যাটফর্মের ভিড় একটু বোধ হয় পাতলা হইয়াছে বিলম্বের জন্য, তবু আছে। সবাই ব্যস্ত তবু তাহারই মধ্যে একটু ঘুরিয়া সুন্দর মুখ দেখার জন্য মাঝে মাঝে মাথায় মাথায় ঠোকাঠুকি হইতেছে, ভিড়ের মধ্যে একটা চলতি জোট পাকাইয়া যাইতেছে। প্ল্যাটফর্মের গেটের বাহিরে আসিয়া কুলী প্রশ্ন করিল—"ট্যাক্সি, না ঘোড়ার গাড়ি মেমসাহেব ?"

বাঁচাইল কুলিটা, এমনই তো মাথাতে কিছুই আসিতেছে না ; জাহ্নবী বলিল—"ইয়ে··· না, ঘোড়ার-গাড়ি।"

—বিপদের মধ্যে বুদ্ধি খুলিতেছে ; ঘোড়ার গাড়িতে ভাবিবার সময় পাওয়া যাইবে।

কুলিটা বোধ হয় একটু নিরাশ হইল, কেন না গতিটা একটু শ্লথ হইল—ঘোড়ার গাড়ির খদ্দের কালা-মেমসাহেব আর কতই-বা দিবে ?

ভালোই দিল কিন্তু জাহ্নবী, বোর্ডিঙে মেমসাহেবেরই মন অর্জন করিয়াছে ; দুইটা টাকা সুদ্ধ সেলাম করিয়া কুলি কোচম্যানকে বলিল—"ঠিক সে পৌছা দেও মেমসাহেবকো।"

প্রশ্ন হইল—"কাঁহা ?"

কুলি অন্তর্বর্তিনী জাহ্নবীকে প্রশ্ন করিল—"কাঁহা হুজুর ?"

জাহ্নবীর মুখটা ফ্যাকাশে হইয়া গেছে, ফ্যালফাল করিয়া চাহিয়া রহিল।

"নয়া আয়েহেঁ ?··· ··কোন রাস্তা—চৌরঙ্গী, না, ধরমতলা না, পার্কসিট্ ?"

জাহ্নবী চাহিয়া আছে। ইচ্ছা করিতেছে যে কোন একটা নাম করিয়া দিই তাহার মধ্যে, গাড়ি চলুক, খানিকটা সময় পাই ; কিন্তু গলা যেন শুকাইয়া গেছে।

"ভুল গেয়া ? আচ্ছা, ইসপার না হাওড়া ?"

"হাওড়া…হাওড়া স্টেশনে।"

—কুলিটা দেবদূত হইয়া আসিয়াছে।…এখনই তো লোক জড় হইয়া যাইত।…জাহ্নবীর একটা স্বস্তির নিশ্বাস পড়িল।

"হাওড়া টিশন পৌঁছাও মেমসাহেব কো।"

"কতক্ষণ লাগবে?" জাহ্নবী প্রশ্ন করিল।

"এই আধঘণ্টা হুজুর…জোরসে চালাও জী; জলদি পৌঁছাও মেমসাহেবকো।"

"না, আস্তেই চালাক, রাত্তিরে ঘুম হয়নি।"

—একটু আগের বিহ্বলতার একটা কারণও দেখান হইল; কিছু অপ্রতিভই তো হইয়া পড়িয়াছে।

"আস্তে চালাও, শুনা? মেমসাহেবকা তবিয়ৎ ঠিক নেহি হ্যায়, ধীরে হাঁকাও।"

লম্বা হুকুম করিয়া, লম্বা একটি সেলাম করিয়া কুলিটা চলিয়া গেল।

হাতে একটা ঘড়ি আছে, পরীক্ষায় পুরস্কার পাইয়াছিল; মিনিট চল্লিশ লাগিল হাওড়ায় পৌঁছাইতে। জাহ্নবী পুরাপুরি একটা ছক দাঁড় করাইয়া লইল।…অত ভিড়ের মধ্যে, অত ব্যস্ততার মধ্যে, গাড়িঘোড়ার বিপদের মধ্যে পথচারীদের লুব্ধ দৃষ্টি আসিয়া মুখের ওপর পড়িতেছে; দেখুক গিয়া, আর গ্রাহ্য করে না জাহ্নবী, দিনের বেলায় কোন আশঙ্কা নাই, শুধু কেমন একটা ঘৃণা বাড়িয়া যাইতেছে।…ষ্টেশনে নামিয়া একটা কুলি করিল, একটা সেকেণ্ড ক্লাসের টিকিট করিল, তারপর জিজ্ঞাসা করিয়া একেবারে সেকেণ্ড ক্লাস ওয়েটিং রুমে গিয়া উঠিল।

সমস্ত দিনটা কাটাইল। কোথা থেকে বেশ একটা সহজ সাহস আসিয়া গেছে, তাহা ভিন্ন বাড়ি পৌঁছান পর্যন্ত সমস্ত প্ল্যানটা ঠিক করিয়া লইয়াছে, আর সেই অসহায় উদ্বেগের ভাবটা নাই। বেশ ভালোভাবেই স্নানাহার করিল, সেকেণ্ডক্লাসের কয়েকজন যাত্রার সঙ্গে আলাপও হইল, মেয়েছেলে,

আবার পুরুষও; পুরুষদের মধ্যে দু'একজনের গায়ে-পড়া অভিনিবেশ হজমও করিল, এক দিনের অভিজ্ঞতাতেই জাহ্নবী অনেকটা তৈয়ারী হইয়া গিয়াছে। এমন গুছাইয়া মনগড়া পরিচয় দিল যে নিজের কল্পনাশক্তিতে নিজেই বিস্মিত হইয়া গেল ··পাটনায় যাইবে; একা তো ভয় কি? আটটায় এক্সপ্রেস, ভোরে নামিবে, মোটর লইয়া ষ্টেশনে লোক আসিবে। তা ভিন্ন পথও নূতন নয়।···একটা টাইমটেবল কিনিয়া বেশ অভিজ্ঞ সাজিয়া বসিয়াছে।

তোরঙ্গটা একদিকেই রাখা ছিল, সন্ধ্যা হইতেই জাহ্নবী সেটা খুলিল। একটা মাঝারি সাইজের চামড়ার ব্যাগ আছে, খান তিন সাড়ি জামা বাহির করিয়া তাহাতে পুরিল, বইখাতাও যতগুলি আঁটিল লইল; যেগুলি লইতে পারিল না, সেগুলির নিজের নামাঙ্কিত পাতাগুলি ছিঁড়িয়া ব্যাগের মধ্যে লইল, আরও নিতান্ত টুকিটাকি যা ধরিল ব্যাগটাতে; তাহার পর তোরঙ্গটায় চাবি আঁটিয়া উঠিয়া দাঁড়াইল। পাশের বেঞ্চটিতেই একটি পরিবার,—স্ত্রী, কর্তা, তিন-চারটি ছেলে-মেয়ে, আলাপ হইয়াছে। আগে থাকিতেই গাওয়া ছিল, ব্যাগটা লইয়া, বেশ স্টাইলের সঙ্গে হাত-ঘড়িটা দেখিয়া লইয়া বলিল—"খড়্গপুর থেকে আমার যে আত্মীয় আসবেন তাঁকে দিয়ে আসি জিনিষগুলো, বেডিংটা আর ট্রাঙ্কটা রইল, দেখবেন একটু দয়া করে।"

বোর্ডিঙে যা কিছু অর্জন করিয়াছিল প্রায় সমস্তরই মায়া কাটাইয়া জাহ্নবী বর্ধমানগামী একখানি লোকাল ট্রেণে গিয়া বসিল; বিশেষ কষ্টও হইল না জিনিসগুলার জন্য—সমস্ত বোর্ডিংটার ওপরই অন্ততঃ সাময়িকভাবে কেমন একটা বিতৃষ্ণা ধরিয়া গেছে।

কুড়ি

গন্তব্য স্থানে রাত আটটার সময় নামিল জাহ্নবী, আজ ঠিক তিন বৎসর পরে; প্রায় ছয় বৎসর আগে একদিন নামিয়াছিল; সমস্ত দৃশ্যটি মনে পড়িয়া গেল। পথটা ভালো রকম জানা নাই, তবে কোন্‌দিকের পর কোন্‌দিকে, মোটামুটি একটা ধারণা আছে। সবার দৃষ্টির নিচে দিয়া বেশ সহজ গতিতে ষ্টেশনের বাহিরে আসিয়া দাঁড়াইল।

এইখানে একটু গোল বাধিল, শেয়ালদহের পর এই প্রথম। গাড়ি, রিকশা বাড়িয়াছে, একটু যে কাড়াকাড়ি পড়িল তাহাতে আবার প্রায় বিপর্যস্ত করিয়া দিল জাহ্নবীকে। তবে, ঐ যে একদিনের রূঢ় বাস্তবের সঙ্গে পরিচয়ে অভিজ্ঞ হইয়া উঠিয়াছে, সামলাইয়া লইতেও দেরি হইল না; "দরকার নেই, কোয়ার্টার্সে যাব"—বলিয়া বেশ দৃঢ় পদক্ষেপেই বাহির হইয়া আসিল। কেন যে অত শীঘ্র নিষ্কৃতি পাইল সেটা বুঝিল দু-দিন পরে।

রাস্তাটা বদলাইয়াছে, আগে ছিল এবড়ো-খেবড়ো ইটের খোয়ার, এখন বেশ মসৃণ, পিচ-ঢালা। একটা বিষয়ে সন্দেহ হইতেছে—আগের তুলনায় আলো আর লোক চলাচল কি বেশি? ঠিক মনে পড়িতেছে না, সেটা কোথায়-সেই ছয় বৎসর পূর্বের কথা। খানিকটা গিয়া হঠাৎ গা'টা ছমছম করিয়া উঠিল—মনে হইল রাস্তা যেন আর ফুরাইতে চাহিতেছে না। পুরাণো বাড়িগুলার সংখ্যা অল্প হইয়া আসিয়া যেখানে, তাহার আন্দাজমতো, বন-রেখাটা আরম্ভ হওয়া উচিত ছিল, সেখান থেকে যেন আরও সব নূতন নূতন বাড়ি আরম্ভ হইয়াছে; আর, দূরে সামনের পানে খানিকটা ডান দিক ঘেঁসিয়া ওকি—যেন আলোর উৎসব পড়িয়া গেছে! এ কোন্ জায়গা! জাহ্নবী ভুল ষ্টেশনে নামিয়া পড়ে নাই তো! হাত পা যেন অবশ হইয়া আসিতে

লাগিল। ঘোড়ার গাড়ি, রিক্‌শা—যেগুলা যাত্রী লইয়া স্টেশন হইতে বাহির হইয়াছিল, সব আগাইয়া গেছে। তবে লোক চলাচল আছে; মাঝখানে হঠাৎ দাঁড়াইয়া ভাবিবার উপায় নাই বলিয়াই জাহ্নবী আগাইয়া চলিল, বেশ বুঝিতেছে ক্রমাগতই একটা অনিশ্চিত বিপদের গহ্বরে নামিয়া যাইতেছে। লক্ষ্য করিল বেশির ভাগ লোকের পোষাক পরিচ্ছদ অন্য ধরণের,—রং-বেরং ছাঁটের খাকী কোট-প্যান্ট, যত আগাইয়া যাইতেছে এইটাই যেন বাড়িয়া যাইতেছে। জাহ্নবীর পা দুইটা কাঁপিতে লাগিল—ভুল স্টেশনেই নামিয়াছে! এক সময় সব দ্বিধা সংকোচ কাটাইয়া হঠাৎ থামিয়া পড়িল। ফিরিতেই একটি লোকের সঙ্গে মুখোমুখি হইয়া দাঁড়াইল, বেশ বোঝা গেল নিতান্তই একটা ভদ্রোচিত ব্যবধান রক্ষা করিয়া লোকটা পেছন পেছন আসিতেছিল; অপ্রতিভভাবে একটু সরিয়া দাঁড়াইয়া ইংরাজীতে প্রশ্ন করিল—"কোথায় যাবেন?"

সৈন্য বিভাগের লোক, ভারতীয়, হয়তো বাঙালী, ছোটখাট অফিসার হইতে পারে, কার্শিয়াংয়ে এ ধরণের লোক দেখিয়াছে মাঝে মাঝে। জাহ্নবীর আপনাআপনি যাহা জোগাইয়া গেল তাহাই বলিল—"স্টেশনে যাব।"

পরিষ্কার উচ্চারণে ইংরাজীতেই বলিল।

"সঙ্গে করে দিয়ে আসতে পারি আপনাকে? একা রয়েছেন।"

"না, ধন্যবাদ।"

তার পর আরও জোগাইয়া গেল।

"স্টেশন মাস্টারের মেয়ে আমি, বেড়াতে এসেছি—রোজ আসি।...তবুও ধন্যবাদ।"

আর অপেক্ষা না করিয়া তাড়াতাড়ি পা চালাইয়া দিল। স্নায়ুর অবস্থা এমন হইয়া গেছে মনে হইতেছে এখনই পড়িয়া যাইবে।...লোকটা কি আর বিশ্বাস করিয়াছে? হাতে এমন একটা ব্যাগ লইয়া কে আর বেড়াইতে বাহির হয়? একটু আগাইয়া পা চালাইয়া দিল, তাহার পর অনেক দূরে গিয়া আলোটা যেখানে একটু পাতলা হইয়া গিয়াছে সেইখানে দাঁড়াইয়া ঘুরিয়া

দেখিল—না, লোকটা চলিয়া গেছে; বিশ্বাস করুক আর নাই করুক স্টেশন মাস্টারের নাম লওয়ায় কাজ হইয়াছে, ওর সাহসটাকে আর বাড়িতে দেয় নাই।

আরও বেশ খানিকটা আগাইয়া গেল, তাহার পর নিতান্ত গেঁয়ো ধরণের একজন সাধারণ পথিক দেখিয়া, মরিয়া হইয়াই তাহাকে দাঁড় করাইল—"শোন।"

লোকটা দাঁড়াইয়া পড়িল।

"কি কর তুমি?"

"আজ্ঞে, এই মিলিটিরিদের ডিম, মুরগী জোগান্ দি, তাই দিয়ে এসেচি।"

"কি নাম জায়গাটার?"

নাম যাহা বলিল তাহাতে জাহ্নবী বুঝিল ভুল স্টেশনে নামে নাই। ব্যাপারটাও কতক কতক আন্দাজ করিল, প্রশ্ন করিল—"এখানে মিলিটারি ছাউনি পড়েছে, না?

"আজ্ঞে হ্যাঁ, আর ই সবই তো মিলিটিরি হ'য়ে যাবে, জঙ্গল কেটে সাবাড় ক'রে দিলো আজ্ঞে। সব জায়গা কিনে নিল কিনা সরকার বাহাদুর।"

"সব জঙ্গল কাটা হয়ে গেছে?"

"তা সবই বলব বইকি, ঐ উদিকে এক থামচা পড়ে আছে, তাতেও কোপ পড়তে শুরু হয়েছে আজ্ঞে। আপনি লোতুন এয়েছেন হেথা?"

"হ্যাঁ···আমার দাদা এখানে বাড়ি তোয়ের করবার ঠিকে নিয়ে এসেছেন, খুঁজছি তাঁর বাসাটা।"

কথাগুলার মধ্যে পূর্বাপর অসঙ্গতি রহিয়াছে, বেশ ভাবিয়া তো বলিতে পারিতেছে না; তবে লোকটা যে স্তরের, গ্রাহ্যও করিল না জাহ্নবী।

প্রশ্ন হইল—"আজ্ঞে তানার নাম? দেখি চিনি কিনা, অনেক বাড়িতেই তো জোগান্ দি।"

একটা নাম বলিল জাহ্নবী।

লোকটা একটু চিন্তা করিল, তাহার পর মাথাটা দুলাইয়া বলিল—"আজ্ঞে না, চিনতে নারলাম।"

"সে আমি খুঁজে নেবো'খন ; নতুন এসেছেন, চিনবে না তুমি ; যাও।"

লোকটা চলিয়া গেলে একটু দাঁড়াইয়াই রহিল জাহ্নবী। জায়গাটা ঠিক স্টেশন আর যেখানটা মিলিটারি ছাউনি পড়িয়াছে, তাহার মাঝামাঝি। অপেক্ষাকৃত নির্জন আর বিরল-বসতি ; কিছু বাড়ি উঠিয়াছে, কিছু কিছু উঠিতেছে, নূতন রাস্তার ছক কাটা হইয়াছে মাঝে মাঝে, অনেক জায়গায় কাটা গাছ এখন সরানও হয় নাই।

মনের অবস্থাও অদ্ভুত রকম হইয়া গেছে জাহ্নবীর। বেশ বুঝিতেছে পৃথিবী থেকে তার শেষ আশ্রয়টুকুও গেছে মুছিয়া। কার্শিয়াংএ থাকিতেই শুনিয়াছিল কলিকাতার চারিধারেই গবর্ণমেণ্ট বড় বড় পড়তি জায়গা দখল করিয়া অনেক স্থলে বসতি পর্যন্ত উজাড় করিয়া সেনা ছাউনি বসাইতেছে ; এও সেই ব্যাপার। বেশ বুঝিল সে আজ একা, নিরাশ্রয় ; এই ধ্বংস আর নিষ্করুণ সৃষ্টির মুখে মা, দাদু, দিদিমণি যে কোথায় তলাইয়া গেছে তাহার আর সন্ধান পাওয়া যাইবে না। ভিতর থেকে একটা কান্না ঠেলিয়া উঠিতেছে, কিন্তু চোখে যেন জল খুঁজিয়া পাইতেছে না, সমস্তটা গেছে শুকাইয়া।

আর একবার, শেষবারের মতো জাহ্নবী বাস্তবের সামনে যেন জাগিয়া উঠিল, আর সে-আশ্রয় লোকালয়ে নাই তাহার। মনে কেমন একটা নূতন ধরণের চঞ্চলতা আসিয়া গেছে—লোকালয় নয়, চাই অরণ্য। ছেলেবেলাকার সেই অরণ্য-আশ্রিত ভাঙা বাড়িটির নিশ্চিন্ত শান্তির কথা মনে পড়িল। মুছিয়া গেছে সেটুকু ; কিন্তু তাহাই চাই। আর সে জীবন সম্ভব কি অসম্ভব তাহা ভাবিয়া দেখিল না জাহ্নবী, শুধু একটি কথাই মনে উদগ্র হইয়া উঠিয়াছে—ঐ রকম একটি নিশ্চিন্ত নীড় চাই।—পৃথিবীর যে প্রান্তেই হোক—অরণ্যজননী আবার ওকে নিবিড় আহ্বানে ডাক দিতেছে।

ঐ লোকটা বলিল না ?—এক থামচা এখনও আছে পড়িয়া। আজ রাত্তিরে ঐ আশ্রয়।···জাহ্নবীর বোধ হয় একটু মস্তিষ্কবিকৃতিই হইয়াছে ; নির্দিষ্ট দিকে একটা নূতন পাকা রাস্তার উপর দিয়া পা বাড়াইল।

রাত হইয়াছে। নূতন শীতের রাত, বাড়িঘর যা আছে সেগুলার দুয়ার-জানলা বন্ধ হইয়া গেছে বা হইয়া আসিতেছে।···ক্রমে বাড়িও আর নাই; ইট পড়িয়াছে, মালমশলা জড় হইয়াছে, কোথাও বা বনেদ খোঁড়া হইয়াছে। যত এগোয় আরও নির্জন, আরও নীরব। ক্রমাগতই এদিক ওদিক রাস্তা বাহির হইয়াছে, নিশিতে-পাওয়ার মতো সেই সব রাস্তা দিয়া আঁকিয়া বাঁকিয়া ঘুরিয়া বেড়াইতে লাগিল জাহ্নবী; এক একবার ঘুরিয়া ফিরিয়া আবার একই জায়গায় ফিরিয়া আসিতেছে।···কোথায় সেই এক খামচা বন?—মানুষের গ্রাস থেকে পরম আশ্রয় জাহ্নবীর—অন্ততঃ একটা রাতের জন্যও······

হয়তো ভুল তবু আহত চেতনায় জাহ্নবীর যেন মনে হইল প্রায় ঘণ্টাখানেক ঘুরিয়াছে এইভাবে—শরীর-মন অবসন্ন—একটা নেশায় পাইয়াছে যেন; তবু ছাড়িবে না—ছাড়িয়া-আসা লোকালয়টা ওর কাছে যেন বিভীষিকাময় হইয়া উঠিয়াছে, আলোগুলা পর্যন্ত যেন মনে হয় কাহাদের লোলুপ দৃষ্টি; আর ফেরা চলিবে না।

এই সময় মনে হইল অন্ধকারটা সামনে খানিকটা দূরে যেন গাঢ়তর হইয়া উঠিয়াছে; আশায় বুকটা দুলিয়া উঠিল,—নিশ্চয়ই সেই এক খামচা বন; নূতন উৎসাহে আগাইয়া চলিল জাহ্নবী।···পথ শেষ হইয়া গেছে, আগাছা আরম্ভ হইল, তাহার পর একজোটে কতকগুলা পুরনো গাছের পাশ দিয়া ওদিকে যাইতেই জাহ্নবীর কানে হঠাৎ যেন সুরসঙ্গীত আসিয়া বর্ষিত হইল—

অন্নদাঠাকরুণের গলা—"আমি নড়ব না—নড়ব না!···ও দিক আমায় বাড়িচাপা—আমায় পুতে তার ওপর বাড়ি তুলুক।—আমি নড়ব না!······"

বন বাদাড় ঠেলিয়া জাহ্নবী গিয়া ভাঙা বাড়ির পেরেক-বের-করা বন্ধ দরজায় মাথা বুক চাপিয়া ডাকিল—"দিদিমণি! মা!···দাদু!"

শুনিতে পায় নাই, আওয়াজ বোধ হয় খোলেও নাই, গলা একেবারে কাঠ হইয়া গিয়াছে জাহ্নবীর। ডাকিল না আর, দরজায় কপাল ঠেকাইয়া দাঁড়াইয়া রহিল।

অন্নদাঠাকরুণ চীৎকার করিয়া যাইতেছে—"ওর বাড়ি!—দখল করবে!—টাকা দেখাচ্ছে!—টাকা!...আমার নাম অন্নদাঠাকরুণ, আমি দেখব টাকার জোর কত!......"

জাহ্নবী চুপ করিয়া দাঁড়াইয়া রহিল, কর্ণ দিয়া অমৃত পান করিতেছে। কোথায় ছিল এত অশ্রু তাহার? অবিরল ধারে যেন বুক ভাসাইয়া দিতেছে। শরীর হইয়া উঠিয়াছে অবশ; আর দুঃখে নয়, জীবনের যা কিছু দুঃখ, যা কিছু গ্লানি সব ধুইয়া মুছিয়া শেষ হইয়া গেছে জাহ্নবীর। আরও শুনুক—আরও—আরও—এত মিষ্ট কি আর কিছু শুনিয়াছে—কখনও?...অনেকক্ষণ পরে আবার ডাকিল—"দিদিমণি!—মা!...দাদু!......"

এবার স্বরটা অশ্রুজলে ধুইয়া স্বচ্ছ, নির্মল; অন্নদাঠাকরুণের কণ্ঠ শুব্ধ হইয়া গেল। একটু বিরতি; জাহ্নবী আবার ডাকিল—কণ্ঠে তিন বছরের সঞ্চিত মধু ঢালিয়া।

প্রশ্ন হইল—"কে?"

"আমি জাহ্নবী; দোর খোল!"

একুশ

তিন বৎসরের একটা মোটামুটি ইতিহাস শুনিল জাহ্নবী; তাহার মধ্যে ওদিককার প্রায় আড়াইটা বৎসর বাদ দেওয়া যায়। এদিকে মাস ছয়েকের মধ্যে দ্রুতগতিতে অনেকগুলো ব্যাপার হইয়া গেল। হঠাৎ একদিন শোনা গেল এই সমস্ত তল্লাট'টা কিনিয়া লইয়া গবর্ণমেণ্ট মিলিটারি আনিয়া ফেলিতেছে। দেখিতে দেখিতে দক্ষিণদিকে বনবাদাড় পরিষ্কার হইয়া গেল, ঘরবাড়ি উঠিল, তাহার পর কাতারে কাতারে সেপাই আসিয়া সব ভর্তি করিয়া ফেলিল। কি ভয়ে ভয়েই যে কাটিল কয়টা মাস বলা যায় না। কিন্তু খানিকটা পর্যন্ত আগাইয়া বাড়িঘর করা বন্ধ হইয়া গেল, রব উঠিল যে-পর্যন্ত হইয়াছে সেই

পর্যন্তই থাকিবে, এদিকে আর বাড়িয়া আসিবে না ছাউনি। মাস দুয়েক গেল, তাহার পর আবার এদিককার জঙ্গলে কোপ পড়িতে লাগিল, সঙ্গে সঙ্গেই নূতন রাস্তা, নূতন বাড়ি, সেপাই-ছাউনি আবার আগাইয়া আসিতে লাগিল। সামনের দিকে ছিল শুধু মাঠ আর জঙ্গল, এদিকে শোনা গেল সেপাইরা জোর করিয়া লোকেদের উঠাইয়া দিয়া বাড়িজমিও দখল করিতেছে। আবার দিন-কতক কি হয় কি হয় একটা সশঙ্ক উৎকণ্ঠায় কাটিল। তাহার পর একদিন এ-বাড়ির দরজাতেও ঘা পড়িল। অন্নদাঠাকরুণ খিল খুলিয়া দেখে সেপাইদের মতো পাঁশুটে রঙের পোষাক-পরা একটি ভদ্রলোক—বাঙালী, আর তাহার সঙ্গে চাপরাস আঁটা একটা পিওন। বাড়ির কে কর্তা জানিতে চাহিল, বাড়ি খালি করিয়া দিতে হইবে। অন্নদাঠাকরুণ খুব এক চোট গালিগালাজ করিয়া দরজা বন্ধ করিয়া দিল।

অত দুশ্চিন্তায় বোধ হয় আর কখনও রাত কাটাইতে হয় নাই; বেশ বোঝা গেল গালিগালাজ দিয়া এদের ঠেকানো সম্ভব নয়। কি করিবে, কোথায় যাইবে ভাবিয়া তিনজনে সমস্ত রাতটা জাগিয়া কাটাইয়া দিল। পরদিন সকালে আবার দরজায় ঘা পড়িল, চেঁচামেচি বিফল জানিয়াই অন্নদাঠাকরুণ আস্তে আস্তে গিয়া দরজা খুলিয়া দিল। পাছে আবার আগের দিনের মতো দরজা বন্ধ করিয়া দেয়, সেইজন্য লোকটা প্রথমেই চৌকাটের মাঝখানে আসিয়া দাঁড়াইল। কিন্তু ভালো লোক, বুঝাইয়াই বলিল, এতে তাদের লাভই,—যেমন বাড়ি, কয়েক হাজার টাকা পাইয়া যাইবে, চেঁচামেচি না করিয়া দিয়া দেওয়াই ভালো; অন্য লোক হইলে জোর করিয়াই দখল করিয়া লইত, অসহায় স্ত্রীলোক দেখিয়াই আবার বুঝাইয়া বলিতে আসিয়াছে। আরও বলিল, আজই লওয়া হইতেছে না; মাপজোক হইতেছে, এদিকে আসিতে দেরি আছে এখনও, ইতিমধ্যে এরা জায়গা দেখুক।

উপায় নাই, এদিকে টাকাও পাওয়া যাইবে ভালো রকম, অন্নদাঠাকরুণ কাছাকাছি বাড়ির খোঁজে রহিল, একবার নৈহাটিও ঘুরিয়া আসিল। তাহার

পর কিন্তু সব একেবারেই ঠাণ্ডা; কিছু দূর আগে পর্যন্ত বন কাটা হইতে লাগিল, বাড়ি উঠিতে লাগিল, এদিককার খানিকটা লইয়া কিন্তু কোন উচ্চবাচ্য নাই। এরপর একদিন একটু বেলা করিয়াই স্নানের পর ফিরিতেছিল অন্নদাঠাকরুণ, লোকটির সঙ্গে হঠাৎ দেখা হইয়া গেল, বলিল—ঠিক হইয়াছে ছাউনি আর বাড়ান হইবে না, ওদিকটা যেমন আছে তেমনই থাকিবে।

মিলিটারি এত কাছে পর্যন্ত ঠেলিয়া আসায় এরা আর এ বাড়িতে থাকা নিরাপদ মনে করিতেছিল না, লোকটিকে সেদিন ভালো বলিয়া মনে হওয়ায় অন্নদাঠাকরুণ সেকথাও বলিল—অবশ্য নারায়ণীও যে আছে সে কথা বাদ দিয়া। লোকটি বলিল কলিকাতায় মানুষের সংখ্যা খুব বেশি বাড়িয়া যাওয়ায় অনেকে বাহিরে জায়গা খুঁজিতেছে, সন্ধান পাইলে সে জানাইবে।

ইহার প্রায় দিন পনের পরে হঠাৎ অন্য ধরণের কাণ্ড এক।

সকাল বেলা আচমকা আবার দরজায় ঘা পড়িল। সেই লোকটি মনে করিয়া অন্নদাঠাকরুণ তাড়াতাড়ি আসিয়া অর্গল খুলিয়া দেখে দু'জন একেবারে অপরিচিত ব্যক্তি। একজনের বেশ বয়স হইয়াছে, একটু মোটা সোটা, গোলগাল, গায়ে হাতকাটা জামা, একটা মামুলি র‍্যাপার জড়ানো, মাথার টেড়িটাতে কিন্তু বেশ ঘটা আছে; অন্যটি অল্পবয়সী, সুশ্রী, বেশ সৌখীন জামাকাপড় পরা। কথা কহিল বয়স্থ লোকটিই, প্রশ্ন করিল—বাড়ির কর্তা কে। বাড়ী বিক্রয়ের কথা আশা করিয়া অন্নদাঠাকরুণ বলিল—সেই সব দেখেশুনে, কথাবার্তাও তাহারই সঙ্গে হইবে। বেটাছেলে একজন আছে বটে, তাহার ভাই, সে কিন্তু কোন কথায় থাকে না। প্রশ্ন হইল এ বাড়িতে তাহারা কতদিন আছে। সেটা জানাইতে আবার প্রশ্ন হইল—কাহার হুকুমে। অন্নদাঠাকরুণ তখন পাল্টা প্রশ্ন করিতে আরম্ভ করিল—তাহারাই বা কে, হঠাৎ বাড়ী চড়াও হইয়া এ ধরণের প্রশ্ন করিতেছে কেন। বয়স্থ লোকটি উত্তর দিল; জানাইল বাড়ীটা আসলে তাহার সঙ্গীর, সম্পর্কে তাহার শালী-পো হয়, দখল করিতে আসিয়াছে; এতদিন ছিল ক্ষতি নাই, এইবার ছাড়িয়া দিতে হইবে।

এতক্ষণে অন্নদাঠাকরুণ ভালোভাবেই নিজমূর্তি ধরিল, ভেতরটা ভালোভাবেই দেখিবার জন্য লোকটা একটু সামনে পা বাড়াতেই—"কী ! আমার সাতপুরুষের শ্বশুরের ভিটে !..."বলিয়া হঠাৎ এমন জোরে কপাট দুইটা বন্ধ করিয়া দিল, যে লোকটা ছিটকাইয়া তিন হাত দূরে আগাছার ওপর গিয়া হাত পা ছড়াইয়া পড়িল।

দিন সাতেক আর সাড়াশব্দ নাই, তারপর একদিন সকালে আবার সেই মোটা লোকটির আওয়াজ শোনা গেল ; এবার আর দোরে ধাক্কা নয়, তফাৎ হইতেই জানাইল তিন দিন আরও সময় দিতেছে, ইহার মধ্যে না চলিয়া গেলে জোর করিয়া উঠাইয়া দেওয়া হইবে লোকজন আনিয়া। আরও জানাইল তিন দিনের দিন বাড়ির কাজ আরম্ভ হইবে।

আজ পঞ্চম দিবস। তিন দিনের দিন আর আসে নাই, আজ দুপুর হইতে কিছু না বলিয়া, একেবারে কুড়ি-পঁচিশ জন কুলি মজুর লাগাইয়া বাড়ির কাজে হাত দিয়াছে। যেমন বোধ হইতেছে, একেবারে নূতন করিয়া গোড়া থেকে তুলিবে আবার। কাজ তদারক করিতেছে একা সেই মোটা লোকটি, ছেলেটি নাই সঙ্গে।

জাহ্নবী নিজের কথাও বলিল, তবে প্রচুর কল্পনার আশ্রয় লইয়া। সহজ বুদ্ধিতেই এ কথাটা গোপন রাখিল যে, তাহার মা-ই অণিমার হাতে পায়ে ধরিয়া তাহাকে বোর্ডিঙে পাঠাইয়া দিয়াছিল। অণিমা অন্নদাঠাকরুণকে যে চিঠিটা দিয়াছিল সে তাহার কথা জানিত, তাহারই ভিত্তিতে একটা গল্প দাঁড় করাইল যে, একটি স্ত্রীলোক তাহাকে বনের মধ্যে থেকে ভুলাইয়া লোভ দেখাইয়া লইয়া গিয়া এতদিন মেয়েদের একটি শিক্ষায়তনে রাখিয়াছিল—সেটা যে ক্রিশ্চানী ব্যাপার, সেটুকুও ঐ সহজবুদ্ধিতেই গোপন করিল।

অরণ্য এদিকটা অল্পসল্প পাতলা হইয়াছে, তবু একেবারে এই বাড়ির চারিদিকে প্রায় সেইরকম। নিবিড় অন্ধকার, অতি ক্ষীণ একটি তেলের প্রদীপ,

একটি লণ্ঠন, ভালো করিয়া পরস্পরকে যেন দেখাও যায় না। চারিদিকে দারিদ্র্যের ছায়া, তাহার মধ্যে দাদুর পাশে, দাদুর চৌকিতে ছেঁড়া মাদুরের ওপর অভিজাত্যের সজ্জায় রূপের ডালি লইয়া বসিয়া গল্প শুনিতেছে জাহ্নবী ; গল্প বলিতেছে···ষোড়শী রূপসী, সে আত্ম-সচেতন হইবেই—মায়ের প্রশংসাময় দৃষ্টির সঙ্গে সলজ্জ অপ্রতিভ মুখের ভাবে বুঝিতেছে, সে এ বাড়িতে আজ বে-মানান।

অন্নদাঠাকরুণের দৃষ্টির প্রশংসার সঙ্গে আছে একটা প্রচ্ছন্ন আতঙ্ক—কোথায় এক কোণে ; জাহ্নবী এত রূপ লইয়া যেন একটা নূতন উপদ্রব হইয়া ফিরিয়া আসিয়াছে। দাদুর চোখটা আরও গেছে, এত অপর্যাপ্ত আলোয় দেখিবার চেষ্টাও নাই। ডান হাতটা পিঠের ওপর, কুণ্ঠিত, আগেকার মতো আর অকুণ্ঠ স্নেহে সমস্ত দেহে সঞ্চারিত হইতে পারিতেছে না ; উদ্ভিন্ন-যৌবনা নাতনির অঙ্গের একটি কোণে নিশ্চল হইয়া যেন হিসাব করিতেছে—কি পাইল আর কি হারাইল। গোড়াতেই যা একটু উচ্ছ্বসিত হইয়া উঠিয়াছিল, তাহার পর কিন্তু একেবারে নির্বাক হইয়া গেছে। মাঝে মাঝে নিজের গলাটাকে শুধু যেন একটু পরিষ্কার করিয়া লইতেছে, তাহার পর একবার জাহ্নবীর মাথার উপর থেকে হঠাৎ হাতটা ধীরে ধীরে টানিয়া আনিয়া নারায়ণীকে উদ্দেশ করিয়া বলিয়া উঠিল—তোকে এই বয়েসটিতে দেখা হয়নি বন্দী···দিদিমণি কেমনটা হয়েছে রে ?"

কাজের কথার মধ্যে তাহার এই নিতান্তই অকাজের কথাটি যে কতখানি বেখাপ্পা হইয়া গেছে সেটুকু বুঝিয়া একটু অপ্রতিভভাবে হাসিয়া চুপ করিয়া গেল।

পুরাণো জায়গায় এ কী নূতন হইয়া ফিরিল, নিজের জায়গায় কতটা পর হইয়া—যেন ভালো করিয়া বুঝিয়া উঠিতে পারিতেছে না জাহ্নবী।··· চব্বিশ ঘণ্টার দুই দিকে, জীবনের এই দুইটা যুগের মধ্যে যেন সামঞ্জস্য খুঁজিয়া পাইতেছে না।

বাইশ

জায়গাটা দেখিবার জন্য একটা দারুণ আগ্রহ রহিয়াছে, এদিকে কার্শিয়াঙের মতো তেমন উৎকট শীতও নয়, পরদিন জাহ্নবী উঠিল অতি প্রত্যুষে।··· উঠানের বাগানটা নাই, আবার জঙ্গল হইয়া পড়িয়াছে, তাহার মধ্যে গোটাকতক পাতা-বাহার, একটা করবী আর গোটাদুই গোলাপ খেয়াল-খুশি মতো বাড়িয়া উঠিয়া একটা রুচিহীন আভিজাত্যের ছাপ দিয়াছে। সেই আধ ভাঙ্গা দোতলার ঘরটা নাই, তবে সিঁড়িটা আছে, জাহ্নবী উঠিয়া গেল। একেবারে নূতন জায়গা! ডানদিক ঘেঁষিয়া পিছন দিকটা প্রায় সমস্তটাই এখনও সেইরকম জঙ্গল রহিয়াছে বটে, তবে সামনের দিকে প্রায় শ'খানেক হাত পর থেকে সব পরিষ্কার; গাছ যা আছে, আম-কাঁঠাল জাতীয়, ইচ্ছা করিয়াই ছাড়া; ইঁট পড়িযাছে, বাড়ি উঠিতেছে। আরও দক্ষিণে একেবারে একটা ছোটখাট শহর বলিলেই হয়,—টানা টানা বাড়ি—খড়ের, খোলার, এ্যাস্‌বেসটসের—এর মধ্যেই লোকেদের চঞ্চলতা পড়িয়া গেছে; খুব স্পষ্ট দেখা যায় না, তবে পোষাকে রংয়ের বৈচিত্র্য নাই, সব খাকী। চারিদিকে বনের একটা পর্দা আছে, লোকও নাই এদিকে। নেড়া ছাতে ঘুরিয়া ঘুরিয়া দেখিতেছিল জাহ্নবী, নিচে অন্নদাঠাকরুণের কণ্ঠস্বর শুনিতে পাইল—"নারাণ, ওঠ মা কপাটটা দিয়ে আসবি।"

জাহ্নবী নামিযা যাইবে ভাবিতেছে, এমন সময় আবার অন্নদাঠাকরুণের গলা—"না হয় জাহ্নুই ওঠ, তোর মার শরীরটা আবার ভাল নয়।"

জাহ্নবী সাড়া দিবার আগেই একরাশ শঙ্কিত মন্তব্য—"কৈ গো, জাহ্নু কোথায়?·· জাহ্নবী!···অ নারাণ, জাহ্নু কোথায়?—তোর পাশে শুয়েছিল যে!···জাহ্নবী!!···"

নারায়ণী উঠিয়া পড়িল—"অ্যাঁ তাইতো!···জাহ্নু কোথায় গেল?···জাহ্নু! জাহ্নবী!!···বাবা! অ বাবা!! জাহ্নুকে পাওয়া যাচ্ছে না!!"

পাশে অম্বিকাচরণের ঘরের কপাট খুলিয়া গেল, ত্রস্ত প্রশ্ন—"কি বলছিস? ···দিদিমণি কোথায় যাবে?"

অকস্মাৎই ব্যাপারটা এমন গুরুতর আকার ধারণ করিল যে, জাহ্নবীরও যেন কণ্ঠরোধ হইয়া গেল। সিঁড়িটারও স্থানে স্থানে শ্যাওলা জমিয়া গেছে, সাবধানে যতটা তাড়াতাড়ি পারিল নামিয়া আসার পর তাহার গলা খুলিল, বলিল—"এই যে আমি রয়েছি দাদু···মা, দিদিমণি, এই যে আমি!"

অন্নদাঠাকরুণ আর নারায়ণী অবাক হইয়া চাহিয়া রহিল; যে সন্দেহে এতটা হৈচৈ উঠিল তাহার জন্য অপ্রতিভ হইয়াছে একটু, কিন্তু তাহার চেয়েও বেশি বিস্মিত—উষার আলোয় জাহ্নবীকে আরও স্পষ্টভাবে দেখিয়া। অম্বিকাচরণ ঘাড়টা ফিরাইয়া স্বর লক্ষ্য করিয়াই হাতটা বাড়াইল, প্রশ্ন করিল—"এয়েছিস?"

জাহ্নবী আগাইয়া গিয়া হাতটা টানিয়া নিজের পিঠে রাখিল। একটু হাসিয়া বলিল—"যাব কোথায় যে এয়েছিস'? ভোরে ঘুমটা ভেঙে গেল, ভাবলাম ছাতের ওপর গিযে দেখে আসি জায়গাটা, তিন বছর দেখিনি।"

অন্নদাঠাকরুণ আর একটি কথাও বলিল না, ঘটি আর গামছা-জড়ানো কাপড়টা হাতে করিয়া উঠানে নামিল, তাহার পর কপাট খুলিয়া গম্ভীরভাবে বাহির হইয়া গেল।

রাত্রে অতটা ঠাওর করিতে পারে নাই, একটা অতি উৎকট সমস্যার সামনে আসিয়া যেন বুদ্ধি লোপ হইয়া গেছে।

নারায়ণীর ভাবটা অন্যরকম—গর্ব, বিষাদ, ভয় সব মেশান। অন্নদাঠাকরুণ চলিয়া গেলে কপাটটায় খিল আঁটিয়া আসিয়া বলিল—"জায়গাটা আর সে-জায়গা নেই জাহ্নু, অমন হুট করে বেরুস-টেরুসনি।"

একটু থামিয়া মন্তব্যটার ওপর একটু আক্রুও টানিয়া দিল—"জানিস তো তোর দিদিমণিকে।"

আজ সকাল থেকেই লোকজন খাটিতে আরম্ভ করিল, একটু বেলা হওয়ার সঙ্গে সঙ্গেই ; পুরাণো ইঁট-রাবিস সরানো, নূতন বনেদ খোঁড়া, ওদিকে বাড়ির কাছাকাছি যেসমস্ত আগাছা সেগুলাও পরিষ্কার করিতে লাগিল একটা দল, বড় বড় গাছে কুড়োলের ঘা পড়িতে লাগিল।

মায়ের নির্দেশ অনুসারেই জাহ্নবী বাহিরের রকে কিংবা উঠানে আর বাহির হইল না বড় একটা, প্রথমটা দাদুর কাছে বসিয়াই গল্প করিল খানিকটা, তাহার পর বাহির সম্বন্ধে কৌতূহলটা আর যখন দমন করিতে পারিল না, একবার ভাল করিয়া দক্ষিণ দিকটায় উঁকি মারিয়া দেখিয়া লইয়া একটু গুটি সুটি মারিয়া রান্নাঘরে মায়ের কাছে গিয়া উপস্থিত হইল।

নারায়ণী একটু হাসিয়া ব'লিল—"এলিই চলে? আমি তাই বসে বসে ভাবছিলাম—খোলা জায়গায় মানুষ, এসে ঢুকতে হ'ল কিনা একেবারে পিঁজরের মধ্যে, ওর কি কম্মো একঠায় এক জায়গায় বসে থাকা? তা বোস্, আমারও পেট ফুলছিল,—হঠাৎ এভাবে সেখান থেকে চলে এলি যে?"

এসবের উত্তর জাহ্নবীর ঠিক করাই ছিল, বলিল—ইস্কুলটা হঠাৎ উঠে গেল মা।"

তাহার পর প্রশ্নের গোড়ার কথার খানিকটা আপনিই মুখ দিয়া বাহির হইয়া গেল—"সেখানেও নাকি কোন টাকাওয়ালা বড় লোক…?"

একটু অপ্রতিভভাবে চুপ করিয়া গিয়া কড়ার দিকে মুখটা ফিরাইয়া লইল। কিসব স্মৃতির আলোড়নে কথাটা বাহির হইয়া পড়িয়াছে বুঝিতে বাকি রহিল না জাহ্নবীর। এক মুহূর্তেই সেই সব পুরাতন আর তার নিজের এই কয়দিনের নূতন অভিজ্ঞতার স্মৃতিতে তাহারও মনটা তিক্ত হইয়া উঠিল। দু'জনেই পড়িয়া গেছে একটু লজ্জায়, তবু মনের আক্রোশেই জাহ্নবী মনের কথাটা আর চাপিতে পারিল না, বলিল—"বড়লোক না হলেও ব্যাটাছেলেই যে মা।"

ইহার পর দুজনের কেহই আর কিছুক্ষণ পর্যন্ত কোন কথা কহিতে পারিল না। আবার এ-ভাবটা একটু কাটিয়া গেলে নারায়ণী বলিল —মরুক্‌গে, কেরেস্তানী ব্যাপারই তো।··অনিমাদি কেমন আছে তাই বল, ও-মেয়েটি বড্ড ভালো।"

জাহ্নবী বলিল—হ্যাঁ ··আছেন ভালোই।"

'ইস্কুল উঠে গেল তো সে গেল কোথায়?"

তা কিছু বললেন না।···শিক্ষিতা মেয়েছেলে, আবার কোথাও পেয়ে যাবেনই কাজ।"

"হাঁ, বড্ড ভালো।···আমার কথা কিছু বলতো?"

"প্রায়ই।"

এত আড়ষ্টভাবের মধ্য দিয়া কথাবার্তা অগ্রসর হয় না, তাহার ওপর প্রত্যেক কথাটিই যদি বানাইয়া সাজাইয়া বলিতে হয়। জাহ্নবী প্রসঙ্গটা বদলাইয়া ফেলিল, বলিল—"সে একদিন বলব মা, একদিনে ফুরুবেও না, বিশেষ করে কার্শিয়াং জায়গাটা—কী যে চমৎকার!···হ্যাঁ মা, এদিককার কি হবে? যেমন তোড়জোড় দেখছি, আজই যদি না বলে তো দিন দু'চারের মধ্যেই ওরা হাত ধ'রে বের ক'রে দেবে, অন্তত নিজেদেরই মানে মানে স'রে যেতে হবে; তারপর?"

কাল পর্যন্ত নারায়ণী তত গভীরভাবে চিন্তা করে নাই এ লইয়া; এক আশ্রয় থেকে অন্য আশ্রয় হাতড়াইয়া বেড়ানো তাহার জীবনের অভ্যাস; জাহ্নবী আসা পর্যন্ত কিন্তু এই চিন্তাটাই ওর সবচেয়ে প্রবল, বিশেষ করিয়া যেমনটি হইয়া ফিরিয়া আসিয়াছে। তবু নিজের ভয়টা ওর মনে সংক্রামিত করিয়া ফল নাই জানিয়াই বলিল—"অত ভাবিনে জানু, কি করব বল ভেবে? পিসিমা ভরসা, শক্ত মেয়েছেলে···"

"কিন্তু তোমার পিসিমার ভরসা তো গলাটুকু মা।" একটু নিষ্প্রভভাবেই হাসিয়া বলিল।

নারায়ণী একটু চুপ করিয়া রহিল, তাহার পর বলিল—"তুই ঐ বলছিস জাহ্—আমার কিন্তু মনে হয় এক সময়ে যাই হোক, এখন গলাটাই হয়েছে বিপদ। যারা বাড়িটা দখল করছে তারা অবস্থাপন্ন লোক।…আশ্রম নয় কিছু নয়, একটা গেরস্তর বাড়ি; মেয়েছেলে নিয়ে আত্মীয়-স্বজন নিয়ে ঘর করবে, বড় বাড়ি, ঝগড়াঝাটি না করে হাতে পায়ে ধরলে বোধ হয় এক কোণে পড়ে থাকতে দিত…"

"আবার ওদের হাতে পায়ে ধরা …আমি বলছিলাম ওপাট তুলে দিয়ে অন্য ব্যবস্থা করলে হয় না?"

—ঘৃণায় যে জাহ্নবীর মুখটা বিকৃত হইয়া উঠিল, তরকারি নাড়িতেছিল বলিয়া নারায়ণী আর সেটা লক্ষ্য করিতে পারিল না। মুখটা ঘুরাইয়া প্রশ্ন করিল—"কি অন্য ব্যবস্থা জাহ্নবী?"

"ভাবছিলাম মা…ভাবছিলাম··"

"হ্যাঁ, কি ভাবছিলি বল না।"

"ভাবছিলাম—আমি যদি কোন স্কুলে একটা চাকরি নিতাম—কলকাতায় কিংবা এখানেও থাকতে পারে মেয়েস্কুল,—মন্দ জায়গা নয়তো,—এত বড় রেলওয়ে ষ্টেশন··"

নারায়ণী আতঙ্কে সম্মোহিত হইয়া কথাগুলি শুনিতেছিল, কিন্তু সে-ভাবটা চাপা দিয়া একটু রহস্যের হাসি হাসিয়া বলিল—"পিসিমার নয় গলা ভরসা বললি, তোর ভরসাটা কি শুনি যার জোরে চাকরি খুঁজতে বেরুবি? শোনা যায় আট দশ বছর পড়লে ছেলেরা কুল্যে একটা পাশ দিতে পারে, তাতে কিছুই হয় না, তোর তো মাত্র তিনটি বছরের পুঁজি।…দোরটা হাট-আছুড় হয়ে রয়েছে, উঠে একটু ভেজিয়ে দেনা, একপাল লোক কাজ করছে ওদিকটায়।"

এতখানি বলার উদ্দেশ্যটা লক্ষ্য করিয়াই জাহ্নবী একটু হাসিয়া বলিল—"হ'ল মার সত্য সত্য পর্দা আঁটার ব্যবস্থা!…কেন, নিচু ক্লাসের মেয়েদেরও তো পড়াতে পারি।"

সোজাসুজি উঠিয়া দরজাটা ভেজাইয়া দিতে যাইবে, হঠাৎ পাশে সরিয়া দাঁড়াইল; তাহার পর পাশ দিয়া গিয়াই সন্তর্পণে দরজা দুইটা টানিয়া মাঝে সামান্য একটু খোলা রাখিয়া, একটু দেখিয়া লইয়া চাপা গলায় বলিল—"মা, দেখোসে!"

তরকারি নাড়া লইয়া ছিল বলিয়া নারায়ণী কিছুই দেখে নাই, ঘুরিয়া বিমূঢ়ভাবে উঠিয়া আসিয়া দরজার ফাঁকে চোখ দিয়া দাঁড়াইল।

লোকটাকে দেখিয়াছে, বাড়ীর দাবীদারদের মধ্যে একজন—যে বয়স্থ লোকটি নিজেকে ছেলেটির মেসো বলিয়া পরিচয় দিয়া কথাবার্তা চালাইয়াছিল, তাহার পর কপাটের ধাক্কা খাইয়া ছিটকাইয়া পড়ে। একবারমাত্র দেখা, তাও দূরে ঘরের মধ্যে থেকে, কিন্তু ভুল হইবার জো নেই,—সেই পেটমোটা, গায়ে হাতকাটা জামা, মাথায় ফোলা টেডি। উঠানের দক্ষিণ দিকটায় রাবিশ আর ইটের স্তূপ সরাইয়া যে জায়গাটুকু পরিষ্কার করা হইয়াছে লোকটা তাহারই এক দিকে দাঁড়াইয়া। একেবারে সোজাসুজি নয়, উঠানে যে ঝোপঝাপ রহিয়াছে তাহারই আড়াল হইয়া। তাহার ভাবগতিক দেখিয়া মনে হয় রান্নাঘরের মধ্যে উহাদের দুজনকে যেন এতক্ষণ লুকাইয়া দেখিতেছিল, তাহার পর জাহ্নবী উঠিয়া দরজাটা ভেজাইয়া দিতেই একটা অনিশ্চয়তার মধ্যে পড়িয়া গেছে—পিছাইয়া যাইবে কি আরও আগাইয়া সন্ধান লইবে ঠিক করিতে পারিতেছে না। অবশ্য এমন বেপর্দা বাড়িতে গৃহস্থ বধূ-কন্যাদের দেখিয়া ফেলাও স্বাভাবিক এবং আগানো পেছানো লইয়া দ্বিধাও স্বাভাবিক, কিন্তু জাহ্নবী অতটা বুঝুক বা নাই বুঝুক দ্বিধার অন্তরালে লোকটার দৃষ্টিতে যে একটা লুব্ধ কৌতূহল রহিয়াছে এত দূর থেকেও নারায়ণীর সেটা বুঝিয়া লইতে দেরি হইল না। খানিকক্ষণ একভাবেই কাটিল দুই দিকে, তাহার পর লোকটা যেন চেষ্টা করিয়া সহজভাবে রকের ওপর দিয়া অগ্রসর হইল এবং এদিকে আসিয়া হাঁক দিল—"বাড়িতে কে আছেন?"

পাশের ঘর থেকে অম্বিকাচরণ প্রশ্ন করিল—"কে?"

গলাটা বেশ ভারি, বার্ধক্যের সঙ্গে শক্তির পরিচয় দেয়। লোকটা একটু থতমত খাইয়া গেল, তাহার পর আবার চেষ্টা করিয়াই নিজের গলাতেও একটু গুরুত্ব ফুটাইয়া বলিল—"এই আমি…বাড়ির মালিক।"

—আড় চোখটা একবার রান্নাঘরের ওপর গিয়া পড়িল, কপাট-জোড়া অবশ্য ইতিমধ্যে আরও আঁটিয়া গেছে।

অম্বিকারণ বাহির হইয়া আসিল, আন্দাজে চোখ দুইটা তুলিয়া প্রশ্ন করিল —"কি চান?"

চোখের অবস্থা দেখিয়া লোকটার যেন সাহস হইল একটু, বলিল—"না, চাওয়া চাওযি আব কি? বাড়িটাতে হাত দিলাম, একেবারে ঢেলে সাজব মনে করছি, তাই জানিয়ে দেওয়া দু'চারদিন থাকেন ক্ষতি নেই—বিপন্ন মেয়েছেলে—আপনারও যেমন অবস্থা দেখছি··"

"দিদি তো জানেনই সব, বোধ হয় চেষ্টা করছেন, তবু আবার বলব তাঁকে।"

"হ্যাঁ, সেই। দুচার দিন বললাম বলে কি আর সত্যিই দু'চার দিন?—তাড়াতাড়ি করছি বটে, তবে এদিকে হাত দিতে, এখনও মাসখানেক মাস দেড়েকের কম নয়। ততদিন আপনারা ··"

"বলব'খন দিদিকে।"

"হ্যাঁ, তাঁকে দেখলাম এই খানিক আগে বোধ হল যেন চানে যাচ্ছেন। কুলিগুলোকে লাগিয়েই আবার কলকাতার দিকে যেতে হবে একবার, তাই ভাবলাম "

"তা বলব'খন দিদিকে।"

নারায়ণী আর জাহ্নবী একটা কপাটের দুইখানা তক্তার জোড়ের ফাঁকে ওপর নিচু হইয়া দেখিতেছে। অম্বিকাচরণের চোখের অবস্থা দেখিয়াই লোকটা প্রায় প্রতিকথাব ফাঁকেই একবার করিয়া এদিক ওদিকে তির্যক দৃষ্টিপাত করিয়া লইতেছে—কেমন একটা লালায়িত কৌতূহলের ভাব। নারায়ণী এটাও বেশ বুঝিতেছে অম্বিকাচরণ ভেতরে ভেতরে চঞ্চল হইয়া উঠিতেছে—প্রত্যেকবারে

সংক্ষিপ্ত ঐ "বলবখন দিদিকে"—কথা বাড়াইতে চায় না—লোকটা যেন গেলেই বাঁচে।

"হ্যাঁ, বলবেন। আর আপনাদের লোক্‌ও তো অল্প, একটা ছোট বাড়ী খুঁজে নিতে বেগ পেতে হবে না বেশী।...ইয়ে, আছেন কে কে?"

"ঐ যে দিদি সেদিন বললেন।"

ঠিক এর পর কথাটা কিভাবে পাড়িবে ভাবিতেছে লোকটা, এমন সময় বাহিরের দরজায় ঘা পড়িল, সঙ্গে সঙ্গে অন্নদাঠাকরুণের কণ্ঠস্বর—"অম্বিকে! দোরটা খোল তো।"

লোকটা একেবারে যেন চমকিয়া উঠিল; কিন্তু প্রায়ান্ধের সামনে একটা সুবিধা, সহজেই সামলাইয়া বলিল—"ঐ এসেছেন ..আমি যাই, তাহলে বলে দেবেন...কুলিগুলো ওদিকে ফাঁকি দিচ্ছে, আর দাঁড়ালে চলবে না।"

—গলাটাও বেশ একটু নামিয়া গেছে।

"হ্যাঁ, দোব।...কিছু ফেলে গেছলেন নাকি? বড় তাড়াতাড়ি ফিরে এলেন যে!...যাই দিদি!"

লোকটা তৎক্ষণে উঠানের ঝোপগুলার ওদিকে চলিয়া গেছে।

তেইশ

অন্নদাঠাকরুণ একা নয়, সঙ্গে একজন মাঝবয়সী ভদ্রলোক। পোষাকের মধ্যে পারিপাট্য বা পরিচ্ছন্নতা নাই, তবে কাঁধের ওপর অবহেলাভরে ফেলা শালটা দেখিলে মনে হয় টাকাওলা মানুষ।

উঠানে প্রবেশ করিয়াই অন্নদাঠাকরুণ দাঁড়াইয়া পড়িল, লোকটির মুখের পানে চাহিয়া একবার চারিদিকে হাতটা ঘুরাইয়া দেখাইয়া বলিল—"এই আমার বাড়ি—এসো সবটা দেখিয়ে দি ভালো করে।"

রকে উঠিয়া আগে রান্নাঘরের সামনে লইয়া গেল, দরজাটা ঠেলিয়া খুলিয়া দিয়া এক পা ভিতরেই ডাকিয়া লইল, নারায়ণী এবং জাহ্নবী যে একপাশে

গুটিসুটি মারিয়া বিমূঢ়ভাবে দাঁড়াইয়া রহিয়াছে, তাহার জন্য একটু ভ্রূক্ষেপ নাই ; বলিল,—"এই হচ্ছে রান্নাঘর।" তাহার পর একে একে আরও ঘরগুলার ভিতর দেখাইয়া দক্ষিণদিকে লইয়া গেল ভাঙাঘরের আদলগুলা দেখাইতে দেখাইতে। লোকেরা যে কাজ করিতেছে সেদিকে একেবারে দৃকপাত নাই ; কোথাও পরিষ্কৃত জায়গার ওপর দিয়া, কোথাও বা রাবিশের ওপর দিয়াই দেখাইতে দেখাইতে বাহিরে লইয়া গেল। বাড়ির চৌহদ্দিটা আঙুল দিয়া ভালো করিয়া দেখাইয়া আবার সেই কুলিমজুরদের মধ্যে দিয়া ভদ্রলোককে টানিয়া আনিল ভিতরে ; ওদিককারই রকের একজায়গায় দাঁড়াইয়া পড়িয়া গলার স্বরটা চড়াইয়া বলিল—"এই সবটা তোমায় দেখিয়ে দিলাম। এখন একটা দাম ঠিক করে বিক্রি কবলাটা সেরে নিয়ে দখল করো। এরা যে দেখছ, এসব আমার লোক নয়, দখলি নিয়ে কেউ যদি গোলমাল বাধাতে এগিয়ে আসে, তুমি মেরে পস্তা উড়িয়ে দিও, আমার কিছুমাত্র ওজর আপত্তি নেই।··· কইরে, তোদের যারা কাজে লাগিয়েছে তারা গেল কোথায় ? সেই হোঁৎকা তেলের কুপোটা কোথায় ? লম্বা টেড়ি—যেন বৈতুরিণী বয়ে যাচ্ছে মাথার মাঝখান দিয়ে, গেল কোথায় ?

শেষের কথাগুলা কুলি-মজুরদের ডাকিয়া বলা ; তাহারা কাজের মধ্যে থমকিয়া দাঁড়াইয়া পড়িয়াছে, সেইভাবেই অবাক হইয়া দাঁড়াইয়া রহিল।

"এসে থাকে তো ডেকে দে, একবার আমার বাড়ির খদ্দেরের সঙ্গে মোকাবিলা করিয়ে বাড়ী তোলবার সখটা মিটিয়ে দিই, কপালের ঘা না শুকুতে শুকুতে লম্বা লম্বা পা ফেলে তো বাড়ি তুলতে এসেছে।"

কয়েকজন কুলি বোধ হয় একটা তামাসা দেখিবার আশায় বাবুর একটু খোঁজ করিল, কিন্তু তাহাকে পাওয়া গেল না।

অন্নদাঠাকরুণ ভদ্রলোকটির পানে চাহিয়া বলিল—"আমি আদালতে গিয়ে সাবুৎ দেব বাড়ি আমার। কবালাটুকু করে বাড়ি দখল করো। কবে আসছ ?"

ভদ্রলোক একেবারেই ভ্যাবাচাকা খাইয়া গিয়াছিল,—"যত শীগ্‌গির পারি, আসছি।"—বলিয়া যত শীঘ্র পারিল বাহির হইয়া গেল।

অন্নদাঠাকরুণ আবার কুলিগুলাকে উদ্দেশ্য করিয়া বলিল—"খেটে যা যত পারিস, কিন্তু 'আমার বাড়ি নয়' বলে সে মিন্‌সে যখন গা-ঝাড়া দেবে তখন যদি আমার কাছে মজুরির জন্মে কাঁদুনি গাইতে আসিস তো তোদেরই একদিন কি আমারই একদিন।···যত পারিস খেটে যা।"

স্নান করে নাই এখনও; এর পর অম্বিকাচরণ বা নারায়ণী কাহাকেও একটি কথা না বলিয়া আবার গামছা-কাপড়—ঘটি-হাতে গট্‌গট্‌ করিয়া বাহির হইয়া গেল।

এই একটা দিনের ঘটনাপরম্পরা রোজ না হোক প্রায়ই মাঝে মাঝে পুনরাবর্তিত হইতে লাগিল। সকালের এই সময়টুকু একটু নিরিবিলি পাওয়া যায় বলিয়া মায়ে-ঝিয়ে রান্না ঘরে বসিয়া নিজেদের ভবিষ্যৎ লইয়া আলোচনা করে,—এর পর অবশ্য দুয়ার ভেজাইয়াই। লোকটা আসিয়া অম্বিকাচরণের সঙ্গে গল্প জমাইবার চেষ্টা করে, কুৎসিত কৌতূহলপূর্ণ দৃষ্টিতে এদিক ওদিক চায়, গল্পের মূল কথা সেই একটি—অম্বিকাচরণ যদি ইচ্ছা করে তো থাকিতে পারে এ-বাড়িতে। দু'চারদিন থেকে এখন দু'চার মাসে গিয়া দাঁড়াইয়াছে। অন্নদাঠাকরুণ কোনদিন স্নানের আগেই, কোনদিন বা স্নানের পরে খরিদ্দার ধরিয়া আনে, বাড়ি, জমি, পুকুর বিক্রি-কবালা করিয়া দখল লইতে বলে; তফাৎটা এই হইতেছে যে খরিদ্দাররা যত না ফেরে ততই ওর রাগটা "হোঁৎকা তেলের কুপো'র ওপর যায় বাড়িয়া, গলার জোর এবং গলাবাজির ভাষা উগ্র হইয়া ওঠে। লোকটার সঙ্গে কিন্তু দেখা হইল না; অন্নদাঠাকরুণের অনুপস্থিতিতে আসিয়া জোটে, তাহার পর দরজায় ঘা পড়িতে সেই যে গা-ঢাকা দেয়, আর তাহার সন্ধান পাওয়া যায় না। সে যে আসিতেছে মাঝে মাঝে, আশ্বাসের কথা দিয়া যাইতেছে, এক অশান্তি-বৃদ্ধি ভিন্ন আপাততঃ কোন ফল নাই জানিয়া নারায়ণী একথা অন্নদাঠাকরুণকে বলে নাই, জাহ্নবী আর অম্বিকা-

চরণকেও বারণ করিয়া দিয়াছে, তাই লোকটার চরিত্রের এদিকটা সম্বন্ধে সে এখনও অনভিজ্ঞ; এখন যে গালাগালিটা খাইতেছে সেটা শুধু বাড়ি তোলার অপরাধে।

ইতিমধ্যে বাড়ীর কাজ হু হু করিয়া আগাইয়া যাইতেছে। চারিদিকের বনবাদাড় পরিষ্কার হইয়া বাগানের প্ল্যান উঠিতেছে জাগিয়া, দক্ষিণ দিকের খানপাঁচেক ঘর আবার দাঁড়াইয়া উঠিয়াছে, তাহার মধ্যে নারায়ণীদের মুখোমুখি প্রথম দুইটাকে একটু যেন তাড়াহুড়া করিয়া চুণ বালি ফিরাইয়া রঙ করাইয়া বাসের উপযোগী করিয়া ফেলা হইয়াছে। একটাতে চেয়ার টেবিল আসিয়াছে, একটাতে পালঙ্ক, ড্রেসিং টেবিল, আলমারি; বেশ সুদৃশ্য পর্দাও ঝুলিয়াছে দুইটা ঘরে। এদিকে সদরের বড় পুকুরটা প্রায় পরিষ্কার হইয়া আসিল; আগের মতোই দুইদিকে শানের বেঞ্চ দেওয়া ঘাট উঠিতেছে; যে গাছগুলা রাখা হইয়াছে, ওপরকার বাজে লতাপাতা নামাইয়া সেগুলাকে পরিচ্ছন্ন করা হইতেছে; পুরাণো মালতী-লতাটায় শ্রী ফুটিয়াছে; পুকুরের ও-কোণে সেই রাঙা হেলা ফুলের লতাগুলা যত্ন-আত্তিতে আরও প্রসার লাভ করিয়াছে।

বাড়ির মধ্যেকার উঠানও পরিষ্কার হইয়া গেল। সেদিন বোধ হয় একটা কাণ্ড ঘটিয়া যাইত, কেন না ঐ জঙ্গলটুকুই ছিল বাড়ির দুইটা অংশের মধ্যে একটা পর্দা; ঘটিল না নিতান্ত দৈবক্রমে। বাড়ির খরিদ্দাররা ভড়কাইয়া যাইতেছে, সংখ্যা যাইতেছে কমিয়া, খোঁজ করিয়া ফিরিতে অন্নদাঠাকরুণের সেদিন দুপুর হইয়া গেল। একে এমনি আগুন হইয়া আছে, উঠানের ঐ অবস্থা দেখিয়া আর কিছু না বলিয়া রান্নাঘরের মধ্যে চলিয়া গেল এবং বঁটিটা বাহির করিয়া একেবারে হন্‌হন্ করিয়া কুলিদের মেটের সামনে গিয়া বলিল—"উঠোনের মাঝখানে বেড়া তুলিয়ে দে এইসব কাটা গাছপালা দিয়ে—এক্ষুনি, নয়তো তোরই একদিন কি আমারই একদিন।"

যতক্ষণ না উঠানের এ-মুড়ো ও-মুড়ো বেড়াটা উঠিল, বঁটি-হাতে রৌদ্র মাথায় করিয়া দাঁড়াইয়া রহিল।···সেই বেড়াটাই এখন এদিককার আব্রু বাঁচাইতেছে।

এই-সবের মধ্যে প্রায় মাস দুয়েক কাটিয়া গেল। বাড়ির একটা দিকে পুরুষদের কর্মচঞ্চলতা, একেবারে প্রত্যক্ষ কুলিমজুরগুলা। তাহার পর সেই ফাঁপা-টেরি, অম্বিকাচরণের সঙ্গে আলাপ প্রসঙ্গে নিজের নাম বলিয়াছে বারাণসী, কথনও, প্রত্যক্ষ চরিত্রের জঘন্য ইঙ্গিতে, কথনও অন্তরালে। ইহাদের পেছনেও একজন আছে—ধনী, যুবা, সুবেশ; সেই সর্বময়, কিন্তু প্রত্যক্ষ নয়। তাহাকে একবার মাত্র দেখিয়াছিল অন্নদাঠাকরুণ, সামনাসামনি; নারায়ণী দেখিয়াছিল ঘরের দরজার ফাঁকে; অম্বিকাচরণের দূর হইতে দেখার বালাই নাই।

বাড়ির এদিকে আছে এরা এই তিনটি স্ত্রীলোক—

একজনের মনে দুর্জয় ক্রোধ, একজনের মনে নিরুপায় আতঙ্ক, আর এক-জনের মনে ঘৃণা।···জাহ্নবীর মনেও মায়ের মতো আতঙ্কই উঠিত জমিয়া এতদিনে, যদি এর মধ্যে বোর্ডিঙের তিনটা বৎসর না আসিয়া পড়িত।···ডোরা জাহ্নবীর আতঙ্কটাকে সবল, মহিমময় করিয়া ঘৃণায় রূপান্তরিত করিয়াছে। তাহার মনটা বিদ্রোহ করে, ইচ্ছা হয় কদর্যতার সামনে গিয়া একেবারে সোজাসুজি হইয়া একটা বোঝাপড়া করে, কিন্তু অবস্থাগতিকে তাহাকে গৃহাশ্রয়ীই হইয়া থাকিতে হয়। সেইখানে অসহায় ভাবে বসিয়া সে ঘৃণাটাকে লালিত করিতেছে, যতই অসহায়, সেটা ততই অন্তরের দিকে পথ কাটিয়া চলিতেছে, একটা পুরুষের অপকীর্তি ধীরে ধীরে সমস্ত পুরুষের মধ্যে সংক্রামিত হইয়া যাইতেছে।

এই সময়ে হঠাৎ একদিন একটা ঘটনা ঘটিয়া গেল এবং সমস্ত ব্যাপারটা একেবারে চরমে আসিয়া ঠেকিল—

অন্নদাঠাকরুণ অল্পক্ষণ হইল স্নান করিতে গিয়াছে, আজকাল যায়ও দেরি করিয়া ফেরেও দেরি করিয়া। বারাণসী রকের ওপর দিয়া আসিয়া বেড়ার পাশে দাঁড়াইয়া ডাকিল—"দাদা আছেন?"

"এই যে, কি বলছেন?" বলিয়া অম্বিকাচরণ বাহির হইয়া আসিল। জাহ্নবীর সঙ্গে গল্প করিতেছিল, দরজাটা ভেজাইয়া দিল।

বেড়াটা এতদিন উঠান থেকে আরম্ভ করিয়া রকের ওপর পর্যন্ত টানা ছিল, কিন্তু তাহাতে বাড়ির দক্ষিণদিকের ওপর স্বত্ব নষ্ট হইতে পারে ভাবিয়া অন্নদাঠাকরুণ রকের ওপরের খানিকটা বেড়া কাটিয়া একটু রাস্তা খুলিয়া দিয়াছে। এটা কালকের কথা। এর আগে বারাণসী যখন আসিত, বেড়ার ওপার থেকেই আলাপ জমাইত; আজ সেই খোলা জায়গাটুকু দিয়া এপারে আসিয়া দাঁড়াইল, বোধ হয় এই প্রলোভনেই আসা আজ, কহিল—"না, বলাবলি আর কি? কাজটাজগুলো বেটাদের বুঝিয়ে দিয়ে মনে করলাম দাদার সঙ্গে একটু গল্প করে আসি। ...ইয়ে, পেলেন নাকি দিদি কোন বাসার সন্ধান?"

"কই আর পেলেন এখনও?"

—কথাটা বলিয়া অম্বিকাচরণ একটু থামিল, তাহার পর আন্দাজে চশমা জোড়াটা তুলিয়া বলিল—"খুঁজছেন ব'লেও তো মনে হয় না,। তাঁর তো বিশ্বাস তাঁরই বাড়ি, অসহায় মেয়েছেলে দেখে আপনারা দখল করে..."

বারাণসী হো-হো করিয়া হাসিয়া উঠিল, বলিল—"বিশ্বাসটা ভুল কিসে বলুন না দাদা, বঙ্কিমের কমলাকান্তের কথা মনে নেই?—পেসন্ন গয়লানীকে বলছে—ওর মাখন খেয়েছি, ছানা খেয়েছি, ননী খেয়েছি—ও-গরু আমার হ'ল না তো কি তোর?... দিদি যদি বলেন, আমার বাড়ি, তো আটকায় কে? ভোগদখলটা তো এতদিন তিনিই করলেন?—সন্ধে দিয়ে, জলছড়া দিয়ে রক্ষেও করেছেন।...সে সব থাক, থাকতেন আপনারা আরও কিছুদিন তাতে ক্ষতি ছিল না তো, তাঁকে একলা খোঁজাখুঁজি করতে হয়, মেয়েছেলে, বয়স হয়েছে—সব বুঝি তো। তবে কি না দক্ষিণ দিকটা শেষ হয়ে এল, এবার এদিকটায় দিতেই হবে হাত। করতাম আস্তে আস্তে—করছিলামও—অসহায় পরিবার, যতদিন টেনে যেতে পারি, কিন্তু কালও বিকালে ব্রজর একটা টেলিগ্রাম এয়েছে—দু'একদিনেই আসছি, কাজে আরও লোক লাগিয়ে দিন..."

বেড়ার পিছনে ইতিমধ্যে একটা ব্যাপার হইয়াছে—

অন্নদাঠাকরুণ আজ খরিদ্দার বা বাসার সন্ধানে না গিয়া স্নান সারিয়া সোজাই বাড়ি-মুখো হইল, আর সদর দরজার দিকে গেল না ; বোধ হয় নিজের অধিকার সাব্যস্ত করিবার জন্যই দক্ষিণ দিক দিয়া প্রবেশ করা ঠিক করিল—যে-জন্য রকের এই রাস্তাটুকু খুলিয়া রাখা। নূতন ঘরগুলোর সামনেই বাগানের যে ছকটা কাটা হইয়াছে তাহার মধ্যে পা দিয়া গা'টা জ্বলিয়া ওঠায় মুখ ধরিতে যাইবে ঠিক সেই সময় প্রসন্ন গোয়ালিনীর গোরুর উপমা দিয়া রসিকতা করার মুখে বারাণসী হো-হো করিয়া হাসিয়া উঠিয়াছে। ঘরগুলায় পর্দা ফেলা, ওদিকটা দেখা যায় না, তবে এটা বোঝা যায় যে, আওয়াজটা আসিতেছে বাড়ির উত্তর দিক হইতে। থমকিয়া দাঁড়াইল অন্নদাঠাকরুণ, তাহার পর আস্তে আস্তে নূতন ঘরে প্রবেশ করিল। সন্তর্পণে পর্দা সরাইয়া ভেতরের রকে পড়িতেই দেখিল এদিকে পেছন করিয়া একটি লোক বেড়ার ঠিক ওদিকে দাঁড়াইয়া কথা কহিতেছে, সামনে অম্বিকাচরণ। লোকটি-যে কে মাত্র একদিন দেখা হইলেও বুঝিতে বাকি রহিল না ; টেরিব চূড়াও পেছন দিক থেকে দেখা যায়।···অন্নদা-ঠাকরুণ পা টিপিয়া টিপিয়া বেড়ার পেছনটিতে গিয়া দাঁড়াইল, মাঝে মাত্র হাত তিনেকের ব্যবধান।

ওদিকে অম্বিকাচরণ লোকটিকে জিজ্ঞাসা করিল—"ব্রজটা কে ? আপনার সেই শালী পো ?—যিনি বাড়ির আসল দখলদার ব'লে দাঁড়িয়েছেন ?"

বারাণসী টানিয়া টানিয়া বেশ মুরুব্বিয়ানার ঢঙেই বলিল—"হ্যাঁ, শুধু নামেই দখলদার, করছি-কম্মাচ্ছি সব আমিই, আমি যা বোলবো তাই-ই হবে।···তা ব'লে দেব'খন আমি—আরও একখানা ঘর তুললে তবে তো এই তিনটেতে হাত দেবার কথা—ততদিনে ওঁদের দুজনকে থাকতে বলেছি, কোথায় আর যাবেন ?···হ্যাঁ—ইয়ে, আপনারা দুজনই তো দাদা ? না, এর মধ্যে আর কেউ এয়েছে ?···রান্নাঘরে ধোঁয়া দেখছি কি না···"

অম্বিকাচরণ নিরুত্তর রহিল।

বারাণসী বলিল—"অবিশ্যি এও হতে পারে যে দিদিই বোধ হয় কিছু চড়িয়ে গেছেন…"

অন্নদাঠাকরুণ বেড়ার ফাঁক দিয়া অম্বিকাচরণের মুখের পানে চাহিয়া আছে—তাহার নাকের ডগা, ঠোঁটের প্রান্ত ঈষৎ কাঁপিয়া উঠিতেছে মাঝেমাঝে; অপমানে, অসহায়তায়, বিমূঢ় হইয়া দাঁড়াইয়া আছে, ধোঁয়ার সাক্ষ্যে যেন আরও নিরুপায় হইয়া গেছে। কিছু একটা বলিবার জন্য হাঁ করিয়াছিল—বোধহয় এই কথাই যে অন্নদাঠাকরুণই কিছু চড়াইয়া স্নানে গিয়া থাকিবে, এমন সময় রান্নাঘরে কড়ার ওপর খুন্তির ঘা পড়ার শব্দ হইল। অম্বিকাচরণের মুখটা বন্ধ হইয়া গেল, আরও যেন হতাশ হইয়া পড়িয়াছে।

বারাণসীই বলিল—"না, লোক রয়েছে তো…নতুন এল বুঝি? কে, মেয়ে?… একা এয়েছে, না?…"

অন্নদাঠাকরুণ একেবারেই হুঙ্কার দিয়া বেড়ার পেছন থেকে বাহির হইয়া সামনে দাঁড়াইল—"না, আরও আছে দাঁড়া!…"

থর থর করিয়া এত কাঁপিতেছে যে ঘটির জল ছিটকাইয়া পড়িতেছে, মুখ সিঁদুরবর্ণ, চোখ দুইটা যেন ঠেলিয়া বাহির হইয়া পড়িবে। বারাণসী প্রথমটা একেবারে হকচকিয়া গেল, তাহার পর বোধ হয় পৃষ্ঠভঙ্গ দিত, অন্নদাঠাকরুণ এমন একটা শপথ দিল সে নড়িতে পারিল না।

কাঁপিতে কাঁপিতেই অন্নদাঠাকরুণ রান্নাঘরের দিকে গিয়া প্রবল ধাক্কা দিয়া দরজাটা খুলিয়া ফেলিল, নারায়ণী সরিয়াই দাঁড়াইয়াছিল, তাহার ডান হাতটা ধরিয়া হিড়হিড় করিয়া টানিয়া আনিয়া একটু সামনেই ঠেলিয়া দিয়া বলিল—হ্যাঁ, এই মেয়ে…আরও আছে!…"

সেই রকম ঝড়ের মতো সামনের দরজাটাও খুলিয়া জাহ্নবীকে সেইভাবে টানিয়া বাহির করিল, বলিল—"আর এই নাতনী…কি চাস?…কি করতে চাস এদের নিয়ে?…এত খাতিরটা কিসের আমায় বুঝিয়ে বল্!…বলবি—যদি বাপের বেটা হোস্ তো বলবি!…তস্কোর!…লম্পোট!…পাকা চুলে টেড়ি

ঝুলিয়ে গেরস্ত বাড়িতে ঢুকে মেয়ে-বৌয়ের খোঁজ নেওয়া!...একা আছেন, না, আরও?...না, একা কেন?—আরও আছে—এই দেখ্...চোখ তুলতে পারছিস না কেন?..."

কাজের যত কুলি-মজুর জড়ো হইয়া গেছে, সামনে পেছনে, চারিদিকে; কৌতূহলীদের চাপে বেড়াটা পর্যন্ত নুইয়া কয়েক জায়গায় ভাঙিয়া গেছে। অন্নদাঠাকরুণের গলার বিরাম নাই, পর্দায় পর্দায় উঠিয়া যাইতেছে, বাকি আর সবাই যেন চিত্রার্পিত; নারায়ণী আছে মাথা নিচু করিয়া, জাহ্নবীর দৃষ্টি স্থির, দূরলগ্ন, যেন ভাবলেশহীন।

এক একদিন অনেকগুলা ব্যাপার যেন ষড়যন্ত্র করিয়া একই সময়ে আসিয়া উপস্থিত হয়—

এইভাবে খানিকক্ষণ চলিয়াছে, এমন সময় একেবারে তৈয়ারি যে দুটি ঘর, মায় আসবাবপত্র সুদ্ধ, তাহার একটির পর্দা তুলিয়া একটি যুবক চৌকাঠের ওপর আসিয়া দাঁড়াইল, মুখে-চোখে অসীম বিস্ময়। অনেকে দেখিল, অনেকে দেখিতে পাইল না। একটু একভাবে থাকিয়া যুবক আবার পর্দাটা নামাইয়া ভিতরে চলিয়া গেল।

তাহার পরেই একটি চাপরাশী-গোছের লোক আসিয়া বারাণসীর পাশে দাঁড়াইয়া একটা ছোট সেলাম ঠুকিয়া বলিল—"বাবু এসে গেছেন, হুজুরকে ডাকছেন।"

চব্বিশ

এই দমকা ঝড়টায় একটা মস্ত বড় কাজ হইল, বাড়ির সমস্ত সঙ্কোচ—পর্দা ছিন্ন ভিন্ন হইয়া উড়িয়া গেল। একবার অত লোকের সামনে ও-ভাবে বাহির হইবার পর আর রান্নাঘরে দোর দিয়া বসিয়া থাকার কোন অর্থই হয় না। মা ও মেয়েতে বেশ মুক্তভাবেই বাড়ির মধ্যে ঘোরাফেরা করিতে লাগিল।

বাড়ির দক্ষিণ দিকের আচরণটা কিন্তু একটু অদ্ভুত ঠেকিতে লাগিল। দুই দিন ধরিয়া বাড়ির কাজকর্ম একেবারেই বন্ধ রহিল, ওদিকে যে ঘরগুলা উঠিয়াছে তাহার উঠানের দিকের দুয়ার জানালাগুলা সব রহিল রুদ্ধ। ঘরে সমস্ত দিনে-রাতে লোকজনেরও কোন সাড়া পাওয়া গেল না। তাহার পর অন্নদাঠাকরুণ যখন একেবারে কৃতনিশ্চয় সে শত্রুকে দেশছাড়া করিয়াছে, বিজয়গর্বে এই ধরণের দুই একটা কথা গলা তুলিয়া বলিতেও আরম্ভ করিয়াছে, সেই সময়, তৃতীয় দিবসে সকালে হঠাৎ আবার দোরজানালার ওদিকে লোকজনের আওয়াজ শোনা গেল। ব্যাপারখানা বেশ ভালো করিয়া বুঝিয়া উঠিবার আগেই নূতন একটা ঘরের দুয়ার খুলিয়া একদল 'কুলি আবার উঠানে আসিয়া পড়িল এবং ভাঙা বেড়াটা আবার মেরামত ক।রয়া দাঁড় করাইয়া দিল। কতকটা যেন বিস্ময়েই বাক্‌রোধ হইয়া অন্নদাঠাকরুণ একটি কথাও বলিতে পারিল না. তাহার পর অবস্থাটা আরও শোচনীয় হইযা উঠিল যখন বেড়ার ফাঁকে ফাঁকে দেখিল এ-বেড়াটার পেছনেই আবার বাঁশের খুঁটি পোতা হইতেছে।···দুপুরে নূতন ঘরগুলার ওদিকে নূতন তৈরী রাস্তাব ওপর দিয়া গোটা দুই মোটব লরী আসার শব্দ হইল, তাহার পর ঝনঝনাইয়া ভারী জিনিষ পড়ার শব্দ।·· বিকালে আবার নূতন ঘরের দরজা খুলিয়া কুলিরা থান থান করুগেটেড লোহার চাদর উঠানে আনিয়া ফেলিল, গায়ে গাযে লাগাইয়া এমুড়ো ওমুড়ো একটা বেড়া তুলিযা দিল।

আগাছার বেড়ার জায়গায় একেবারে পাকা ব্যবস্থা, কিছু বলিতে না পারায অন্নদাঠাকরুণের পেট ফুলিতেছিল। রকটুকুও বন্ধ করিবার জন্য কুলিবা চাদর তুলিতেই গর্জাইয়া উঠিল—"তোরা আমার রাস্তা বন্ধ করিস কার হুকুমে ?··· অম্বিকে, বেরোও, শুধু কথায এদের সানাবে না !"

—আগাইয়া গিয়া মাঝখানে দাঁড়াইল, অম্বিকাচরণও লাঠি হাতে বাহিরে আসিয়া দৃষ্টি তুলিয়া দাঁড়াইল, ঠিক যে মারামারি করিবার জন্য এমন নয়, যেন হুকুমটা অমান্য করিবার উপায় নাই বলিয়াই।

কুলিদের একজন নরম হইয়া বলিল—"বাবু সবটুকু বন্ধ করে দিতে বলেছেন, তাই…"

অন্নদাঠাকরুণের গলা আরও এক পর্দা চড়িয়া উঠিল।—

"বলি, কেন? কি অধিকারে? আমার বাড়ির দুদিকে যাওয়া-আসা বন্ধ করবার কী হক্ তোর বাবুর? সে নিজে কেন সামনে এসে হুকুম দেয় না? ডাক্, মস্ত বড় মদ্দ তো নিজে দাঁড়িয়ে তুলুক বেড়া—গোঁফ পাকিয়ে—পাকাচুলে টেরি ঝুলিয়ে। একটা অবলা মেয়েছেলের একদিনের দাবড়ানি খেয়ে ঘরের কোণে…"

এই সময় নূতন ঘর দুইটার মধ্যে একটার দরজা খুলিয়া গেল এবং কালকের সেই যুবকটি গটগট করিয়া একেবারে সামনে আসিয়া দাঁড়াইয়া বলিল—"তিনি নেই, কালকের সেই ব্যাপারে তাঁকে সরিয়ে দিয়েছি; আজকের এসব কাজ আমার হুকুমে হচ্ছে।"

ভঙ্গীটা দৃপ্ত, মুখে বিরক্তির ছাপটা বেশ স্পষ্ট, তা সত্ত্বেও চেহারার মধ্যে এমন একটা সংযত ভদ্রভাব যে অন্নদাঠাকরুণের মুখে কোন কথা ফুটিল না। সেই লোকটাকে সরাইয়া দেওয়ার কথাতেও নিশ্চয় বিস্ময়কুণ্ঠিত করিয়া দিয়া থাকিবে, খানিকক্ষণ ফ্যালফ্যাল করিয়া চাহিয়া থাকিয়া একটু স্খলিত কণ্ঠে বলিল—"তাতো বুঝলাম, তোমার হুকুমে হচ্ছে, কিন্তু আমার বাড়িতে…"

"বাড়ি আপনার নয়।"

"তবে?"

"তবে আর কি?—আমার। নৈলে এত টাকা খরচ করে কখনও মেরামত করে লোকে পরের বাড়ি? কার মাথাব্যথা পড়েছে বলুন না?

"তাহলে আমার বাড়ি কোথায় গেল?—আমার জমি পুকুর…"

"সে-কথার উত্তর দিতে পারি না বলে তো আমার নিজের বাড়ি থেকে বঞ্চিত হ'তে পারি না।…দোষটা কি এতই গুরুতর?"

এতটা যুক্তির সঙ্গে এমন কঠিন শ্লেষ শোনার নিশ্চয় অভ্যাস নাই অন্নদা-ঠাকরুণের ; এ পর্যন্ত জীবনে যাহাদের সংস্রবে আসিয়াছে এ যেন সে-সকলের থেকেই আলাদা ; নির্বাকভাবে হাঁ করিয়া চাহিয়া রহিল।

যুবকের সমস্ত ভঙ্গীটা বেশ খানিকটা নরম হইয়া গেল, বলিল—"আমায় মাফ করবেন, ভুল হয়ে যাচ্ছে আমার ; কিন্তু তার গোড়াতেও রয়েছে আপনার ভুলটা। আমার ইচ্ছে ছিল, উচিতও ছিল আগেই আমার মেশোমশাইয়ের ব্যবহারের জন্যে আপনাদের কাছে ক্ষমা চাওয়া—কিন্তু··· কিন্তু যাক্, করবেন ক্ষমা আপনারা দয়া করে, তিনি যে অমন তা আমি জানতাম না, তাহলে আগেই সাবধান হতাম। বাকি থাকে আপনাদের থাকবার কথা ; আপনারা দুদিন থাকুন, দশদিন থাকুন, বা বরাবরের জন্যে থাকুন, আমার কিছু আসে যায় না। বলেন তো যেমন বাড়িটা ওদিকে করছি, এই দিকটাও এই সঙ্গে ঠিক করিয়ে দোব ; বিশেষ অসুবিধে বোধ করেন, আপাতত এইরকম থাকলেও আমার ক্ষতি নেই। বলবেন আমার এতে স্বার্থটা কি ?—কিছুমাত্র নয়, মস্তবড় একটা উপকার করছি বলেও আমি মনে করি না—বাড়িটা আছে পড়ে, আপনাদের দরকার, আমি একা মানুষ সমস্তটা না হলেও চলে, তাই আমার আপত্তি নেই বিশেষ।"

চুপ করিল ; একটু পরেই আবার বলিল—"হাঁ, তা হলে বলুন—রকটুকুও বন্ধ করে দোব, না, আগেকার মতন খোলাই থাকবে ?"

অন্নদাঠাকরুণ কিছু উত্তর করিল না, গম্ভীরভাবে একবার লোহার চাদরগুলার দিকে আড়ে চাহিল।

যুবকই কহিল—"আমি বলি না হয় দিকই বন্ধ করে। মেলা কুলি মজুর খাটছে এদিকে, আর, আপনাদের কোন কাজও তো থাকে না এদিকে···যেমন বলেন।"

অন্নদাঠাকরুণ কিছুই বলিল না, মুখটা অতিরিক্ত গম্ভীর করিয়া আস্তে আস্তে নিজেদের ঘরের মধ্যে চলিয়া গেল।

সমস্ত দিন চারজনের একরকম নীরবেই কাটিল।

অম্বিকাচরণ আর নারায়ণীর মনটা খুব হালকা, একটা মস্ত বড় দুশ্চিন্তার বোঝা যে এই বিপন্ন পরিবারের ঘাড় থেকে নামিয়া গেছে এটা দুজনের লঘু গতিবিধি থেকে বেশ বোঝা যায়। ভিতরের আনন্দে দুজনের মুখ চোখ মাঝে মাঝে অকারণেই উজ্জ্বল হইয়া উঠিতেছে, কিন্তু অন্নদাঠাকুরুণ বরাবরই নির্বাক আর গম্ভীর বলিয়া এরাও কথাবার্তার মধ্যে সেটা প্রকাশ করিতে পারিতেছে না।

নির্বাক এবং গম্ভীর জাহ্নবীও, তবে সেখানে নারায়ণী একবার টোকা মারিল; একবার একটু একা পাইয়া প্রশ্ন করিল—"তোর মনটা আজ যেন বেশি ভার-ভার বোধ হচ্ছে জাহ্নবী?"

জাহ্নবী উত্তর করিল—"হালকা হবারই বা কি হ'য়েছে মা এমন?"

নারায়ণী একটু যেন অপ্রতিভ হইয়া পড়িল উত্তরটাতে, বলিল—"নাই হোক্, তা'বলে তোর এত ভাবনা কিসের এই বয়সে? আমরা তো রয়েছি।"

জাহ্নবী আর ইহার উত্তর দিল না।

রাত্রে যখন সবাই একত্র হইয়াছে, অম্বিকাচরণ আর জাহ্নবী আহার করিতেছে, অন্নদাঠাকরুণ আর নারায়ণী বসিয়া আছে, একথা সেকথা লইয়া একটু গল্প আরম্ভ হইয়াছে,—জাহ্নবী একটু অপ্রাসঙ্গিকভাবেই বলিল—"দিদিমণি...একটা কথা বলছিলাম।"

অন্নদাঠাকরুণ বলিল—"বল্ না···কথাটা কি?"

"বললে তুমি রাগ করবে, মা আর দাদু আরও বেশি, তবু না ব'লে পারলাম না,—বাড়িটা যে ওরই একথাটা কি মেনে নিলে?"

খানিকক্ষণ ঘরটা একেবারে নিস্তব্ধ হইয়া রহিল, তাহার পর অন্নদাঠাকরুণ বলিল—"না মেনে উপায় কি দিদি? আবার তাও ভাবছি—সত্যিই যদি না হয় বাড়ি ওর তো এতটা খরচ ক'রে ক'রতেই বা যাবে কেন মেরামত? শুনলিনা, বললে?"

"শুনলাম বৈকি। ব'লে মুখের মতন উত্তর পেলে না ব'লে আমার গাটা জ্বলছে সেই থেকে, সত্যি কথা বলতে কি।...আমার মুখে এসেও গেছল কথাটা—গোরু মেরে জুতো দান হচ্ছে।.. মেরামত করানোটা তো অধিকাবের প্রমাণ নয় দিদিমণি, সেটা টাকার প্রমাণ হতে পারে, তার চেয়েও বেশি গাঁজুরির প্রমাণ। আমি হ'লে এই সবই বলতাম।"

ঔদ্ধত্যে অম্বিকাচরণ আর নারাযণী শুধু বিস্মিত নয়, ভীতও হইয়া পড়িয়াছে ভিতরে ভিতবে; অম্বিকাচরণ থাকিয়া থাকিয়া বার দুই অল্প অল্প কাশিল, নারায়ণী সামলাইবার জন্য বলিল—"পিসিমা একটা কিছু না বুঝেই কি নিয়েছেন মেনে?"

"বেশ, তা'হলে বাড়িটা ছেড়ে দিই আমরা.. আর সত্যি, ওর হওয়াও তো সম্ভব।"

চেষ্টা সত্ত্বেও নারায়ণীর দৃষ্টিটা অন্নদাঠাকরুণের মুখের ওপর গিয়া পড়িল. গালে হাত দিয়া মুখ নিচু করিয়া বসিয়া আছে। নাবায়ণীই বলিল—"যখন নিজের মুখেই বলছে তার এতটা বাড়িতে দরকার নেই...কিংবা ধবো আছেই দরকার,—স্ব-ইচ্ছেয যখন দিচ্ছে ছেড়ে..... "

"গেরস্ত যেমন ভিকিরীকে নিজের দরকারী চাল থেকে স্ব-ইচ্ছেয় দেয় এক মুঠো......"

নারায়ণী ভিতরে ভিতরে একেবারে উত্যক্ত হইয়া উঠিল, কতকটা সেইজন্যও এবং কতকটা বোধ হয় অন্নদাঠাকরুণকে একটু খোসামোদ করিবার জন্য সেইদিনের কথাটা প্রকাশ করিযা দিল, বলিল—"জানো পিসিমা? তোমাব নাতনি এবার ভার নেবে সবাইয়ের, বিদ্বান হযে এসেছে তো তিন বছরে!"

ইহাতেও অন্নদাঠাকরুণ কোন কথা কহিল না।

তবে জাহ্নবীর মুখটা রাঙিয়া উঠিল, একটু চুপ করিয়াই রহিল, তাহার পর বলিল—"তা নিজের দাদু, দিদিমা, মা অপরের ভার হয়ে রয়েছে এটা যদি তোমার মেয়ের নাই সয় মা?...নিজের ক্ষমতা নেই, ঘাড়ে করতে গেলে পিঠটা

ভেঙে গিয়ে মরব নিশ্চয়, কিন্তু সে যা মরণ তাতে এ অপমান থেকে তো বাঁচব··· তোমরাও তো বাঁচবে?”

অম্বিকাচরণ কয়েকবারই খুক খুক করিয়া কাশিয়াছে, নিরুপায়ভাবে বলিল—“একটু ডাল দিবি বন্দী?”

নারায়ণী খুব অন্যমনস্ক হইয়া গেছে: অন্নদাঠাকরুণ চোখ তুলিয়া বলিল—“মায়ে ঝিয়ে বসে বসে ঝগড়া করবি শুধু?···দাদা ডাল চাইছে।”

ইহার পরেও কয়েকদিন এইভাবে কাটিল, সবাই নীরবে থাকে, বিশেষ করিয়া অন্নদাঠাকরুণ—দিন দিনই আরও যেন নীরব, শুধু মায়ে ঝিয়ে মাঝে মাঝে এইরকম কথা কাটাকাটি চলে। ওদিকে বাড়ির কাজ হইয়া যাইতেছে, সেও একেবারেই নিরুপদ্রবে।

তাহার পর একদিন ভাতে বসিতে গিয়াই অন্নদাঠাকরুণ উঠিয়া একেবারে শয্যা গ্রহণ করিল, প্রবলবেগে জ্বর আসিয়া গেছে।

পঁচিশ

আজ মাস ছয়েক ধরিয়া নাগাড়ে একটার পর একটা আঘাত, লোহার শরীর, তেমনই শক্ত মন বলিয়া এতদিন টিকিয়া ছিল অন্নদাঠাকরুণ, আর পারিল না। চারিদিকের নিবিড় অরণ্য ছিল ওর সবচেয়ে বড় অবলম্বন, তাহাতে যেদিন প্রথম কুড়ুলের কোপ পড়িল, সেই দিনই ওর শরীর-মনে ভাঙন ধরিল। সে অরণ্য হইল প্রায় নির্মূল, তাহার পরও অন্নদাঠাকরুণ যে দাঁড়াইয়া ছিল তাহা এই বিশ্বাসের জোরে যে বাড়িটা তাহারই, হাজার নিরুপায় হওয়া সত্ত্বেও সেই জোরে গালাগালি বর্ষাইয়া, হৈহল্লা করিয়া ও বুকে বল পাইত। সেই বিশ্বাসে আঘাত লাগিয়াছে, তাহার সঙ্গে এই উপায়হীন নৈরাশ্য আগিয়াছে

মনে—তবে আমার বাড়িঘর, জমিজমা কোথায় বিলুপ্ত হইয়া গেল ?···ভাঙনের একটু যা বাকি ছিল সেটা পূরণ করিয়া দিল জাহ্নবীর কথাগুলা। যদি ওর তর্ক বা মন্তব্যের মধ্যে একটু খুঁত থাকিত, প্রাণ ভরিয়া, গলা খুলিয়া ঝগড়া করিতে পারিত জাহ্নবীর সঙ্গে, তো এ-ঝোঁকটাও বোধ হয় সামলাইয়া লইতে পারিত ; কিন্তু তাহা হইতে পারিল না, ওর প্রতিটি কথা অন্নদাঠাকরুণকে অন্তরে অন্তরে নীরবে মানিয়া লইতে হইল। এই পরাজয়টুকুই দিল শেষ আঘাত।

পরিবারটি একেবারে অকূলে পড়িল। অসুখ এর আগেও হইয়াছে অন্নদাঠাকরুণের, কিন্তু সে যেন পরিচিত অতিথি, তাহার জন্য সব ব্যবস্থাই করা থাকিত ; ন'মাসে ছ'মাসে একবার আসিল, কোনবার দু'দিন বেশি রহিল, কোনবার দু'দিন কম, তাহার পর বিদায় লইল। এবারে কিন্তু একেবারে অন্য প্রকৃতির, দেহের উত্তাপ দ্রুত বাড়িতে বাড়িতে বিকাল পর্যন্ত রীতিমতো বিকারে দাঁড়াইয়া গেল, সবার মুখ গেল শুকাইয়া। ডাক্তারের বাড়ি জানা নাই, ডাক্তার ডাকিবার মতো অর্থবল নাই, সব চেয়ে চিন্তার কথা, যায় কে ? অম্বিকাচরণ বলিল—"পাশের বাড়ি খবর দিই...লোক তেমন খারাপ বলে বোধ হচ্ছে না তো ; আর হলেও, এ বিপদে···" জাহ্নবী নিজের ঘৃণা আর আক্রোশটা চাপিতে পারিল না, বলিল—"বিপদটাতো ওরাই পথ কেটে এনে ঢোকালে দাদু, বিকারের ঘোরে কথাগুলো শুনছ না দিদিমণির ?"

নারায়ণী একবার বক্র দৃষ্টিতে কন্যার মুখের পানে চাহিল, বলিল—"বেশ, ওরাই এনেছে তো ওরাই কাটিয়ে দিক, তারপর—তুই যেমন চাইছিস—না হয় পথে গিয়ে দাঁড়াব ; কিন্তু পিসিমাকেও সারিয়ে নিয়ে গিয়ে দাঁড়াতে হবে তো ?"

"বিপদ ঘাড়ে চাপানো যাদের ব্যবসা তাদের ডাকলে বিপদ বাড়বেই মা, তার চেয়ে দাদুকে সঙ্গে করে আমি বেরুই। ডাক্তার খুঁজে বের করা এমন কিছু শক্ত ব্যাপার নয়।"

"তুই বেরুবি !"

"ও ভয়টা আর কেন করছ মা? এটা তো স্পষ্টই দেখা যাচ্ছে একমুঠো খেয়ে বাঁচবার জন্যেই আমার এবার বেরুতে হবে, ঐ তিন বছরের পুঁজি নিয়েই—আজ না হয়, দু'দিন পরে। আমায় বেরুতে না দাও দাদুকে বেরুতে দিতেই হবে আবার ভিক্ষের ঝুলি কাঁধে নিয়ে।"

"ডাক্তারের টাকা?"

"আছে কিছু আমার হাতে, ওরা ভাড়ার সঙ্গে আমায় কিছু বেশি দিয়েছিল, বোধ হয় অণিমাদি বলে দিয়ে থাকবেন।"

নারায়ণী আর কিছু বলিল না, মেয়েকে যেন ভয় করে আজকাল একটু। কিছু টাকা আছে জাহ্নবীর হাতে, শুধু যে বোর্ডিং থেকেই বেশি করিয়া দিয়াছিল এমন নয়, ডোরা দিয়াছিল একটা মোটা অঙ্ক।

অম্বিকাচরণকে লইয়া জাহ্নবী বাহির হইয়া গেল।

মিনিট দশেকও যায় নাই, দক্ষিণ দিকের রকের খানিকটা এদিক থেকে প্রশ্ন হইল—"বাড়িতে কেউ আছেন?"

একটু কুণ্ঠায় পড়িয়া নারায়ণী উত্তর দিতে পারিল না। আরও একটু এদিক থেকে আওয়াজ হইল—"কেউ থাকেন তো একবার আসবেন বাইরে··· রকের এটুকু বন্ধ করে দোব কিনা কাল বললেন না, আমার লোকগুলো চলে যাচ্ছে, বলেন তো ওটুকু শেষ করে দিই।"

নারায়ণী ঘোমটায় কপালটুকু ঢাকিয়া দরজার পাশে আসিয়া দাঁড়াইল, বলিল—"বাবা বাড়িতে নেই, পিসিমারও···পিসিমাও······"

চুপ করিয়া গেল।

"তিনিও বাড়ি নেই?"

জাহ্নবীর ভয়েই যেন উত্তরটা নারায়ণীর গলায় একটু আটকাইয়া গেল, তাহার পর বলিল—"না, পিসিমার অসুখ করেছে।"

যুবক লঘুভাবেই লইল সংবাদটা, বলিল—"শুধু এটা বন্ধ করে দেব কিনা বলবেন।"

"অজ্ঞান হয়ে রয়েছেন……"

"সে কি!—যুবক যেন কিংকর্তব্যবিমূঢ় হইয়াই একটু থমকিয়া দাঁড়াইল, তাহার পর একেবারেই দ্বিধাহীন গতিতে ঘরের মধ্যে গিয়া বলিল—"কি অসুখ! কোথায় আছেন তিনি?… দেখি তো।"

নারায়ণী ভিতর দিকে সরিয়া দাঁড়াইতে, যুবক চৌকির কাছে গিয়া অন্নদাঠাকরুণের কপালে হাত দিয়া শিহরিয়া উঠিল, বলিল—"একি! কতক্ষণ হয়েছে? আমায় জানান নি কেন?"

উত্তরের অপেক্ষা না করিয়া বাড়ির ওদিকটায় চলিয়া গেল এবং প্রায় সঙ্গে সঙ্গেই একটা ওডিকলনের শিশি খুলিতে খুলিতে আসিয়া, খানিকটা রোগিণীর কপালে চাপড়াইয়া বলিল—"বাতাস করুন…ডাক্তার?……"

নারায়ণী হাওয়া করিতে করিতে বলিল—"ডাকতে গেছেন।"

"কে?… ও!—কিন্তু তিনি তো প্রায় অন্ধ, কাল যেন মনে হ'ল।"

"আমার মেয়ে সঙ্গে গেছে… "

"কি সর্বনাশ!…কতক্ষণ?"

"এই মিনিট দশ বারো।"

"কি সর্বনাশ! চারিদিকে মিলিটারি!—আপনারা কিরকম?…এই শিশিটা রইল, জলের সঙ্গে মিশিয়ে—যেন না শুকোয়……"

হনহন করিয়া বাহির হইয়া গেল। একটু পরেই মোটর স্টার্ট দেওয়ার শব্দ হইল।

বৃদ্ধ আর জাহ্নবীকে দেখিতে পাইল একটা রাস্তার মোড়ে, বোধ হয় জিজ্ঞাসা করিয়া করিয়া অগ্রসর হওয়ার জন্যই খুব বেশি দূরে যাইতে পারে নাই। মোটর দাঁড় করাইয়া নামিল, প্রশ্ন করিল—"কোথায় যাচ্ছেন?"

জাহ্নবীর মুখের পানেই চাহিয়া প্রশ্ন, কিন্তু উত্তর দিল অম্বিকাচরণ, প্রতিপ্রশ্ন করিল—"কে?"

"আমি ব্রজলাল, আপনাদের বাড়িতেই থাকি। আপনারা বাড়ি যান, আমি ডাক্তার ডেকে নিয়ে আসছি।"

তাহার পর জাহ্নবীর দিকে দৃষ্টি ফিরাইয়া বলিল—"ওঁকে বাড়ি নিয়ে যান। আপনারা কিরকম মানুষ বুঝছি না তো! বিপদের ওপর বিপদ ডেকে আনেন!"······

—বলিতে বলিতেই মোটরে গিয়া উঠিল।

মিনিট পনেরোর মধ্যে ডাক্তার সঙ্গে করিয়া ফিরিল; বেশি দূর বা ঘোরাঘুরির মধ্যে গেল না, সেনা-শিবিরে গিয়া ওখানকার সার্জেনকে ডাকিয়া আনিয়াছে, একজন পাঞ্জাবী। ভালো ভাবে পরীক্ষা করিয়া একটা ব্যবস্থাপত্র লিখিয়া দিল। শেষ হইলে তাহাকে পৌঁছাইয়া দিবার জন্য এবং ঔষধটা আনিবার জন্য ব্রজলাল তাহার সঙ্গে বাহির হইয়া গেল। ঔষধ আনিতে হইল সহর থেকে; তবে মোটরে যাতায়াত, খুব বেশি বিলম্ব হইল না। এক দাগ ঔষধ সেবন করাইয়া মাথায় হাওয়া করিতে করিতে নারায়ণী বলিল—"বাবা, ওঁকে জিগ্যেস করো ডাক্তার কি বললে? ভয়ের কিছু আছে?"

অম্বিকাচরণের যেন বাকরোধ হইয়া গেছে; একপাশে মাথা নিচু করিয়া বসিয়াছিল, বার দুই কাশিয়া প্রশ্নটা করিবার আগেই ব্রজলাল নিজেই উত্তর দিল, নারায়ণীর পানেই চাহিয়া বলিল—"সেবাটা ঠিক মতো হওয়া দরকার। না হয় একজন নার্সের ব্যবস্থা করবো?···জানি না এখানে আবার পাওয়া যায় কিনা।"

নারায়ণীর দৃষ্টিটা আরও শঙ্কিত হইয়া উঠিল, ব্যাকুল কণ্ঠে বলিল—"ভয়ের আছে কিছু? লুকুবেন না, স্পষ্ট করেই বলুন ডাক্তার যা বলেছেন, আমরা বড্ড অসহায়।"

"কিন্তু এত হেদিয়ে পড়লে তো ফল খারাপই হবে। অসুখটা যে ভালো নয় দেখতেই পাচ্ছেন, কত অল্প সময়ের মধ্যে একেবারে বাড়াবাড়ি হয়ে উঠেছে। ওষুধটা লাগলে ভয়টুকু কেটে যায়···আপাতত। সেটা এক্ষুনি

টের পাওয়া যাবে; তবে সেবাটা ঠিক মতো হওয়া চাই, সেটা আপনারা কি……?"

জাহ্নবী প্রশ্ন করিল—"ডাক্তার যেমন যেমন বললেন তাইতো? তা পারবো, দু'জন রয়েছি আমরা।"

পাঞ্জাবী ডাক্তার যাহা বলিয়াছে সব ইংরাজীতে, ব্রজলাল একটু চকিত দৃষ্টিতেই জাহ্নবীর মুখের পানে চাহিল, তাহার পর বলিল "হ্যাঁ, তাই…আমিও আছি, যতটুকু পারি; তা'ভিন্ন নার্স খুঁজে বেড়ানোও চলবে না, ডাক্তারকে তাড়াতাড়ি রিপোর্ট দিয়ে আসতে হবে, বা ডাকতে হবে…ওষুধটা কটার সময় খাওয়ানো হল?"

নিশ্চয় ভুল করিয়াই একবার দেয়ালের দিকে চাহিল, তাহার পর নিজের কব্জিটার দিকেও ভুল করিয়া চাহিয়া তাড়াতাড়ি বাহির হইয়া গেল।

একটু পরে একটা চাকরকে সঙ্গে লইয়া ফিরিল। তাহার হাতে একটা ছোট টেবিল, কাঁধে একটা টেবিল-ক্লথ, ব্রজলালের নিজের হাতে একটা টাইমপিস ঘড়ি, খানিকটা কাগজও। টেবিলটা পাতিয়া কাপড় বিছাইয়া তাহার উপর ঘড়িটা আর ওষুধ, ওডিকলনের শিশিগুলা; কাগজে ঔষধ সেবনের সময়টা টুকিয়া রাখিতেছে, এমন সময় অন্নদাঠাকরুণ চোখ খুলিল। দৃষ্টি খুব ঘোলাটে নয়, কিছু একটা বলিবারও চেষ্টা করিল, তাহার পর আবার চোখ বুজিল। ব্রজলাল অন্য একটা ঔষধ খাওয়াইয়া অপেক্ষা করিতে লাগিল। প্রায় আধঘণ্টার মধ্যে এইরকম কয়েকবাব করিয়া রোগিণীর অবস্থা অনেকটা ভালোর দিকে আসিল, জল চাহিয়া পান করিল, দু'একটা সঙ্গত প্রশ্ন করিল, উত্তরও বুঝিতে পারিল। ব্রজলাল রিপোর্টটা দিতে চলিয়া গেল।

রাত্রে একটু বাড়িল আবাব, আর একবার ডাক্তাবকে ডাকিতে হইল; ওভাবটা কিন্তু এবার আরও শীঘ্র কাটিয়া গেল। এ-ঝোঁকটা ভালো ভাবেই সামলাইয়া গেল।

এক সময় ওদিক থেকে একজন পাচক-ঠাকুর আসিয়া নিঃশব্দে ঘরের একদিকে প্লেটে করিয়া তিনজনের খাবার ঢাকা দিয়া চলিয়া গেল।

রাত যখন প্রায় দশটা, সুস্থ নিশ্বাস-প্রশ্বাসের সঙ্গে রোগিণী নিদ্রাগত, ব্রজলাল উঠিল, বলিল—"এবার আমি যাই, খেয়েদেয়ে আবার আসছি।"

নারায়ণী বলিল—"আর আসতে হবে না আপনাকে রাত্তিরে।"

"যদি কিছু ··"

"যদি কিছু দরকার দেখি সঙ্গে সঙ্গে খবর দোব। আর আমাদের উপায়ই বা কি? কাকেই বা বলব?"

জাহ্নবী যেন প্রস্তুত হইয়াই ছিল, দু'খানা দশ টাকার নোট হাতে আগাইয়া গিয়া বলিল—"ডাক্তারের ফী আব ওষুধের দামটা ··কতো হ'ল?

ব্রজলাল একটু বিরক্তির সহিত চাহিল নোট দু'খানার পানে। তাহার পর জাহ্নবীর মুখের ওপর সেই দৃষ্টিই সাধ্যমতো নরম করিয়া তুলিয়া বলিল— "থাক্ না, আমি তো পালাচ্ছি না, রোগের খরচও আজই শেষ হয়ে যাচ্ছে না।"

আর কিছু না বলিয়া বাহির হইয়া গেল।

ছাব্বিশ

অসুখটা দিন তিনেক বেশ বেগ দিল, তাহার পর ধীরে ধীরে কমিতে আরম্ভ করিল। সপ্তাহখানেক পর্যন্ত কমিয়া কমিয়া যে অবস্থায় আসিয়া দাঁড়াইল তাহার পর আর কোন উন্নতি দেখা গেল না, অন্নদাঠাকরুণ শয্যাগত হইয়া পড়িয়া রহিল। এইভাবেই কাটিতে লাগিল। ব্রজলাল এর মধ্যে একদিন জেলা সহর হইতে সিভিল সার্জেনকেও ডাকিয়া আনিল, দুই ডাক্তারে আলোচনা করিয়া অভিমত দিল যে রোগটা খুবই কঠিন হইয়াছিল, মস্তিষ্ক থেকে আরম্ভ করিয়া সমস্ত স্নায়ুমণ্ডলীকে উৎকটভাবে নাড়া দিয়া গিয়াছে; তাহা ভিন্ন বয়সের

জন্তও জীবনীশক্তিতে ভাঁটা পড়িয়া আসিয়াছে, পূর্বের অবস্থায় ফিরিতে সময় লইবে।

এই ব্যাপারটুকু লইয়া ব্রজলালের সঙ্গে পরিবারটির ঘনিষ্ঠতা গাঢ় হইয়া উঠিল। খুবই স্বাভাবিক, কেননা সে যাহা করিল, নিতান্ত আপনার জন ব্যতীত সেরকম কেহ করে না। বাড়াবাড়ির তিনটা দিন প্রায় দিনরাতই রোগিণীর ঘরে কাটাইল; অর্থ দিয়া সেবা করিয়া, আরও সবরকমে কায়িক পরিশ্রম করিয়া তাহাকে সঙ্কট অবস্থা হইতে টানিয়া তুলিল। শুধু তাহাই নয়, এদিকে বাকি তিনজনের দিকেও সজাগ দৃষ্টি, বিশেষ করিয়া অম্বিকাচরণের দিকে; আহারে স্নানে, সাধ্য-মতো বিশ্রামে কোন অনিয়ম আসিতে দিল না। এসবই করিল এমন একটি সহজ দৃঢ়তার সঙ্গে যে জাহ্নবী পর্যন্ত এদিকের নির্দেশগুলি ওর কথামতো নির্বিবাদেই পালন করিয়া গেল, মনের ভিতরে যত-যাহাই থাকুক না কেন।

নারায়ণীর চেয়ে বয়সেও অনেক কম, প্রায় চার পাঁচ বছর, সুতরাং দু'চার বার কথাবার্তার পর ওদিকটাও সহজ হইয়া গেল। রোগের প্রথম ধাক্কাটা কমিয়া আসিলে যখন একটু ফুরসৎ পাওয়া গেল, এদের প্রশ্নে এ-প্রসঙ্গে সে-প্রসঙ্গে নিজের পরিচয়ও সে দিল খানিকটা। যুবক আজন্ম প্রবাসী, পঁচিশ বৎসরের মধ্যে এই প্রথম বাঙ্গালায় আসিয়াছে। ওর বাপ লক্ষ্ণৌ থেকে কয়েক মাইল দূরে একটা গণ্ডগ্রামে ডাক্তারী করিতেন। বাড়িঘর যাহা কিছু সেইখানেই করিয়া যৌবনোত্তর প্রায় সমস্ত জীবনটাই সেখানে কাটান। দেশের সঙ্গে কোন সম্পর্ক ছিল না। দু'একবার যা আসিয়াছেন, কলিকাতাতে, —আত্মীয়স্বজনেব বাড়িতেই কাটাইয়া গেছেন। ব্রজলাল গল্প শুনিত সে বড় পরিবারের ছেলে—দেশে নাকি প্রকাণ্ড চকমেলানো বাড়ী ছিল—তবে সে পরিবারেও কেহ বাঁচিয়া নাই, বাড়িও দাঁড়াইয়া নাই। ওখানে নিজেদের সংসারে বাবা, মা আর একটি মাসতুতো বিধবা ভগ্নী, তাহার বাপ কলিকাতাতেই থাকেন, কন্যার খোঁজখবর রাখেন না।

দুই বৎসর আগে প্লেগের হিড়িকে বাবা, মা ও ভগ্নীটি উপরি উপরি মারা গেল। তাহার পর এই দুইটা বৎসর যে কি করিয়া কাটিয়া গেছে বিশেষ খোঁজ রাখিতে পারে নাই ব্রজলাল। সম্পত্তি সামান্য যা কিছু ছিল যেন কোথায় দিয়া উড়িয়া গেল। প্রথমটা ছিল দারুণ শোকের বেগ, তাহার পর আসিল নিদারুণ দৈন্যের। এই সময় মনে হইল কলিকাতার দিকে আসিবার কথা।

তাহার পর ওর জীবনের একটা দিকপরিবর্তন হইয়া গেল রেলে আসিতে আসিতে,—একজন মারোয়াড়ী বড় মিলিটারী কণ্টাক্ট ধরিয়াছে, ইংরাজী জানা কর্মঠ লোক চায়; ব্রজলালের সঙ্গে কথাবার্তা কহিয়া নিজের কাজে ডাকিয়া লইল। কিছুদিন একসঙ্গে থাকিয়া ব্রজলাল স্বাধীনভাবে কাজ ধরিতে লাগিল, এবং ওদিক দিয়া একটু গুছাইয়া উঠিলে, খেয়াল হইল দেশের বাড়িটা খুঁজিয়া বাহির করিয়া আবার বাসোপযোগী করিয়া লইবে এবং সেইটাকেই নিজের কর্মকেন্দ্র করিবে। এক গ্রাম আর জেলার নাম ভিন্ন কিছুই জানা নাই, তাহাও এত অস্পষ্টভাবে যে, তাহার ওপর নির্ভর করিয়া গিয়া দাঁড়ান যায় না। শেষে মেসোমশাইয়ের কথা মনে পড়িল। স্বাস্থ্য মেরামত করিতে বারদুয়েক ব্রজলাল-দের প্রবাসের বাটীতে গিয়াছিল তাহার শৈশবে, যেন মনে পড়ে সে সময় দেশের বাড়িতে যাঁহারা ছিলেন তাঁহাদের খবরও লইয়া গিয়াছিল। বোমার ভয়ে পলাতক মেসোমশাইকে তবুও খুঁজিয়া বাহির করিল; অনুমানটা ঠিক, সে জানে বাস্তুভিটার সন্ধান, অনেকবার গিয়াছে সেখানে, একদিন সঙ্গে করিয়া আনিল। তাহার পর এঁদের সবই জানা।

কাহিনীটার মধ্যে মস্ত বড় একটা গলদ থাকিয়া যায়,—মেসোমশাই তো ঐ মানুষ, তাঁহারই কথায় বাড়ির ওপর অধিকার কি করিয়া সাব্যস্ত হয়? সে আসিয়া বাড়িটি দেখাইয়া দিল আর সঙ্গে সঙ্গে ভাঙ্গা-গড়া শুরু হইয়া গেল! ...কিন্তু কেহ কোন প্রশ্ন করে না; অন্নদাঠাকরুণ নিস্তেজ হইয়া পড়িয়া পড়িয়া শোনে; প্রশ্নতো করেই না, বরং এমন এক একটা মন্তব্য করে মাঝে মাঝে যাহাতে মনে হয় নিজের অদৃষ্টকে প্রসন্নচিত্তেই মানিয়া লইয়াছে শেষপর্যন্ত; বলে—

—"যা হোক তবুও একটা লোক ছিল যে জানতো।"—কিংবা "এটা আমাদেরই ওপর দয়া ভগবানের—নয়কি ?...কি গো দাদা ?...নারাণ কি বলিস ?"

"তা বৈকি, নয়তো তোমায় তো হারিয়েইছিলাম দিদি, বাড়ি নিয়ে কি ধুয়ে খেতাম ?"

বাপের কথায় যে অসংলগ্নতাটুকু থাকে মেয়ে সেটা তাড়াতাড়ি শোধরাইয়া দেয়—"আর, যার বাড়ি সেই পেলে এর চেয়ে আর সুখের কথা কি হবে, বলনা, পিসিমা, অ্যাঁ ?...

"তা আর বলতে ?"

স্পষ্ট খোসামোদ, কিন্তু সেইসঙ্গে এটাও খুব সত্য যে, স্বার্থের কথা বাদ দিয়াও ছেলেটিকে ঘিরিয়া তিনজনের মনে সত্যকার প্রীতি উৎসারিত হইয়া উঠিতেছে। বাস্তবিকই বড় ভালো—যেমন নির্ভরযোগ্য তেমনই, বোধহয় সংসারে নিতান্ত একা বলিয়া কয়েকটা বিষয়ে আবার নির্ভরশীলও—যাহার জন্য তাহাকে বয়সের অনুপাতে বেশ একটু ছেলেমানুষ বলিয়া মনে হয়, বুকের স্নেহ আপনি উদ্বেলিত হইয়া ওঠে।

ওর সম্বন্ধে পরোক্ষেও আলোচনা হয়। —"গুণতো দেখছই বাবা, আর রূপেও তেমনি রাজপুত্রের মতন ! বরাবর পশ্চিমে ছিল তো ?"

অম্বিকাচরণ বলে—"দেখতেই পাই না, সব ক্রমেই আবছা হয়ে আসছে .."

চুপ করে, তাহার পর দু'তিনবার কাশে, তাহার পর আবার বলে—"আর কায়েতও তো...আমাদের মতনই ।.. সবই তো ভালো, কিন্তু ঐ যে বললাম দিন দিনই ঝাপসা হ'য়ে যাচ্ছে সব—দিদিমণিই বললি অপূর্বটি হয়ে ফিরে এসেছে, তা পেলাম কি দু'চোক ভরে ভাল করে একটু দেখতে ?"

ব্যক্তের মধ্যে কি সব অব্যক্ত কথা লুকানো থাকে, দুজনেরই গভীর নিশ্বাস পড়ে।

এদের তিনজনের এই ইতিহাস, ওদিকে জাহ্নবীর ভাবটা কিন্তু সম্পূর্ণ আলাদা। দিন দিনই অধিকতর অপ্রসন্ন হইয়া উঠিতেছে। সাধ্যমতো চাপিয়াই

রাখে মনের ভাব, তবে এরা প্রশংসামুখর হইয়া উঠিলে অনেক চাপিয়া চাপিয়াও শেষ পর্যন্ত এক আধটা বিদ্রূপ না ছাড়িয়া পারে না। যদি খুবই সংযত করিল নিজেকে, তো ঘরটা ছাড়িয়া চলিয়া যায়, তবে যায় এমন করিয়া যে মনের ভাবটা সূক্ষ্ম বিদ্রূপের চেয়ে আরও স্পষ্টভাবে ছড়াইয়া পড়ে ঘরময়।

সাক্ষাতে ওদের নিজের দু'জনের মধ্যে কথাবার্তা যেমন বারে অল্প, তেমনি সংক্ষিপ্ত। বাড়াইতে গেলেই অপ্রীতিকর হইয়া পড়িবার সম্ভাবনা আছে এই ভয়েই যেন অল্প দু'এক কথার প্রশ্ন-উত্তরে সারিয়া লয় দুজনে, তাহাও নিতান্ত প্রয়োজনে। অপ্রিয় করিবার পাত্র অবশ্য জাহ্নবী, সে যেন নিয়তই অন্তরের একটা জ্বালাকে চাপা দিয়া ফিরিতেছে এবং এটা জানে বলিয়াই সে থাকে বেশি সাবধান।

কিন্তু দিন দিনই অসহ্য হইয়া উঠিতেছে। ওর নিজের একটা প্ল্যান ছিল, আশা ছিল অন্নদাঠাকরুণ সারিয়া উঠিলে একদিনে না হয় ধীরে ধীরে বাহিরে একটা ব্যবস্থা করিয়া লইয়া ও সবাইকে লইয়া এখান হইতে সরিয়া যাইবে। ব্যবস্থার মূলধন অবশ্য ওর ঐ তিন বছরের শিক্ষা, কিন্তু ওরা তিনজনে যাহাই বলুক, ওর নিজের সে-বিষয়ে আত্মবিশ্বাস আছে, আরও এটাও জানা আছে, একটা সংস্থান করিয়া লইতে পারিলে মা, আর দাদুকে সহজেই নিজের দিকে টানিতে পারিবে। সবাই একদিকে হইলে অন্নদাঠাকরুণও যে নিজের জিদ ধরিয়া বসিয়া থাকিবে, এই কঠিন অসুখের পর, সে শক্তি থাকিবে না তাহার। কিন্তু গোল বাধাইল অন্নদাঠাকরুণ—না ভালো করিয়া অসুখে পড়িয়া রহিল, না ভালো করিয়া ভালো হইল, শরীরের মধ্যে রোগের সামান্য একটু রেশ এমন-ভাবে আটকাইয়া রাখিল যে, বেশ বোঝা গেল কিছুদিনের জন্য এই শয্যাই এখন ওর অবলম্বন।

জাহ্নবীর মনে হয় একটা যেন ষড়যন্ত্র,—একদিকে ওরা চারজনে, একদিকে সে একা।

তবুও যথাসাধ্য চেষ্টা করিতেছে সংযত থাকিবার, কিন্তু এত চেষ্টা করিবার জন্যই বোধ হয় একদিন হঠাৎ মনে হইল কিছু একটা না করিলে যেন আর বাঁচে না।

চিকিৎসার খরচের কথাটা মনে পড়িল।

একদিন ডাক্তারের ফীর দরুণ কুড়িটা টাকা দিতে গিয়া একরকম দাবড়ানিই খাইয়াছিল ব্রজলালের কাছে। এখন ডাক্তারের ফী, ঔষধের দাম, এসব তো বটেই, এমনকি সংসারও চলিতেছে তাহারই টাকায। টাকা বাহির করিয়া দিবার মালিক অন্নদাঠাকরুণ, সে ঐ অবস্থায় পড়ায় কতকটা নিঃসাড়েই এই রকম দাঁড়াইয়াছে; জাহ্নবী আবার ঐ সূত্র ধরিযাই আরম্ভ করিল, তাহার কাছে যা টাকা আছে তাহাতে কিছুই হইবে না, তবুও কেমন ওর একটা জিদ ধরিয়া গেল। করিযাই বসিল একটা কাণ্ড—

ব্রজলাল আজকাল খুব বেশি আসে না এদিকে, দরকার হয না, নিজের কাজ লইয়াই বাহিরে বাহিরে থাকে, ওদিকে খানিকটা ক্ষতিও হইযা গেছে। সকালে বাহির হইবাব আগে একবার খোঁজটা লবই, তাহাব পর হয়তো সমস্ত দিনই আসিতে পারিল না। .

সেদিন বিকালের দিকেই ফুরসৎ হইযাছে, আসিযা গল্প কবিতে লাগিল। আজকাল আর চিকিৎসার দিকটা লইয়া বেশি আলোচনার কিছু থাকে না, গল্প হয় আর পাঁচটা কথা লইয়া,—এদিকে নিজের জীবনের কাহিনী, ঠিকার কাজ এখন কি চলিতেছে, কেমন আয, কি সব অভিজ্ঞতা, লড়াইযের কি খবর, বোধ হয় ভুভিক্ষ আসিয়া পড়িল বলিযা,—বেশ জমিযা ওঠে গল্প।

সেদিন আরও জমিযা উঠিযাছে। ইহারা তিনজনে চায ছেলেটিকে, কিন্তু পায় না। আজ ভালোভাবে অনেকক্ষণ পাইয়া ইহারাও মুখর হইয়া উঠিল। জাহ্নবীর মুখটা শুধু অন্ধকার, অন্নদাঠাকরুণেব মাথায় হাত বুলাইতেছিল, একসময় উঠিযা বাহিরে চলিয়া গেল। যখন ফিরিল, আর চৌকির ওপর আসিল না; নারায়ণী একবার আড়চোখে চাহিয়া দেখিল, নিজের ব্যাগটা খুলিযা একমুঠা কি বুকের

কাছটায় ব্লাউজের ভিতর গুঁজিয়া রাখিল, তাহার পর একখানা বই লইয়া আবার বাহির হইয়া গেল।...গল্পের মধ্যে নারায়ণীর দু'একটা কথা একটু এলোমেলো হইয়া যাইতে লাগিল। খানিকপরে ব্রজলাল উঠিয়া দাঁড়াইল, বলিল, —"আসি দিদিমা; দাদু, মাসিমা আসি; আজ আবার এখানকার মেজরের বদলি, নতুন একজন আসবে, তার পুজো দিয়ে আসি, ওরাই তো ভরসা।"

হাসিতে হাসিতে বাহির হইয়া রক দিয়া খানিকটা গেছে, নারায়ণী দেখিল জাহ্নবী পাশের ঘর থেকে একটু ত্রস্তভাবেই বাহির হইয়া দুয়ারের সামনে দিয়া অনুসরণ করিল। নিম্নকণ্ঠে একটু ডাকও দিল—"শুনুন!"

ব্রজলালের প্রশংসা করিয়াই বোধ হয় অন্নদাঠাকরুণ কিছু বলিতে যাইতেছিল, নারায়ণী চাপা উদ্বিগ্ন কণ্ঠে বলিল—"একটু চুপ করো তো পিসিমা।"

অম্বিকাচরণ প্রশ্ন করিল—"কি গা বন্দী?"

নারায়ণী হাতটা উঁচাইয়া বলিল—"চুপ করো।"

উহারা দু'জনে কিছু না দেখিলেও উৎকর্ণ হইয়া রহিল।

ইহার মধ্যে বোধ হয় এক আধটা কথা বাদ গেছে, শুনিতে পাইল ব্রজলাল প্রশ্ন করিতেছে—"এ কিসের টাকা?"

জাহ্নবীর গলা—"চিকিৎসার; ফী, ওষুধ...তারপর অনেকদিন হ'য়েও গেল তো—সেই যে একবার দিতে গেছলাম।"

সহজই কণ্ঠস্বর দুজনের।

এরপর একটু বিরাম, তাহার পর কিন্তু ঠিক উত্তেজিত না হইলেও দুজনের স্বর বেশ স্বাভাবিক নয়। ব্রজলাল প্রশ্ন করিল—"কত এনেছেন?"

"পঞ্চাশ।"

"এখনও হিসেব করিনি; কিন্তু—কিন্তু অত কমই খরচ হয়েছে মনে করেন কি?"

আবার একটু বিরাম, তাহার পর জাহ্নবীর গলা—"দাঁড়ান, যাবেন না, দিব্যি রইল।"

মুহূর্ত পরেই জাহ্নবী আসিয়া ঘরে প্রবেশ করিল; মুখখানা রাঙা, হনহন্ করিয়া গিয়া ব্যাগটা খুলিল। নারায়ণী বলিল—"কি হয়েছে শুনি?" অন্নদাঠাকরুণ মাথাটা একটু তুলিয়া প্রশ্ন করিল—"কিলা জানু?—হঠাৎ?" অম্বিকাচরণ ব্যাকুলভাবে শব্দ লক্ষ্য করিয়া বার দুই কাশিল। জাহ্নবী কোন উত্তর না দিয়া, আরও গোটাকতক নোট বাহির করিয়া ব্যাগটা বন্ধ না করিয়াই হনহন্ করিয়া বাহির হইয়া গেল, আবার কথাবার্তা আরম্ভ হইল—

"এই একশ'টা—আপাতত—ধারতো একদিনে শোধ দেওয়া যায় না·· অন্তত আমাদের অবস্থা নেই, তাই করতেও চাইনি।"

আবার একটু বিরাম, তাহার পর ব্রজলালের কণ্ঠ—"দাঁড়ান, রাখুন টাকাটা একটু। ধারটা একদিনে শোধ না দিতে পারেন, হিসেবটা জেনে রাখা ভালো। ···ইয়ে, আমার একরকমের পাওনা নয়তো, বাড়িভাড়াও আছে, পাওনা মেটাবার জন্যে যে ক্ষেপে উঠেছেন, পারবেন অত দিতে—যত দিন থেকে আছেন হিসেব করে?"

বলিতে বলিতেই স্বরটা বেশ একটু উত্তেজিত হইয়া উঠিয়াছে। এবার যা বিরাম সেটা যেন যাইতে চায় না, তাহার পর হয়তো এক পর্দা ওপরেই জাহ্নবীর গলা খুলিল—

"হিসেবের কথাটা মনে করিয়ে দেবার জন্যে ধন্যবাদ আপনাকে—কিন্তু ভাড়া দেবেন তো আপনি, আর সে-হিসেবে পাওনা তো আপনার নয়। বাড়ি দখল করে, জমি দখল করে ব্যবসা চালাচ্ছেন, চিকিৎসার জন্যে যা খরচ হয়েছে, ভাড়া হিসেবে তার জন্য কিছু বাদ গেলেও, আমাদের বাড়ি তছনছ করবার জন্যে খেসারত হিসেবে যে এখনও আমাদেরই অনেক পাওনা আপনার কাছে।··· বোকামি করেছিলাম টাকা দিতে গিয়ে; যেমন ওদিকে ঠিকেদারি করছেন, তেমনি করুন আমাদেরও খরচপত্রের ঠিকেদারি—চালান এখন—তারপর কোন সময়ে হিসেব করে ভাড়া থেকে···"

রীতিমত কলহ! এই সময় নারায়ণী বাহির হইয়া একেবারে দুইজনের মাঝখানে দাঁড়াইয়া ব্রজলালের হাত দুইটা ধরিয়া ফেলিল, ব্যাকুল কণ্ঠে বলিল—"বাবা, তুমি আর দাঁড়িয়ে অপমান হয়ো না। যাও, যাও তুমি; আমাদের পাপের ভার এভাবে আর বোঝাই হ'লে পিসিমাকে ফিরে পাব না···ও যখন চায়, আমরা ছেড়েই যাব এ-বাড়ি, জানি এত পাপ সহ্য হবে না আমাদের···"

সাতাশ

রাত্রে ব্রজলাল আর আসিল না, কিন্তু তেমনই পরদিন সকালে মুখহাত ধুইয়াই আসিয়া উপস্থিত হইল। রকে নারায়ণীকে দেখিয়া একটু উৎকণ্ঠিতভাবেই প্রশ্ন করিল—"দিদিমা কেমন আছেন?"

নারায়ণী একটু বিস্মিত ভাবেই চাহিয়া বলিল—"কেন? ভালই তো; এসো।"

ঘরে লইয়া গেল। আজও অনেকক্ষণ ধরিয়া গল্পগুজব করিল ব্রজলাল, সকাল বেলার দিকে যাহা করিবার সাধারণতঃ সময় থাকে না ওর। যখন উঠিল, নারায়ণীও ওর সঙ্গে সঙ্গে ও-বাড়ির দিকে খানিকটা পর্যন্ত গেল, তাহার পর দাঁড় করাইয়া বলিল—"তোমায় একটা কথা বলতে সঙ্গে এলাম বাবা, ছেলেমানুষের কথা ধরে বসে থেকো না। অবিশ্যি উঠে যাবার ব্যবস্থাটা শীগগিরই কোরবো আমরা—ওর মেজাজটা দিন দিনই যেমন হয়ে উঠছে··"

ব্রজলাল বলিল—"মাসিমা, ঐ ছেলেমানুষের কথা না ধরবার বিষয় আমিও বলতে এসেছিলাম, কেননা আমাকেও তো আপনাদের সেই নজরেই দেখতে হবে। কাল রাগের মাথায় কি সব বেরিয়ে গিয়েছিল মুখ থেকে, কিন্তু দেখছি আপনারা ধরেই বসে আছেন সে সব কথা।"

"না, না, সেকি কথা! তুমি কিই বা বলেছিলে যে···"

"বলেছিলাম বইকি মাসিমা—ভাড়ার কথা; উঠে যাবেন ব'লতে এখন বুঝলাম মাপ করতে পারেন নি।"

এর পর বেশি আসিয়া বেশি গল্প করিয়া সেদিনের সমস্ত গ্লানিটুকু মুছিয়া দিল ইহাদের তিনজনের মন থেকে। নিরুপায় দরিদ্র পরিবারের অভিমান অল্পায়ু, মিটিয়া যাইবার আগ্রহ লইয়াই জন্ম তাহার, দু'একদিনের মধ্যেই এদিক দিয়া বাড়ির হাওয়াটা পরিষ্কার হইয়া গেল।

একটা কোণে কিন্তু গুমোটটা লাগিয়াই রহিল,—জাহ্নবী যেটুকু অধিকার করিয়া আছে। মুখটা সর্বদাই থম্‌থমে, অল্প কথায় থাকে, অল্প কথা কয়, মন্তব্য পারতপক্ষে কিছু করে না, যদি করেই তো তাহা যেমনি সংক্ষিপ্ত, তেমনি বিষাক্ত।

একদিন ব্রজলালকে লইয়াই আলোচনা হইতেছিল তিনজনে। অন্নদা-ঠাকরুণের প্রশংসার ওপর নারায়ণী বলিল—"শুধু তাই নয় পিসিমা, এমনি অবশ্য করে অনেকের জন্যে অনেকেই—পয়সা আছে, মনও আছে; কিন্তু জানু যে অমনভাবে কঁ্যাট কঁ্যাট করে শোনালে সেদিন—না ভুতো না ভবিষ্যতি—তারপরে করা তো দূরের কথা, সে বাড়িতে আর পা দেয় কে বলো না?"

জাহ্নবী চৌকির একধারে বসিয়া একটা কি সেলাই করিতেছিল, চোক না তুলিয়াই বলিল—"দেয় পা—বেহায়ায়।"

সেলাইয়ের সরঞ্জামগুলা গুটাইয়া লইয়া পাশের ঘরে চলিয়া গেল।

সেদিনই আর একটা বোমা ফাটিল। পুকুরের দিকটা বাড়ির পেছন দিক বলিয়া বেশ নিরিবিলি। আগে জাহ্নবী মাঝে মাঝে বিকালে আসিয়া বসিত প্রায়ই অম্বিকাচরণকে সঙ্গে করিয়া, আজকাল যতদিন থেকে মনের এরকম অবস্থা যাইতেছে, যখন তখন চলিয়া আসে, আর বেশির ভাগ একাই।

বিকালের আকাশটা ম্লান হইয়া আসিয়াছে, জাহ্নবী আসিয়া মালতীলতার নিচে শানের বেঞ্চটায় বসিল। আজ ভেতরটা খুবই অস্থির, হাতে করিয়া একটা বই আনিয়াছে বটে, কিন্তু শুধু বারকয়েক খুলিল আর মুড়িয়া রাখিল। এমন

সময় দেখা গেল অম্বিকাচরণ লাঠি হাতে হাতড়াইতে হাতড়াইতে দরজা দিয়া বাহির হইতেছে।

জাহ্নবী উঠিয়া গিয়া তাহাকে সঙ্গে করিয়া লইয়া আসিল, একটু রুক্ষ কণ্ঠেই বলিল—"একা অমন করে আসতে যাও কেন দাদু? হোঁচট খেয়ে পড়বে কোনদিন; ডাকলেই পারতে তো।"

অম্বিকাচরণ একটা উদ্দেশ্য লইয়াই আসিয়াছে, কিন্তু একটু অপ্রতিভ হইয়া গিয়া মিথ্যা করিয়া বলিল—"তুই এখানে আছিস তা কি জানি দিদি?"

"যাব কোথায়?...পুণ্যক্ষয় না হলে তো এ স্বর্গবাস ঘুচবে না?"

হঠাৎ বাতাসটা ভারী হইয়া উঠিল, কিছুক্ষণের মধ্যে অম্বিকাচরণের বার কতক খুক খুক করিয়া কাশি ছাড়া আর কোন শব্দ হইল না। তাহার পর বোধ হয় অনেক চেষ্টা করিয়া সে-ই প্রথমে মুখ খুলিল, বলিল—"কেন, ছেলেটি কি এতই খারাপ? তুই নাকি অমন করে বললি, তাই জিগ্যেস করছি।"

জাহ্নবী কোন উত্তর দিল না, শুধু একটু আওয়াজ করিয়া বইয়ের খানতিনেক পাতা উলটাইল, বোধ হয় জানাইতে চাহিল সে পড়ায় ব্যস্ত। খানিকক্ষণ চুপ-চাপ কাটিল, তাহার পর আবার অম্বিকাচরণই প্রশ্ন করিল—কৈ, উত্তর দিলি নাতো?"

"কি রকম উত্তর দিলে তোমার মনে ধরে দাদু?"

অম্বিকাচরণ আবার সামনের দিকে চোখ তুলিয়া অপ্রতিভ ভাবে হাসিল একটু, বলিল—"রাগছিস, তবে থাক। আমি উঠি তাহলে। বই পড়ছিস? কিন্তু অন্ধকার হয়ে আসছে না?—চোখে জোর পড়বে যে।"

লাঠির ওপর হাত দুইটা রাখিয়া একটু সোজা হইয়া বসিল, তাহার পর "যাই, উঠি।"—বলিয়া যেই উঠিতে যাইবে জাহ্নবী খপ করিয়া একটা হাত ধরিয়া ফেলিল,—বলিল—"না বসো দাদু; বেশ, তাহলে যখন ছাড়বেই না, তখন সব কথা পরিষ্কার হয়ে যাওয়াই ভালো,—ও খারাপ নয় বলছ, ভালোটাই বা কিসে শুনি?"

উত্তেজনায় হাতটা ধরিয়াই আছে, হঠাৎ ভাব পরিবর্তনে অম্বিকাচরণ থতমত খাইয়া গেছে, আমতা আমতা করিয়া বলিল—"অমন উপকারটা করলে, করছেও এখনও…"

"কেন ?"

"এই শোন ! উপকারের আবার কেন কি ? উপকার করা স্বভাব এক এক জনের তাই করে।"

"দাদু, স্বভাবের বশে কোন বেটাছেলে কারুর উপকার করছে এমন দৃষ্টান্ত তো আজ পর্যন্ত পাইনি আমি।"

বোধ হয় মন্তব্যটা অতিরিক্ত গুরুগম্ভীর হওয়ার জন্যই অম্বিকাচরণ হাসিয়া ফেলিল, বলিল—"একেবারে বেটাছেলের জাত ধরে টান ! তোর দাদুও তো বেটাছেলে।"

জাহ্নবীর কিন্তু এতটুকুও ভাবান্তর হইল না। হাতটা ছাড়িয়া দিয়াছে, তবে কণ্ঠে বেশ উত্তেজনার সঙ্গেই আরম্ভ করিল—"এখন আর তুমি বেটাছেলে নও দাদু, কিছু একটা হয়ে বেঁচে আছ মাত্র ; আগে যখন ছিলে বেটাছেলে তখন কি করেছ কে জানে ? যতক্ষণ…"

হঠাৎ থামিয়া গেল, তাহার পর এইরকম একটা কঠোর বাক্য বলিতে হইল বলিয়াই একেবারে উগ্র হইয়া উঠিল, বলিল—"দাদু, একদল বেটাছেলে তোমার অসহায় অবস্থায় তোমার ওপর অন্য এক দলকে লেলিয়ে দিয়েছে, তারা তোমার বাড়ি থেকে তোমার মেয়েকে লুটে নিয়ে গেছে—তারপর তোমার মেয়ের সমস্ত জীবনটাই ওই—একজনের পর একজন, এক দলের পর একদল লুটের জিনিসেরই মতন তাকে নিয়ে ছেঁড়াছিঁড়ি করবার চেষ্টা করেছে। একেবারে ছেলেবেলার কথা জানি না, অতটা বুঝিনি বলে মনে নেই, কিন্তু যখন থেকে জ্ঞান হয়েছে দেখে আসছি কী অসহায়ভাবে তোমার মেয়েকে পুরুষদের হাত থেকে আত্মরক্ষা করে পালিয়ে পালিয়ে বেড়াতে হয়েছে। সাহায্য করেছে তারাই, যাদের আমরা মানুষের শত্রু বলি—ঝড়, বৃষ্টি, অন্ধকার, জঙ্গল—আমি

দেখেছি—তখন অত বুঝিনি, আজ ভালো করে বুঝি—সেসব বিপদের বেশির ভাগই এসেছিল উপকারের বেশ ধরে—যত ঘটা করে উপকার, যত দয়ায় গলে যাওয়া, বিপদ ততই উৎকট। এই বনে পালিয়ে এসে বেটাছেলের ভয়ে কি করে জানোয়ারের মতন দিন কাটাতে হয়েছে সে কথা মন থেকে মোছবার নয়—সেখানেও ব্যাধের দল তোমার মেয়ে শিকার করবার জন্যে বনের আশে পাশে ঘুরে বেড়িয়েছে—অনেক দিন ধরেই—তাদের হাত থেকে অব্যাহতি পাওয়ার জন্যে উঁচু গলায় কথা কইতে পারা যায় নি, রাত্তিরে আলো জ্বেলে সেটাকে অন্ধকারের মধ্যে লুকিয়ে চলাফেরা করতে হয়েছে। সেই বনে থাকতে থাকতে তোমার বেটাছেলেদের পুজো করার রূপও একদিন দেখলাম—জগজ্জননীর পুজো—অত আলো, অত ঘটা—কিন্তু তোমার মেয়ের রূপের কাছে অতগুলো বেটাছেলের চোখে যেন সব মিথ্যে হয়ে গেল। সে রাতেও বিপদ আমাদের কাছে উপকারের বেশ ধরেই এসেছিল দাদু, জানোয়ারের মতনই আমরা বনে পালিয়ে বাঁচলাম। তুমি জান সব কথাই, কিন্তু ভুলেছ আজ অন্ধ উপকারেরই মোহে পড়ে। তুমি ভুলতে পার দাদু, তোমার মেয়ে বইত নয়, কিন্তু আমার যে মা—পুরুষের শাসন ব্যবস্থা, পুরুষের সমাজ ব্যবস্থা, পুরুষের অত বড়াইয়ের বীরত্ব—পুরুষের শিক্ষা-দীক্ষা, ধর্ম্ম-ব্যবস্থা—এইসবের মাঝখানে আমার মায়ের এই লজ্জার জীবনের কথা আমি কী করে ভুলি বলো? আজ আর এক উপকার দেখা দিয়েছে—তাকে আমি সন্দেহের চোখে না দেখি তো কে দেখবে দাদু? · আমার মার রূপ গেছে আজ ওদের লালসার নজরে-নজরে পুড়ে কুৎসিত হয়ে, মা আমার পরিত্রাণ পেয়েছে; তেমনি মেয়ে আছে—এইবার আমার পালা—আমি কি সাধ করে জিগ্যেস করলাম দাদু—উপকারটা করছে কেন? মায়ের জ্বালা যে এইবার আমার শরীরে নেমে আসবার পালা। শুধু মা-ই তো নয়, এত অল্প বয়সে আমি আরও অনেককে যে মায়ের মতনই ধ্বংস হয়ে যেতে দেখলাম—আর কিছু নয়, শুধু মেয়েছেলে হয়ে জন্মাবার জন্যে—পুরুষদের খোরাক হয়ে।···তাদের

সবার একটিমাত্র দোষ, তারা পুরুষের ঠোঁটের হাসিকে চিনতে পারে নি, সর্বনাশের অভিসন্ধিটাকে উপকারের আগ্রহ বলে ভুল করেছিল।”

জাহ্নবী চুপ করিল। অম্বিকাচরণ একটি কথা বলিল না, শুধু দক্ষিণ হাতটা ধীরে ধীরে জাহ্নবীর পিঠের উপর টানিয়া যাইতে লাগিল। একটু পরে আবার কথা কহিল জাহ্নবীই, বলিল—“দাদু, তোমার মিষ্টি হাত বুলানোয় মনে হচ্ছে,—কথাগুলি একদমে বলে যেতে তোমার নাতনির যে মেহনৎটা হ'ল, সেইটেই তোমায় ভাবিয়েছে বেশি। আসল কথাগুলো কিন্তু আমলে আন নি, হযতো বিশ্বাসই করলে না।”

বৃদ্ধের হাতের টানগুলো একটু দ্রুত হইয়া গেল, অধরের কোণে সেই দুর্বল, অপ্রতিভ হাসিটা উঠিল জাগিযা, মাথাটা নিচু করিয়া কুণ্ঠিতভাবে বলিল—“এনেছি বৈকি আমলে দিদি, কথাগুলো যে কত সত্যি তা আমার মতন আর কে বুঝবে বল? তবে, কথা হচ্ছে···”

“হ্যাঁ, বলো না।”

“বলছি, তুই যা বল্লি তুই-ই কি তাব সবটুকু বিশ্বাস ক'রে বললি?”

“অবিশ্বাস থাকলে বলব কেন দাদু?”

“না···না, এই তোর দাদুও যে তাদের মধ্যে · আর—আব আমার মেযে বলেই যে ভুলতে পেরেছি—তোর মা বলে তুই পারছিস না—করিস এসব কথা বিশ্বাস দিদি?”

মিনিট খানেক কোন উত্তর জোগাইল না জাহ্নবীর মুখে; কিন্তু মনের তারটা এমনই চড়া সুরে বাঁধা হইযা গেছে যে অনুশোচনাও ঠাঁই পাইল না বেশিক্ষণ, বলিল—“সে তো বললাম দাদু—যে···”

“হ্যাঁ, তা বলেছিস—তা বলেছিস, মনেই ছিল না—বললি তো এখন আমি না-বেটা ছেলে, না-মেয়েছেলে—শুধু একটা কিছু হয়ে রযেছি···ঠিক···”

“দাদু, যেটা ধরবার নয় সেইটাই ধরে ব'সে রইলে এত কথার মধ্যে?”—কথাগুলায় যেমন ক্লেশ আছে, তেমনই একটু যেন বিরক্তিও আছে।

অম্বিকাচরণ বলিল—"না, না, রাগ করিস নি।···রাগের জন্যে বলিনি, আজকাল কেমন হ'য়েছে গুছিয়ে বলতে পারি না।···বলছিলাম—সবাই হয়তো একরকম নয়···ওই ব্রজলাল ছেলেটির কথাই ধরি—আমার কেমন মনে হয় ভগবান বাইরেটা দেখা বন্ধ ক'রে দিয়ে আমায় একেবারে ভেতরটা দেখবার ···

"ওঠ, দাদু, সন্ধ্যে হয়ে এসেছে।" বলার সঙ্গে সঙ্গেই উঠিয়া পড়িয়া দক্ষিণ হাতটা ধরিল জাহ্নবী ; পাও বাড়াইল।

চৌকাঠ পার হইতে হইতে নিতান্ত যেন মন রাখিবার জন্যই অম্বিকাচরণ একবার বলিল—"গেলেই হয় ছেড়ে এ-বাড়ি—দিদি উঠুন সেরে একটু—সত্যি, কার মনে যে কি গলদ আছে···"

আটাশ

এই ভাবেই চলিল। দিদিও ভালো হইয়া উঠিল না, বাড়ি ছাড়াও হইল না ; দুঃস্থ, নিঃসম্বল পরিবারটি দিন দিনই যেমন অধিকতর নিশ্চেষ্ট হইয়া ব্রজলালের আশ্রয়ে গিয়া পড়িল, তেমনি আবার ধীরে ধীরে তাহাকেও নিজেদের মধ্যে আত্মসাৎ করিয়া লইতে লাগিল—প্রীতিতে, কৃতজ্ঞতায়, এমনকি আশা আর স্বপ্নেও।

অবশ্য জাহ্নবী ছাড়া, যাহাকে লইয়া স্বপ্ন। তাহার ঘৃণার মধ্যে এতটুকু নাটকীয়তা কোন কালেই ছিল না, তাহার উপর যাহাকে ঘৃণা, তাহার কাছ থেকেই এই প্রতিদিনের পরাজয়, সে যেন নিজের আগুনে নিজেই দগ্ধ হইতে লাগিল। মুখের কথা হইয়াছে—"দেবে না তো কি, করবে না তো কি—বাড়ির ভাড়া যখন দিচ্ছে না।···" এ যেন ওর মস্ত বড় একটা আবিষ্কার, মনে করে হয়তো চেষ্টা করিয়া এখন ষোল আনা বিশ্বাস করে কথাটা, তবুও এধরণের নেওয়ার মধ্যে কোথায় যে একটা আত্মপ্রবঞ্চনা আছে, সেটা ওর মনে খচ্ খচ্ করে ; এক শুধু ওকেই নিশ্চেষ্ট থাকিতে দেয় না।

নিজেদের মধ্যে বোঝাপড়াটা স্পষ্ট হইয়া উঠিতেছে, যদিও স্পষ্ট কথাবার্তার জায়গাটা ক্রমেই আসিতেছে কমিয়া। মেয়েকে যে পোষমানো যাইবে না এটা ওরা ধরিয়াই লইয়াছে, আর এই ধরিয়া লওয়ার মধ্যে মায়ের মনে আসিয়াছে একটা বিরাগ, দিদিমার মনে ঔদাসীন্য, শুধু দাদুর মনে আছে একটা স্নেহমিশ্রিত আতঙ্ক, একটা নিরুপায় ব্যাকুলতা।

এই বোঝাপড়া আরও একটু স্পষ্ট হইল। একদিন সন্ধ্যার একটু আগে নারায়ণী দেখিল মেয়ে কাপড়টা একটু গুছাইয়া পরিয়া পায়ে জুতা আঁটিতেছে। বেশ একটু বিস্মিত হইয়াই প্রশ্ন করিল—"কোথায় যেন বেরুচ্ছিস মনে হচ্ছে?"

জাহ্নবী উত্তর করিল—"একটু ঘুরে আসি।"

"অবাক করলি! ঘোরবার জায়গা বড়!"

"এদিকটা আর তেমন কি? ভদ্রলোকের বাস বেড়েছে।"

নারায়ণী ব্যঙ্গের স্বরেই বলিল—"কিন্তু দরকারটা কি ঘোরবার এই অবান্ধব জায়গায়? চাকরি তো···"

"পেলে কোরব বইকি মা, তুমি তো জানই সেটা।"

পাশে অন্নদাঠাকরুণের ঘরে গলা বাড়াইয়া বলিল—"দিদিমা, একটু ঘুরে আসি কাছাকাছি থেকে; এক্ষুণি আসছি; দাদু, আসি।"

বাহির হইয়া গেলে নারায়ণী বলিল—"দেখলে তো পিসিমা?"

অন্নদাঠাকরুণ উত্তর করিল—"আমায় আর কি বলছিস?—বিষ হারিয়ে ঢোঁড়া হয়ে বসে রয়েছি, নইলে সোমত্থ মেয়ের এত বাড়!"

পাশ ফিরিয়া শুইয়া রহিল। অম্বিকাচরণ কিছু বলিতে সাহস করিল না, গোটা দুই চাপা কাশিতে শুধু যা একটু প্রকাশ পাইল।

চাকরির জন্যই বাহির হওয়া জাহ্নবীর। লোক বাড়িয়াছে জায়গাটায়, যতদূর শোনা, সব কলিকাতার দিকেরই, যদি ছোট ছেলেমেয়ে পড়াইবার টুইশান পায়। বাহির হইয়া একেবারে উত্তর দিকে পা বাড়াইল, দক্ষিণ দিকটা ব্রজলালের আস্তানা বলিয়া যেমন এ পর্যন্ত কখনও যায় নাই, আজও গেল না।

কিন্তু যাহা ভাবিয়া বাহির হওয়া সেটা সম্ভব হইল না, রাস্তাতেই পা জড়াইয়া যাইতে লাগিল, বাড়ি বাড়ি জিজ্ঞাসাবাদ করা তো একেবারেই অসম্ভব ব্যাপার। একটু যে ঘুরিয়া বেড়াইল সে যেন নিজের জড়তার সঙ্গে লড়াই করিয়াই, তাহার পর সন্ধ্যার আগেই বাড়ি ফিরিল।

কিন্তু ছাড়িল না, দু'একদিন বাদ দিয়া দিয়া ক্রমে এটা একটা রুটিনে দাঁড় করাইল। তাহার পর হঠাৎ একদিন চাকরিও জুটিয়া গেল।

সেদিন বেড়াইতে বেড়াইতে স্টেশন পর্যন্ত চলিয়া গিয়াছিল, ফিরিতে সন্ধ্যা হইয়া গেল। স্টেশন থেকে কিছু দক্ষিণ-পশ্চিমে সেই পুরাতন জঙ্গলের একটা অংশ এখনও দাঁড়াইয়া আছে, বেশ নির্জন এখানটা ; এটা পার হইয়া অল্প অল্প করিয়া নূতন পল্লীটা আরম্ভ হইয়াছে, জাহ্নবী এইখানে আসিয়া বড় রাস্তাটা ছাড়িয়া দিয়া ভেতরের দিকে প্রবেশ করিল, বড় রাস্তায় খাকী পোষাকের প্রাদুর্ভাব একটু বেশি। একটু যাইতেই দেখে প্রায় আধ বুড়ো গোছের একটা চাকর একটা বছর আটেকের মেয়ের হাত ধরিয়া এদিক ওদিক চাহিতেছে। একটু অস্বাভাবিক মনে হওয়ায় গিয়া প্রশ্ন করিল—"কি চাও গা তুমি ?"—

"দিদিমণিকে নিয়ে বাসায় যাব।"

"তা যাচ্ছ না কেন ?"

"সন্ধ্যের পর ভালো দেখতে পাইনে, আর নোতুন এলুম কিনা, আজই কাজ নিলুম যে।"

"কোথায় বাসা ? কার বাসা ?"

"হুই ঐদিকে।"—দক্ষিণদিকে আঙুল দেখাইল।

"কার বাসা ?"

চাকরটা নাম জানে না, মাথা চুলকাইতে লাগিল।

"কে তোমার বাবা খুকু ?"

খুকি নামটা বলিতে বাড়িটা চিনিল। জাহ্নবীদের বাড়ির ওদিকেই, তবে খুব কাছেও নয়, খুব দূরেও নয় ; একটা ছোট নূতন বাড়ি, গেটওলা, পেতলের ফলকে নামটা লেখা আছে, ডাক্তার একজন।

লোকটাকে বলিল—"এস আমার সঙ্গে।"

মেয়েটির হাত ধরিয়া অগ্রসর হইল।

বাসা থেকে খানিকটা এদিকেই দেখা হইল ভদ্রলোকের সঙ্গে, বিলম্ব দেখিয়া খোঁজে বাহির হইয়াছে।

বয়স প্রায় ষাট, নিজে বলিলও, লাঠির সহযোগে চলার ভঙ্গিতেও বোঝা গেল। ছাড়িল না জাহ্নবীকে, বাসায় লইয়া গেল। নিজে সঙ্গে করিয়া দিয়া আসিবে।

বাড়িতে পরিবারের মধ্যে আর শুধু স্ত্রী ; বয়স দেখিয়া বোঝা গেল দ্বিতীয় পক্ষের, তবে কর্তার তুলনায় স্বাস্থ্য আরও খারাপ ; একরকম চিররুগ্নই মনে হইল।

এইখানেই চাকরি হইল জাহ্নবীর। মেয়েটিকে বিকাল বেলা পড়াইবে, তাহার পর চাকর সঙ্গে করিয়া বেড়াইতে লইয়া যাইবে। মাহিনা ভালোই, পঞ্চাশ টাকা।

কি ভাবিয়া জাহ্নবী নিজের সঠিক পরিচয় দিল না, বাড়ির প্রকৃত ঠিকানাও নয়। সঙ্গেও আসিতে দিল না ভদ্রলোককে ; তিনি কোমর বাঁকাইয়া লাঠির ভরে নামিবার পূর্বেই তাঁহাকে না নামিবার জন্য মিনতি করিতে করিতে লঘু পদে বাহির হইয়া গেল।

প্রথম চাকরিতেই সাক্ষাৎভাবে জীবনের প্রথম অভিজ্ঞতা অর্জন হইল, দিন দশেকের ভিতরেই, ঐ জীর্ণ বৃদ্ধের কাছেই। চাকরি ছাড়িয়া দিল জাহ্নবী।

কিন্তু একটা কাজ হইল, আর তাহার গুরুত্ব জাহ্নবীর জীবনে খুব বেশি। আর একটা বড় দিক-পরিবর্তন হইল।

ভদ্রলোকের ষ্টেট্‌স্‌ম্যান কাগজটা আসিত। জাহ্নবীও পড়িত, তবে খবরের চেয়ে বিজ্ঞাপনের দিকেই ঝোঁকটা থাকিত বেশি। এই কয়দিনেই সাত-আট

জায়গায় দরখাস্ত করিয়া দিয়াছিল, তাহার মধ্যে বেশির ভাগই ছিল পোষ্ট বক্সের ঠিকানা, যাহাতে বিজ্ঞাপনদাতার নিজের নাম ঠিকানার সঙ্গে কোন সম্বন্ধ থাকে না।

চাকরি ছাড়ার সপ্তাহখানেক পরের কথা, একদিন ব্রজলালের চাপরাশ গোছের যে লোকটা আছে, সে একখানি খামে ভরা চিঠি আনিয়া জাহ্নবীর হাতে দিল, বলিল ডাকে আসিয়াছে! এবাড়িতে এই প্রথম চিঠি, অন্নদাঠাকরুণ প্রশ্ন করিল—"চিঠি কোথা থেকে এল?"

নারায়ণী ভিতরে ভিতরে আঁৎকাইয়া উঠিয়াছিল, তবু সামলাইয়া লইবার জন্য বলিল—"তোর স্কুলের নয়তো জানু?"

জাহ্নবীর মুখের ভাবটা অদ্ভুত। খামটা উলটাইয়া পালটাইয়া দেখিল, পোষ্ট অফিসের ছাপ রহিয়াছে, কিন্তু শুধু এখানকারই পোষ্ট অফিসের। ছিঁড়িয়া ভিতরের চিঠিটা পড়িতে পড়িতেও তাহার মুখে অনেকগুলা বিভিন্ন ভাবের আলোছায়া খেলিয়া গেল। সেটা কিন্তু ঠিক করিয়া লইয়া মুখ তুলিয়া বলিল—"কি বললে মা?...ও, ..হ্যাঁ স্কুলেরই চিঠি, একটি বন্ধু মেয়ে দিয়েছে।"

মিথ্যা বলিল। চাকরির চিঠি; একেবারে নিয়োগপত্র নয়, দেখা করিতে বলিয়াছে। আর একটা ব্যাপার যাহা জাহ্নবীকে বিশেষভাবে পুলকিত করিল, তাহা এই যে, চাকরিটা এই নূতন কলোনিতেই কোথাও। জায়গাটা এক হিসাবে অর্ধ-সামরিক, (যদিও সামরিক কর্তৃপক্ষের নিষেধেই গোরা বা দেশী সৈন্য এদিকটা একেবারেই মাড়ায় না) তাই রাস্তাগুলার নম্বর দেওয়া। চিঠির ঠিকানায় রহিয়াছে কলোনি আর রেল স্টেশনের নামে, সতেরো নম্বর রাস্তা, বাড়ি বা আফিসের একটা নাম দেওয়া আছে 'ভিকট্রি লজ' পাশে বন্ধনীর মধ্যে 'মিলিটারী কণ্ট্রাক্টারস্'...এ-সব ভালো ব্যাঙ্ক কাগজের চিঠির শীর্ষে পরিষ্কার ভাবে ছাপা, চিঠির একেবারে ওপরে পলতোলা অক্ষরে রাঙা কালিতে একটি ইংরাজী V—অক্ষর বসানো। একটা জায়গায় একটু আটকাইল, চিঠির নিচে স্বাক্ষরটায়; পুরা নাম নয়, প্রথম অক্ষরটা P বা B বা D—যে

কোন একটা হইতে পারে, দ্বিতীয়টারও প্রায় সেই অবস্থা; পদবীটাও ব্যানার্জি, মুখার্জি, চ্যাটার্জির যে কোন একটা মনে করিয়া লওয়া যায়। খুবই খারাপ হাতের লেখা। চিঠিটা টাইপ করা, শুধু শেষের একটা পংক্তি হাতে লেখা, সেটাও কতকটা আন্দাজে পড়িতে হইল।

বার দুয়েক পড়িয়া চোখ তুলিতে দেখে নারায়ণী চোখের কোণে চাহিয়া আছে। সেই আংশিক দৃষ্টির মধ্যেই অনেকখানি উৎকণ্ঠা, চোখোচোখি হইতেই শোধরাইয়া লইবার চেষ্টা করিয়া বলিল—"তোর সেই অণিমা মাসির কোন খবর আছে?—যার কথা এত বলিস···"

"না, কিছুই লেখেনি তো"—বলিয়া জাহ্নবী পাশের ঘরে চলিয়া গেল, একটু পরেই গিয়া পুকুরের ধারে শানের বেঞ্চিতে বসিল।

স্বাধীন জীবনের প্রথম সাফল্য, অন্তত সাফল্যের সূত্রপাত। ভিতরে ভিতরে প্রথমটা খুব পুলকিত হইলেও, স্থিরভাবে চিন্তা করার পর দেখা গেল, দুশ্চিন্তা ও নৈরাশ্যের কারণও যথেষ্ট আছে:—সামরিক ব্যাপারই নয়তো সমস্তটাই? একেবারে এতটা সাহস করা ঠিক্ হইবে কি?

কর্শিয়াঙে থাকিতেই 'ওয়াকাই' (W. A. C. I) নামক মেয়ে বাহিনীর সম্বন্ধে অনেক কিছু শুনিয়াছিল, তা ভিন্ন একবার পা বাড়াইলে ফেরা যাইবে কি? সামরিক আইনও নাকি বড় হৃদয়হীন।···যদি কোন ব্যবসায়িক প্রতিষ্ঠানই হয়—বাঙালীর, না পাঞ্জাবীর, না অন্য কোন জাতের? সব ব্যবসায় তো বাইরের লোকের হাতে শোনা যায়।

মনটা ক্রমেই ম্লান হইয়া আসিতেছে, আনন্দের সূচনাতেই অকারণে যেন কান্না ঠেলিয়া আসিতেছে, কর্মের আহ্বানেই কেমন একটা অহেতুক ক্লান্তি।···মালতী ফুল পড়িয়া আছে শানের ওপর, ঘাটের রাণায়—আরও ঝরিয়া পড়িতেছে, এক মুঠো কুড়াইয়া লইয়া জাহ্নবী খেলার ছলে লুফিতে লাগিল, তাহার পর কি মনে হওয়ায় স্থির দৃষ্টিতে সেগুলার দিকে চাহিয়া রহিল: চোখ দুইটা ছল্‌ছল্ করিয়া উঠিয়াছে—এই রকম ঝরিয়া পড়াই কি ফুলের অমোঘ পরিণতি?

কিন্তু ভাবের বিলাসে ফুটিবার মতো অবস্থা জীবনে পায় নাই জাহ্নবী, এ দুর্বলতাটুকু প্রায় সঙ্গে সঙ্গেই কাটাইয়া উঠিল। বিকাল হইয়া আসিতেছে, অফিস বন্ধ হইয়া যাইবে; যে-লক্ষ্মী নিজে হাঁটিয়া ঘরের দুয়ারে আসিয়াছেন, তিনি ফিরিয়া যাইতে পারেন।

জাহ্নবী উঠিল, কি ভাবিয়া, অথবা জোর করিয়াই বেশি কিছু না ভাবিয়া অপেক্ষাকৃত একটা ভালো শাড়িই পরিল, তাহার পর রোজ যেমন একবার সবাইকে মুখের কথা বলে সেইভাবে বলিয়া বাহির হইয়া গেল।

অভ্যাস হইয়া গেলেও ও বাহির হইবার সঙ্গে সঙ্গে দু একটা মন্তব্য খসেই তিনজনের মুখ থেকে, আজ কিন্তু কেহই কিছু বলিল না। বলার সব কিছু যেন শেষ হইয়া গিয়াছে। একটি মৌন দুশ্চিন্তা ঘরের মধ্যে থম্‌থম্ করিতে লাগিল।

বাড়ির উত্তর দিকটায় গেল প্রথমটা, ভগবান এমন করেন যে ঐ দিকটাতেই থাকে অফিসটা! এমন কিছু বড় জায়গা নয়, তবুও অনেকখানি সময় লাগিল, কিন্তু সতেরো নম্বর রাস্তা নাই এদিকে। ঠিকাদারদের কারখানা গোটা দুই মিলিল, কিন্তু সেগুলা 'ভিক্‌ট্রি লজ্' নয়।

দিন গড়াইয়া চলিয়াছে, সন্ধ্যা আসিয়া পড়িবে; আর অত সঙ্কোচ ভয় করিয়া ফল কি?

উত্তরের দিকটা ছাড়িয়া দক্ষিণমুখী হইল। জিদ চাপিয়া যাইতেছে, অদৃশ্য কাহার চ্যালেঞ্জটা যেন সদর্পে হাত পাতিয়া লইয়াছে জাহ্নবী। রাস্তার নম্বর আছে কিন্তু বড় গোলমেলে—হয়তো নিজের মনের অবস্থার জন্যই গোলমালটা বাড়িয়া যাইতেছে—সাত নম্বরের রাস্তাটা দশ নম্বরের মধ্যে কোথায় কি করিয়া মিলাইয়া গেছে; তের নম্বরের পরেরটা চৌদ্দ নম্বর নয়, কোথা হইতে কি করিয়া একুশ আসিয়া সেটাকে স্থানচ্যুত করিয়াছে। শুনিয়াছে মিলিটারিতে সবই গোলমাল করিয়া রাখিতে চায়, এও তাই নাকি? আর সব চেয়ে দুর্লভ হইতে হয় কি সতেরো নম্বরটাই?

ক্লান্ত হইয়া পড়িয়াছে। জুতার অভ্যাস নাই ততটা, আর সেই প্রায় বছর খানেক আগেকার জুতাই তো—কয়েক স্থানে পা কাটিয়া গেছে। কিন্তু খোঁড়াইয়া কাটা পাকে একটু স্বস্তি দিবায় উপায় নাই।

চলিতে যে পারিতেছে জাহ্নবী সে শুধু জিদের ওপর। দরকার হয় সেনা-ছাউনির দিকেও যাইবে।—হয়তো সতেরো নম্বর ঐ দিকেই আছে, আজ চরমই হইয়া যাক।

ঊনত্রিশ

বড রাস্তা থেকে পশ্চিমে একেবারে শেষের দিকের রাস্তাটা সতেরো নম্বর। হাঁপ ছাড়িয়া বাঁচিল জাহ্নবী। এদিকটা বসতিও পাতলা; এর একটু পরেই উত্তর-পশ্চিম ঘেঁষিয়া মাঠ আর জঙ্গল। যেমন মনে হইল এই রাস্তাটাই বোধ হয় নূতন কলোনিটার সীমান্ত-পথ, জায়গাটাকে বেষ্টন করিয়া গেছে। একটা দিক ছাউনির পানে চলিয়া গেছে, একটা দিক উত্তরে অর্থাৎ জাহ্নবীদের বাড়ির পানে। কোনদিকে যাইবে? উত্তরেই চলিল জাহ্নবী; সন্ধ্যা হইতে বিলম্ব নাই, 'ভিক্‌ট্রি লজ' এদিকে না পায়, কাল তখন ছাউনির কাছাকাছি দেখিবে।

অনেকটা হাঁটিতে হইল, বেশ ভালো করিয়া দেখিয়া দেখিয়া চলিতে হইতেছে। গোটাতিনেক ঠিকাদার কারখানাও আছে—হয়তো অসামরিক, কেন না প্রাইভেট বাড়িও তুলিতেছে অনেকে। সন্ধ্যা নামিল, এখন খোঁজার উৎসাহ নাই আর, বাড়ি পৌঁছিলে বাঁচে। এমন সময় রাস্তাটা উত্তর থেকে পূর্বে ঘুরিয়া একটু অগ্রসর হইতে এত তপস্যার 'ভিক্‌ট্রি লজ' দেখা দিল। নূতন দোতালা বাড়ি, দেয়াল দিয়ে ঘেরা বড় হাতার মধ্যে; একদিকে বাগান, একদিকে ঠিকাদারির মালপত্র; গেটের থামে শ্বেত পাথরের ফলকে ইংরাজীতে লেখা আছে 'ভিক্‌ট্রিলজ'; বাড়ির মাথায়ও লোহার বা কাঠের একটা লাল রঙের 'V'। লোকটা ধূর্ত আছে—ইংরাজের হইয়া লড়াইয়ের জন্য তুকতাক

করিতেছে—আজকাল এ অক্ষরটার চারিদিকেই ছড়াছড়ি। এত দুঃখের মধ্যেও একটু হাসি ফুটিল জাহ্নবীর ঠোঁটে।

যাক্ অন্ততঃ বাড়িটা দেখা রহিল। আর মনে হয় তাহাদের বাড়ির খুবই কাছে; কাল আসিয়া দেখা করিবে।

দুই-পা অগ্রসর হইয়া খেয়াল হইল খোঁজটা যদি লইয়া যায় ক্ষতি কি? এখনও সন্ধ্যার আলো জ্বলে নাই। বাড়ির কাছে আসিয়া পড়ায় সাহসও বাড়িয়াছে একটু, তাহা ছাড়া, লোকজনও আছে মন্দ নয়; আর ইতস্তত না করিয়া গেটের মধ্যে ঢুকিয়া পড়িল, জুতায় ক্ষতবিক্ষত পা দুইটাকে আরও নির্যাতিত করিয়া গট্ গট্ করিয়া গিয়া বাড়ির বারান্দায় উঠিল, একটা লোককে প্রশ্ন করিল—"সাহেব বাড়ি আছেন?"

"হ্যাঁ, চা খাচ্ছেন, আপনি বসুন এসে।"—পাশের একটা ঘরের পর্দা তুলিয়া ধরিল। জাহ্নবী দুইপা আগাইয়া গেল, তাহার পর বলিল—"থাক, বাইরেই বসছি।"

একটা কৌচে বসিয়া পড়িল। লোকটা বলিল—"খবর দেব?"

"দেবে?…তা দাও, তবে তাড়া নেই এমন।"

খবর পাবার প্রায় সঙ্গে সঙ্গেই যে-লোকটা পর্দা ঠেলিয়া বাহিরে আসিয়া দাঁড়াইল সে ব্রজলাল। জাহ্নবী নমস্কারের জন্য হাত তুলিয়াই উঠিয়া দাঁড়াইয়াছিল; সেটা কোনরকমে সারিয়া লইল, কিন্তু মিনিট খানেক তাহার বাক্যস্ফূর্তি হইল না, তাহার পর শুষ্ক কণ্ঠে বলিল—"আপনিই!…তা আগে বলেন নি কেন?"

ব্রজলাল ঠিক অতটা বিস্মিত নয়, তবে একটু অপ্রতিভ, বলিল—"দরখাস্তটা যে আপনারই তা কি আন্দাজ করতে পেরেছিলাম?"

"আমার ঠিকানায় 'কেয়ার অব্' ক'রে আপনার নামটাই দেওয়া ছিল, কেন না আমাদের তো কেউ এখানে চেনে না; অবশ্য 'কনট্রাকটার' কথাটা ছিল না।"

"বসুন।"

নিজেও একটা চেয়ারে বসিল, বলিল—"ব্রজ বসু তো আরও অনেকে থাকতে পারে;—নামটা অসাধারণ নয়…তবু আমার একটু খটকা লেগেছিল, কিন্তু আপনার দরখাস্ত দেওয়া এতই অসম্ভব বলে মনে হ'ল, ঠিক করলাম ও আমি নই, অন্য কোন ব্রজলাল ব্যানার্জি, চিঠিটা ডাকে ফেলে দিলাম।"

"যখন দেখলেন চিঠিটা আপনার হাতেই আবার ফিরে এল…থাকগে ওসব কথা, ইণ্টারভিউএ ডেকেছেন, আমায় দিয়ে আপনার কাজ হবে ?"

অপ্রতিভ ভাবটা এখনও কাটে নাই ব্রজলালের, আগের কথার জের ধরিয়াই বলিল—"আপনি বড় ঘুরেছেন মনে হচ্ছে, অনেকক্ষণ আগে একবার ও-বাড়ি গিয়েছিলাম, শুনলাম বেরিয়েছেন।"

"হ্যাঁ, হ'ল ঘুরতে একটু। জায়গাটা জানা তো ছিল না।"

"সে কি! এখানে আসবার জন্যেই ঘুরেছেন?"

"হ্যাঁ, কক্ষণও আসবার ইচ্ছে হয় নি বাড়ির এদিকটা তাই একেবারেই জানতাম না; নতুন বাড়ির মতোই অচেনা।"

তাহার পর বেশ একটু ব্যঙ্গের সহিতই বলিল—"এখনও বিশ্বাস করা শক্ত যে একটা বাড়িরই এক পিঠে ধ্বংস, এক পিঠে 'ভিক্‌ট্রি'।…যাক ওসব, যা বলছিলাম, আমায় দিয়ে আপনার কাজ হবে ?"

ব্রজলাল ব্যঙ্গটা গায়ে না মাখিয়া এবারেও পূর্বের কথার জের ধরিয়া অনুতপ্ত কণ্ঠে বলিল—"মোস্ট্‌ আনফরচুনেট্! আমায় মাফ করবেন।"

মুহূর্ত কয়েক চুপ করিয়া বলিল—"কাজের কথা—আপনি তো জানেন কি কাজ আমার।"

"তাহ'লে ডাকাই ভুল হয়েছিল, আমি শর্টহ্যাণ্ডও জানি না, টাইপিংও জানি না। বিজ্‌নেস্‌ করস্‌পণ্ডেস্‌ সম্বন্ধে মাত্র একটু ধারণা আছে—একটা বই পড়তাম হাতের কাছে পেয়ে—বেশ ভালো লাগত।"

"কতদূর পড়েছেন?…মানে ইংরিজীটা?"

"খুব মন্দ জানা নেই ; জুনিয়ার কেম্ব্রিজ পড়ছিলাম।"

"কোথায় ?"—বেশ বিস্মিতভাবেই চাহিল ব্রজলাল।

"সে-খবরটা কি দরকারী ?"

এই আঘাতটুকুতেই ব্রজলাল একেবারে রুক্ষ কাজের কথায় আসিয়া গেল, বলিল—"না তেমন আর কি ?···কথাটা হচ্ছে, কাজটা কি আপনি চান ?"

"চাই বলেই যদি দিতে যান তো, চাই না ; মানে, অনুগ্রহের কথা নেই এতে। যদি কাজ চলবে মনে করেন তা'হলেই রাখুন ! দরকার আমাদের যে আছে সেটা তো জানেনই।"

ব্রজলালও খোঁচা দিবার সুযোগটা ছাড়িল না, বলিল—"দরকার যখন আছে, থাকুন। কাজ আমার চলতে পারে—চলবে। শর্টহ্যাণ্ড জানা যে চা-ই এমন নয়, তাড়াতাড়ি ডিক্‌টেশন নিতে পারলেই চলবে ; টাইপিং-ও অব্যেস হ'য়ে যাবে। ততদিন হাতের লেখাতেই চলবে।"

একটু চুপচাপ গেল ! তাহার পর কথাবার্তাকে চালু করিবার জন্য জাহ্নবী জিজ্ঞাসা করিল—"তাহ'লে ?······"

ব্রজলাল হঠাৎ খুব অন্যমনস্ক হইয়া পড়িয়াছে, একটা কথা বলা ঠিক হইবে কি না বুঝিয়া উঠিতে পারিতেছে না, শেষে একটু ঘুরাইয়া বলিয়াই দিল—"একটা প্রশ্ন আপনিই করবেন ভেবেছিলাম—আমি বেটা ছেলে না নিয়ে লেডি-ক্লার্ক নিচ্ছি কেন। বিজ্ঞাপনে তো সেরকম কিছু উল্লেখ ছিল না, অনেক বেটাছেলে দরখাস্তও করেছে··· ·"

একজন যে এ-প্রশ্নটা করিতে পারে এই বিস্ময়েই জাহ্নবী বিমূঢ়ভাবে ব্রজলালের মুখের পানে চাহিয়া রহিল। সে-ই বলিয়া চলিল—মুখটা কঠিন—তবে কঠোর বা নিষ্ঠুর নয় ; যেন নির্জলা ব্যবসায়ের কথা—বিজ্‌নেস্—টাকা-আনা-পাই—ভাবুকতার ভয়ে লুকানো বা এড়ানো চলে না ; তবু সাধ্যমতো পর্দা রাখিয়াই বলিল—"দেখলাম এতে আমার বিজ্‌নেসের দিক থেকে ভালো··· মেয়ে-ক্লার্কে আফিসের একটু শ্রী আসে···সব আফিসেই একটা স্টাইল আজকাল।"

নির্বিকারভাবে মুখের পানে চাহিয়া রহিল যেন কোন মারোয়াড়ী পার্টির সঙ্গেই কোন সর্ত ঠিক করিতেছে। কয়েক মুহূর্তের মধ্যে অনেকরকম আবেগই জাহ্নবীর মনে উঠিয়া মিলাইয়া গেল, মুখটা কয়েকবার রাঙা হইয়া উঠিয়া আবার রক্তহীন হইয়া গেল, তাহার পর আবার ধীরে ধীরে সহজ ভাবটা ফিরিয়া আসিল, যেন ঠিক করিয়া লইয়াছে এ যা' জীবন, এতে অত স্পর্শকাতর হইলে চলিবে না। বেশ সহজভাবেই বলিল—"ওটা আপনার বিজ্‌নেস পলিসির কথা, ব্যক্তিগত ব্যাপার, আমায় না জানালেও চলত।"

"অ্যাকাউন্টেণ্ট বাবু আছেন, আরও দু'জন কেরানি, তবে এটা হ'ল পার্সনাল এ্যাসিস্‌টেণ্টের কাজ আর কি। হয়তো আমি নেই, কেউ এল—হয়তো কোন সাহেবই, মিলিটারিও হোতে পারে—আপনাকেই কথাবার্তা কইতে হবে, অ্যাপয়েণ্টমেণ্ট্‌ ঠিক করতে হবে……"

"খুব শক্ত হবে না; এরকম চান্স তো হবেও কম?"

ব্রজলাল বেশ একটু নরম হইয়া গেল, বলিল—"চান্স নাও হোতে পারে, সেই চেষ্টাই থাকবে আমার, তবুও বলে রাখলাম।"

"ধন্যবাদ। তবে একটা কথা, বাইরে যেতে হবে না আমায়?"

আরও নরম হইয়া গেল ব্রজলাল, যেন কঠিন কথাগুলা বলার শক্তি সঞ্চয়ের জন্যই কঠিন হওয়া দরকার ছিল এতক্ষণ; বলিল—"সেটা কি আমিই হোতে দোব জাহ্নবী দেবী? বিজ্‌নেস্‌ উঠিয়ে দিতে হ'লেও তা হবে না।"

"ধন্যবাদ। মাইনে?"

"একশ' পঁচিশ থেকে দেড়শ রেখেছি বিজ্ঞাপনে, দেড়শ'ই দোব আপনাকে।"

একটু ভাবিল জাহ্নবী, তাহার পর বলিল "এখন যা অবস্থা তাতে আমার কাজের মূল্য একশ' পঁচিশও হোতে পারে না, আপনি একশ'ই দেবেন।"

—দুইটা কাজ হইল, একটা যে ভাবালুতা ব্রজলালের মধ্যে ঠেলিয়া উঠিতেছিল তাহার মুখে থাবা দেওয়াও হইল, আর দুজনের মধ্যে একটা স্পষ্ট সীমা নির্দেশও করা হইল। ব্রজলাল আবার গোড়ার দিকের মতো একটু অপ্রতিভ হইয়া গেল।

জাহ্নবী উঠিয়া দাঁড়াইল। করজোড়ে বলিল—"নমস্কার। তাহ'লে কাল থেকেই আসবো তো?"

"নমস্কার। হ্যাঁ, কাল থেকেই বৈকি।...ওদিক দিয়ে ঘুরে কেন?—এই ঘরের মধ্যে দিয়ে বেরিয়ে যান না।"

"কি এমন দরকার?"—বলিয়া জাহ্নবী বারান্দার সিঁড়িতে পা নামাইল; তাহার পর আরও দুইটা ধাপ নামিয়া ঘুরিয়া দাঁড়াইল, বলিল—"হ্যাঁ, ভুলেই যাচ্ছিলাম, একটা বিশেষ অনুরোধ আমার,—আমি যে আপনার এখানে চাকরি করছি, বাড়ির কেউ জানবেন না।"

ত্রিশ

নিয়োগ করিয়া লইবার পর লেডি ক্লার্ককে দিয়া অফিসের শ্রী ফুটাইবার কিন্তু কোন তাগিদ দেখা গেল না ব্রজলালের। দোতলার ঘরগুলি উঠিয়াছে মাত্র, ইতিমধ্যে ছুতার-মিস্ত্রিদের অন্য দিকে কাজ পড়িয়া যাওয়ায় দোর-জানালা বসে নাই; ব্রজলাল তাড়াতাড়ি একটা ঘর ঠিক করাইয়া লইয়া তাহাতেই জাহ্নবীর জায়গা করিয়া দিল।

আসল অফিসটা নিচে, বাড়ি থেকে আলাদা একটা লম্বা টানা হলঘর, তাহার একদিকে কাঠের পার্টিশন-দেওয়া একটি প্রকোষ্ঠে ব্রজলাল নিজে বসে, সাহেব সুবো আসিলে বসায়, বাকিটার মাঝখানে ছোটখাট অপেক্ষাকৃত দামী জিনিসের গুদাম, একেবারে শেষ দিকটায় থাকে একাউন্টেন্ট মজুমদার মশাই আর তাহার সহকারী; মজুমদার প্রৌঢ়, মোটা, যেমন শরীরে তেমনি পোষাকে জবরজং গোছের; তবে কাজে বিচক্ষণ বলিয়া ব্রজলাল তাহাকে এবং তাহার চারিদিকের অপরিচ্ছন্নতাকে বরদাস্ত করিয়া আসিতেছে, মেয়ে-কেরানি অধিষ্ঠিত করিয়া সংস্কারের কোন চেষ্টা করিল না।

শুধু তাহাই নয়, জাহ্নবীর নিচে নামিবার প্রয়োজনীয়তাই কমাইয়া দিল অনেক। বারো-তেরো বছরের একটি আফিস-বয় নিয়োজিত করিল, নামটা উদ্ধব। ডিক্টেশন দিবার সময় শুধু জাহ্নবীকে নিচে ডাকে, যতটা সম্ভব একেবারেই সব চিঠি লিখাইয়া লয়, সেগুলো পরিষ্কার করিয়া লেখা হইলে তাহার দস্তখতের জন্য ছেলেটাই ওপর হইতে লইয়া আসে। কয়েক দিন গেল, কিন্তু জাহ্নবী এমন একদিনও দেখিল না যে, ব্রজলালের কামরায় লোক রহিয়াছে অথচ তাহাকে ডাকা হইয়াছে। একদিন এমন পর্যন্ত দেখা গেল, আরদালি একটা কার্ড আনিয়া হাতে দিলে ব্রজলাল একটু ইতস্ততঃ করিয়া নিজেই উঠিয়া গেল এবং নিজের বসিবার ঘরে লইয়া গিয়া লোকটার সঙ্গে কথাবার্তা কহিয়া আসিল। ওর পর্দা ঠেলিয়া যাওয়ার ফাঁকে জাহ্নবী দেখিল লোকটা সামরিক অফিসার একজন, ইংরাজ কি দেশী ঠিক বুঝিতে পারিল না।

কৃতজ্ঞ হইবারই কথা, কিন্তু এই দিন দশ লইয়া ওর ভেতরে ভেতরে একটা কিছু যে জমা হইতেছিল, সেইটাই যেন ফুটিয়া বাহির হইল এই উপলক্ষ্যটুকু ধরিয়া। ডিক্টেশন দিতে দিতে উঠিয়া গিয়াছিল ব্রজলাল, ফিরিয়া আবার আরম্ভ করিতে যাইবে, জাহ্নবী কলমটা খাতার ওপর রাখিয়া দিয়া বলিল—'একটা কথা আমি বলতে চাই।'

মুখটা খুব গম্ভীর; ব্রজলাল প্রশ্ন করিল, 'কি বলুন?'

"অ্যাপয়েন্ট্ করবার সময় বলেছিলেন আমায় দিয়ে অফিসের শ্রী ফোটাবেন, তা ঘরই আলাদা করে দিলেন, তাও ওপরে; বেশি যাতে ওঠা নামা না করতে হয় তার জন্যে বয়টাকে খরচ করে রেখেছেন—খোঁজ নিয়ে জানলাম ও ছিল না আগে; বলেছিলেন আমি অফিসে এলে আপনার বিজ্‌নেস্‌ বাড়বে—তার মানেটা নিশ্চয়ই বুঝে বলেছিলেন, কিন্তু দেখলাম আমি রয়েছি বলেই লোকটাকে আপনি ওদিকে নিয়ে গেলেন,—এ-সব আমি ঠিক বুঝছি না।"

এ কটা দিন বেশ নিরুপদ্রবে কাটিয়াছে, বলিয়াই ব্রজলাল আরও বেশি বিস্মিত হইল, আহতও হইল কম নয়, বলিল—"কেন করছি সেটা সত্যিই আপনি বুঝতে পারছেন না জাহ্নবী দেবী ? বলুন।"

জাহ্নবী যেন একটু নরম হইল, আস্তে আস্তে কলমটা তুলিয়া লইয়া বলিল—"লেখান্। আমি বলি চাকরি একটা চুক্তি। চুক্তি মতোনই কাজ হলে আর গোল থাকে না। আপনার ক্ষতিই বা কেন করব, আপনি আমার বেশি ভালোই বা কেন করতে যাবেন ?"

কিন্তু এইভাবেই চলিল এর পরেও—ওপরে আফিস, ওঠানামা কম, ডিকটেশন লওয়ার সময় তৃতীয় জনের অসান্নিধ্য। এর যে একটা মন্দ দিক থাকিতে পারে সেটুকুকে মাত্র এইভাবে ছুটি কথায় সতর্ক করিয়া দিয়া ভালো দিকটাই লইয়া রহিল জাহ্নবী।

ঘরটি বেশ লাগে। কাজ এমন বেশি কিছু নয়, ঘণ্টা দুয়েকের মধ্যে শেষ হইয়া যায় ; বাকি সময়টুকু টাইপ করা অভ্যাস করে, ক্লান্তি আসিলে বই পড়ে, বহ দেখিয়া দেখিয়া শর্টহ্যাণ্ড শেখে, তাহাতেও ক্লান্তি আসিলে নিজের মনের সঙ্গে কাটায়। একটি আলমারিতে অনেকগুলি বই আছে—আফিস চালানো সংক্রান্ত, নানা জাতীয় চিঠিপত্র লেখা—আফিস থেকে আরম্ভ করিয়া প্রেমপত্র পর্যন্ত, পাঁচ ভল্যুমের একটি ছোটখাট বিশ্বকোষ। মনে হয় ব্রজলাল সমস্ত বই-ই ওপরে রাখাইয়া দিয়াছে, যেটা দরকার হয় বা পড়িবার সখ হয় কাগজের চিরকুটে নাম লিখিয়া ওপর হইতে আনাইয়া লয় ; ওটাও যেন জাহ্নবীর কর্তব্যের অঙ্গ একটা। দিন পনেরো পরে আর একটি নূতন আলমারি উঠিল ওপরে, তাহার পর কিছু ভালো ভালো নভেল, নাটক, প্রবন্ধ, ভ্রমণ কাহিনী কিনিয়া আসিল, ইংরাজী-বাংলা দুই-ই, যেন হঠাৎ লাইব্রেরীর সখে পাইয়া বসিয়াছে ব্রজলালকে।

জাহ্নবীর মনটা বিদ্বিষ্ট হইয়া ওঠে ভেতরে ভেতরে—এই হীন তোষণনীতি, সূক্ষ্মভাবে উপঢৌকন দেওয়া, পুরুষের হাতের এই সূক্ষ্ম অস্ত্র, বঁড়শির মুখের

টোপ—এ সব জাহ্নবী খুব চেনে, অবশ্য পরের অভিজ্ঞতায়, আজ নিজের অভিজ্ঞতায় মিলাইয়া দেখিতেছে। কিন্তু আর বলে না কিছু। বইগুলি গুছাইয়া নম্বর দিয়া তুলিয়া রাখে, পড়েও কিছু কিছু, তবে বেশি সময়ই লইয়া থাকে টাইপ-করা, তাহার পর কাজের পড়া। একটা রাস্তা পাইয়াছে, সুযোগ একটা, তাড়াতাড়ি যতটা পারে শিখিয়া লইতেছে। তাহার হেতুটা জাহ্নবীর মনে খুবই স্পষ্ট—এখানে বেশি দিন থাকা চলিবে না। এত তোষণের আসল উদ্দেশ্যটা ব্যক্ত হইবার আগেই মানে মানে সরিয়া পড়িতে হইবে।

বাড়িতে জানে সবাই চাকরির কথা, নিয়মিত দশটা থেকে চারিটা পর্যন্ত অনুপস্থিত—লুকাইবার জোও নাই, লুকাইবার কোন রকম ইচ্ছাও নাই জাহ্নবীর। পিসি-ভাইঝি দু-জনের মুখ গম্ভীর, অম্বিকাচরণ একটু একান্তে পাইলে কিছু যেন বলিবার চেষ্টা করে, কিন্তু যথেষ্ট সাহস সংগ্রহ করিতে পারে না বলিয়াই মাঝে মাঝে কাশিয়াই ক্ষান্ত হয়। চাকরিটা যে আসলে কি সেটা অবশ্য বলে নাই জাহ্নবী,—গুটি কয়েক ছোট ছেলেমেয়ে পড়ায় ঘণ্টা দুয়েক করিয়া দুইটি আলাদা আলাদা বাড়িতে, পঞ্চাশ টাকা পাইবে। অন্নদাঠাকরুণ আর নারায়ণী যে পুরোপুরি বিশ্বাস করে নাই সেটা ঠিক। অবিশ্বাস করিবার অবশ্য তেমন কিছু নাই, তবে ওদের মনের ধারণা—এ যা মেয়ে সব পারে। একদিন একটু অসুস্থতার জন্য ঘণ্টা খানেক আগেই ফিরিয়া উঠান হইতে শুনিল অন্নদাঠাকরুণ বেশ রাগিয়া বলিতেছে—"তুমি চুপ করে থাকো অম্বিকে, নাতনির হয়ে ওকালতি করতে এসো না, তোমার আদরেই এইটি হয়েছে।"

একটু পাশে গিয়া দাঁড়াইল জাহ্নবী।

অম্বিকাচরণ বলিল—"না, তা বলছিলাম না, বলছিলাম অন্যত্র আর কোথায় চাকরি করবে?"

"বেশ, ছেলে পড়ানই মানলাম; কিন্তু দেশে এত মাস্টার-মাস্টারনি থাকতে লোকে ঐ সতের বছরের একটা সমর্থ মেয়েকে ডেকে যে আদর করে চাকরি

দিতে যায়, কেন শুনি ?…আমায় বকিও না ; উপায় নেই, বিছানায় পড়ে পড়ে দেখে যাচ্ছি—দেখতে হবে বলেই বেঁচে আছি, চুপটি করে দেখে যেতে দাও।"

আজকাল অল্পতে ক্লান্ত হইয়াই পড়ে, চুপ করিবার পর একটু সময় দিয়া জাহ্নবী গিয়া ঘরে প্রবেশ করিল।

আর একদিন শুনিল সলা-পরামর্শ ; শান্ত কণ্ঠেই, হয়তো তর্কের অংশটা আগে হইয়া গেছে। কানে যাইতে দোরের পাশে দাঁড়াইয়া রহিল জাহ্নবী।

অন্নদাঠাকরুণ বলিতেছে—"হবে না কেন নারাণ ?—স্ব-ঘর, টাকা পয়সার অভাব নেই, মেয়ের তোর রূপ আছে, তিনজনে মিলে ধরে পড়লে রাজি হয়ে যেতে পারে।…আর আমার সম্বন্ধে আটকায় না বলে বলছি,—কেন, মেম-সাহেবদের মতন দিগ্বিজয় করে ঘুরে বেড়াচ্ছিস, আজকাল লেখাপড়া জানা ছেলে-মেয়ের মধ্যে শুনতে পাই আপনিই লব্ হচ্ছে, আপনিই ব্যবস্থা করে বিয়ে হচ্ছে ; তাই না হয় হোক না, এ ধিঙ্গিপনার চেয়ে তো সে ভালো।…হবে ! বলে ঝগড়া করেই ফুরসৎ নেই, দেখা হলেই ফোঁস দেখা হলেই ফোঁস !"

নারায়ণী বলিল—"আর তাও বলি পিসিমা, ভালো ঐ যতদিন একটিকে না বিয়ে করে ঘরে এনে তুলছে, তারপর এই যে মাথার পর একটি ছাদ আছে, রোদ-বিষ্টি থেকে পরিত্রাণ পাচ্ছি সবাই, সেটুকুও যাবে ঘুচে। ও বুঝবে সে সব ?"

জাহ্নবী এ-সব গায়ে মাখে না। এই ধরণের মেয়েদের মধ্যে, বিশেষ করিয়া এই অবস্থার মধ্যে যে এই ধরণেরই আশা-আতঙ্কের কথা হইবে এটা মানিয়া লইয়াছে। ঐ তাহার মা, কী কটু অভিজ্ঞতা তাহার নিজের জীবনে ! জাহ্নবী যতদিন থেকে জানে, কী অসম্ভব অবস্থার মধ্যে কি কঠোর সঙ্কল্পে নিজেকে বাঁচাইয়া যাইতে হইয়াছে তাহাকে, কিন্তু আজ মেয়ের সামনে যে সেই বিপদই আসিয়া থাকিতে পারে সেটা দেখিতে পায় না কেন ?—বিস্মৃতি ? লোভ ? যুদ্ধে ক্লান্তি ?…বিবাহ অবশ্য সে করিবে না, সে বিবাহিত অবিবাহিত জীবন অনেক দেখিয়াছে ; এক একবার ইচ্ছা হয় এই রকম আলাপে যোগ দিয়া মাকেই

প্রশ্ন করে—বিবাহের পর তাহার স্বামীরও তাহার বাবার মতোই যদি বৈরাগ্যোদয় হয়, তাহার মায়ের মতো তাহাকেও আবার কচি মেয়ের হাত ধরিয়া যদি অকূলে ভাসিতে হয়?—হয়তো আরও খারাপ অবস্থায়?···

না হয় একদিন অম্বিকাচরণকেই বলে—"দাদু, তোমাদের চাঁদে হাত বাড়াবার কথা এক আধদিন কানে গেছে; এক কাজ করো না, তোমাদের ব্রজবাবুকে না হয় বলেই দেখো না।"

পরিণামটা কি রকম হইবে ভালো রকমই জানে জাহ্নবী, একটি উত্তরেই তিনজনের মুখ কালি হইয়া যাইবে। যে-মেয়েকে সামনে আগাইয়া দিয়া লোকে বিজ্‌নেস্‌ বাড়াইবার স্বপ্ন দেখে, সে-মেয়েকে নিজের জীবন-সঙ্গিনী করে না। ···বেশ রূঢ় আঘাতেই তিনজনের মোহভঙ্গ দেখিতে সাধ হয় জাহ্নবীর, ওর মনে হয় বড় বেশি দরকার সেটা।

যাই হোক, কিছু বলে না মুখ ফুটিয়া। শুধু তাহাই নয়, যতই দিন যাইতে লাগিল ওর মনে বেশ একটি প্রসন্নতা জাগিয়া উঠিতে লাগিল। টাইপিংটা বেশ আয়ত্ত হইয়া আসিতেছে ধীরে, শর্টহ্যাণ্ডের অভ্যাসটাও। ইংরাজী ওর প্রায় মাতৃভাষার মতোই, বোর্ডিংয়ে ক্রমাগতই ইংরাজীতে কথা বলিয়া বলিয়া লেখার দিকটাও ভালো, ব্রজলাল কয়েকদিনই প্রশংসা করিল, আরও উৎকর্ষের চেষ্টা করিতেছে। একটি স্বাধীন জীবনের স্বপ্ন দেখে জাহ্নবী, এই অশুভ করুণা থেকে মুক্ত। ওদেরও মুক্ত করিবে; আজ অসহায়, তাই ওরা কৃপাজীবী; তাই এই মোহ, হীন উচ্চাশা।

জাহ্নবীর মনটা ভালো থাকে, ছোট কথাগুলা ধরে না। এমন কি লঘু রহস্যে মা আর পিসিমার গাম্ভীর্য ভেদ করিবার চেষ্টা করে মাঝে মাঝে, অবহেলায় নিজের মুখ ভার করে না সব সময়।

আরও প্রসন্নতার কারণ মাসটি শেষ হইয়া আসিতেছে, নিজের প্রথম উপার্জন হাতে আসিবে। ওর প্ল্যান ঠিক হইয়া আছে। সেই উপার্জন দিয়া ও নিজেদের মুক্তি কেনা আরম্ভ করিবে এই সামনের মাসের গোড়া থেকেই।

একত্রিশ

কেতাদুরস্ত অফিস নয় বলিয়া মাইনা দিবার তারিখ তেমন কিছু ছিল না, অ্যাকাউণ্টেণ্ট্ সুবিধামতো যাহাকে যেভাবে খুশি দিত। এবারে মাসের শেষ তারিখেই ব্রজলাল তাহাকে ডাকিয়া বলিয়া দিল পরদিন পয়লা তারিখেই সবার মাহিনা হাতে হাতে পৌঁছিয়া যাওয়া চাই। লোকটি চারিদিকেই হিসেব রাখে, বিশেষ বিশেষ স্থলে মুখটা একটু নিচু করিয়া চশমার উপর দিয়া একনজর দেখিয়া লইবার একটা অস্বস্তিকর অভ্যাস আছে, নিতান্ত একটি খণ্ডমুহূর্তের জন্য। ব্রজলাল দৃষ্টিটাকে গ্রাহ্য না করিয়া বলিল—"ঠিক করে রাখবেন—সবারই একদিনে—আজ এর, কাল ওর—এ বখেরা রাখবেন না—আরদালি-পিওন—ওদের বড় কষ্ট হয়, গরীব মানুষ।"

মজুমদার মশাইয়ের আরও দু'একটি মুদ্রাদোষ গোছের আছে।—নিজের চেয়ারে গিয়া বসিয়া মোটা লেজার বইটা খুলিল, তাহার পর মসৃণ পাতার ওপর হাতটা একবার বুলাইয়া লইয়া বলিল—"আর্দালি-পিওন!"···মজুমদার, অনেক দেখতে হবে এখনও!

—ভ্রূজোড়াটা একটু কপালে ঠেলিয়া উঠিল, তাহার পর লিখিতে আরম্ভ করিয়া দিল।

মাহিনাটা ওপরে পৌঁছিলে জাহ্নবী না লইয়া নামিয়া আসিল, ব্রজলালের কামরায় গিয়া বলিল—"একটা অনুরোধ আছে, আমার মাসটা যদি চার তারিখ থেকেই ধরেন দয়া করে; আমি চার তারিখেই জয়েন করেছিলাম।"

কণ্ঠে একটু আবদারের ভাবও আছে।

ব্রজলাল অ্যাকাউন্টেন্টকে ডাকিয়া পাঠাইল, উপস্থিত হইলে বলিল—"ইয়ে, মজুমদার মশায়, বলছিলাম তাহলে শুধু এঁর মাইনেটা চার তারিখেই দেবেন—মানে পুরো একমাসের মাইনে আর কি।"

মজুমদারের দৃষ্টি একবার চশমার ওপর দিয়া উঁকি মারিল দুজনের মুখের দিকেই।

যে-আনন্দে নূতন নিয়ম গড়াভাঙা করিল ব্রজলাল, সেটা কিন্তু টিকিতে পারিল না বেশিক্ষণ। চার তারিখে মাহিনাটা লইয়া জাহ্নবী আবার কামরায় নামিয়া আসিল। একটা চেয়ার টানিয়া, বসিয়া পাঁচখানি দশ টাকার নোট ব্রজলালের সামনে টেবিলের ওপর রাখিয়া বলিল—"ধারগুলা শোধ করতে দিন এবার আস্তে আস্তে।"

আজকাল জাহ্নবীর মনটা একটু প্রফুল্ল দেখে বলিয়া ও নামিলে ব্রজলাল একটু দীপ্ত হইয়া ওঠে; তরগুর আব্দারে আরও একটু প্রশ্রয়ই পাইয়াছিল,—একেবারে যেন নিভিয়া ছাই হইয়া গেল। কয়েক মুহূর্ত গলা দিয়া কোন কথাই বাহির হইল না, তাহার পর ঢোঁক গিলিয়া বলিল—"একি কোরছেন?…কেন সেদিনকার কথা কি ভুলে গেলেন?—আপনি যে বললেন, আমিই বরং আপনাদের বাড়িতে আছি, ভাড়া দিতে হবে, বাড়ি ভাঙাচোরা করেছি ব'লে খেসারত দিতে হবে…"

একরকম শেষ করিতে না দিয়াই মুখের ওপর স্থির স্পষ্ট দৃষ্টি তুলিয়া জাহ্নবী প্রশ্ন করিল—"কথাটা মেনে নিচ্ছেন আপনি?"

ব্রজলাল থতমত খাইয়া যাবার সঙ্গে সঙ্গে জাহ্নবী নরম হইয়া বলিল—"না, সে সব তর্কের কথা থাক্; নিন, টাকাটা দয়া ক'রে—নেবেন মাসে মাসে, না হলে কাজ করতে পারব না। আর এইটেতে একটা দস্তখত…"

একটা রেভিনিউ টিকিট মারা টাইপ করা রসিদ আগাইয়া ধরিল। ব্রজলাল আর কিছু বলিল না, রসিদটাতে দস্তখত করিয়া নোট কয়খানা টানিয়া লইল। পরাজয়ের অপমানে বুকটা ওঠানামা করিতেছে।

জাহ্নবী নির্বিকারভাবে ছোট্ট একটি ধন্যবাদ দিয়া স্প্রিঙের দরজা ঠেলিয়া বাহির হইয়া গেল।

ব্রজলালের এই বেদনাটুকু কিন্তু সঙ্গে সঙ্গেই যেন অভিশাপ হইয়া জাহ্নবীকে অনুসরণ করিল।—

সফলতায় মনটা খুব প্রসারিত করিয়া দিয়াছে, জাহ্নবী মা-দিদিমার বিমুখতার কথা ভুলিয়া সমস্ত ব্যাপারটিকে গোড়া থেকেই সুন্দর-শোভন করিয়া তুলিবে মনে করিল। অন্নদাঠাকরুণ বালিশে ঠেস দিয়া পা দুটি সামনে ছড়াইয়া অম্বিকাচরণ আর নারায়ণীর সঙ্গে গল্প করিতেছে; ও প্রবেশ করিয়াই বাকি পাঁচখানি নোট তাহার পায়ের কাছে রাখিয়া পায়ের ধূলা লইয়া হাসিমুখে বলিল—"আমার প্রথম মাইনে দিদিমণি।"

অম্বিকাচরণের পায়ের ধূলাও লইয়া মার পায়ের দিকে হাত বাড়াইয়াছে, অন্নদাঠাকরুণ একেবারে চীৎকার করিয়া উঠিল—"সরা নারাণ, শীগ্‌গির সরা বলছি তোর মেয়ের উপার্জনের টাকা, নইলে লাথিয়ে ফেলে দেব আমি—ও টাকা লক্ষ্মী নয় অলক্ষ্মী!...বটে! অক্তে গোরু মেরে জুতো দান ক'রলেই যত দোষ হয়—না?...সরা বলছি!..."

একেবারে হঠাৎ উগ্র আবেগে বাহির হইয়াছে, এই ক'টি কথা বলিতেই ঝিমাইয়া বালিশে মুখ থুবড়িয়া পড়িল। জাহ্নবী কাঠ হইয়া মাথা নীচু করিয়া দাঁড়াইয়া রহিল, লজ্জায় অপমানে কান দুইটা যেন আগুন হইয়া গেছে, মায়ের মুখের পানে চাহিতে পারিতেছে না, দাদু যে অন্ধ, জাহ্নবীর মুখটা দেখিতে পাইতেছে না, এটা যেন কত সান্ত্বনার কথা আজ।

কিন্তু অপমান ঘাড়ে করিয়া দাঁড়াইয়া থাকিবার মেয়ে নয়, যেন ঝাড়িয়া ফেলিয়াই গট্‌ গট্‌ করিয়া বাহির হইয়া গেল এবং একটু পরেই বাড়ির মধ্যে দিয়া ব্রজলালকে সঙ্গে করিয়া আবার প্রবেশ করিল; অন্নদাঠাকরুণের দুর্বল শরীরে প্রভাবটা কি হইবে একবার ভাবিল না, ব্রজলালের দিকে ঘাড়টা ফিরাইয়া বলিল—"আপনি বলুন এঁদের যা-তা জায়গায় চাকরি করি কি না—আমায় এঁরা বিশ্বাস

ক'রতে পারছেন না—আমার রোজগার অলক্ষ্মী—লাথিয়ে ফেলে দেবার···
জিগ্যেস কোরছ না কেন যে আমার এটা ভদ্রসংসারেই ছেলেমেয়ে পড়িয়ে উপার্জন করা টাকা কিনা—আমি মন্দ, কিন্তু উনি তো সৎ তোমাদের চোখে—বাড়ি দিয়েছেন, চিকিৎসা করাচ্ছেন, খেতে পর্যন্ত দিচ্ছেন···"

ব্রজলাল স্তম্ভিত হইয়া দাঁড়াইয়া রহিল,—এই রাগ, তাহার ওপর এই মিথ্যাচারের সাক্ষী করিয়া তাহাকে ডাকিয়া আনা, আবার ডাকিয়া আনিয়া অযথাই তাহাকে কটাক্ষ করিয়া এই সব কথা,—কোন্ দিক দিয়া সামলাইবে বুঝিয়া উঠিতেছে না। তাহার পর হুঁস হইল অন্নদাঠাকরুণ মুখটা থুবড়িয়া পড়িয়া আছে; এদিকটা ছাড়িয়া দিয়া তাড়াতাড়ি কাছে গিয়া প্রশ্ন করিল—"শরীরটা আবার খারাপ হয়েছে নাকি আপনার ?"

জাহ্নবীর হয় নাই হুঁস, আবার শুরু করিতে যাইতেছিল, ব্রজলাল একটু বিরক্তভাবেই চাহিয়া বলিল—"অন্তত: এঁর অবস্থাটাও দেখে একটু চুপ করুন, পড়িয়ে এসে জুতোটুতোও তো ছাড়েননি এখনও।"

সাক্ষী দেওয়া হিসেবে ঐটুকুই বলিল, এবং মিথ্যাটুকু বলিতে হইল বলিয়া চোখের কোণে একটু তিরস্কারও করিতে ছাড়িল না।

অন্নদাঠাকরুণ আজকাল বাঁচিয়াই আছে ঔদাসীন্যের জোরে, তাহা না হইলে এ অবস্থার সঙ্গে ওর প্রকৃতির কখনও খাপ খাওয়াইতে পারিত না; মাথা একটু ঘুরাইয়া ক্লান্তকণ্ঠে বলিল—"না, শরীর খারাপ হবে কেন ? যা খারাপ আছে, তাই।···আমারই দোষ, রাগটা হয়ে পড়ে হঠাৎ, ঐ রাগেই তো খোয়ালুম সব, নইলে অন্তত: নিজের দাদার ভাতেও তো থাকতে পারতাম এই শেষ বয়সে।"

জাহ্নবী আস্তে আস্তে পাশের ঘরে চলিয়া গেল।

পরদিন জাহ্নবী আসিতে ব্রজলাল একটা চিরকুটে লিখিয়া পাঠাইল—"একটা দরকার আছে, ওপরেই ভালো হয়; আপত্তি না থাকলে আসি।"

উত্তরে জাহ্নবী লিখিল—"আসুন।"

ব্রজলাল উদ্ধবকে একটা ছুতো করিয়া ওপরে পাঠাইয়া দিল আগে তাহার পর নিজে গিয়া উপস্থিত হইল। একটি চেয়ারে বসিয়া অল্প একটু ইতস্ততঃ করিয়া বলিল—"কথাটা বোধ হয় আন্দাজ করতেই পারছেন।"

"কালকের ব্যাপারটা তো?"

"না, শুধু কালকের নয়; অনেকদিন থেকেই যা হচ্ছে—এই ধরুন আমাকেই বা কি করতে হবে? এই দেখুন না কালকে তো ঐটুকুই হয়নি—আমাকেও পঞ্চাশটা টাকা দিয়ে দিলেন।...রসিদ নিলেন যেন আমি অস্বীকার করব।"

জাহ্নবী একটু হাসিয়া বলিল—"ওটুকুতে রাগ করলেন কেন? আমিও তো যখন আপনার আফিস থেকে মাইনে নিলাম, অ্যাকাউণ্টেণ্ট বাবু দস্তখতটা নিয়ে নিলেন টিকেটের ওপর; পালিয়ে যাবার ভয়েই নয় তো?"

ব্রজলালও হাসিল, তাহার পর বলিল—"থাক, হার মানলাম; কিন্তু একটা কথা বিশ্বাস করুন—আমি যেটুকু করছি তা একেবারে নিজের স্বার্থে, এতে উপকারের নাম গন্ধ নেই—আমায় ভগবান সম্বল দিয়েছেন একটু, কিন্তু বোধ হয় তার বদলেই নিজের বলতে সবাইকেই নিয়েছেন। এদিক দিয়ে দেখতে গেলে ওঁরা যে আমার সেবা নিয়ে আমার বাড়ীতে রয়েছেন তাতে ওঁরাই বরং আমার উপকার করছেন।"

জাহ্নবী আবার সেইভাবেই একটু হাসিয়া বলিল—"আমায় বাদ দিচ্ছেন কেন? আমিও তো নিচ্ছি—যাকে আপনি সেবা বলছেন।"

অর্থাৎ হাসিয়া কথাগুলাকে হালকা করিয়া দিতে চায়।

ব্রজলাল বলিল—"ওঁদের মতোন করে আপনি যে নিতে পারেন নি তার অনেক প্রমাণ আগেও আছে, তারপর সবচেয়ে বড় প্রমাণ—চাকরি নিলেন।"

জাহ্নবী চুপ করিয়া রহিল।

ব্রজলাল বলিল—যাক্, আমায় যখন কেটে বাদই দিচ্ছেন তখন আমার আর কিছু বলতে যাওয়া মানায় না, কেন না ওসব তখন একেবারে আপনাদের

ব্যক্তিগত ব্যাপার হয়ে পড়ে। আমি শুধু এই জন্যেই বলছি যে যদি এইরকম অশান্তি খিটিমিটি লেগে থাকে তো দিদিমাকে বাঁচানো শক্ত হবে; একটা কিছু উপায় হয় না?"

"উপায় হয়ে গেছে ব্রজবাবু, আমি যখন তাঁদের বাঁচাতে পারলাম না তখন মারবার চেষ্টাও করবো না আর; কালকের ব্যাপারে ঠিক করে ফেলেছি।"

"বুঝলাম না কথাটা।"

"ভিক্ষে নেওয়াটাকেই আমি মরা ভেবেছিলাম, তাই চাকরি নেই ওঁদের বাঁচাবার জন্যে! দেখছি তা হবার নয়, আমারই ভুল। তাহ'লে যেমন চলছে তেমনি চলুক। আর মাইনে থেকেও কাটান দিতে যাব না ঠিক করেছি। যদি জিগ্যেস করেন কেন?" উত্তর হচ্ছে, ওঁদেরই থাকা, খাওয়া চিকিৎসার ধার শোধ দিতে যাচ্ছিলাম তো।"

এবার ব্রজলাল একটু চিন্তিত ভাবে চুপ করিয়া রহিল, তাহার পর বলিল—"আরও যেন খারাপই হল।"

"কেন?"

"নিজেকে আলাদা করে নিলেন।"

"নিলেও যা ভয় করছেন তা করব না; আলাদা থাকবও না, আলাদা খাবও না। মন জিনিষটা খুব সুবোধ ব্রজবাবু, তাকে যা বোঝানো যায়, তা সে বোঝে। যখন ফাঁকি দিয়ে জোড়াতালি দিয়েই থাকতে হবে, তখন তাকে বোঝালেই হবে আপনার বাড়িতে, আপনার রান্না ঘরে আমার অধিকার আছে—চাকরি বিশেষে লোকে খাওয়াও তো পায়, ফ্রী কোয়ার্টার্স'ও তো পায়, এ তাই বলেই ধরে নেবো।"

এবার একটু বেশিক্ষণ চুপচাপ গেল। ব্রজলাল মাথা নিচু করিয়া জুতার আগাটা আস্তে আস্তে মেঝেয় ঘষিতে লাগিল, তাহার পর এক সময় উঠিয়া চিন্তিতভাবে বলিল—"হ'ল সবই; কিন্তু কোথায় যেন একটু গলদ থেকে গেল।"

জাহ্নবীও দাঁড়াইয়া উঠিল, উত্তর করিল—"গলদই যে এর সবটা ; আপনি ঐখানটাই করছেন ভুল।"

বত্রিশ

অফিসে নিজের ঘরটিকে জাহ্নবী ভালোবাসিয়া ফেলিয়াছে। নূতন, ছোট-খাট, ছিমছাম আর বেশ নিরিবিলি, অথচ সেই নিরিবিলির মধ্যে বসিয়া চারিদিকটা বেশ দেখা যায়। জানলাগুলার অর্ধেক পর্যন্ত একরকম হালকা সবুজ রঙের জালী পর্দা আঁটা ; হাওয়া আটকায় না, তবে বাহিরের দৃষ্টি আটকায়, যেটা খুব দরকারী ছিল, কেন না মেয়ে কেরানি আসার সংবাদটা ছড়াইয়া যাওয়া পর্যন্ত গেটের ভিতর পা দেওয়ার পর সবার দৃষ্টি একবার না একবার ওপরে নিক্ষিপ্ত হয়ই হয়। সবচেয়ে ভালো লাগে একটি মৃদু সবুজ আভা ঘরটিকে আচ্ছন্ন করিয়া থাকে ; অল্প পরিসর লইয়া চমৎকার একটি স্নিগ্ধ পরিবেশ সৃষ্টি হয়, বাহিরের জীবন বাহিরে ছাড়িয়া রাখিয়া জাহ্নবী সেই পরিবেশের মধ্যে প্রবেশ করে।

অন্ততঃ সেই চেষ্টা তাহার, তবে জীবনের একটা অংশ থেকে একটা অংশ বাদ দেওয়া তো অত সহজ নয়। যতক্ষণ কাজের মধ্যে থাকে বেশ থাকে, কতকটা ভালো থাকার জন্যই অফিসের কাজ ফুরাইলে নিজের কাজের মধ্যে ডুব দেয় ; তবুও ক্লান্তি এক সময় না একসময় আসেই ; ঘরে একটা সোফা আছে, সেটাকে টানিয়া লইয়া জাহ্নবী জানলার ধারে বসে। কখনও বসে বাড়ির দিকেই। উঠানের ও-ধারটায় ওদের তিনখানি থাকিবার ঘর, নূতন করিয়া তোলা তো দূরের কথা মেরামত পর্যন্ত হয় নাই, সেই রকম জীর্ণ আছে। এখানে বসিয়া বসিয়া কারণটা বড় অদ্ভুত লাগে জাহ্নবীর—ব্রজলালেরই ইচ্ছা আছে, সামর্থ্যতো ষোল আনাই আছে, হাত দেয় না শুধু জাহ্নবী একটা কাণ্ড বাধাইয়া বসিবে বলিয়া। শুধু জাহ্নবী,—দাদু নয়, মা নয়, এমন কি দিদিমা

পর্যন্ত নয়…কত বদলায় মানুষ!—এই এক বছর আগে নিদারুণ দুঃখ দৈন্যের মধ্যে ওরাই ছিল কি, আর আজ সুখের স্পর্শে, আর সেই সুখকে বাঁধিয়া রাখিবার আগ্রহে কত নামিয়া গেছে।…দোষ দেয় না জাহ্নবী, অবস্থা! অন্নদা-ঠাকরুণ জানে তাহার সম্পত্তি লুণ্ঠিত, তবু এখন সেই লুটেরার কাছেই মাথা নোওয়াইয়া পড়িয়া আছে, নিরুপায়ভাবে পড়িয়া পড়িয়া তাহারই পক্ষে যুক্তি রচনা করিতেছে।…উপায় কি?

বাড়িতে এই ব্যাপারটা লইয়া রাগারাগি করিয়াছে, বিদ্রূপ করিয়াছে, কিন্তু এখানে এইরকম অলস অবসরে যখন স্থির মনে চিন্তা করে তখন সে ভাবটা আর থাকে না। তাই বলিয়া মনটা যে হাল্কা হয় এমন নয়, রাগের জায়গায় একটা আতঙ্ক ধীরে ধীরে আত্মপ্রসার করে—সে আরও অস্বস্তিকর। অবস্থা মানুষের জীবনে যখন এতই প্রবল—সিংহীকে মেষে পরিণত করিতে পারে, তখন জাহ্নবীর নিজের ভবিষ্যৎই কোনদিকে কে জানে? এই তো সে নিজেও ঐ লুণ্ঠকেরই অন্নদাসী, অবস্থাগতিকেই নয় কি? না হয় চাকরিই করে, অর্থাৎ অনুগ্রহ নয়, উপার্জন; কিন্তু অন্তরের সঙ্গে চায় কি এই লোকটার সহিত একছাতের নিচে থাকিয়া এর অর্থ উপার্জন করিতে। নিরুপায় বলিয়াই নয় কি?

তাই আতঙ্ক হয় জাহ্নবীর…পুরুষের একটি মাত্র রূপ আছে, লোভাতুর—বিত্তের লোভ, রূপের লোভ—সেইলোভকে চরিতার্থ করিবার জন্য তাহার আছে সহস্রবিধ ফন্দি,—আজ পর্যন্ত এই দেখিয়া আসিল জাহ্নবী; অন্য রূপ নাই পুরুষের; হয় না,—মায়ের পলাতক জীবনে দেখিল, নিঃসঙ্গ অরণ্য-জীবনের চারিদিক ঘেরিয়া এই রূপই দেখিল, বোর্ডিঙের শুচিতা নষ্ট করিল—সেও এই রূপই,আজ যখন প্রত্যক্ষভাবে তাহার সামনাসামনি আসিয়া দাঁড়াইয়াছে তখন কি অন্য রকম হইবে? পাইবে কোথায় অন্য রূপ, এক যদি সেটা মুখোস না হয়?

জাহ্নবী চিন্তার মাঝেই মনে মনে চঞ্চল হইয়া ওঠে; মনে হয় ওদিকে দয়া উদারতা—এই সবের বাহ্যিক আবরণের নিচে আয়োজন সব ঠিক, অবস্থার

ক্ষেত্রে অনেকটা কাছাকাছি আসিয়াই গেছে জাহ্নবী, অবস্থা আর একটু প্রতিকূল হওয়ায় সঙ্গে সঙ্গে নিজের সঙ্কল্প থেকে ঝরিয়া পড়িবে।

প্রত্যক্ষ কারণ নাই থাকুক, এই আতঙ্কেই দেয় মনটা তিক্ত করিয়া। এই রকম চিন্তার মাঝখানে যদি নিচে থেকে কাজ লইবার জন্য ডাক পড়ে, হঠাৎ একটা জিদে, খানিকটা অবাধ্যতায় পাইয়া বসে জাহ্নবীকে। অযথা দেরি করিয়া নামে, কোন কোন বার তাগাদা আসার পর; কাজ নেয় অপ্রসন্ন মুখে, ব্রজলাল যদি নিতান্ত ভদ্র কৌতূহলবশেই কারণ জিজ্ঞাসা করিল—শরীরটা ভালো আছে তো, কিংবা মন—এমন একটা রূঢ় উত্তর দিয়া বসে কখন কখন যাহাতে তাহার মনটা অনধিকার-চর্চার সঙ্কোচে নিজের মধ্যে গুটাইয়া যায়।

কোনদিন হয়তো বাহিরের দিকে মুখ করিয়া বসিল। বাড়ির দিকে মায়ের নজরে পড়িয়া যাইবার ভয়ে পর্দাটা সব সময়েই থাকে টানা, এদিকে বসিলে ভালো করিয়া দেখিবার জন্য পর্দা গুটাইয়া বসে জাহ্নবী, শুধু সোফাটা রাখে জানলা থেকে খানিকটা দূরে ঘরের মাঝামাঝি।

সামনের প্রশস্ত উঠানটায় কর্মব্যস্ততা। মাস তিনেক আগে যখন কাজ নেয় জাহ্নবী, তাহার তুলনায় এখন কাজ প্রায় দ্বিগুণের অধিক হইয়া গেছে। কলিকাতার শহরতলী থেকে আরম্ভ করিয়া এই জায়গারও চল্লিশ-পঞ্চাশ মাইল উত্তর পর্যন্ত চার পাঁচটা জায়গায় কাজ হইতেছে ব্রজলালের, কেন্দ্র এই। সমস্ত উঠানটা কাঠ, লোহালক্কড়, আরও সব অন্য রকম মাল-মসলায় গাদা। ছয়-সাতটা লরীতে মালপত্র নিত্য যাওয়া আসা করিতেছে তাহার মধ্যে গোটাচারেক ব্রজলালের। কত লোক খাটে! কত লোকের যাতায়াত!—নানা জাতের নানা অবস্থার; কেহ নিজে বড় ঠিকাদার, কেহ ব্রজলালের অধীনেই ঠিকা লইয়াছে কোন বিশেষ মাল জোগান দেবার। মাঝে মাঝে মিলিটারি বিভাগের সাহেবও আসে দু-এক জন, নূতন ঠিকার কথাবার্তা কহিতে। এসবের জন্য অবশ্য

ব্রজলালকেই গিয়া ধর্ণা দিতে হয়, তবে ওদেরও কেহ কেহ আসে মাঝে মাঝে। মোটের ওপর জায়গাটা সর্বদাই সরগরম।

ভালোই তো, এর মধ্যে দৃষ্টিকটু কি আছে? কিন্তু দ্রষ্টা তো মানুষের চোখ নয়, মন; জাহ্নবী বেশ আনন্দ পায় না। ঈর্ষা নয়; ওর স্বভাবের মধ্যে ঘৃণা আছে, আক্রোশ আছে, কিন্তু ও জিনিষটা নাই। আর একটা লোক উন্নতি করিতেছে বলিয়াই যে তাহার ওপর ঘৃণা বা আক্রোশ হইবে এমন দুর্বলতাও নাই ওর মধ্যে। আসলে এই ধরণের উন্নতিটাই ওর অস্বস্তি-কর বোধ হয়। মনে হয় এ যেন প্রচণ্ড ক্ষুধায় একটা মানুষ অতি দ্রুত আর ক্রমাগত আহার করিয়া করিয়া বিকৃত কলেবর হইয়া উঠিতেছে—মনটা হইয়া আসিতেছে শুষ্ক; জীবনে শুধু ক্ষুন্নিবৃত্তির একটি মাত্র অনুভূতি লইয়া মানুষটা ক্রমেই একটা জড়পিণ্ডে পরিণত হইতে চলিয়াছে।

সত্যই হইতেছে তাহাই। চিঠিপত্র সব জাহ্নবীর হাত দিয়াই আসে যায়, —ক্রমাগতই টাকা—টাকা; যে কাজগুলা ধারয়াছে সেগুলা ফেনাইয়া ফাঁপাইয়া কি করিয়া আরো টাকা আসে, আরও কি করিয়া নূতন কাজ ধরা যায়, সেই কথা। বুদ্ধিটা প্রখর, তা ভিন্ন দেখিয়া দেখিয়া আজকাল বোঝেও অনেক কিছু—ওর মনে হয় এ-ও যে উপার্জন, এর সবটা নিষ্কলুষ নয়, টাকা-গুলা সবটা সোজাপথে আসিতেছে না, ঐ যে সাহেবগুলা আসে ওদের যাওয়া আসার সঙ্গে এ উপার্জনের একটা প্রচ্ছন্ন যোগ আছে। লড়াই হইতেছে, দেশ বিপন্ন, ওরা এই ভাঙা হাটে লুণ্ঠনে মাতিয়া উঠিয়াছে—ইংরাজ, বাঙ্গালী, পাঞ্জাবী মারোয়াড়ী, ভাটিয়া। পুরুষ-জগতের একটা নবতব পরিচয় পাইতেছে জাহ্নবী।

ব্রজলাল বদলাইয়া যাইতেছে। একটা উৎকট নেশায় থাকে আচ্ছন্ন—ঐ টাকার নেশা। আর এমন কিছু স্পষ্ট প্রমাণ না পাইলেও জাহ্নবীর মনে হয় ওর কতকগুলা যে গুণ ছিল—অর্থাৎ ভেতরের উদ্দেশ্য যাহাই থাক, বাহিরে বাহিরে যেগুলাকে গুণ বলিয়া মনে হইত—সেগুলাও যেন ধীরে ধীরে ওর চরিত্র থেকে-

বিদায় লইতেছে। ওদের বাড়ির সঙ্গেই ব্যবহারের কথাটা ধরা যাক, ব্যবস্থা সেইরকমই আছে, যায়, খোঁজ লয়, কিন্তু কোথায় কিসের যেন অভাব থাকিয়া যাইতেছে। জাহ্নবীর দিক থেকে দেখিতে গেলে ভালই হইতেছে, ওতো চায়ই একটা ব্যবধান আসিয়া পড়ে; কিন্তু এর গোড়ার কথা উদ্ভট উপার্জনের নেশা—এইটাই অস্বস্তি জাগায় মনে।

ইতিমধ্যে একদিন নিজের মাহিনাটা বাড়াইয়া লইল, টাইপ-করা বেশ ভালোই শিখিয়াছে, শর্টহ্যাণ্ড চলনসই একরকম, বলিল—"এবার দেবেন বাড়িয়ে মাইনেটা ?"

ব্রজলাল একটু লজ্জিতভাবে মুখের পানে চাহিয়া থাকিয়া বলিল—"দেখুন ভুলটা! আপনি তো অনেকদিন থেকেই টাইপ করে যাচ্ছেন, ডিকটেশনও নিচ্ছেন শর্টহ্যাণ্ডে। আমারই নিজের থেকে বলা উচিত ছিল। নাঃ, দিন দিন অকেজো হয়ে যাচ্ছি, আর কিছু মনে থাকে না।"

"তার জন্যে আর হয়েছে কি ? আমি তো নিতামই না এর আগে; এই মাস থেকেই মনে হ'ল ওটা পাওনা হয়েছে আমার।"

"তাও বটে, আপনি এবিষয়ে আবার বড্ড বেশি খুঁতখুঁতে !

অ্যাকাউণ্টেণ্টকে ডাকিয়া লইয়া বলিল—"মজুমদার মশায়, এমাস থেকে এঁর মাইনেটা দেড়শ হ'ল, নোট করে রাখুন।"

জাহ্নবী বলিল—"না, একশ পঁচিশ।"

"কেন ? শিখেছেন তো দুটোই।"

"এখনও তেমন হাত খোলেনি।"

ব্রজলাল একটু অপ্রতিভই হইল, এ্যাকাউণ্টেণ্টের দিকে চাহিয়া বলিল—"শুনলেন তো ? তা'হলে তাই; উনি আবার এ বিষয়ে ওভার কন্‌সেন্‌শাস্‌!"

নিজের চেয়ারে বসিয়া মজুমদার মশাই দূর থেকেই চশমার ওপর দিয়া ব্রজলালের কক্ষের পানে চাহিল একটু, তাহার পর খাতার গায়ে দুইবার টানা

হাত বুলাইয়া নিজের মনেই বলিল—"ওভার-কন্‌সেন্‌শাস্‌!—কিনা, বাছার কোমল বক্ষে বিবেকদংশন সয় না ; মরে যাই—মরে যাই !"

তেত্রিশ

এর মধ্যে একদিন একটা নূতন ধরণের যোগাযোগ ঘটিয়া গেল,—এক বাড়িতে একই স্বার্থকে কেন্দ্র করিয়া প্রায় একই অবস্থার মধ্যে কাটাইতে গেলে যা না ঘটিয়াই পারে না।

রবিবার, অফিসে ছুটি। ছুটি থাকিলেও ওদিকে কাজ হয় ; মিলিটারি কাজ, সবই জরুরী, সবেতেই তাড়াহুড়া, পড়িয়া থাকিবার জো নাই। কিন্তু আজ সকাল থেকে বৃষ্টি আরম্ভ হওয়ায় ওদিকেও লোকজন একেবারে আসে নাই।

জাহ্নবী আফিসের আলমারি থেকে যে-বইটা আনিয়াছিল, রবিবারের ওপর আবার বর্ষার নিষ্ক্রিয়তায় সেটা তাড়াতাড়ি শেষ হইয়া গেল। একটু এদিক-ওদিক করিয়া কাটাইল,—ঘরের জিনিষপত্র একটু নাড়াচাড়া করিয়া, একটু উল বুনিয়া, মাঝে মাঝে বর্ষণ দেখিয়াও। কিন্তু আজ যেন বইয়ের দিকে মন টানিতেছে, বিশেষ করিয়া, ঝোঁক ধরিয়াছে শেলী পড়িতে।···জাহ্নবীর জীবনে শেলীর সঙ্গে ওতপ্রোত হইয়া আছে ডোরার স্মৃতি—রুক্ষ, কঠোর ; শেলীর কথা মনে হইলে মনে পড়িয়া যায় ডোরা ওকে একটা ব্রত দিয়াছে, কাব্য থেকে মনটা বিমুখ হইয়া যায়।

আজ অবিশ্রান্ত বর্ষায় সবই যেন সিক্ত, কোমল করিয়া তুলিয়াছে, মনে হইতেছে ডোরা তাহার জীবনের ট্র্যাজেডি লইয়া নিজেই যেন একটা কাব্য, বড়ই করুণ, মর্মান্তিক। আজ ডোরার দেওয়া কাব্যগ্রন্থখানি যেমন নিজের দিক থেকে তেমনি ডোরার দিক থেকেও বড় টানিতেছে মনটা।

মা, দাদু, দিদিমণি—সবাই নিদ্রামগ্ন ; বইটা লইয়া আসিবে।

আছে আফিসের আলমারিতে, ওর নিজের আরও কতকগুলি বইয়ের সঙ্গে ; কাজের মধ্যে যখন অবসর হয় টানিয়া লইয়া পড়ে। এ বছরে বৃষ্টির এইটাই মোটে দ্বিতীয় দিন, এখনও ছাতা কেনা হয় নাই, রাস্তা দিয়া না গিয়া বাড়ির ভেতরে ভেতরেই যাইতে হইল। দক্ষিণদিকে নতুন ঘরগুলোর সঙ্গে ঢাকা বারান্দাও হইয়াছে, শুধু এইটুকু যে খোলা রকের ওপর দিয়া যাইতে হইবে তাহার জন্য জাহ্নবী একটা গামছা পাট করিয়া মাথা ও পিঠের খানিকটা পর্যন্ত ঢাকিয়া লইল।

আফিস ঘরে গিয়া দেখে আলমারির পাল্লা দুইটা খোলা ; তাহার মানে ব্রজলাল আসিয়া বই লইয়া গেছে। চাবিটা থাকে আলমারির মাথায়, সে যখন আসে প্রায়ই আলমারিটা এইরকম হাট-আদুরে করিয়া যায়, পরদিন আফিসে ঢুকিয়া জাহ্নবী বন্ধ করে, এইরকম অনবধানতার জন্য একটু বিরক্তও হয়।

বইটা বাহির করিল। বৃষ্টির দৃশ্যটা এখান থেকে আরও ভালো লাগিতেছে। দোতলা ঘর, তায় তিনদিকে জানলা, অনেক দূর পর্যন্ত দেখা যায়, তাহার ওপর বর্ষা জিনিষটাই ওর লাগে ভালো। একবার মনে হইল এখানে বসিয়াই পড়ে বইটা। সেই সঙ্গে এ চৈতন্যটাও রহিয়াছে যে, এই বাড়িতেই, নিচে, নিঃসম্পর্কিত একটি যুবা রহিয়াছে, হয়তো একটু আগেই আসিয়াছিল বই লইবার জন্য। তাহার পর বাড়িটাও আজ অন্যদিনের হিসাবে জনবিরল ; সময়টাও দুপুর, চাকর-বাকর যাহারা আছে তাহাদের বিশ্রামের অবসর। কি করিবে ভাবিতে ভাবিতেই সোফাটা টানিয়া রাস্তার দিকে একটা জানলার সামনে আনিয়া রাখিল ; তাহার পর চলিয়াই যাইবে স্থির করিয়া আলমারিতে চাবি দিতে যাইবে, এমন সময় সিঁড়িতে চটি জুতার শব্দ হইল।

জাহ্নবী চঞ্চল হইয়া উঠিল। কিন্তু পথ একটি, নিরুপায় হইয়া নিজেকে সংযত করিয়া লইয়া অপেক্ষা করিতে লাগিল।

একটা সুযোগ কিন্তু নিজে হইতে হইয়া গেল। উদ্ধব, অর্থাৎ অফিস-বয় হিসাবে যে ছোকরাটাকে রাখা হইয়াছে সে এই বাড়িতেই থাকে। অন্য সময়

ফাইফরমাইস খাটে, এমন কি মনটা যদি সে রকম হালকা রহিল তাহাকে দিয়া নকলও করায় ব্রজলাল। নিচের সিঁড়িতে থাকিতেই তাহাকে ডাক দিয়া বলিল—"উদ্ধব, সিগারেটের টিনটা ফেলে এলাম, নিয়ে আয়, দেশলাইটাও।··· অ্যাকাউন্টেণ্টবাবুর মতন করে আসবি।"

আরও গোটাপাঁচেক সিঁড়ি ভাঙতেই ব্রজলালের দৃষ্টি ঘরের মাঝে পড়িল, একটু থমকিয়া দাঁড়াইয়া ফিরিয়া যাইবার জন্য মুখ ফিরাইতে জাহ্নবী দুই পা আগাইয়া গিয়া বলিল—"আপনি আসুন, দরকার থাকে ··নিশ্চয় আছে; আমার হ'য়ে গেছে, আমি যাচ্ছি।"

গায়ে গা ঘেঁষিয়া নামা চলে না বলিয়াই অপেক্ষা করিয়া রহিল।

ব্রজলালও দাঁড়াইয়া রহিল। খানিকটা সঙ্কোচ আছে, কিন্তু তাহার সঙ্গে নিতান্তই অনিবার্যভাবে একটু মুগ্ধ ভাবও রহিয়াছে দৃষ্টিতে। কিন্তু সেটা মুহূর্তের জন্য, সামলাইয়া লইয়া বলিল—"না, এমন কিছু দরকার নেই—বই নিতেই এসেছিলাম; আপনিই থাকুন না; একটা নিয়ে গেছলাম এক্ষুণি, ভালো লাগল না।"

"বদলে নেবেন তো?"

"হাঁ···তা না হয়···ইয়ে, আপনি ভিজে গামছাটা এখনও নামান নি গা থেকে।"

জাহ্নবী হঠাৎ গামছাটার মতোই রাঙা হইয়া উঠিল, তাড়াতাড়ি নামাইয়া লইয়া বলিল,—"এই দেখুন ভুল!···আসুন আপনি, আমি যাই। আপনি এখানে ব'সে প'ড়তেই তো আসছিলেন।"

কতকটা উহাকে উঠিয়া আসিতে বাধ্য করিবার জন্যই, নিজে আগাইয়া গেল। সঙ্গে সঙ্গেই হাতের গামছাটা মুখে চাপিয়া খিল খিল করিয়া হাসিয়া উঠিল।

উদ্ধব পেটে একটা কাপড় জড়াইয়া তাহার ওপর জামাটা পরিয়া একটা ভুঁড়ি করিয়াছে, হাতে সিগারেটের টিন আর দেশলাইয়ের বাক্সটা লইয়া অ্যাকাউন্টেন্ট

মজুমদার মশাইয়ের মতো একটু একটু হাঁপাইতে হাঁপাইতে ত্বলিতে ত্বলিতে উঠিয়া আসিতেছে।

ব্রজলালও দেখিয়াই হো হো করিয়া হাসিয়া উঠিল; সঙ্গে সঙ্গেই, বোধ হয় নিজের পদমর্যাদার কথা স্মরণ করিয়া গম্ভীর হইবার চেষ্টা করিয়া বলিল,—"হতভাগা! তোকে কে এমন ক'রে···"

নিজেই সে মিনিট দুতিন আগে ফরমাস করিয়াছে, জাহ্নবী শুনিয়াছেও সেটা মনে পড়িয়া যাওয়ায় হাসি-হাসি মুখটাতে একটু অপ্রতিভ ভাব লইয়া চুপ করিয়া গেল।

একটু অস্বস্তিকর অবস্থা দাঁড়াইল বটে, কিন্তু হঠাৎ ও অবস্থায় দুজনের দেখা হওয়ার অস্বস্তিটা কাটিয়া গেল। ব্রজলাল সিগারেটের টিন আর দেশলাইয়ের বাক্সটা লইয়া একটু ধমকের সুরে বলিল—"যা, ঠিক হয়ে আয় বলছি।"

পেটে হাসি গুরগুর করিতেছে; সেটাকে মুক্তি দিবার জন্যই জাহ্নবী হাসিতে হাসিতে বলিল—"একটা আস্ত ভাঁড়! জোগাড় করলেন কোথা থেকে? শুনেছি সবার নকল নাকি সবার কাছে করে।"

ব্রজলালও যেন একটু সহজ হাসি হাসিয়া বাঁচিল, বলিল—"ঐ রোগে এর আগের চাকরিটা গেছে হতভাগার। একটা যাত্রার দলে গানটান শিখত আর অধিকারীর তামাক সাজত। সে বেচারি দেখে একদিন দলের মধ্যে বুড়োর মতন কুঁজো হয়ে ব'সে কাশতে কাশতে তার তামাক খাওয়ার নকল করছে; তাড়িয়ে দিলে।···শুনেছি আমার নকলও নাকি করে সবার কাছে··"

অনুচিত জানিয়াও হাস্য-তরল মুখে জাহ্নবী বলিয়া ফেলিল—"তা, এখানকার তো আপনিই অধিকারী।"

নিজেও আবার খিল খিল করিয়া হাসিয়া ফেলিল, ব্রজলালের চাপা হাসিটারও এবার মুক্তভাবে বাহির হইয়া আসিতে বাধিল না।

এর মধ্যে অন্যমনস্কভাবে উঠিয়াও আসিয়াছে ওপরে; হাসির বেগটা প্রশমিত হইলে বলিল—জ্বালা হয়েছে এক—হতভাগাকে নিয়ে!···আপনি যদি যান তো দাঁড়ান, এমন করে ভিজতে ভিজতে যাবেন না, ছাতা কেনা হয়নি এখনও, রেন-কোটটা আনতে বলি আমার।···উদ্ধব!"

"থাক ও হাঙ্গাম; আবার কারুর নকল ক'রতে ক'রতে আসবে,—হয়তো আমারই রেনকোট পরার নকল করবে কোনদিন।"

আবার খানিকটা হাসি ছলছলিয়া উঠিল। উদ্ধব ভুঁড়ি ঘুচাইয়া দিয়া চৌকাটের ওদিকে আসিয়া দাঁড়াইল; আধপাগলা গোছের, প্রশ্রয়ও পায় সবার কাছে, বেশ সপ্রতিভ, প্রশ্ন করিল—"ডাকছিলেন?"

ব্রজলাল জাহ্নবীর পানে চাহিয়া প্রশ্ন করিল—"যাবেনই—এক্ষুণি?"

দৃষ্টিটাতে একটু সলজ্জ মিনতি আছে; সেটা জাহ্নবীর পছন্দ হইল কিনা বোঝা গেল না, অন্ততঃ যদি অপছন্দই হইয়া থাকে তো, এই যে সদ্য সদ্য হাসির হাওয়া বহিয়া গেল, সেটা সে ভাবটাকে স্পষ্ট হইতে দিল না। তবু প্রশ্নটা করিয়া একটু সঙ্কোচে পড়িয়া গেল ব্রজলাল, একটু অপরাধী ভাব, তাহার পরই একটা কথা মনে পড়িতে মুখটা একটু উজ্জ্বল হইয়া উঠিল, বলিল—"ও, হাঁ ঠিক, একটু বসুন, আপনার একখানা চিঠি আছে।

উদ্ধবকে ফরমাস করিতে যাইতেছিল, "না, আমার দেরাজেই আছে, ও পাবে না।"—বলিয়া নিজেই ত্রস্তপদে নামিয়া গেল।

যে খামটা আনিয়া হাতে দিল তাহার মাথায় কলিকাতার একটি সওদাগরি অফিসের নাম ছাপা রহিয়াছে। চাকরি সংক্রান্ত চিঠি, ভিতরে হয়তো নিয়োগের কথাই আছে, না হয় সাক্ষাৎকারের জন্য আহ্বান, তবু প্রত্যক্ষভাবেই ব্রজলালের হাত হইতে লইতে হইল বলিয়া জাহ্নবী বেশ দীপ্ত হইয়া উঠিতে পারিল না। এমন কি খুলিতেও পারিল না খামটা; দৃষ্টি নত করিয়া কতকটা নির্লিপ্তভাবে সেটা বার দুই উল্টাইয়া পাল্টাইয়া একটা কিছু বলিবার প্রয়োজনে প্রশ্ন করিল—"এল কবে চিঠিট.?"

ব্রজলাল একদৃষ্টে জাহ্নবীর আনত মুখটা নিরীক্ষণ করিতেছিল, একটুও না ভাবিয়া উত্তর করিল—"এই আজই সকালের ডাকে।"

কথাটা সর্বৈব মিথ্যা,—এক আধ দিন নয়, তিনদিন আগে আসিয়াছে চিঠিটা। ব্রজলাল ইচ্ছা করিয়াই পাঠাইয়া দেয় নাই। দিবার একটি সুযোগ খুঁজিতেছিল, হাস্যপরিহাসের মধ্যে ভুলিয়া গিয়াছিল, তার পর হঠাৎ মনে হইল আজকের মতো সুযোগ আর আসিবে না।

অপরাধ নয়, কিছু নয়, জানিয়া শুনিয়াই ব্রজলালের কারখানার ঠিকানা দিয়াছিল দরখাস্তে, তবুও দ্বিধাগ্রস্ত হইয়া পড়িয়াছে জাহ্নবী, দৃষ্টিটা বারেবারেই নত হইয়া যাইতেছে; এক সময় বলিল—"তাহলে যাই আমি এবার।"

ব্রজলাল বলিল—"একটু বসুন জাহ্নবী দেবী। একটা কথা,—আপনার কোনরকম অসুবিধে হ'চ্ছে কি এখানে? চিঠিটা চাকরির দরখাস্তের উত্তরে এসেছে বলে মনে হচ্ছে, তাই জিগ্যেস করলাম।"

জাহ্নবী একটু নিরুত্তর থাকিয়া বলিল—"অসুবিধে আর কি? তবে মানুষে উন্নতিই তো চায় নিজের।"

উত্তর প্রত্যুত্তর কোন্ পথে অগ্রসর হইবে এই মেয়ের সঙ্গে যেন জানাই ছিল ব্রজলালের, সঙ্গে সঙ্গেই প্রশ্ন করিল—"কত দেবে ওরা?—নিশ্চয় বিজ্ঞাপনে ছিল সেটা?"

"যা পাচ্ছি প্রায় তাই।"

"আমি আরও পঞ্চাশ টাকা দোব।...না, এতে অপরাধ নেবার কিছু নেই, একজন ভালো কেরানি আবার আফিসের পুরানো লোক, সব জানে শোনে, তাকে রাখবার জন্যে তো সব প্রতিষ্ঠানের মালিকই চেষ্টা করে।"

"চেষ্টা করতে বাধা কি? তবে থাকা না থাকা তো তার নিজের ইচ্ছে। আপনি যখন তর্কই করছেন, তখন বলতে হয়—মাইনেই তো সব নয়, একটা ভালো নামজাদা আফিসে কাজ করা..."

তিন দিন থেকে ভাবিতেছে, এসব যুক্তিরও খণ্ডন ছিল ব্রজলালের কাছে, কিন্তু কি ভাবিয়া আর সেদিকে গেল না। বলিল—তর্কের কথা থাকই জাহ্নবী দেবী; কিন্তু অনুরোধ করতে তো বাধা নেই?—আপনি যাবেন না—দরখাস্ত করাও ছেড়ে দিন—আর কিছুর জন্যে না হোক ওঁদের তিনজনের মুখ চেয়ে থেকে যান। এতো আর তর্ক করা হ'ল না।"

তর্কের চেয়ে ভাবাবেগ আরও অস্বস্তিজনক, জাহ্নবী সেইটাকেই এড়াইবার জন্য ঈষৎ হাসিয়া বলিল—"একপক্ষের হয়ে ওকালতি তো তর্কই—তা যেভাবেই করা হোক না কেন।"

"তাহলে সোজা কথাটাই জিগ্যেস করি—আপনি এ অ্যাটিচিউড্ নিয়েছেন কেন আমার ওপর?—সেই একেবারে গোড়া থেকেই? কোন মতেই তা যাচ্ছে না!"

"গোড়া থেকে সমস্ত ইতিহাসও তো আপনি জানেন···আপনারই সৃষ্টি সেটা।"

"ও! আপনি বাড়ি নেবার কথা ধরে ব[illegible]ছেন?"

ক্ষণমাত্র চিন্তা করিল, তাহার পর বলিল—"বেশ বাড়ি আমি লিখে দিচ্ছি···"

"কাকে?"—প্রশ্নের সঙ্গে সঙ্গেই দৃষ্টি উগ্র হইয়া উঠিল জাহ্নবীর।

ব্রজলাল ব্যথিতভাবে বলিল—"এই দেখুন, এই ভুলই ক'রে যাচ্ছেন বরাবর আপনি, দিদিমার বাড়ি দখল করেছি বলছেন, ফিরিয়ে দোব অন্য কাকে?"

ভুল হোক, ঠিক হোক, জাহ্নবীর সন্দেহটা ঘুচিল বলিয়া মনে হইল না, সেও ব্যথিত আবেদনের কণ্ঠেই বলিল—"আমি যাই ব্রজবাবু, বোধ হয় আমরা দুজনের কেউই চাইছি না, তবু ব্যাপারটা যেন অপ্রিয় হয়ে পড়ছে ক্রমে। একটা অনুরোধ আপনাকে কয়েকবারই করেছি—আমাদের মধ্যে অফিসের সম্পর্কটাকেই বড় ক'রে রাখুন, গোল মিটে যাবে।···আমি যাই এবার।"

ব্রজলাল ডাকিল—"উদ্ধব!"

"না, রেন-কোটের দরকার নেই।"—বলিয়া সোজাভাবে প্রত্যাখ্যান করিয়া জাহ্নবী নামিয়া গেল।

চৌত্রিশ

বাড়ি গিয়া জাহ্নবী খামটা ছিঁড়িয়া ফেলিল। নিয়োগপত্রই, যতশীঘ্র সম্ভব গিয়া কাজ আরম্ভ করিতে লিখিয়াছে।

কিন্তু তেমন উৎসাহ পাইতেছে না তো! টাইপে, শর্টহ্যাণ্ডে একটু রপ্ত হইবার পর এদিকে কয়েকদিন থেকে নানাস্থানে দরখাস্ত ছাড়িয়া আসিতেছে বিজ্ঞাপন দেখিয়া দেখিয়া, কোথায় চাকরি পাইলে কি করিয়া নূতন জীবন আরম্ভ করিবে, সে সব লইয়া বেশ একটু কল্পনা-বিলাসীও হইয়া উঠিতেছিল, কিন্তু কাজ যখন পাইল, তখন বাস্তবের একেবারে সামনাসামনি হইয়া মনটা নিরুৎসাহই হইয়া পড়িল। এই নিশ্চিন্ত নীড়ের যে একটা মোহ আছে, সেটা এই প্রথম বুঝিল জাহ্নবী।

আরও একটা ব্যাপার হইল। চিঠির তারিখের ওপর নজর পড়িতে দেখিল আজ থেকে পাঁচদিন আগে লেখা। ডাকের আজকাল গোলমাল হয়, তবু পাচদিন লাগিল কলিকাতা হইতে এইটুকু আসিতে! অস্বাভাবিক মনে হওয়ায় সন্দেহবশেই খামটা উল্টাইয়া দেখিয়া জাহ্নবীর ভ্রূ দুইটা কুঞ্চিত হইয়া উঠিল। এখানকার পোষ্ট আফিসের তারিখের মোহরটা অস্পষ্ট, তবু আজ, কাল, বা পরশুর যে নয় একটু ভালো করিয়া দেখিতে সে-বিষয়ে আর সন্দেহ রহিল না জাহ্নবীর। আজ বারো তারিখ, অর্থাৎ দুই সংখ্যায়, কাল এগারো, পরশু দশ,—অথচ অস্পষ্ট হইলেও এক সংখ্যায় তারিখটা রহিয়াছে মোহরে; নয়, আট এমন কি সাত হইতেও বাধা নাই বিশেষ। চিঠিটা তাহা হইলে এ কয়দিন ব্রজলাল আটকাইয়া রাখিয়াছিল। জাহ্নবীর গাটা ঘৃণায় শিরশির করিয়া উঠিল। নিজের অভীষ্ট সিদ্ধির জন্য এরা এতটা নামিতে পারে! কে জানে হয়তো এভাবে নষ্টও হইয়াছে কত চিঠি—এইটেই যে প্রথম তাহার মানে কি?

কিন্তু ঐ পর্যন্তই; সদ্য সদ্য মনটা বিমুখ হইয়া উঠিলেও, এ সম্বন্ধে আর কিছু বলিল না ব্রজলালকে। একটা এই ধরণের অবজ্ঞা তাহার মনে লাগিয়া রহিল যে, পুরুষ—যাহারা অত কদর্য, অত অন্যায় বিনা দ্বিধায় করিতে পারে, এটুকু তাহাদের কাছে অতি সামান্য কথা, দেখিয়া না দেখাই ভালো জাহ্নবীর পক্ষে।

কিন্তু দরখাস্ত দিতে লাগিল—যেন নিজের দুর্বল মনের শাসন হিসেবেই। চিঠি আসিতে লাগিল, পাইতেও লাগিল হাতে হাতে, ব্রজলাল আর আটকাইয়া রাখিল না,—কোনও চিঠিতে সাক্ষাৎ করিবার জন্য আহ্বান, কোনটাতে কাজের জন্যই, লড়াইয়ের বাজারে সব আফিসেই লোকের অভাব; দুএক জায়গা থেকে তাগাদাও আসিল। জাহ্নবী গেল না, শুধু নূতন বিজ্ঞাপন দেখিয়া দরখাস্ত ছাড়িতে লাগিল, মনের দুইটা দিকে যেন অস্পষ্ট কি লইয়া দ্বন্দ্ব চলিতেছে। একসময় নিজেই ক্লান্ত হইয়া এটুকুও ছাড়িয়াছিল।

এদিকে ব্রজলাল যে জাহ্নবীর ভয়েই সুবোধ সুশীল হইয়া পড়িল এমন নয়, তাহার অবসর কোথায় এ সবের জন্য? প্রখর কর্মস্রোতে প্রবল উদ্দীপনায় গা ঢালিয়া দিয়াছে—শুধু কাজ আর টাকা। ব্যাধিগ্রস্ত বিরাট পৃথিবীটা মৃত্যু শয্যায়, লুটিয়া লও তাহার ধন-দৌলত-সম্পত্তি—যে যত পার।···জাহ্নবীর ঐ চিঠিটা আসায়, খেয়ালের বশেই ওটুকু করিয়া বসিল। তাহার পর বর্ষায় সেই মন্দির দ্বিপ্রহর চারিদিকের পৃথিবী থেকে আড়াল করিয়া কয়েকটি স্বপ্ন-মুহূর্তও আনিয়াছিল সেদিন; কিন্তু সে তো স্বপ্নই, সঙ্গে সঙ্গে তো ভাঙ্গিয়াই গেল, না ভাঙ্গিলে জীবনটা কি হইতে পারিত, অত ভাবিবার ফুরসৎ নাই ব্রজলালের।··· পার্টি দেওয়া, পার্টিতে যাওয়া, বড় বড় হোমড়া-চোমড়াদের উপঢৌকন, নূতন নূতন কনট্রাক্ট—দূরে কাছে; ঘোরাঘুরিতে মোটর ক্লান্ত হইয়া পড়ে আজকাল—একটার জায়গায় তিনটা খাটাইতে হইতেছে—কলিকাতা, পানাগড়, রাঁচি; আসামেও কি একটা মহাযজ্ঞের গন্ধ নাকে আসিতেছে—সে নাকি টাকার অন্নসত্র—কি করিয়া এক কোণে একটু জায়গা পাওয়া যায়?

মাঝে মাঝে আসেও শিথিলতা, অবসাদ, হয়তো নিস্পৃহতাই ;—মানুষেরই দেহ-মনতো। সেই সব দুর্বল মুহূর্তে বর্ষায়-আড়াল করা দুটি মানুষের দুপুরটুকু দাঁড়ায় বৈকি সামনে আসিয়া। মনে হয় যে অমন করিয়া উচ্ছল হাসি-কৌতুকের মধ্যে নিজকে মুক্ত করিয়া দিতে পারে, সে হয়তো সত্যই এত কঠোর নয়, তাহার আরাধনা হয়তো একদিন হইতে পারে সফল, জীবন হয়তো একটা নূতন সার্থকতার সন্ধান পাইতে পারে। কিন্তু সে ক্ষণিক; সে-শিথিলতায় মনটা নব উদ্যমের জন্য একটু জিরাইয়া লয় মাত্র।

এই সময় দেশের ওপর একটা নূতনতর বিপদ আসিয়া পড়িল। কয়েক মাস থেকেই কাগজগুলা অনুমান করিতেছিল দুর্ভিক্ষ দেখা দিবে। সেটা বাস্তবের রূপে আসিয়া উপস্থিত হইল। যেখানে এপাতায় ওপাতায় অল্প বিস্তর আলোচনা ছিল, সেখানে আর সব খবরকে ঠেলিয়া এই আলোচনাই প্রবলতর হইয়া উঠিতে লাগিল। চাল হঠাৎ দুর্মূল্য হইয়া উঠিতেছে—দশ বারো টাকা থেকে পনেবো ষোলয় ঠেকিয়াছিল, দেখিতে দেখিতে কুড়ি বাইশ হইয়া গেল; তাহার পর ত্রিশ, চল্লিশ, পঞ্চাশ; পূর্ববঙ্গে জায়গায় জায়গায় আশি টাকা মণে উঠিয়া গেছে।...মানুষ মরিতেছে, মরার চেয়েও যা ভীষণ, যা অমানুষিক—লোকে পুত্র কন্যা বেচিতেছে, স্ত্রী পর্যন্ত; কেহ কেহ বা সব ছাড়িয়া পলাইতেছে।...ছায়াটা যতই অগ্রসর হইতেছে, ততই তাহার গতিবেগ বাড়িতেছে—দ্বিগুণ, চতুর্গুণ, ততই সে-ছায়া অধিকতর ভয়াবহ রূপ লইয়া ঘনীভূত হইয়া উঠিতেছে।

জাহ্নবী যেন অভিভূত হইয়া পড়িতেছে। নিজের অভিজ্ঞতা আর চিন্তাধারা লইয়া সে এখানে একা; হয়তো সারা পৃথিবীতেই তাহার একটি মাত্র সঙ্গী আছে—ডোরা, তাই কাগজে যাহা পড়ে তাহা লইয়া শুধু নিজের সঙ্গেই আলোচনা করিয়া যেন দিশেহারা হইয়া পড়ে। তবুও তাহার প্রত্যক্ষ নয়, এখানকার

চারিদিকের জীবনযাত্রা তো আগেকার মতোই সহজ,—সেই সুসজ্জিত মিলিটারি, ঠিকেদারি কাজের সেই অপ্রতিহত গতি, ফিসফিসানির মতো এক একবার কানে আসে জিনিষপত্র নাকি মহার্ঘ হইয়া পড়িয়াছে, কিন্তু আহারে-ব্যসনে তো কোন ক্রুটি দেখে না।

একদিন নিচে ডিক্‌টেশন লইতে গিয়া ব্রজলালকে প্রশ্ন করিল—"কাগজে আজকাল যা' সব বেরুচ্ছে দেখছেন ?"

ব্রজলাল একটু যেন লক্ষ্য করিয়া মুখের পানে চাহিয়া প্রশ্ন করিল—"কি সব ?"

"এই চালের অবস্থা সম্বন্ধে···দুর্ভিক্ষ···"

মিলিটারির সঙ্গে মিশিয়া ব্রজলালের ধরণ-ধারণ আজকাল সাহেবঘেঁষা হইয়া আসিতেছে, সে সহসা সিগরেটসুদ্ধ বাঁ হাতটা চিতাইয়া বলিল—"ফুঃ, আপনিও এসব ননসেন্স বিশ্বাস করেন ?—তিলকে তাল করা ছাড়া কাগজগুলোর তো আর কাজ নেই। হ'লে এখানে বাদ থাকতো ? কই, দেখছেন ? এত বড় লড়াইটা যাচ্ছে ওরা কি জিনিষপত্রও একটু মাগ্যি হতে' দেবে না !···কান দেবেন না ওদেব প্রপাগাণ্ডায়।"

হয়তো খানিকটা সত্য ব্রজলালের কথা—চারিদিকেই তো ঘুরিয়া বেড়াইতেছে ; কিন্তু কৌতূহল থাকিলেও উত্তরটুকু দিবার ভঙ্গীতে জাহ্নবীর আর কোন প্রশ্ন করিতে কেমন একটা বিতৃষ্ণা ধরিয়া গেল। কাজটুকু লইয়া ওপরে উঠিয়া গেল।

বিকালে আজকাল রোজই বেড়াইতে যায়, এক জায়গায় বসিয়া একটা চিন্তারই ভার অসহ্য হইয়া ওঠে, পাঁচটা জিনিষ দেখাশোনার মধ্যে তবু কতকটা হাল্কা মনে হয়। লোকের নজরটাও গা-সওয়া হইয়া গেছে, গ্রাহ্য করে না। তাহা ছাড়া দু'তিনটা ছোটখাট ব্যাপাবের পর সমস্ত এলাকাটায় মিলিটারি আইন খুব কড়া হইয়া গেছে, বেয়াদবির ভয় একেবারেই নাই। অবশ্য ছাউনির ও-দিকটা মাড়ায় না জাহ্নবী। ফিরিয়াও আসে দিনের আলো থাকিতে থাকিতে।

আজ স্টেশনে একটু বিলম্ব হইয়া গেল। একটা মিলিটারি এ্যাম্বুলেন্স ট্রেণ আহত সৈন্যদের লইয়া পশ্চিমের দিকে যাইতেছে; সব ঢাকা ঢোকা, তবু বাহিরের আবরণটা দেখিয়া জাহ্নবী কেমন অন্যমনস্ক হইয়া পড়িয়াছিল; যখন গাড়িটা ছাড়িয়া গেল, তখন সন্ধ্যা হইয়া গেছে। একটু চিন্তিতই হইয়া পড়িল, হাঁটিয়া না গিয়া একটা রিক্‌শা ভাড়া করিল।

স্টেশন আর নূতন বসতির মাঝামাঝি খানিকটা জমি পড়িয়া আছে। লোকেরা জঙ্গল কিছু কিছু পরিষ্কার করিতে আরম্ভ করিয়াছিল, এমন সময় সমর বিভাগের নির্দেশেই আর বাড়ি তোলা বন্ধ হইয়া যায়। রিক্‌শাটা খারাপ, বারদুয়েক চেন খুলিয়া গেল। এই জায়গাটায় যখন পৌঁছিয়াছে, তখন বেশ অন্ধকার। নিষ্প্রদীপের সময়, তায় মিলিটারি এলাকা, শুধু রাস্তাটা দেখাইবার জন্য লম্বা নলের মধ্য দিয়া মাঝে মাঝে এক একটা ক্ষীণ আলোকচক্র। জাহ্নবীর বেশ ভয় করিতে লাগিল।

রাস্তার ধারেই একটা খুব পুরাণো অশ্বত্থগাছের গুঁড়ি দাঁড়াইয়া আছে, ডালপালা প্রায় সবই কাটা, মাত্র গোটা চারেক লাগিয়া আছে। জমি থেকে আধ হাতটাক ওপরে কুড়ুলের কোপের একটা লম্বা গভীর ক্ষত, এই অবস্থাতেই এদিকে জঙ্গল কাটা বন্ধ হইয়া যায়। সব মিলাইয়া এমনই একটা বিকট দৃশ্য, অস্বস্তি জাগায় মনে। এইখানে আসিয়া রিক্‌শাওয়ালা হঠাৎ ব্রেক কষিয়া নামিয়া পড়িল। জাহ্নবী বেশ একটু চকিত হইয়াই প্রশ্ন করিল— "কী হ'ল?"

"হাওয়া নেই চাকায় মেমসাব।"

জাহ্নবী ভয়ে-রাগে একেবারে মরিয়া হইয়া উঠিল, বলিল — এমন টেনে নিয়ে চলো, নয়তো…"

"দু' মিনিট মেমসাব।"—লোকটা টায়ার-গুলা টিপিয়া দেখিয়া পেছনের একটায় হাওয়া দিতে আরম্ভ করিয়া দিল।

জাহ্নবীর বুকটা ধক্‌ধক্ করিতেছে; এসব সত্য, না, ভাঁওতা মাত্র?—এই যে একটা না একটা ছুতা করিয়া নামা, অন্ধকার বাড়িতে দেওয়া! করিবার

কিছু নাই বলিয়াই নিরুপায় ভাবে বসিয়া আছে, এমন সময় হঠাৎ একটা দৃশ্যে—"উঃ, মাগো—বলিয়া একেবারে আর্তনাদ করিয়া উঠিল। গাছটার আড়াল থেকে জমাট অন্ধকারের মতোই একটা মেয়েছেলের আকৃতি অল্প কুঁজা হইয়া বাহির হইয়া আসিয়াছে। মাত্র কোমরে এক টুকরা ছেঁড়া কাপড়, মুখটা ঘিরিয়া ফাঁপা শুকনো একরাশ চুল, চোখ দুইটা ব্লাক-আউটের আলোর মতোই একেবারে ভেতরের দিকে জ্বলিতেছে।

"কি হ'ল মেমসাব?"—বলিয়া রিক্‌শাওয়ালা সঙ্গে সঙ্গে সামনে আসিয়া দাঁড়াইল, তাহার পর নিশ্চিন্ত কণ্ঠে একবার—"ওঃ। এই?"—বলিয়া মেয়েছেলেটাকেই প্রশ্ন করিল—"তা, মেমসাব এখন করবেন কি?"

সে ততক্ষণে দু' তিনবার জাহ্নবীর পায়ে হাত দিয়া আরম্ভ করিয়া দিয়াছে—"খেতে দাও—খেতে দাও কিছু—একটা মেয়ে গেছে আজ সকালে—খেতে দাও, দাঁড়াতে পারছি না—কচিটা যাবে এবার—দুধ নেই যে একরত্তি···"

—নিজের শুষ্ক স্তনের একটা টানিয়া ধরিল।

হাঁপানি রোগীর মতো টানা হ্রস্ব কথা, গলা একেবারেই উঠিতেছে না, মাথাটা লুটাইয়া লুটাইয়া পড়িতেছে। হঠাৎ শুঁড়িটার ওদিকে একটা ক্ষীণ শব্দ উঠিল—যেন পাখীর বাচ্ছার আওয়াজ, কিন্তু বেশি টানা। স্ত্রীলোকটা একটু ঘুরিয়া চাহিয়া বলিল—"ঐঃ, ম'রছে—মেয়েটাও ঐ রকম শব্দ ক'রে ··"

জাহ্নবী বিমূঢ় হইয়া বসিয়া আছে, 'মরছে'—বলিতে যেন হঠাৎ তাহার চেতনা হইলে, সেই ঝোঁকেই কিছু না বুঝিয়া তাড়াতাড়ি নামিতে যাইতেছিল, স্ত্রীলোকটা দুর্বল হস্তে তাহার আঁচলটা ধরিয়া ফেলিল, বলিল—"আর কি হবে?—গেছে—আওয়াজ নেই—ঐ হয়···আমায় খেতে দাও না···"

ক্ষমতা নাই বলিয়া মৃত্যুটাকে আমল দিল না, কাঁদিল না; কিন্তু আঘাতটাতো লাগিয়াছে ভেতরে ভেতরে?—টলিতেছে; জাহ্নবী তাহাকে তাড়াতাড়ি রিকশার পা'দানিতে বসাইয়া দিল। ··একটা মাত্র সতেরো-আঠারো বছরের

মেয়ে সে, কিন্তু পৃথিবীটার অনেক কিছুই দেখিয়াছে এর মধ্যে; সেই দেখাটা কাজে আসিল আর একবার। জাহ্নবী সচেতন হইয়া উঠিল।

রিক্শাওয়ালাকে প্রশ্ন করিল—"তোমায় বিশ্বাস করতে পারি?—বাড়িতে কে কে আছে?"

"মা, একটা বুড়ো কাকা, বৌ, দু'টো মেয়ে, একটা··"

"হ'য়েছে—মানে দুঃখ বোঝ। এক কাজ করো, রিক্শাতেই গিয়ে স্টেশনের কাছের দোকান থেকে যা পাও নিয়ে এস—শীগ্‌গির—আগে দেখবে ভাত, হোটেল আছে, এই নাও।"

একটি টাকা বাহির করিয়া দিল, তাহার পর কি ভাবিয়া আর একটা, রিক্শাটা ঘুরিলে প্রশ্ন করিল—"কতক্ষণ লাগবে?"

"এই···দশ-বিশ মিনিট।"

"আমি বখ্‌শিস দোব, সাহেবকে ব'লেও দেওয়াবো।"

তাহার পর ঠোঁটে আসিলেও যে-কথাটা এতক্ষণ রুখিয়া রাখিয়াছিল, সেটাও বলিয়া ফেলিল—"তোমার সব্বার শপথ রইলো—যাদের যাদের নাম করলে!"

স্ত্রীলোকটি বসিয়া পড়িয়াছে। জাহ্নবী প্রশ্ন করিল—"কি হয়েছে তোমাদের —বাড়ি কোথায়?"

এই সময় স্টেশনের দিক থেকে গোটা দুই মোটরের হর্ণ বাজিয়া উঠিল, বোধ হয় কোন ট্রেণ আসিয়াছে, তাহার মিলিটারি যাত্রী ছাউনিতে যাইতেছে। জাহ্নবী বলিল—"চলো গাছের ওদিকে।"

নিজেই তুলিয়া লইয়া চলিয়া গেল। তলায়ও ঝোপঝাপ আছে, দুজনে আড়াল হইয়া বসিল। একটা ছেঁড়া কাঁথার ওপর একটা শিশু পড়িয়া আছে; কিন্তু মায়ের মতো জাহ্নবীর মনও যেন শক্ত কাঠ হইয়া গেছে, একবার চাহিয়া লইয়া বলিল—"হ্যাঁ, যা জিগ্যেস করছিলাম—দুর্ভিক্ষ নাকি?···একটু চুপ করো, আগে মোটর দুটো যাক।"

মোটর চলিয়া গেলে, স্ত্রীলোকটি মাথা দুলাইয়া বলিল—"ছি আকাল…"

"কোথা থেকে আসছ ?…এখানে কেন ?"

"বায়নোন, বদ্ধমান—যাচ্ছি কোলকোতা…পারবনি আর…"

"একা ?"

"না, এই দুই পাঁচ ঘর।"—হাত তুলিয়া পাঁচটা আঙুল দেখাইল।

"তারা কোথায় ?"

"এগিয়ে গেল—শুধু আমরা তিন ঘর পারলুমনি—তিন ঘরে এক পাঁচ চার জন ছিনু—ঐ উকে নিয়ে—কিছু খেতে দেবে নি আমায় ?—কিচ্ছু ?"

"নিয়ে আসছে—এলো বলে।"

"কিচ্ছু দেও, ও আর এসবেনি।"

জাহ্নবী আবার যেন নিজের ওপর সংযম হারাইতেছে; বুঝিতেছে একে বকানো ঠিক হইতেছে না; তবু নিজের উগ্র কৌতূহলটাকে চাপিতে পারিতেছে না। "ও এসবেনি" বলায় আবার সচকিত হইয়া উঠিল। স্ত্রীলোকটি আরও ঝিমাইয়া পড়িতেছে, ঝোঁকের মাথায় সেটা লক্ষ্য করে নাই; একটা কিছু পেটে পড়া দরকার, কিন্তু কি দিবে ?

তাহার পর মনে পড়িল স্টেশনের স্টলে চকোলেট কিনিয়াছে, কার্শিয়াংএর একটা পুরাণো অভ্যাস। গোটাচার বাহির করিয়া দুইটা হাতে দিয়া বলিল—"আসবে বইকি; ততক্ষণ এই দুটো চিবোও তো, গলাটা একটু ভিজবে।"

খাওয়ার অমন বীভৎস রূপ দেখে নাই কখনও জাহ্নবী—অদ্ভুত চোখের দৃষ্টি—অদ্ভুত চিবানো—দাঁতে সাঁটিয়া যাইতেছে, তাহারই মধ্যে কোন রকমে টানিয়া ছিঁড়িয়া খানিকটা তাড়াতাড়ি পেটে চালান দিতে হইবে।

হাত পাতিল—"আর আছে ?—দেও—বেশ।"

জাহ্নবী আর দুইটা দিল। যে ভাতের জন্য মরিতেছে তাহার হাতে চকোলেট দেওয়া—কেমন যেন অদ্ভুত মনে হইতেছে। বোর্ডিঙে থাকিতে একদিন প্রধানা শিক্ষয়িত্রী ফরাসী বিপ্লবের আগের গল্প প্রসঙ্গে এই ধরণেরই কথা বলিয়া-

ছিলেন—রাজকুমারী প্রাসাদের নিচে ক্ষুধা-বিক্ষুব্ধ জনতা দেখিয়া নার্সকে প্রশ্ন করিল—"ওরা কেন অমন করছে?" উত্তর হইল—"ওদের রুটি নেই, খেতে পায়নি।" রাজকুমারী বিস্মিতভাবে প্রশ্ন করিল—"তা রুটি নেই তো কেক্ খায় না কেন?

(If they have no bread, why can't they eat cakes).

কেক উঁহাদের অভিজাত খাদ্য; কথাটা নাকি সাহিত্যে-ইতিহাসে বিখ্যাত হইয়া গেছে।

"আর আছে? দেও—দেও।"—শেষ করিয়া আবার হাত পাতিল। খালি পেটে ঠিক হইবে কিনা বুঝিতে না পারিয়া জাহ্নবী বলিল—"না, চারটে ছিল; ভাত এসে পড়লো বলে···হ্যাঁ, সে ন'জনের আর সব কোথায়?"

"ই বনেই আছে—ইদিকে-সিদিকে।"

"বনে!"—প্রশ্নটা করিয়া এতক্ষণে হুঁস হইল, বলিল—"ঠিক তো, জিগ্যেস করতে ভুলে গেছি—তুমিই বা জঙ্গলের মধ্যে কেন?"

"ভালো জায়গায় ঢুকতে দেয় না—উদিক পানে গেছনু—হাওয়া গাড়ি ক'রে বাইরে দিয়ে এল—আমরা ক'জন আবার ফিরে এনু।"

কী ভয়ঙ্কর! কিছুক্ষণ স্তম্ভিত হইয়া বসিয়া রহিল জাহ্নবী; মুখে কথা জোগাইতেছে না।

"তোমার স্বামী নেই?"

"ছেল, পাল্যেচে।"

"কবে?"

এই সময় রিক্শাটা আসিয়া উপস্থিত হইল, কাহাকেও না দেখিয়া ড্রাইভার ঘন্টি বাজাইবার সঙ্গে সঙ্গে জাহ্নবী বাহির হইয়া আসিয়া প্রশ্ন করিল—"পেলে কিছু?"

"হ্যাঁ, ভাত ডাল আর তরকারি।"

একটা শালপাতায় মুড়িয়া নিজের গামছায় বাঁধিয়া আনিয়াছে। জাহ্নবী বলিল—"দুমুঠো খেয়ে নাও, তারপর আমাদের ওখানে চলো···হ্যাঁ, চলো চলো—ও ছেলে আর কি করবে?—ভগবান নিয়েছেন। এই লোকটি ব্যবস্থা ক'রে দেবে'খন, কিছু বখশিস দিয়ে দেব আরও।"

স্ত্রীলোকটি অমন অবস্থাতেও আতঙ্কে সোজা হইয়া বসিল, একটা গ্রাস মুখের কাছে তুলিয়া থামিয়া ব্যাকুল ভাবে বলিল—"না মা, যেতে বলুনি—ওরা দেখে ফেলবে—পারবনি যেতে—আবার গাড়ি ক'রে ফেলে দিয়ে এসবে—লক্ষ্মী মা আমার, সহরে যেতে বলুনি—তারা দেখে ফেলবে··"

আতঙ্কে এত ক্ষুধার মধ্যেও খাইতে ভুলিয়া গেছে। জাহ্নবী স্থির ভাবে চাহিয়া রহিল, কণ্ঠ শুষ্ক হইয়া গেছে। মানুষের আতঙ্ক। মানুষের সীমানা থেকে পলাইয়া অরণ্যভূমি আশ্রয় করা—এ সেও বোঝে, সমস্ত বাল্যকালটা এই আতঙ্কে কাটিয়াছে তাহার, একাদিক্রমে সে তিন বৎসর বাহিরের মুখ দেখে নাই। সে, তাহার পর তাহার মা আরও তিন বৎসর—এই অরণ্যেই। সেটা ছিল মানুষের—পুরুষের অন্য একটা বিভীষিকার রূপ, আজ এ অন্য। মানুষ নাকি দেবতার মূর্তিতে গড়া!—বিভীষিকার কত অনন্ত রূপই ধরিতে সক্ষম এই দেবরূপী দানব!

কি রকম ক্লান্তি বোধ হইতেছে, মাথাটা হঠাৎ বারদুয়েক ঘুরিয়া উঠিল, জাহ্নবী চেষ্টা করিয়া সামলাইয়া লইল,—"বেশ, তুমি যাও তা'হলে, আমি আবার আসবো, কাছাকাছি থেকো লুকিয়ে।"

ব্লাউসের ভিতর হাত দিয়া দুইটা টাকা তুলিয়া আবার সঙ্গে সঙ্গেই ছাড়িয়া দিল,—অনাথার হাতে টাকা দেখিলে এই রিকৃশাওয়ালাই আবার পশু হইয়া উঠিবে!

পঁয়ত্রিশ

রিকশায় করিয়া জাহ্নবী একেবারে বাড়ির দক্ষিণ দিকটাতেই প্রবেশ করিল, ব্রজলাল যেদিকটায় থাকে। রিক্‌শাওয়ালার হাতে ভাড়ার অতিরিক্ত একটা টাকা দিয়া বলিল—"তোমার বখশিস।"

অন্যমনস্ক হইয়া গেট দিয়া আগাইয়া আসিয়াছে, লোকটা একটু পাশে পেছন দিক থেকে ডাকিল,—"হুজুর, মেমসাব!"

জাহ্নবী ফিরিয়া দাঁড়াইতে একটু কাঁচুমাচু করিয়া বলিল—"বলেছিলেন সাহেব বাহাদুরকে দিয়েও বখশিস করাবেন···দাঁড়াচ্ছি।"

জাহ্নবী একটু ভাবিল, তাহার পর বলিল—"আমি দিয়ে দিচ্ছি তাঁর হয়ে। আর দেখ, একটা কাজ করতে পারবে?"

"হুকুম করুন মেমসাব।"

"তোমায় বিশ্বাস করতে পারি বলেই বলছি—এই আর দুটো টাকা, কাল সকালে—মানে, দিনের বেলায় আর কি, যখন তোমার সুবিধে, ঐ মেয়েটিকে কিছু কিনে খাইয়ে দেবে—ভাতই, আর যদি কেউ চোখে পড়ে এই রকম, তাকেও। তারপর আর আমি ব্যবস্থা করছি।"

"দেন হুজুর ··কিন্তু···কথা হচ্ছে···" যেন অনিচ্ছাসত্ত্বেও টাকা দুইটা হাত পাতিয়া লইল।

জাহ্নবী প্রশ্ন করিল—"কি?"

"দেব কিনে যদি লুকিয়ে টুকিয়ে থাকে। কথা হচ্ছে মিলিটারিদের মানা হুজুর, ওরা নাকি বলে, দিলে থুলে আরও জুটবে, সহর নোংরা করবে। তা একটা টাকা লেন—আরগুলো কে কোথায় আছে···"

টাকাটা ফিরাইয়া দিতে গিয়া আবার বলিল—"না হয় থাক্, দেখি।"

জাহ্নবী বুঝিল লোভে পড়িয়া গেছে লোকটা, অথচ টাকা দুইটা হাতে লওয়া পর্যন্ত ভালোই ছিল। কিন্তু সেদিকে তেমন মন না দিয়া শুধু বলিল—"হ্যাঁ, দেখো।"

বারান্দায় পা দিতে আফিস ঘরের দিক থেকে হঠাৎ একটা হাসির হর্‌রা উঠিল। তাহা হইলে ব্রজলাল নাই নিশ্চয়। উদ্ধবটা চাকর-বাকরদের সামনে কাহারও নকল করিতেছে। তবু আগাইয়া গিয়া প্রশ্ন করিল—"সাহেব বাড়ি নেই?"

সকলে উঠিয়া দাঁড়াইল, পাচক বামুনটা বলিল—"আজ্ঞে না।"

"কখন আসবেন?"

"আজ রেতে বাইরেই থাকবেন; কাল দিনমানে তাঁরও পাক করতে বলে গেছেন।"

পরদিন ব্রজলাল আফিসে আসামাত্র জাহ্নবী উদ্ধবকে দিয়া একটা কাগজে লিখিয়া পাঠাইল—"আপনার ফুরসৎ আছে কি?—তা'হলে একবার আসি, আমার নিজের একটু কাজ আছে।"

ব্রজলাল উত্তর দিল—ফুরসৎ আছে কিন্তু একজন পদস্থ মিলিটারি কর্মচারি আসতে পারে যে-কোন সময়েই।"

জাহ্নবী লিখিয়া পাঠাইল—"তাহলে যদি দয়া করে একবার ওপরে আসতে পারেন, তবে ভালো হয়।"

ব্রজলাল আসিয়া সোফাটায় বসিলে বলিল—"আমি কাল থেকে আপনাকে খুঁজছি—একটা কাজ—আপনাকে দিতেই হবে একটু সময়, আপনি ভিন্ন কারুর দ্বারা হবে না।"

এমন জিদ, আবদার আর অনুরোধের সমন্বয় জাহ্নবীর মধ্যে এই প্রথম দেখিল ব্রজলাল, একটু আগ্রহের সহিত কহিল—"বলুন।"

"কি ক'রে যে আরম্ভ করব…কাল দুর্ভিক্ষের চেহারা দেখলাম—নিজের চোখে—এইখানেই।"

আগ্রহটা নিভিয়া গিয়া মুখের চেহারাটা একটু অন্যরকম হইয়া গেল ব্রজলালের, জাহ্নবীর কিন্তু সেদিকে লক্ষ্য নাই। কাল সন্ধ্যায় যাহা যাহা দেখিয়াছে, যাহা যাহা শুনিয়াছে স্ত্রীলোকটির কাছে সমস্ত বলিয়া গেল; আবেগে, উত্তেজনায় অল্প অল্প কাঁপিতেছে। শেষ হইলে ব্যাকুল মিনতির সহিত বলিল—"আপনি কিছু করুন এদের জন্যে; আমি মেয়েছেলে—নিরুপায়, কি করতে পারি? তবু ইচ্ছে আছে করবার, কিন্তু আপনার সাহায্য না হলে হবে না—আপনিই বলবেন কি ভাবে কি করতে হবে।"

ব্রজলাল আশ্চর্যভাবে চাহিয়া আছে, রীতিমতো খোশামোদ! অথচ নিজের উপকারের বিষয়ে এই মেয়েই বরাবর প্রতিবাদ করিয়া গেছে, ঝগড়া করিয়াছে।

থামিলে শান্ত নিরুদ্বেগকণ্ঠে বলিল—"আপনি বড় চঞ্চল হয়ে পড়েছেন জাহ্নবী দেবী। ওদের তো ব্যবস্থা হচ্ছে, গবর্ণমেণ্টও ব'সে নেই, লোকেরাও ব'সে নেই; রিলিফ দেওয়া হ'চ্ছে, লঙ্গরখানা খোলা হয়েছে। ওরকম একআধজন ছটকে যা রয়েছে—ঠিক জায়গায় গিয়ে রিলিফ নেবে না, যেন জোর করে মরবেই…"

জাহ্নবী হাঁ করিয়া শুনিতেছিল, যেন বিশ্বাস করিতে পারিতেছে না; বাধা দিয়া বলিল—"একি বলছেন আপনি!"

ব্রজলাল একটু অপ্রতিভ হইয়া পড়িল, বলিল—"না, আমি ঠিক তা বলছি না, যথাসাধ্য করছি আমিও, ডিষ্ট্রিক্ট রিলিফ আফিসে কালও একটা চেক পাঠিয়ে দিলাম।…বলছিলাম যারা এইরকম ছট্‌কে ছট্‌কে রয়েছে তাদের আপনি মেয়েছেলে কোথায় খুঁজে খুঁজে বেড়াবেন?"

"শুনছি কলকাতার রাস্তা ছেয়ে ফেলছে এই রকম মানুষে।"

"মেনে নিলাম;—যদিও এটা প্রোপাগাণ্ডা—ঐ বাংলা কাগজগুলোর। বেশ, সত্যি হলেও আমার কথাটাই দাঁড়াচ্ছে না কি?—কলকাতা হেন জায়গায় আপনি এরকম মরা-আধমরাদের মাঝে দাঁড়িয়ে কি করবেন?…"

দৃষ্টিতে অসহিষ্ণুতা লক্ষ্য করিয়া থামিয়া গেল। আর তো সে এক বছর আগেকার ব্রজলাল নয়, এখন বহুলোকের সঙ্গে কারবার, উপার্জনের পন্থা খুঁজিতে কত রকমের বাক্‌চাতুর্য আয়ত্ত হইয়া আসিয়াছে, কথা ঘুরাইয়া লইয়া বলিল—"হয়তো আমার কথাটা ঠিক মতো বুঝছেন না জাহ্নবী দেবী, হয়ত বা আমিই বোঝাতে পারছি না,—দুর্ভিক্ষ যে খানিকটা এসেছে, গবর্ণমেণ্ট না-না করলেও দেশের লোক আমরা মানব কেন? করবই যথাসাধ্য—আমাদেরই দেশ তো? কিন্তু সাধ্যের অতীত করতে গেলে বিপদই বাড়বে নাকি?—আরও জটিল হ'য়ে উঠবে নাকি ব্যাপারটা? উদাহরণ দিয়েই বলি—জনকয়েক এই জঙ্গলে এসে রয়েছে বললেন না? বেশ, একেবারে বড় দল হাতে না নিয়ে সেগুলোকে আগে বাঁচাই না, অন্ততঃ চেষ্টা করি না। সংখ্যায় অল্প, সামলাতে পারা যাবে, একটা ট্রেণিংও হবে, আপনি যদি এই নিয়ে কাজ করতে চান।"

মনের দুর্বলতার জন্যই জাহ্নবী এ ভঙ্গী পরিবর্তনটা ধরিতে পারিল না, কৃতার্থ হইয়া বলিল—"সেই ভালো, সত্যি, একজনকে দেখেই যেমন দিশাহারা হয়ে পড়েছিলাম···কিন্তু করবেন তো আপনিই সব, আমি নিমিত্ত মাত্র। প্রথমে একজন লোক দিয়ে ওদের খুঁজেপেতে বের করতে হবে।···মানুষ এ কি হয়ে উঠল ব্রজবাবু! তারই জাত বন ছেড়ে তার সামনে আসতে সাহস পায় না!"

ব্রজলাল অনেক চেষ্টায় কোন রকমে একটু হাসিল। জাহ্নবী উদ্দীপনার বশেই বলিয়া চলিল—"তা হলে ঐ ন'জনকে খুঁজে-পেতে নিয়ে আসুক··· আমাদের বাড়িতেই নিয়ে আসুক, কি বলেন? ··না, আপনার দিকটায় নয়, ভেতরে—আমাদের দিকটায়।"

ব্রজলাল বেশ সহজভাবে হাসিয়া বলিল—"কেন, এই দিকেই ব্যবস্থা করে দিলে ক্ষতি কি? ওদিকে দিদিমা অমন অবস্থায় পড়ে রয়েছেন, তার ওপর একপাল···ওরাও রুগী তো, তার ওপর···"

জাহ্নবী উল্লসিত হইয়া উঠিল, তাহার পর কৃতজ্ঞ কণ্ঠে এক সম্পূর্ণ নূতন ধরণের তর্কের ভঙ্গীতে বলিল—"এতও ভুলতে পারেন আপনি!—বললাম না

মিলিটারির লোকেরা ওদের দেখলেই বাইরে ফেলে দিয়ে আসছে,—আপনার এদিকটা যে একেবারে সদর।"

ব্রজলাল পৌরুষগর্বে ঘাড়টা একটু বাঁকাইল, বলিল—"আমি আশ্রয় দিলে মিলিটারির লোকেরা যে ঘাঁটাতে আসবে না সে জোরটুকুও নেই আমার জাহ্নবী দেবী?"

আজ নারীর মতোই এই পৌরুষটা মানিয়া লইল জাহ্নবী, বরং আশ্রিতা নারীর গৌরবের সঙ্গেই; একটু লজ্জিতভাবে হাসিয়া বলিল—"তাই নাকি আমি বলছি? চোখ বুজে থাকি না তো।...আপনার বাড়ি, আপনি ভেতরে রাখুন তাদের বা এদিকেই ব্যবস্থা করুন, আমার বলবার কি অধিকার?"

এদিকে ব্যস্ততার সময়ই পড়িয়াছে, তাহার ওপর আবার দিন দুই থেকে অতিরিক্ত ব্যস্ত আছে ব্রজলাল, প্রায় মোটরে মোটরেই কাটিতেছে; আজও মাত্র ঘণ্টা দুয়েক আফিস করিয়া নূতন মোটরটা লইয়া বাহির হইয়া গেল। প্রায় আধ ঘণ্টা পরে উদ্ধব ছুটিয়া ওপরে আসিয়া বলিল—"টেলিফোন এসেছে মিস্ সাহেব।"

জাহ্নবী প্রশ্ন করিল—"মজুমদার মশাই কোথায়?"

উদ্ধব দক্ষিণ হাতের তেলোয় মাথাটা হেলাইয়া নাসিকা গর্জনের সহিত নিদ্রার অভিনয় করিল।

জাহ্নবী নামিবার পথে তাহার কানটা নাড়িয়া দিয়া নিচে গিয়া রিসিভারটা তুলিয়া লইল, প্রশ্ন করিল—"হ্যালো?"

ইংরাজীতেই কথাবার্তা হইল—"মিস্টার বোস কি আপনি?"

"না, তিনি বেরিয়ে গেছেন। কি দরকার জানতে পারি কি?"

"একটা লরি চাই, আমি এখানকার মিলিটারি ক্যাম্প থেকে বলছি। তাঁর অবর্তমানে আপনারা কেউ পাঠাতে পারবেন কি?"

"পারব।"

"তাহলে অনুগ্রহ ক'রে পাঠিয়ে দিন প্যারেড গ্রাউণ্ডে। ধন্যবাদ।...হ্যাঁ, আর দেখুন...।"

"বলুন, শুনছি।"

"মিস্টার বোস এলে বলে দেবেন বন খুঁজে তাদের ঘেরে একত্র করা হয়েছে, কিন্তু ক্যাম্পের লরি সব বাইরে, তাদের সরিয়ে ফেলবার উপায় নেই, তাই তাঁকে এইটুকু অসুবিধায় ফেলতে বাধ্য হলাম।...আচ্ছা, ধন্যবাদ।"

মানেটা ঠিক বুঝিতে পারিল না জাহ্নবী। বাহিরে আসিতে মনটা অন্য-দিকেও চলিয়া গেল,—দেখে স্প্রিং কপাটের বাহিরেই উদ্ধব একটা মুঠা মুখে আর একটা কানে লাগাইয়া তাহার টেলিফোনে আলাপের নকল করিতেছে। আর একবার কানটা টানিয়া দিয়া দ্রুত বাহিরে গিয়া ড্রাইভারকে লরি লইয়া যাইতে বলিল, তাহার পর ওপরে উঠিয়া গেল। আজ আবার ব্রজলাল একেবারে একরাশ জরুরী কাজ দিয়া গেছে।

আফিস থেকে বাহির হইতেই প্রায় সন্ধ্যা হইয়া গেল। স্টেশনের দিকে যাইবার জন্য একটা আগ্রহ লাগিয়া আছে। ওপর থেকে নামিয়া বারান্দায় আসিয়াছে, কালকের রিকশাওলাটা উঠানে আগাইয়া আসিয়া সেলাম করিয়া দাঁড়াইল।

জাহ্নবী ব্যস্তভাবে আগাইয়া আসিয়া বলিল—"এই যে, দিয়েছিলে কিনে?—ক'জনকে পেলে?"

"সকালে মাগীটাকে দিয়েছিলাম ছুটি। দুপুরে একবার খুঁজবো—একটু নিরিবিলি থাকে, মিলিটারির নোকেরা গিয়ে বন হাতড়ে সবাইকে ধ'রে নিয়ে গেল হুজুর। আর উদিকে যেতেও পারব না, উদের নজর পড়েচে—গরীব মানুষ, খেটে খেতে হয়, দুটো কাচ্চাবাচ্চা আছে।...এই পয়সা কটা হুজুর; মাগীর জন্য বারো আনার ডালভাত কিনেছিলুম।"

জাহ্নবী নির্বাক হইয়া দাঁড়াইয়া রহিল কিছুক্ষণ। টেলিফোনের কথাগুলার অর্থ এতক্ষণে উপলব্ধি হইতেছে—লোকটা বলিয়াছিল—"দে হ্যাভ্ বীন রাউণ্ডেড্ আপ্—বন খুঁজিয়া কাহাদের একত্র করা হইয়াছে—খবরটাই বা কাহার কাছ থেকে পাওয়া কিছুই বুঝিতে আর বাকি রহিল না জাহ্নবীর।

প্রশ্ন করিল—"লরিতে ক'রে নিয়ে গেল, না ?...কি রকম লরিটা ছিল ?"

"দেখিনি হুজুর, শুনলুম লরিতে ক'রেই চাপ্যে নে গেছে, মিলিটিরি ঢুকছে দেখে আর ও-তল্লাটে কে দাঁড়াবে বলুন ? আমি আবার প্রাতঃকালে ভাতটা দিলুম মাগীকে, কে দেখলে না-দেখলে.. "

জাহ্নবী খুবই অন্যমনস্কভাবে মন্থর চরণে বাড়ির দিকে ঢুকিল, লোকটা বলিল—"পয়সা ক'টা হুজুর.. "

জাহ্নবী দাঁড়াইল, তাহার পর কি মনে হওয়ায় দুই পা আগাইয়া আসিয়া প্রশ্ন করিল—"তুমি সাধু সেজে পয়সাটা দিতে এসেছ হঠাৎ ?"

লোকটা প্রশ্ন শুনিয়া, বিশেষ করিয়া বলিবার কঠিন ভঙ্গীতে হতভম্ব হইয়া বলিল—"আপনি দিলেন হুজুর, বিশ্যেস করে, বেইমানি কি করে করব ? গরীব হই, কিন্তু .."

"মিলিটারিদের ভয়—মিছিমিছি সাধু সাজতে যেয়ো না। থাক্, ও টাকাটা আর তোমাদের হাতে ছোঁওয়া ও-টাকা"—তীব্র ঘৃণায় মুখটা কুঞ্চিত হইয়া উঠিল ; যেন ভাষার অভাবেই আর কিছু না বলিয়া জাহ্নবী ধীরে ধীরে ভেতরে চলিয়া গেল।

ছত্রিশ

রাগে ক্ষোভে ভিতরটা পুড়িয়া যেন অঙ্গার হইয়া যাইতেছে জাহ্নবীর ; একটা পুরুষকে সামনে পাইয়া ঐটুকু বলিতে পারিয়া তবু একটু শান্তি পাইল। আরও এইজন্য শান্তি পাইল যে লোকটা প্রকৃতই ভালো, সেই জন্য আঘাতটাও তাহাকে আরও রূঢ় হইয়া লাগিয়া থাকিবে। কিন্তু একটা গরীব রিকশাওলাকে দুটা কথা শুনাইয়া দিবার মূল্যই বা কি ? বরং হাস্যকরই ব্যাপার। একসময় জাহ্নবী নিজের কাছেই লজ্জা অনুভব করিল।

একটা কিছু না করিতে পারিলে যেন আর বাঁচা যায় না। বাড়িতে আসিয়া কোন কিছুতেই যেন মন বসাইতে পারিতেছে না, চায়ের কাপটা হাতে

লইয়া রকে পায়চারি করিতে লাগিল, সদরের দিকে কান পাতিয়া। কখন ব্রজলালের মোটরের শব্দ হইবে; যখনই আসুক, যে-অবস্থাতেই আসুক, একাই থাক্ বা কাহারও সঙ্গে—জাহ্নবী গিয়া আজ শেষ বোঝাপড়া করিবে তাহার সঙ্গে—এই নীচ মিথ্যাচারের জন্য, এই বিশ্বাসঘাতকতার জন্য, এই ধূর্তামির জন্য—এত বড় একটা অন্যায় করিয়া আশ মেটে নাই, আজ স্বভাবতই ওর স্টেশনের দিকে যাইবার উৎকণ্ঠা হইবে জানিয়া অযথা কতকগুলা কাজও চাপাইয়া গেছে!...বাঁ হাতে রেকাবির ওপর চায়ের কাপটা এক একবার কাঁপিয়া যাইতেছে; এক সময়ে অধরে স্পর্শ করিয়া দেখিল একেবারে ঠাণ্ডা হইয়া গেছে চা'টুকু, সিকিভাগও পান করা হয় নাই তখন। রেকাবিশুদ্ধ বাটিটা জানলার তাকে রাখিয়া দিল।

সন্ধ্যা উৎরাইয়া গিয়াছিল, ক্রমে রাত্রি হইয়া আসিল। ব্রজলালের আসার কোন লক্ষণই নাই; যতই না আসিতেছে, আক্রোশটা ততই যেন গুমরিয়া উঠিতেছে ভিতরে ভিতরে; কোন সাড়াশব্দ নাই, তবুও বারদু'য়েক ওদিক থেকে ঘুরিয়া আসিল, আবার সেইভাবে পায়চারি করিতে লাগিল। যেদিন ও কম কথা কয় সেদিন ওর বাড়ির কেউ ওকে প্রশ্নাদি করিতে সাহস করে না। বাড়িটা নিস্তব্ধ; এই সময় প্রায় রোজই অন্নদাঠাকরুণের গায়ে পায়ে হাত বুলাইতে বুলাইতে গল্প করে জাহ্নবী, প্রায় সব বইয়ে পড়া গল্প, অম্বিকাচরণ থাকে, নারায়ণীও পাট সারিয়া আসিয়া বসে। আজ শুধু অম্বিকাচরণের আওয়াজ হইতেছে মাঝে মাঝে—শুকনো কাশি, অস্বস্তির মাঝে পড়িলে যাহা ওর একমাত্র সম্বল।

রান্নার হাঙ্গাম বাড়িতে একরকম নাই বলিলেই চলে, ব্রজলালের দিকেই হয় সেটা, তবে অন্নদাঠাকরুণের পথ্যটা নারায়ণীই নিজের হাতে করে,—খানচারেক লুচি, খুব হালকা করিয়া একটু মোহনভোগ, দুধ। এই রকম পায়চারী করিতে করিতে একবার রান্নাঘরের কাছে গিয়া জাহ্নবী বলিল—"মা, আমার জন্যেও এই দিকেই কিছু একটু করে দেবে আজ?"

নারায়ণী একটু চুপ করিয়া রহিল,—তাহার পর বলিল—"তা না হয় দিলাম কিন্তু হয়েছে কি আজ ?"

"শরীরটা ঠিক নেই ।"—বলিয়া জাহ্নবী চলিয়া আসিল।

আহার করা পর্যন্ত ঐটুকুই কথা হইল। আহার করিলও অনেক রাত করিয়া। হয়তো মনে মনে প্রতিজ্ঞা করিয়াছিল একটা হেস্তনেস্ত ন' করিয়া করিবেই না আহার, কিন্তু বেশ বোঝা গেল ব্রজলাল আর আসিবে না রাত্রে।

ও-বাড়ির দেয়ালঘড়িতে যখন ঢং করিয়া একটা বাজিল তখনও জাহ্নবী জাগিয়া পড়িয়া আছে বিছানায়। কিন্তু আর পারিল না ; অন্ততঃ মাকেও একবার জানানো দরকার কত বড় নীচাশয়ের অন্ন তাহারা খাইতেছে, সেই সঙ্গে তাহার নিজের সঙ্কল্পটাও, না হইলে মনে হইতেছে পাগল হইয়া যাইবে। পাশাপাশি দুইটা ঘরের একটাতে শোয় জাহ্নবী আর অম্বিকাচরণ, একটায় অন্নদাঠাকরুণ আর নারায়ণী। উঠিয়া খুব সন্তর্পণে দরজাটা খুলিয়া জাহ্নবী বাহিরে আসিল। চিন্তা হইল, তোলে কি করিয়া মাকে ? বাহিরের হাওয়া লাগিয়া শরীরটা একটু স্নিগ্ধ বোধ হইল। জাহ্নবী ভাবিল, তাহা হইলে না হয় ঘর-বাহির করিয়া রাত্রিটা কোনরকমে দিক কাটাইয়া, মাকে তুলিতে গেলেই অন্নদাঠাকরুণের নিদ্রা ভাঙিয়া যাইবার বেশি সম্ভাবনা।

একটু পায়চারি করিয়া মাথাটা ঠাণ্ডা করিয়া লইবার উদ্দেশ্যে রকের উপর দিয়া দক্ষিণদিকে চলিয়া গেল, তাহার পর যেই ঘুরিয়াছে হঠাৎ উঠানের ওধারে নজর পড়িয়া যাওয়ায় মনে হইল পায়ের নখ থেকে মাথা পর্যন্ত সমস্তটা ঝন্‌ঝন্‌ করিয়া উঠিয়া পরমুহূর্তেই অসাড় হইয়া গেল।

নিছক ভৌতিক অনুভূতি একটা, এত বড় উৎকট ভয় জাহ্নবী জীবনে কখনও অনুভব করে নাই। জ্যোৎস্নারাত, তবে আকাশে একটা হালকা মেঘের আস্তরণ থাকায় জ্যোৎস্নাটা ম্লান। জাহ্নবী দেখিল সাদা কাপড়-পরা একটি স্ত্রীলোকের মূর্তি এদিকে পিছন করিয়া সদর দরজা ঘেঁষিয়া দাঁড়াইয়া আছে।

ভয় কিন্তু মুহূর্তমাত্রের, সমস্ত শক্তি একত্র করিয়া চীৎকার করিতে যাইবে, মূর্তি মুখ ঘুরাইয়া তাহাদের ঘরের দিকে চাহিল, সমস্তটা না দেখা গেলেও জাহ্নবী চিনিল, তাহার মা নারায়ণী।

ভয় গিয়া এবার যে কি অনুভূতি এটা, জাহ্নবী যেন বুঝিয়াই উঠিতে পারিল না ; মাঝরাতে সদর দরজার পাশে দাঁড়াইয়া নারায়ণী করে কি !

অর্গলটা খোলাই ছিল, নারায়ণী ভারী দরজার একটা পাল্লা খুব ধীরে ধীরে খুলিয়া চৌকাঠের ওদিকে একটা পা গলাইয়া আবার ঘরের দিকে একবার ফিরিয়া চাহিল, তাহার পর পাল্লাটা তেমনি সন্তর্পণে টানিয়া দিয়া বাহির হইয়া গেল।

জীবনের সবচেয়ে তীব্র যন্ত্রণার মুহূর্তে জাহ্নবী একদিকে হঠাৎ উগ্রভাবে সচেতন হইয়া উঠিল। দেখিবে ; সব কিছুর জন্যই প্রস্তুত হইয়া উঠানে নামিয়া পড়িল। দরজাটা অল্প ফাঁক করিয়া প্রথমেই রাস্তার দিকে দৃষ্টি ফিরাইল, কাহাকেও না দেখিয়া দক্ষিণদিকে চাহিতেই নজর পড়িল নারায়ণী প্রায় শ'খানেক হাত দূরে পুকুরের ধারে ফুলগাছের আড়াল দিয়া হন হন করিয়া চলিয়া যাইতেছে। অন্য সন্দেহ গিয়া আবার আতঙ্ক আসিয়া মনটাকে অভিভূত করিয়া ফেলিল—আত্মহত্যা নয়তো ?

আস্তে আস্তে বাহিরে আসিয়া একটু নিচু হইয়া শানের বেঞ্চটার আড়ালে গিয়া বসিল। উৎকণ্ঠায় গলা শুকাইয়া আসিয়াছে, চীৎকার করিতে পারিতেছে না—এই অদ্ভুত স্তব্ধ রাত্রিটাকে শব্দিত করিয়া তুলিতে এক বিচিত্র ধরণের আশঙ্কাও জাগিতেছে মনে, হয়তো বিমূঢ়তারই একটা অন্যদিক। শুধু যেন সম্মোহিত হইয়া চাহিয়া আছে। নারায়ণী পুকুরের উত্তর কোণ ঘুরিয়া পশ্চিমে কয়েক পা যাইতেই জাহ্নবী সামলাইয়া লইল। বেঞ্চের আড়াল হইতে বাহির হইয়া সামনে অগ্রসর হইল ; একটু গিয়া পা চালাইয়া দিল, অনেকটা দূরে চলিয়া গেছে নারায়ণী। জাহ্নবী যখন কোণটা ঘুরিল, নারায়ণী পুকুরের কিনারা ছাড়িয়া উত্তরমুখী হইয়াছে ; ওদিকে খানিকটা পোড়ো জমির পর

জঙ্গলটা অল্প অল্প করিয়া আরম্ভ হইয়া গেছে। জাহ্নবীও আর পুকুরের ধারে না গিয়া সোজা পা বাড়াইল; আর জোরে হাঁটা নয়, ছুটিতে আরম্ভ করিয়াছে, কয়েক পা যাইতেই পত্রমর্মরে নারায়ণী ফিরিয়া তাকাইল।

দুইজনে মুখোমুখী হইয়া দাঁড়াইল, জাহ্নবীর বুকটা হাপরের মতো ওঠানামা করিতেছে।

নারায়ণীই প্রথমে কথা কহিল, প্রশ্ন করিল—"তুই,...জেগে ছিলি নাকি?"

জাহ্নবী ঠিক উত্তর দিল না, তাহার মুখ দিয়াও তাহার মনের সবচেয়ে বড় প্রশ্নটাই বাহির হইল—"কোথায় যাচ্ছ মা? ..এত রাত্রে...এভাবে?"

নারায়ণী একটু ভাবিল, তাহার পর বলিল—"চল্, এখানটা বড্ড ফাঁকা। বলব তোকে কোথায় যাচ্ছি, কিন্তু আমায় রুখতে যাসনি জান্থু, পারবিও না।"

সাঁইত্রিশ

দুইজনে আসিয়া ঘাটের বেঞ্চটাতে বসিল। নারায়ণী প্রশ্ন করিল—"কিন্তু তার আগে আমায় বল্‌তো আজ তোর হয়েছে কি, পড়িয়ে এসে পর্যন্ত যে..."

মাঝপথেই হঠাৎ ও প্রসঙ্গটা ছাড়িয়া দিয়া বলিল—"আচ্ছা ও থাকগে, শুনেই বা হবে কি?...আজ আমার হঠাৎ মনে পড়ল জান্থু, আরও একটি মেয়ে আছে, আর তারই এখানে থাকবার কথা, আমাদের চেয়ে তার হক ঢের বেশি।"

জাহ্নবী বিস্মিতভাবে প্রশ্ন করিল—"কে মা?"

"দাঁড়া, আমি ঠিক গুছিয়ে বলতে পারছি না।...মেয়েটির কথা হঠাৎ মনে পড়েনি, যেদিন তোর দাদুর সঙ্গে প্রথম দেখা, সেইদিন থেকেই তাদের কথা গেঁথে রয়েছে আমার মনে। শুধু ব্রজর দিক দিয়ে ভেবে দেখলেও যে তাকে এখানে এনে ফেলা দরকার এই কথাটাই হঠাৎ আজ মনে হোল জাহ্নবী, নৈলে আমি যে একদিন বেরুবই এটা আমার অনেকদিন থেকেই এঁচে রাখা ছিল।"

"কিছু বুঝছি না যে মা।"

"বুঝলেও বিশ্বাস করা শক্ত হবে তোর পক্ষে। আমার শুধু বলে যাবার সময়টুকু আছে জানু, তুই শুনে যা। আমি এই বাড়িতে এসেছি পর্যন্ত আমার মনে একদিক দিয়ে যে কী কষ্ট কী অশান্তি তা এক অন্তর্যামীই জানেন। আজ এই টানা সাত বছর ধরে আমি পাপের বোঝা বইছি, যতই দিন যাচ্ছে তিল তিল করে সে বোঝা বেড়ে যাচ্ছে। ভগবান জানেন কিন্তু মা, আমার শেষ পর্যন্ত প্রবঞ্চনা করবার মতলব ছিল না একেবারেই। শুধু তোর মুখ চেয়ে আমি দিন গুণছিলাম, মনে মনে আমার ঠিক ছিলই যে একদিন-না-একদিন পড়বই বেরিয়ে আমি। তোর মুখ চাওয়াও এই জন্যেই যে একটা যদি হিল্লে না করে যাই তোর, তো আমার মতন তোকেও ভেসে বেড়াতে হবে। মায়ের প্রাণ নিয়ে সেটা কি করে হতে দিতে পারি? কিন্তু নিশ্চয় তার মধ্যেও ছিল পাপ আমার মনে, তাই ভগবানের সইল না, নয়তো একটা রাজকন্যের যা কাম্য, তুই তা হাতের কাছে পেযেও ··"

"মা, ও যে কত নীচ, কত ছোট সেই কথা বলবার জন্যেই আজ···"

নারায়ণী শান্তভাবেই পিঠে হাতটা দিয়া বলিল—"চুপ কর জাহ্নবী; যাবার সময় আর আমার মনটা বিষিয়ে দেবার চেষ্টা করিস নি। আমি তোর মা-ই তো, পুরুষের ওপর তোর যে একটা বিদ্বেষ থেকেই যাবে এটা আমি জানি, শুধু ভাবি বাবাকেও তো দেখলি, বাবাও তো পুরুষ তবু তোব এ-মতি বদলায় না কেন। ব্রজ খারাপ নয় জানু, তবে খারাপ হয়তো হ'য়ে যাবে, কেন তা তুইও বুঝছিস আমিও বুঝছি। আশায় এমন করে ছাই পড়লে—ঐ বয়সের একটা ছেলে ·"

সহ্য করা কঠিন হইয়া পড়াতেই জাহ্নবী একটু অসহিষ্ণু কণ্ঠে বলিল—"ওর কথা বাদ দিয়েই বলো মা তুমি।·· কাকে আনতে যাচ্ছ—এই এমন করে?"

"হ্যাঁ, কথা বেড়েই যাচ্ছে বটে,—আনতে যাচ্ছি তোর দাদুর নাতনিকে··· আর মেয়েকে।"

"সে কি! আর আমরা?"

"কেউ নয় ওঁর।...বড় বিপদেই প'ড়েছিলাম সে-রাতে, তাই ভগবান মুখ তুলে একটু চেয়েছিলেন, নৈলে অমন যোগাযোগ তো হয় না জীবনে; ওটুকু দয়া তাঁর না হলে সেদিন যে কোথায় ভেসে যেতাম ভেবেও কূলকিনারা পাই না জাহ্ন। কিন্তু খুব তার প্রতিদান দিচ্ছি। সত্যি বলছি তোকে, এই সাত বছর ধরে যখনই বাবা আমায় 'বন্দী' বলে ডেকেছেন, তোকে নাতনি বলে আদর করেছেন, আমার বুক ফেটে গেছে জাহ্ন। অন্ধ মানুষ, দেখতে পাচ্ছেন না; কথায় বিশ্বাস করে গায়ে হাত বুলিয়ে বুলিয়ে সাত বছর আগে হারাণো মেয়ে-নাতনির সঙ্গে মিলিয়ে মিলিয়ে আরও সাতটা বছর এইভাবে কাটানো —কী বুক-ভাঙা এক কাণ্ড বলতো জাহ্নবী, এ পাপের আমার প্রাশ্চিত্তির আছে?

জাহ্নবী একেবারে অন্যমনস্ক হইয়া গেছে, প্রশ্নে একটু চকিত হইয়া বলিল— অ্যাঁ, দাদুর কথা বলছ?"

নারায়ণীও যেন নিজের ঘোরেই বলিয়া চলিল—হ্যাঁ, একে এই পাপই অসহ্য হয়ে উঠেছে তার ওপর এল ব্রজর ওপর এই অন্যায়। তুই ব্যাজার হচ্ছিস, তবু আমার তো এই শেষবার বলা, বলে নিতেই হবে।

ব্রজ আমাদের জন্য যা করেছে অতি বড় আপন জনও তা সব সময়ে করে না। এতো প্রমাণ দিয়ে বলতে হবে না, নিত্য-নিতুই দেখছি আমরা। আমাদের খাওয়া পরা মানইজ্জৎ সবই ও নিজের করে নিয়েছে। প্রথমবারে বাবাকে না পেলে আমরা যেমন ভেসে যেতাম, এই দ্বিতীয়বারে ব্রজ না এসে পৌছুলেও আমাদের সেই অবস্থাই হোত। আর সবই ছেড়ে দে, শুধু যদি পিসিমাকে হারাতে হোত তো আমাদের দশাটা আজ কি হোত ভেবে দেখ একবার; আর এটাতো অস্বীকার করতে পারবি না যে ও না এসে পড়লে হারাতেই হোত পিসিমাকে। তুই বলবি—বাড়ি দখল করেছে। আমি আশ্চর্য হই পিসিমা যে পিসিমা তাঁরও এ ধারণাটা গেল, কিন্তু তোর মন থেকে মিটল না; আর আমার মনে হয় তোর যত আক্রোশ তার জড় ঐখানে। মা হয়েও আজ আমার

বলতে হোল জান্থ, আমাদের দিক থেকে সবচেয়ে যা ভয়ের, যার জন্তে আমার সারাটা জন্ম ওদিকে পালিয়ে পালিয়ে বেড়াতে হয়েছে, ব্রজর মধ্যে তার কিছু না চিনি চোখের দৃষ্টিটা চিনি জান্থ, আজ আমার জিভে বাধলে চ'লবে না বলেই বলছি, আমার মেয়েকে নিয়ে যে ওর দৃষ্টিতে পাপ নেই এটা আমি তোকে দিব্যি ক'রেই বলতে পারি। আমার মেয়ে, আমায় তো চোখ খুলেই রাখতে হ'য়েছে অষ্টপ্রহর এই একটা বছর। ও কি চায় জানি, কিন্তু সেই সঙ্গে এও জানি ও কিভাবে চায় সেটা।"

জাহ্নবী আবার ব্যথিত দৃষ্টিতে মুখের পানে চাহিয়া বলিল—"মা!..."

নারায়ণী স্নেহভরেই দৃষ্টি নত করিয়া বলিল—"না মা, আমি আর কিছুই তোকে বলছি না। যেদিন থেকে বুঝলাম ও হবার নয় সেদিন থেকে তোকে তো বলিও নি আর কিছু। তবে বুঝেছি অন্যায় হচ্ছে, যা ক'রেই হোক আমাদের হোতেই ব্রজর জীবনটা নষ্ট হচ্ছে। তাই বেরিয়েছি; বাবার উপর অন্যায়, তার ওপর এই অন্যায়—এ দুটো অন্যায়ের চাপ আমার আর সইছে না জান্থ, একে তো কত পাপই না ক'রেছিলাম আর জন্মে যার জন্তে..."

এতক্ষণ একটানা বেশ বলিয়া আসিতেছিল, এইটুকু বলিতে গলাটা হঠাৎ ধরিয়া আসায় নারায়ণী চুপ করিয়া গেল।

নিস্তব্ধ শেষ-যাম রাত্রি, আকাশের সেই তরল মেঘাবরণ একটু গাঢ় হইয়া জ্যোৎস্নাটাকে আরও মলিন করিয়া তুলিয়াছে। এই বিষন্ন শান্তির মধ্যে অপরিসীম একটা বিক্ষোভের ঝড় বুকে লইয়া জাহ্নবী মৌনভাবে সামনে চাহিয়া বসিয়া রহিল। তাহার জীবন, আজ সমস্ত দিনের অভিজ্ঞতা, তাহার পর রাত্রির এই রূপকথা যাহা সমস্ত জীবনটাকেই অর্থহীন, অবলম্বনহীন, শূন্যময় করিয়া দিল, —সব মিলিয়া মনে একটা অদ্ভুত অসাড়তা আনিয়া দিয়াছে; চিন্তাটা যে কোথায় আরম্ভ করিবে, কি প্রশ্ন দিয়া আবার প্রসঙ্গটা তুলিবে ভাবিয়া পাইতেছে না। কিন্তু অভিভূত হইতে দেয় না নিজেকে। ক্রমাগত একটার পর একটা সমস্যার মাঝখানে পড়িয়া এইটাই ওর চরিত্রগত হইয়া পড়িয়াছে।

বরং গল্পটা শোনার মাঝে যেটুকু ভাবাবেশ আসিয়া পড়িয়াছিল, সেইটুকুও নিঃশেষে মুছিয়া ফেলিল মন থেকে; যাহা শুনিল, যাহা বলিবার, চেষ্টা করিয়া সব একটার পর একটা গুছাইয়া লইল, তাহার পর প্রশ্ন করিল—"কিন্তু মা, আমরা কে? এমন অদ্ভুত মিলই, বা কি ক'রে হোল দাদুর মেয়ে-নাতনির সঙ্গে?"

"মিলটা নেহাৎই ভগবানের দয়া জাহ্নবী আগেই বলেছি তোকে; সেদিনের সবটুকুই দয়া তাঁর, ঐ গাড়িতে আমি উঠব, ঐ গাড়িতে বাবা তাঁর মেয়ের কথা বলে ভিক্ষে করবেন,—তাঁর দয়া না হ'লে কি করে এটা হয় মা? তবে মিল কি সত্যিই এতটা? অন্ততঃ তোর বয়স নিয়ে একটু গোল বেধেছিল, তারপর আমাদের চেহারা নিয়েও নিশ্চয়ই আছে গরমিল, সব খুঁত কিন্তু ঢেকে গেল চোখ নেই ব'লে বাবার। এও ভাবি আমাদের বাঁচাবেন বলেই যেন ভগবান আগে থাকতে বাবাকে মেরে রেখেছিলেন অমন দেবতুল্যি মানুষ!···আরও অমিল আছে জাহ্নবী, বাবার মেয়ে এয়োস্ত্রী, স্বামী সন্নিসী হয়ে বেরিয়ে গিয়েছিল, আমি বিধবা···"

"তাহ'লে আমি মা!"—উগ্র আতঙ্কে জাহ্নবী মাকে জড়াইয়া তাহার মুখের পানে চাহিয়া রহিল,—যেন কী শুনিবে, কত বড় বাজ মাথার ওপর ভাঙিয়া পড়িবে এখনই!

নারায়ণী বাঁ হাতে কন্যাকে জড়াইয়া নিবিড় স্নেহে বুকে চাপিয়া ধরিল, বলিল—"ভয় নেই মা, তোকে কোলে নিয়েই আমি বাড়ি থেকে বেরিয়েছিলাম; বেরুতে হয়েছিল—এর বেশি তোর জানবার দরকার নেই, মানুষের ওপর মন তোর আরও বিষিয়ে যাবে তা'হলে। তারপর থেকে আমি কি করে নিজেকে বাঁচিয়ে পালিয়ে পালিয়ে বেড়িয়েছি তুই জানিস, আর সেইটেই তোর মায়ের আসল পরিচয় জাহ্নবী। যাক, এটাও ছিল আমার একটা পাপের বোঝা মা, এই কপালের সিঁদুর, আমি এ বোঝাও আজ নামিয়ে দিয়ে তবে বেরিয়েছি, এই দেখ আমার কপাল।"

চিন্তার আবর্ত উঠিয়াছে জাহ্নবীর মনে, চেষ্টা সত্ত্বেও অভিভূত হইয়া পড়িতেছে, এক রাত্রে একসঙ্গে কতজনকে হারাইল! পিতা একজন ছিলেন স্বপ্নে, সে-স্বপ্নও মায়ের ললাট থেকে গেল মুছিয়া।

গেল যাক, জাহ্নবীকে আবার বাস্তবের মুখোমুখি হইয়া জাগিয়া উঠিবার শক্তি দাও হে ভগবান!···একটি প্রার্থনা, একটি সঙ্কল্প লইয়া জাহ্নবী নির্বিকার নৈশ আকাশের দিকে চাহিয়া রহিল। এত কথার মধ্যে শুধু একটা জিনিস ওর মনে দাগ কাটিয়া বসিয়া গেছে—নারীর বৈধরূপ—পুরুষের সমাজে; এতদিন এমন প্রত্যক্ষ মূর্তিতে এটা চোখে পড়ে নাই তো! একটা যেন নূতন আবিষ্কার আবার।

নিঃশব্দ প্রহর বহিয়া চলিয়াছে। এক সময় জাহ্নবী মায়ের আলিঙ্গন থেকে বাহির হইয়া আসিল, বলিল—"তুমিও যেমন আমায় বাধা দাওনি মা, আমিও দোব না; আর কিছু না হোক, দাদুর মুখ চেয়েও। কিন্তু যাবে কোথায়? কার কাছে? একটা বোধ হয় ভুল করছ মা—এই যে যোগাযোগ ভগবান ঘটিয়ে দিয়েছিলেন, দাদুর মধ্যে দিয়ে, এ জিনিষ কি দুবার আসে জীবনে? অথচ ঐটেই যেন তোমার ভরসা,—খুঁজতে খুঁজতে এমনি করে তাঁদেরও যাবে পেয়ে নয় কি? বলনা।"

নারায়ণী উত্তর করিল—"সে আশাও যে নেই তা বলব না জানু: তবে আমি খুঁজব। আমার একটা বিপদ কেটে গেছে মা, রূপ—মস্ত বড় একটা বাধা পথ থেকে সরিয়ে দিয়েছেন ভগবান, আমি নিশ্চিন্দি হ'য়ে খুঁজে বেড়াব তোর দাদুর মতোন···"

"ওঁর সাত বছর লেগেছিল, তার পরেও যা পেলেন তা ফাঁকি।"

"তা আর বুঝি না?—ফাঁকি তো আমিই দিলাম। কিন্তু এভিন্ন উপায় নেই মা, অনেক ভেবে দেখেছি। অবিশ্যি ব্রজর যে কিছু ক'রতে পারব সে ভরসা নেই—কি ভাবে আছে সে-মেয়ে, আছে কিনা—থাকলে কতদিন লাগবে···"

"আমি বলছিলাম মা…"

নারায়ণী ব্যগ্র মিনতিতে চাহিয়া বলিল—"না মা, আর পেছু ডাকিস নি জাহ্নবী, তোর দাদুর কথা ভেবেও।"

নারায়ণী উঠিয়া দাঁড়াইল। জাহ্নবীও সঙ্গে সঙ্গে উঠিয়া তাহার আঁচল ধরিল, কহিল—"পেছু আমি ডাকছি না মা, শুধু বলছি উপায় একটা যদি ভালো থাকে এর চেয়ে…"

কথাটা শেষ করিবার আগেই জাহ্নবীর দৃষ্টি বাড়ির দরজায় নিবদ্ধ হইয়া গেল, শিশুর মতোই উৎকট ভয়ে নারায়ণীকে জড়াইয়া ধরিয়া বলিয়া উঠিল, —"মা, ওকি!"

আজ ভূত দেখিবার পালা জাহ্নবীর; দরজার পাল্লা দুইটা অল্প ঠেলিয়া সেই অবকাশ পথে সমস্ত শরীরটা চাপিয়া একটা স্ত্রীমূর্তি—কঙ্কাল মূর্তি বলা ঠিক—জলন্ত ভাঁটার মতন দুইটা চক্ষু দিয়া অপলক দৃষ্টিতে তাহাদের পানে চাহিয়া আছে।…চিনিতে অবশ্য দেরি হইল না, "পিসিমা!"—বলিয়া নারায়ণী তাড়াতাড়ি ছুটিয়া গেল, জাহ্নবীও সঙ্গে গিয়া দাঁড়াইল।

"কি ক'রছিস তোরা?…মায়ে…ঝিয়ে এখানে…এত রাত্তিরে!"—অন্নদা-ঠাকরুণ কথা কহিল যেন বুকের মধ্যে কোথাও। গলা একেবারে বসিয়া গেছে, হাঁপাইতেছে, বলার চেষ্টাতে চোখ ঠেলিয়া ঠেলিয়া আসিতেছে, ঠোঁট দুইটা ফাঁক হইয়া গিয়া জিভটা একটু ঝুলিয়া পড়িয়াছে। হাত দুইটা আলগা হইয়া টলিয়া পড়িয়া যাইতেছিল, দুইজনে ধরিয়া ফেলিল, গায়ের উত্তাপ অনুভব করিয়াই নারায়ণী কপালে হাত দিয়া বলিল উঠিল—"গা যে পুড়ে যাচ্ছে তাতে পিসিমা! এ কি, কখন উঠলে? নামতে গেলে কেন?"

অন্নদাঠাকরুণের সেই মনের রোগ—সুন্দরী ভাইঝি আর নাতনির রূপের আতঙ্ক। আজকাল অন্ন চিন্তা গেছে, বাড়ির চিন্তা আপনি না যাক তাড়াইয়াছে মন থেকে, এখন একমাত্র চিন্তা নারায়ণী আর তাহার মেয়ের রূপ। এই ওর মনের উপজীব্য এখন। রাত্রে এই চিন্তা লইয়া নিদ্রা যায়, ঘুম ভাঙিয়া গেলে

ঘাড় তুলিয়া দেখে, হাত বুলায়—আছে তো নারায়ণী যথাস্থানে ?···এক একদিন ডাকিয়া তোলে, বলে—"দেখতো, ও-ঘরে জামু যেন ডাকলে—হয়তো আমারই ভুল, তবু দেখ একবার···"

—খবর লয় আছে কি না।

আজ দেখিল নারায়ণী নাই। একটু অপেক্ষা করিল, নারায়ণী না ফেরায় উঠিয়া বসিল। উগ্র কৌতূহলে একটা অদ্ভুত উৎসাহ আসিয়া গেছে মনে, বিকৃত মনে একটা যেন বিকৃত উল্লাসই, কেননা সন্দেহ ফলিয়া যাওয়াও তো একটা সফলতাই নিজের, তা সে যে-সন্দেহই হোক না কেন।···আরও একটু বসিল, শরীরটা কাঁপিতেছে, তাহার পর চৌকি হইতে নামিয়া সোজা দরজার কাছে গেল। একটু দাঁড়াইতে হইল, শরীরটা আরও কাঁপিতেছে, গাটাও একটু একটু সির সির করিতেছে। কিন্তু পায়ে যেন সমস্ত শরীরের জোর গিয়া নামিয়াছে। ভেজানো দুয়ার খুলিয়া বাহিরে আসিল, পাশেই অম্বিকাচরণের ঘর, দুয়ারে হাত দিতেই অল্প খুলিয়া গেল। একটু থামিল অন্নদাঠাকরুণ, কিন্তু কি ভাবিয়া আর প্রবেশ করিল না, ডাকিলও না কাহাকেও, হয়তো একটা কথা ছাড়িয়া আর কিছু ভাবিবার শক্তিও হারাইয়া ফেলিতেছে ; এদিকে যেমন শুধু আছে চলার শক্তিটা। খুঁজিয়া বেড়াইতে লাগিল—রান্নাঘর, তাহার পাশের ঘর, ওদিকে ছোট দেয়ালটার আড়াল ; এদিকে আসিয়া উঠানে নামিল, দুইটা বাড়ির মাঝখানে সেই টিনের দেয়াল—আগাগোড়া দেখিয়া গেল ; কোথায় একটা ফুলগাছের ঝোপ আছে—দুইটা বাড়ির মাঝের সেই গলিটা—নিশিতে পাওয়ার মতো করিয়া ঘুরিয়া বেড়াইতেছে—দেয়াল ধরিয়া ধারয়া মাঝে মাঝে বসিয়াও পড়িতেছে, শরীরটা ক্রমেই অবসন্ন হইয়া আসিতেছে, তাহার পব আবার মনে পড়িতেছে দেরি করিলে চলিবে না—কোথায় গেল নারায়ণী ?—হয়তো মায়ে-ঝিয়েই !···

প্রায় ঘণ্টাখানেক এইভাবে বাড়িটার মধ্যে ঘুরিয়াছে অন্নদাঠাকরুণ, এক চলার তাগিদ আর খোঁজার তাগিদ ছাড়া কিছুর চেতনা যেন আর নাই , ত াও

কি জন্ম চলা আর কি খোঁজা সেটুকুও মন থেকে মুছিয়া যাইতেছে মাঝে মাঝে। তাহার পর এক সময় হঠাৎ বাহিরের কথা মনে পড়িয়া গেল, উঠিয়া বসিয়া, দেয়াল ধরিয়া অন্নদাঠাকরুণ সদর দরজায় আসিয়া দাঁড়াইল, সেইখান থেকে শানের বেঞ্চে দুজনকে দেখিয়া সমস্ত স্মৃতি আবার জোয়ারের বেগে আসিয়া পড়িয়াছে।...কিন্তু তখন দেহের শক্তিতে একেবারেই ভাঁটা, পা ওঠে না, কণ্ঠে স্বর নাই ; মনের সমস্ত আবেগ দুটি চোখে জড়ো করিয়া, প্রাণপণে দরজার দুইটা পাল্লা চাপিয়া ধরিয়া অন্নদাঠাকরুণ পক্ষাঘাতগ্রস্তের মতো বাহিরের দিকে চাহিয়া রহিল।

স্মৃতিচৈতন্তেরও এই ছিল শেষ বিকাশ, মায়ে-ঝিয়ে তাহাকে অচৈতন্ম অবস্থাতেই লইয়া গিয়া বিছানায় শোয়াইয়া দিল। জাহ্নবীই ছুটিয়া গিয়া ব্রজলালকে তাহার ঘর থেকে ডাকিয়া আনিল। ডাক্তার আসিল, মৃত্যুর সঙ্গে যুঝিবার সব আয়োজনই হইল জড়ো, সকলেই করিল প্রাণপণ ; কিন্তু অন্নদা-ঠাকরুণের চৈতন্ম আর ফিরিয়া অসিল না। দিনের আলোর সঙ্গে সঙ্গে সব শেষ হইয়া গেল।

আটত্রিশ

জীবন আবার পূর্বের মতোই বহিয়া চলিল।

অন্নদাঠাকরুণের অবর্তমানে নারায়ণীর আর বাহিরে পা বাড়ানো চলিল না। জাহ্নবীরও ব্রজলালের গতিবিধির সমালোচনা বন্ধ রাখিতে হইল আপাততঃ ; অন্ততঃ প্রকাশ্যে। "ও যে কত নীচ তুমি জান না মা"—বলিয়া যে প্রসঙ্গটা আরম্ভ করিয়াছিল সেটা আর উত্থাপন করা চলিল না। মায়ের কাছে নিজেদের জীবনের ইতিবৃত্ত শুনিয়া জাহ্নবী হঠাৎ যেন একটি নূতন জগতের সামনে আসিয়া পথ হারাইয়া ফেলিয়াছে, অন্নদাঠাকরুণও সঙ্গে সঙ্গে অপসৃত হওয়ায় আরও

যেন অসহায় হইয়া পড়িল, এ অবস্থায় ভালো হোক মন্দ হোক সেই পুরাণোকেই জড়াইয়া থাকা ভিন্ন উপায় রহিল না। এও বুঝিল যে অন্নদাঠাকরুণের মৃত্যুতে নারায়ণী যে সঙ্কল্পটা আপাতত পরিহার করিল তাহার নিকট নূতন করিয়া অল্প কিছু আঘাত পাইলেই সেটা আবার জাগিয়া উঠিবে। কিছু প্রকাশ না করিয়া মনে মনেই এ যেন মায়ে-ঝিয়ে একটা রফা হইয়া রহিল।...একদিক দিয়া দেখিতে গেলে, অম্বিকাচরণ যে ওর নিজের মাতামহ নয় এই ব্যাপারটুকু ওদের সমস্ত জীবনটাকে আপাতত নিয়ন্ত্রিত করিতে লাগিল।

শোকটাও বড় কঠিন হইয়া লাগিয়াছে। কেহ না হইয়াও অন্নদাঠাকরুণ যে কত বড় আত্মীয় ছিল, রোগশয্যালগ্ন হইয়াও যে কত বড় অবলম্বন, অভাবের মধ্যে সেটা আরও ভালো করিয়া বুঝিল দুজনে। এই গভীর শোকের পাশে বড় সঙ্কল্পই, উদার সব পরিকল্পনাই যেন নিতান্ত অকিঞ্চিৎকর বলিয়া মনে হইতে লাগিল—উভয়েরই।

এ ছাড়া আছে অম্বিকাচরণ ; কি যে একটা করুণ দৃশ্য চাহিয়া দেখা যায় না। দিদিকে আগলাইয়া বসিয়াছিল, এখন যেন অভ্যাসের বশেই চৌকির সেই জায়গাটিতে চুপ করিয়া বসিয়া থাকে ; কাজের মধ্যে ঘোরাফেরা করিতে করিতে নারায়ণী হয়তো শোনে একটি গাঢ় দীর্ঘশ্বাস পড়িল ; কি করিবে, কি বলিয়া মনটা অন্যদিকে লইয়া যাইবে যেন নিজেই বুঝিতে পারে না। একদিন জাহ্নবী আফিস থেকে আসিয়া নিজের ঘরে যাইবার পথে দরজা দিয়া দেখিল, অন্নদাঠাকুরুণ যেখানটায় শুইয়া থাকিত, অম্বিকাচরণ হাত দিয়া আস্তে আস্তে সেই জায়গাটা অনুভব করিতেছে। মনে হইল বসিয়া বসিয়া হয়তো তন্দ্রার ঘোর আসিয়া গিয়াছিল, হয়তো অর্ধস্ফুট একটা স্বপ্ন মনের ওপর ছায়া বুলাইয়া গিয়াছে, দিদি যে নাই এটাতে একটা ক্ষণিক সন্দেহ আসিয়া গেছে। আগাইয়া গিয়া অনুযোগের কণ্ঠে বলিল—"তোমায় একটু বাইরে গিয়ে বসতে বলি দাদু—পুকুর ধারটায় বেশ ঠাণ্ডা এখন...বিছানায় হাত বুলোলে ফিরবে দিদিমণি ?"

অম্বিকাচরণ অপ্রতিভভাবে হাতড়াইয়া নামিয়া পড়িল চৌকি থেকে, যেন কত বড় একটা গোপন অপরাধ ধরা পড়িয়া গেছে; একটু হাসিয়া বলিল "দেখো!...হাত বুলুচ্ছিলাম কে বল্লে?...দেখছিলাম সোজা ঐ দিক দিয়েই যদি নেমে যাই..."

এই সব মর্মন্তুদ দৃশ্যের কাছে স্ত্রী-পুরুষগত, সমাজগত বড় বড় সমস্যাগুলা নিতান্তই ক্ষুদ্র, নিতান্তই অবান্তর বলিয়া মনে হয়; বাড়ির চতুঃসীমা ছাড়িয়া মনটা আর বাহির হইতে চাহে না।

কিন্তু শোকও তো স্থায়ী নয়, কুয়াশার মতো এক সময় জীবনকে আচ্ছন্ন, অবসাদগ্রস্ত করিয়া রাখিয়া আবার ধীরে ধীরে স্পষ্ট হইয়া উঠিতে লাগিল,—একটা ক্ষণিক অস্বচ্ছতার পর বোধ হয় আরও বেশি করিয়া স্পষ্ট। সর্বপ্রথমে দৃষ্টি গেল অম্বিকাচরণের দিকেই,—তাহার মেয়ে-নাতনিকে আনিয়া দিতে হইবে। এও বড় মর্মান্তিক, বড়ই কঠিন, একেবারে নিজের মর্ম ছেঁড়াই তো; আত্মহত্যা! কি ক্ষতি? এই চলুক না; মিথ্যা সম্বন্ধ তো সত্যের আসনেই প্রতিষ্ঠিত এখন, কাজ কি তাহাকে সেখান থেকে টানিয়া নামাইয়া? তা' ভিন্ন যদি পাওয়াই যায় তাহাদের তো তাহার প্রভাব অম্বিকাচরণের মনের উপর কি রকম হইবে—এই একদিকে পাওয়া একদিকে হারাণো; এই হরিষে-বিষাদ।

কিন্তু এসব চিন্তার মধ্যেও স্বার্থের গন্ধ আছে। জাহ্নবীর মন তাহার উর্ধ্বেই, ভাবিয়া চিন্তিয়া একটা উপায় বাহির করিল—

ইংরাজী-বাংলা কয়েকখানি নামকরা কাগজে বিজ্ঞাপন দিয়াছিল; পোষ্ট বাক্স দিয়া, অর্থাৎ ঠিকানাটা গোপন রাখিয়া। একটা পুরস্কারও ঘোষণা করিয়া দিল, মা ও মেয়ের যদি কাগজের সঙ্গে যোগসূত্র না থাকে তো অপরের চোখে পড়িলেও সন্ধান দিবে। অবশ্য এসব নিতান্তই যোগাযোগের কথা। দু'দিনেও হইতে পারে, দু'বছরেও, আবার হয়তো সারা জীবনেও নয়। কিন্তু অম্বিকাচরণের মতো পথে ঘাটে খুঁজিয়া বেড়াইবার চেয়ে

তো ভালো উপায়, নারায়ণীর পক্ষে যাহা আরও শক্ত, আরও বিপদসঙ্কুলই হইয়া উঠিত।

নারায়ণীকে বলিল কথাটা। সে যে খুব উৎসাহিত হইল এমন মনে হইল না, সবতাতেই নিরাশ হইয়া হইয়া কেমন একটা অবসাদ আসিয়া গেছে জীবনে, বলিল—"ও পাপ আমার ঘাড় থেকে নামবার নয় জাহ্নবী, তা' না হলে পিসিমা এমন কোরে হঠাৎ মারা যেতেন না। তবু দেখ্ চেষ্টা ক'রে, আমার মেয়ে বলতেও তুই, ছেলে বলতেও তুই, মায়ের দায় তোকেই তো তুলে নিতে হবে?"

ইতিমধ্যে দুইটা জিনিস হু হু করিয়া বাড়িয়া চলিয়াছে—দুর্ভিক্ষ আর ব্রজলালের কারবার। দুইটার সঙ্গে কোন সম্বন্ধ নাই, তবু এমন হাত ধরাধরি করিয়া তালে তাল দিয়া চলিয়াছে যে জাহ্নবীর মনে হয় বাহ্যিক না হোক আত্মিক একটা যোগ আছেই দুইটাতে—এই দুর্ভিক্ষ আর কারবারে, ব্রজলালের কারবারটা যাহার নিদর্শন। যেদিন কাগজে পড়িল প্রায় ত্রিশ লক্ষ মানুষ দুর্ভিক্ষের কবলে পড়িয়া প্রাণ হারাইয়াছে, তাহার দু'একদিন এদিকে ওদিকে চালের গুদাম তৈয়ার করিয়া দিবার হাজার ত্রিশের কাজটা পাইয়া গেল ব্রজলাল। কাজ বাড়ার জন্যই যেদিন সকালে ব্রজলালের নূতন কেনা লরি দুইটা আসিল, সেইদিনই বিকালের কাগজে জাহ্নবী পড়িল একটি পুরুষ শিশু-কন্যা কোলে লইয়া একটা মিলিটারি খাদ্য-সরবরাহ ট্রাকের সামনে ঝাঁপ দিয়া প্রাণ দিয়াছে। এই রকম সব মাঝে মাঝে এক একটা মিল—যুক্তিগত কার্যকারণ সম্বন্ধ কিছুই নাই, তবু একটা অশুভ সাদৃশ্য যেন কোথায় আছেই, মনটা ছ্যাঁৎ ছ্যাঁৎ করিয়া ওঠে।

তবে দুর্ভিক্ষের জন্য নিজে আর কিছু করে না, প্রথম ঝোঁকেই যা' দু' এক জায়গায় কিছু পাঠাইয়া দিয়াছিল, সেই পর্যন্ত। এখন শুধু পড়েই, চোখ চাহিয়া দেখে, তাহার পর চুপ করিয়া থাকে আর ভাবে। কিছু করে না তাহার কারণ এই বিপুল সঙ্কটের সামনে এক নিজেকে সম্পূর্ণভাবে উৎসর্গ করা ভিন্ন আর সবই যেন নিতান্ত অকিঞ্চিৎকর, হাস্যকর বলিয়া মনে হয়।

তাহা যখন হইবার নয়, তখন থাক্। একটা নিরুদ্ধ অভিমানও আছে, অবস্থার ওপর, মায়ের ওপর, দাদুর ওপর, দিদিমণির ওপর—কাহার ওপর নয়? এদের পর যাহার সঙ্গে সম্বন্ধ অর্থাৎ ব্রজলাল, তাহার ওপর আছে ঘৃণা শুধু; আর প্রকাশ করিবার উপায় নাই বলিয়া ক্রমেই সেটা অন্তর্গূঢ় হইয়া উঠিতেছে, ব্রজলালের সর্বাঙ্গ উপচাইয়া অন্য সব পুরুষের ওপর গিয়া পড়িতেছে—এরা কী! নরভুক!—তাহাদের চেয়েও অমানুষ—ভিক্ষা পর্যন্ত করিতে দিবে না—নিজের গাড়ি দিয়া মরণের একেবারে দোরগোড়ায় বসাইয়া আসিবে।

ব্রজলালও একদিন আবার ওপরে আসিল এই সময়, অন্নদাঠাকরুণের মৃত্যুর প্রায় মাসখানেক পরের কথা। এবার আর চিঠি দিয়া নয়, তবে ঘরে প্রবেশ করিবার আগে সিঁড়ি থেকেই প্রশ্ন করিল—"ভিতরে আসতে পারি জাহ্নবী দেবী?"

মিলিটারী একটা বড় সাহেব এখানকার ছাউনিতেই মারা যাওয়ায় আফিস সকাল সকাল ছুটি হইয়া গেল। জাহ্নবীর কিছু কাজ বাকি পড়িয়া গিয়াছিল, সেইগুলাই সারিয়া লইবে বলিয়া কাগজপত্র গুছাইতে ছিল, একটু বিমূঢ়-ভাবেই চোখের কোণে চাহিয়া বলিল—আসুন।...ডাকলেও তো পারতেন, কষ্ট না ক'রে..."

—আর কিছু না বলিবার কঠিন সঙ্কল্প করিয়াই যেন আবার নিজের কাজে মন দিল। একটু বাঁধ ভাঙিলে আর সামলাইতে পারিবে না নিজেকে। ব্রজলাল আসিয়া সোফাটায় গা এলাইয়া বসিল, সামনের চুলের গুচ্ছ মুঠায় খামচাইয়া ধরিয়া বলিল—"কোন কাজ নেই, শুধু বড্ড টায়ার্ড, সিম্প্লি!..মাথাটা যেন ঘুরছে। আপনার ঘরে একটু যদি বসতে দেন, নিচে থাকলেই আবার..."

জাহ্নবী বেশ সংযত হইয়া গেছে, অন্তরটাকে বাহির থেকে দূরে সরাইয়া দিয়াছে, একটু হাসিয়া বলিল—"মাথার যে ঠিক নেই, বিশ্বাস করতে পারি, ভুলে যাচ্ছেন ঘরটা আপনারই।"

ব্রজলাল সোফার পিঠেই মাথাটা একটু ঘুরাইয়া চাহিল, তাহার পর কৌতুকভরে একটু হাসিয়াই উত্তর দিল—"ভুলে যাচ্ছেন যে আমি উড়ে এসে জুড়ে ব'সেছি, আপনাদের বেদখল ক'রে।"

এবারেও সামলাইয়া লইল জাহ্নবী, গায়ে মাখিল না শ্লেষটুকু, তবে উত্তরে একটু খোঁচা রাখিয়াই দিল, বলিল—"নিরুপায় যারা তারা সত্যি কথাগুলোও যত শীগ্‌গির ভোলে ততই ভালো নয় কি ?"

ব্রজলাল হাসিয়া চুপ করিল ; হয় কথাটার উত্তর জোগাইল না, না হয় ইচ্ছা করিয়াই দিল না উত্তর। আজ সে হঠাৎ আসে নাই ওপরে, সেই বর্ষার দুপুরের মতো ; আজকের আসা অনেক দিন ভাবিয়া চিন্তিয়া আসা। অন্নদা-ঠাকরুণ যাবার পর সংসারটাতে যে পরিবর্তন হইল, জাহ্নবীর মনে তাহার কি প্রভাব হইল, ভালো করিয়া একবার জানা দরকার। বাহিরে বাহিরে যতটা দেখে ব্রজলাল, তাহাতে মনে হয় অনেকখানি নরম হইয়া গেছে জাহ্নবী, যেন অবস্থাকে, নিজের অদৃষ্টটাকে মানিযা লইয়াছে। এর দ্বারা ওর চেহারায় যে একটা বিষন্ন শান্তি ফুটিয়া উঠিয়াছে, তাহা ব্রজলালকে যেমন একদিকে খানিকটা নির্ভয় করিয়া দিয়াছে, অন্য দিকে নিতান্তই নারীসুলভ একটি সৌন্দর্যকে বিকশিত করিয়া নূতনভাবে, আবও নিবিড়ভাবে আকৃষ্ট করিয়াছে—যে-সৌন্দর্য অসহায়তার মধ্যে, নির্ভরশীলতার মধ্যে ; পুরুষের পৌরুষ জাগাইয়া যে-সৌন্দর্য তাহার ভালবাসাকে আরও নিবিড় করিয়া তোলে।

একটা ব্যাপার দুজনের মধ্যে নূতন আর একটা খুব বড় অন্তরায় হইয়া দাঁড়াইবে বলিয়া ভয় হইয়াছিল এক সময়ে,—এই দুর্ভিক্ষের ব্যাপারটা ; কিন্তু অন্নদাঠাকরুণ মারা যাওয়ার পর এ সম্বন্ধে আর একটি কথাও বলে নাই জাহ্নবী। এমন কি হইতে পারে না যে, যেমন নিজের কাজের ভিড়ে ব্রজলালের ওদিকে নজর দিবার অবসর নাই, তেমনি নিজের দুঃখ-ধান্ধার মধ্যে জাহ্নবীও ওসব সেবা-পরিচর্যাকে চিত্তের বিলাস বলিয়াই মনে করে এখন ?

মোট কথা এই নূতন পরিস্থিতির মধ্যে ব্রজলাল একবার নূতন করিয়া নিজের অদৃষ্ট পরীক্ষা করিতে চায়। অনেকদিন থেকেই সুযোগ খুঁজিতেছে, আজ পাইয়া গেল একটু। তা' ভিন্ন আজ সত্যই সে বড় ক্লান্ত আর অবসন্ন; মনটা একটি নীড়ের জন্ত ব্যাকুল হইয়া উঠিয়াছে, সে অপরের আশ্রয় হইবে কি, নিজেই একটু আশ্রয়ের সন্ধানে উঠিয়া আসিয়াছে।

কথাবার্তা আরম্ভ হইয়া যে-পথ ধরিল সে-পথে আর অগ্রসর হইতে দিল না ব্রজলাল, কে জানে, বিপদ থাকিতে পারে। মুঠো দুইটা মুখের ওপর জড়ো করিয়া স্তব্ধভাবে সোফায় এলাইয়া পড়িয়া রহিল। ভাবিতেছে কি করিয়া নূতন বক্তব্যটা আরম্ভ করিবে। আজ একটু বেশি সাহস করিয়া আসিয়াছে ও, বেশি সাহস করিয়া পড়িয়াও রহিল; আফিস ছুটি, একটি ঘরে শুধু সে আর জাহ্নবী, বিলম্ব হইয়া যাইতেছে, এমন কি আড়ম্বর করিয়া কাগজপত্র গোছানোর মধ্যে জাহ্নবীর যে একটু বিব্রত হওয়ার ভাব ফুটিয়া উঠিতেছে—ভাবিয়াও ভাবিল না।

অনেকক্ষণ এইভাবে থাকিয়া এক সময় বলিল—"অনেক দিন থেকে একটা কথা আপনাকে বলব মনে করছি, সেইজন্তেও এলাম আজ, যদিও এটা ঠিক যে আজ আমি বেশি ক্লান্তও হয়ে পড়েছি, তাই নিরিবিলির জন্তে চলে এলাম ওপরে।"

জাহ্নবী লিখিতেছিল, লিখিতে লিখিতেই বলিল—'বলুন'।

—"একটা জিনিষ লক্ষ্য করেছি, আপনার চোখে নিশ্চয়ই আরও বেশি ক'রে পড়েছে,—দিদিমা মারা যেতে দাদু বড্ড একলা প'ড়ে গেছেন, বিশেষ করে এই দুপুর বেলাটায়…"

"তা গেছেন বৈকি!"

আমরা এ সম্বন্ধে তাঁকে একটু সাহায্য করতে পারি; বই পড়ে, গল্প করে, আর কিছু নয় তো শুধু কাছে ব'সে থেকেও; মাসিমা আর কতটুকুই বা পারেন?"

"আপনার সময় কোথায় ?"

"একেবারেই নেই, যমে ডাকলেও এখন যেতে পারব না, তাই আপনাকে বললাম, আপনার দ্বারস্থ হয়েছি বলতে পারা যায়।"

দু'একটা কথায় যা উত্তর দিতেছিল জাহ্নবী, সেটুকুও বন্ধ হইয়া গেল।

একটু প্রতীক্ষা করিয়া ব্রজলাল তাগাদা দিল—"কিছু বললেন না তো।"

"কি বলা চলে আপনিই বলুন না। তার মানে আপনি আমায় এখানকার কাজ ছেড়ে দিতে বলছেন; কিন্তু কাজ ছেড়ে দিলে আমাদের এই বাড়িও যে ছেড়ে দিতে হয় সে কথাটা ভুলে যাচ্ছেন কেন ?"

এবার ব্রজলালকেই চুপ করিতে হইল; কিন্তু কথাটা চালাইয়া যাইবারও গরজ তাহারই; একটু থামিয়া ব্যথিত স্বরে বলিল—আপনি সেই পুরাণো কথাই ধরে বসে আছেন জাহ্নবী দেবী, কিন্তু চাকরি করার কী এমন দরকার ? বলবেন—আমিও তো সেই পুরাণো প্রশ্নই করলাম; কিন্তু সে প্রশ্নের উত্তর যে আমি এখনও পাইনি, যা বলেছেন তা অভিমানে বা রাগে। এ রাগ আর অভিমান আপনার মিটবে না ?...এই দেখুন না, আমি দাদুর হ'য়ে ওকালতি ক'রতে এলুম, তাঁকে সঙ্গ দেবেন কি, আমার কু-সঙ্গই ছেড়ে চ'লে যেতে চাইছেন। অথচ আমি যে কত একা, মাত্র কাজকে সঙ্গী করে বেঁচে থাকা যে কী অসহ্য তা আপনাকে কি ক'রে বোঝাই আমি ?"

জাহ্নবী একটুও নরম হইল বলিয়া মনে হইল না, কলমটা থামাইয়া বলিল—"একথাটা বোধ হয় ঠিক নয় ব্রজবাবু, এমন জীবনও তো থাকতে পারে কাজই যার একমাত্র সম্বল, কাজ না হ'লে যে একমুহূর্তও বাঁচবে না, শুধু খাওয়া পরার দিক দিয়ে নয়; অন্য দিক দিয়েও··"

"আপনার কথা ব'লছেন ?...আমার বড় আশ্চর্য লাগে জাহ্নবী দেবী, কী এমন আপনার···কিন্তু যাক, সে জানবার অধিকার নেই যখন আমার। কিন্তু কাজ মানে যে চাকরিই এমন কিছু কথা আছে কি ?"

"আর কি করব? খাওয়া-দাওয়া, তারপর দাদুর সঙ্গে ব'সে ব'সে গল্প করা?···সেটা খুব পুণ্যের কাজ নিশ্চয়, কিন্তু···"

পুণ্যের কথাতেই ব্রজলাল সচকিত হইয়া উঠিয়া বসিল; ক্লান্ত চোখ দুইটা দীপ্ত হইয়া উঠিয়াছে, একটা মস্ত বড় সমস্যা হঠাৎ মিটিয়া যাওয়ায় সমস্ত মুখটাও আনন্দে উদ্ভাসিত হইয়া উঠিয়াছে, বলিল—"ঠিক হয়েছে, কাজ তো র'য়েছে জাহ্নবী দেবী, আপনার মনের মতন, আপনার যুগ্যিও, আপনি তাই করুন, তাতে আনন্দ আছে, মর্যাদা আছে, তাতে ··"

জাহ্নবী কলম ছাড়িয়া এমনভাবে ঘুরিয়া চাহিল যে ব্রজলালকে হঠাৎ থামিয়া যাইতে হইল; অনাসক্ত কণ্ঠে প্রশ্ন করিল—"কি কাজ ব্রজবাবু? দুর্ভিক্ষের নাকি?"

উত্তরটা যেন ব্রজলালের কণ্ঠে আটকাইয়া গেল। জাহ্নবী বলিল—"যদি তাই হয় তো দুরকমভাবে সেটা করা যেতে পারে; এক, কাজটা আপনার অর্থাৎ আপনি পুণ্যি অর্জন করছেন, আমি সাহায্য করছি তাতে; কিম্বা কাজটা আমার, আপনি টাকাকড়ি দিয়ে, অন্য নানারকম সুবিধে ক'রে দিয়ে আমায় উৎসাহিত ক'রছেন;—কিভাবে করব বলুন?···এইজন্যে জিগ্যেস ক'রছি যে আমি ক'রেছিলাম আরম্ভ, তারপর কি হোল তার ইতিহাস আপনি ভালো রকম জানেন।"

দু'জনে চোখাচোখি হইয়া বসিয়া রহিল, ব্রজলালের মুখটা লজ্জায় কুণ্ঠায় যেন সোজা থাকিতে পারিতেছে না, এক সময় করুণ দৃষ্টিতে চাহিয়া বলিল—"আমায় মাফ্ করুন, আমি দুটোর মধ্যে কোন পথই খোলা রাখি নি জাহ্নবী দেবী; আমার ক্ষমা চাইবারও মুখ নেই।"

জাহ্নবী ঘুরিয়া কাজে মন দিল। দিবার মতো মনই কিন্তু নাই, ক্রমাগতই ভুল, ক্রমাগতই কাটাকাটি হইয়া যাইতেছে লেখায়। বুঝিতেছে ব্রজলাল যে উঠিতে পারিতেছে না, সে নেহাৎ অসম্ভব হইয়া পড়িয়াছে বলিয়াই। কিছুক্ষণ যেন কিছু করার উপায়ই রহিল না, তাহার পর খাতাপত্র ডেস্কের মধ্যে রাখিয়া

দিয়া উঠিয়া পড়িল, ব্রজলালের দিকে চাহিয়া বলিল—"ক্ষমা চাহিবার কথা আমারই ব্রজবাবু, কিন্তু বন থেকে লোকগুলোকে সরাবার কথাটা আমি নিতান্ত দৈবাৎই জেনে ফেলি, ইচ্ছে করে নয়। তবুও আমার তোলবার ইচ্ছে ছিল না প্রসঙ্গটা, কিন্তু কথায় কথায় এসেই পড়ল। তা হ'লেও আমি যেভাবে বললাম তাতে অন্যায় হ'য়েছে আমার। বলুন, আমায় ক্ষমা করলেন ?"

ব্রজলালও উঠিয়া দাঁড়াইল, বলিল—"রাগ করবার আমার অধিকার নেই··· সব জায়গায় করাও যায় না রাগ ; আমার শুধু এইটুকু বলা রইল, যদি কখনও আবার কিছু ক'রতে চান, দুর্ভিক্ষে বা অন্য কিছুতে, আমায় বলবেন—মানে প্রায়শ্চিত্ত করবার একটু অবসর দেবেন আমায়।··আমায় কখন্ কিসে কোন দিকে টেনে নিয়ে যায় বুঝতে পারি না জাহ্নবী দেবী···বুঝিয়ে দেবার লোকও যে নেই কেউ, কি করি ?"

উনচল্লিশ

জাহ্নবী নিজের ওপর সন্তুষ্ট হইল, এই দেখিয়া যে মনের আবেগ চাপা দিয়া কথাবার্তা চালাইয়া যাইবারও ক্ষমতা আছে তাহার। এটা কপটতা নিশ্চয়, কিন্তু মায়ের মুখ চাহিয়া, দাদুর মুখ চাহিয়া এ কপটতা তাহাকে এবার থেকে করিয়া যাইতে হইবে—কেননা এ খোঁটাটুকু ধরিয়া না থাকিলে দাদুর মেয়ে-নাতনি উদ্ধার হইবে না, মায়ের ব্রত পূর্ণ হইবে না। সান্ত্বনা এইটুকু রহিল যে এতে তাহার নিজের কোন স্বার্থ নাই, একটা অভিনয় যে পরিমাণে কপটতা, এও তাহাই। আরও একটু আশ্বাস রহিল যে, এ অভিনয়ের শেষ আছে, দাদুর কন্যা আর নাতনি আসিয়া পড়িবার সঙ্গে সঙ্গেই এর ওপর যবনিকা টানিয়া দেওয়া যাইবে।

জাহ্নবী নিজের চলা-ফেরায়, আচরণে যথাসাধ্য প্রসন্নতা জাগাইয়া রাখিল।

অভিনয়টা এমনই কঠিন, আরও কঠিন হইয়া উঠিল যখন ব্রজলাল তাহার বাহিরের প্রসন্নতাকে অন্তরের প্রশ্রয় বলিয়া মনে করিয়া বসিল। তাহার দিক থেকে মেলা-মেশার চেষ্টাটা গেল বাড়িয়া, নিচে ডাকিয়া পাঠায় বেশি; একটা কাজের অছিলা থাকে, কিন্তু সেটা যে অছিলামাত্র সেটা জাহ্নবীরও যেমন বুঝিতে বাকি থাকে না, ব্রজলালেরও তেমনি গোপনের কোন প্রয়াস থাকে না। এ-গল্প সে-গল্প করিয়া আটকাইয়া রাখে; গল্প অবশ্যই বেশির ভাগই কারবার লইয়া, তাহার সঙ্গে জাহ্নবীর অফিস-গত বিশেষ সম্পর্ক থাকে না সব সময়। তোলে না শুধু দুর্ভিক্ষের কথা, ও-প্রসঙ্গটা সযত্নে পরিহার করিয়া চলে। জাহ্নবীও ভগবানকে ধন্যবাদ দেয় মনে মনে।

সহিয়া যাইতেছে। তাহার এই অফিসে কাজ করা লইয়া যে একটি মৃদু গুঞ্জন চলে চারিদিকে, একটি সূক্ষ্ম ইন্দ্রিয়ের সাহায্যে সেটাও সে টের পায়, সে-গুঞ্জন যে আজকাল বাড়িয়াছে সেটাও বোঝে। তবু সহিয়া যায়, আর বিস্মিত হয়, নিজের সহ্য করিবার ক্ষমতায়।

একটা মাস গড়াইয়া গেল, ভালোভাবেই গেল, শুধু শেষের দিকে একটা দিন আবার একটু ছন্দঃপতন ঘটিল।

ব্রজলাল দুর্ভিক্ষের কথা তোলে না বটে, তবে এটা বোঝে যে ঐ লইয়াই মন যখন বেশ ভাঙিয়াছে ঐখানটাই আগে জোড়া দেবার চেষ্টা করিতে হইবে। কূট বুদ্ধি যথেষ্ট সঞ্চয় হইয়াছে, একটা উপায় উদ্ভাবন করিতে দেরি হইল না, কাজেও অগ্রসর হইল।

একদিন নিজের আফিসে জাহ্নবীকে একটা চিঠি লিখাইতে লিখাইতে যেন হঠাৎ মনে পড়িয়া গেছে এইভাবে উদ্ধবকে দিয়া অ্যাকাউণ্টেণ্ট মজুমদার মশাইকে ডাকিয়া পাঠাইল। আসিলে প্রশ্ন করিল—"হ্যাঁ—ইয়ে—আমাদের ধর্মখাতায় কত টাকা জমেছে?"

"হিসেব করা নেই স্যার; দেখে বলব?"

"হ্যাঁ, দেখে আসুন।"

কথাটা নূতন, সেইজন্যও এবং বোধহয় অন্য একটা কারণেও জাহ্নবী হঠাৎ বেশ একটু অন্যমনস্ক হইয়া গেল, অনুলেখ লইতে ভুল হইয়া যাইতে লাগিল। একটু পরে মজুমদারমশাই আসিয়া বলিল—"দু'হাজার তিন শ পঁচিশ টাকা, বারো আনা সাত পাই হয়েছে স্যার—আপ-টু-ডেট্।"

কি মনে হওয়াতে ব্রজলাল একবার নতদৃষ্টিতে জাহ্নবীর পানে চাহিল, তাহার মুখটা একটু রাঙা হইয়া গেছে। মজুমদার মশাইকে অপেক্ষা করিতে বলিয়া আবার লেখাইতে লাগিল, এবার তাহারও মাঝে মাঝে আটকাইয়া যাইতে লাগিল।

কিন্তু অগ্রসর হওয়া ভিন্ন উপায় নাই, শেষ হইলে চেয়ারে সোজা হইয়া বসিয়া কথার বেশ স্বচ্ছন্দতার ভাব ফুটাইয়া বলিল—"ঐ একটা ফাণ্ড খুললাম, জাহ্নবী দেবী—ধর্মখাতা—মারোয়াড়ীদের মতন…"

একটা ঠাট্টার রাস্তা পাইয়া জাহ্নবী যেন বাঁচিল, বলিল,—"ভালো করেছেন, ওদের মতন চিত্রগুপ্তের সঙ্গে হিসেবের বোঝাপড়ায় ঠকতে হবে না। হিসেবও হয়েছে কড়াক্রান্তি পর্যন্ত।"

তিনজনেই হাসিয়া উঠিল এবং এই হাসির সুযোগ লইয়া ব্রজলাল বলিল—"আমি বলছিলাম আপনি এই টাকাটা দুর্ভিক্ষের কোন ফাণ্ডে পাঠিয়ে দিন না… মজুমদারমশাই, এঁর নামে একটা চেক…"

উৎকট ভয়ে জাহ্নবীর মুখটা অন্ধকার হইয়া গেল, মজুমদারমশাইয়ের দিকেই চাহিয়া হাত নাড়িয়া বলিল—"না, না, না মজুমদারমশাই…"

সঙ্গে সঙ্গেই ব্রজলালের দিকে চাহিয়া বলিল—"আমার নামে কেন! ও টাকার সঙ্গে আমার কি সম্বন্ধ!…আমি ও চেক হাতে ক'রে নিতে পারব না… এ আপনার অন্যায়; বাঃ!"

ব্রজলালের মুখের সমস্ত দীপ্তি যেন ফুৎকারে নিভিয়া গেল, আমতা আমতা করিয়া বলিল—"আপনি খোঁজ রাখেন কোথায় কোথায় খোলা হয়েছে ফাণ্ড, কারা কারা সাহায্য করতে নেমেছে, তাই…"

বিপদ যেন সম্পূর্ণ কাটে নাই এইভাবে সেই রকম প্রবল আপত্তির সঙ্গেই জাহ্নবী বলিল—"কৈ, নাঃ, আর খোঁজ রাখি না তো আমি!···কে বললে?"

"ও!···তাহলে আপনি যান মজুমদারমশাই।"

মজুমদার চলিয়া গেলে দুজনে অনেকক্ষণ চুপ করিয়া বসিয়া রহিল, এক সময় ব্রজলাল ক্ষুব্ধ কণ্ঠে বলিল—"অপরাধটা মেটাতে গিয়ে বেড়েই গেল জাহ্নবী দেবী, আমায় ক্ষমা করবেন।"

জাহ্নবী ভয়ানক অন্যমনস্ক হইয়া পড়িয়াছিল, একটা কাগজের টুকরায় একটু কি লিখিয়া বলিল—"ডেকে পাঠান একবার অ্যাকাউন্টেণ্ট বাবুকে।"

নিজেই গলা বাড়াইয়া বলিল—"উদ্ধব, মজুমদারমশাইকে ডেকে দে তো একটু।"

আসিলে বলিল—"চেকটা লিখেই নিয়ে আসুন, আমার নামে নয়, এই নামে।"

লেখা কাগজটুকু বাড়াইয়া দিল। মজুমদার চলিয়া গেল।

ব্রজলাল বলিল—"আমি কৃতজ্ঞ রইলাম জাহ্নবী দেবী।"

জাহ্নবী কাতর দৃষ্টিতে চাহিয়া বলিল—"আমিও কৃতজ্ঞ থাকব ব্রজবাবু, আপনি দয়া করে ও ধর্মখাতাটা তুলে দিন।"

"কেন?"

"নৈলে ও-টাকা যে ঘুরিয়ে আমারই জন্যে জমা হচ্ছে, অন্য হাতে আমিই নিচ্ছি, এমন ভাববার লোক···"

চিবুকটা, ঠোঁট দুইটা কাঁপিয়া উঠিল, অনেক কষ্টে নিজেকে সামলাইয়া লইয়া, কাগজপত্রগুলো গুছাইয়া লইয়া জাহ্নবী উপরে উঠিয়া গেল।

সেদিন যতক্ষণ আফিস রহিল মজুমদারমশাই মিঠে হাসিয়া মাথা দুলাইয়া লেজারের খাতার সঙ্গে অনেক সরস আলাপ করিল। আফিস বন্ধ হইয়া

গেলেও অনেকক্ষণ বসিয়া কাজ করে; সবাই চলিয়া গেলে উদ্ধবকে ডাকিয়া লইল, ডান হাতটা বাড়াইয়া বলিল—"ডাকছি, তোর কানটা নিয়ে আয় দিকিন।"

এসব অভ্যস্ত ব্যাপার, উদ্ধব গুটিসুটি মারিয়া কান দুইটা ঢাকিয়া বলিল—"কেন? আর তো কিছু করি নি বড়বাবু।"

"ক'রেছিস; সায়েবের কাছে আবার আমার নকল ক'রেছিস বেটা বদমাস; নিয়ে আয় কান।...আচ্ছা, দিলাম ছেড়ে এবারটা, তুই তোদের যাত্রার সেই জটিলে-কুটিলের নকলটা কর দিখিন একবার; বেশ ভালো করে।"

উদ্ধব কাপড়টা চট্ করিয়া মেয়েদের মতো করিয়া পরিয়া লইয়া কয়েক পা পিছনে সরিয়া গেল, তাহার পর আবার খোঁড়াইতে খোঁড়াইতে আগাইয়া আসিয়া কোমর বাঁকাইয়া হাত উল্টাইয়া কল্পিত রাধাকে লক্ষ্য করিয়া টানা মেয়েলি ভঙ্গিতে বলিল—

রাখালী, কত খেলাই দেখালি!
ওলো—সেই তো মল খসালি
তবে কেন লোক হাসালি?
কালামুখী, এ মুখ আর দেখাস নি
গোকুলে—দেখাস নি লো, দেখাস নি, দেখাস নি..."

স্থূল শরীরের সর্বাঙ্গ দুলাইয়া হাসিতে হাসিতে মজুমদারমশাই বলিল—"যা বেটা হারামজাদা, খবরদার অন্য কারুর সামনে করিস নি।"

চলিয়া গেলে পাতা উল্টাইতে উল্টাইতে দুলিয়া দুলিয়া নিজের মনেই ভাঁজিতে লাগিল—"রাখালী, কত খেলাই দেখালি!...খেলার আর অন্ত রাখলি না লো, অন্ত রাখলি না...!"

বলার সঙ্গে মাঝে মাঝে ওপরে জাহ্নবীর ঘরের পানে দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিল।

চল্লিশ

অপমানটা আজ বড় বেশি করিয়া বাজিয়াছে জাহ্নবীকে। আজকের ব্যাপারটার সোজা তাহার নিজের সঙ্গে সম্বন্ধ, সেইজন্যেও, আবার অপর একজন ব্যক্তির সামনেও হইল। মূলে অবশ্য অপমানের কিছু নাই তেমন, কিন্তু এক মাস ধরিয়া নিজেকে সংযত করিয়া করিয়া মনটা ঠুনকো হইয়া পড়িয়াছিল, একটু আঘাতেই, কিংবা যা হয়তো আঘাত নয়, সেটাকে আঘাত বলিয়া মানিয়া লওয়াতেই একেবারে ভাঙিয়া পড়িল। সিঁড়ি পর্যন্ত কোন মতে সামলাইয়া রাখিল নিজেকে, তাহার পর ঘরের চৌকাঠ ডিঙাইবার সঙ্গে সঙ্গেই চোখে বন্যা নামিল।

জ্ঞানে ওর জীবনে অশ্রু এই প্রথম। সমস্ত ছেলেবেলায় জীবনটাকে ভয় আর বিস্ময়ের দৃষ্টিতে দেখিয়া আসিয়াছে; তাহাতে কান্না আসে নাই চোখে, একটা রহস্যের সামনে দাঁড়াইয়া দেহমন যেন শুষ্ক হইয়া গিয়াছে। তাহার পর বোর্ডিঙের জীবন থেকে ডোরার শিষ্যত্বের মধ্য দিয়া জাগিয়াছে শুধু ঘৃণা আর আক্রোশ; সেও একটা শুষ্ক দাহই। আজ কিন্তু যখন সেই ঘৃণা আর আক্রোশের চরম হইয়া উঠিবার কথা, অর্থাৎ জাহ্নবী যখন জ্বলিয়া উঠিবে, সেই সময় জল হইয়া যেন গলিয়া পড়িল। কোন রকমে দরজাটা বন্ধ করিয়া দিয়া টেবিলে মাথা রাখিয়া এই প্রবাহের মধ্যে ছাড়িয়া দিল নিজেকে।

সামলাইতে অনেকক্ষণ লাগিল। আবেগটা একটু কমিয়া আসে, সঙ্গে সঙ্গে কি সব অদ্ভুত অদ্ভুত চিন্তা সব জাগিয়া ওঠে—মনের অনাবিষ্কৃত কন্দরে কন্দরে, আবার কুল কুল করিয়া ধারা নামে চোখে।...এমন অস্বস্তিকর অবস্থায় কখনও পড়ে নাই জীবনে। এই অবস্থায় ব্রজলাল যদি ডাকিয়া পাঠায়, উদ্ধব আসিয়া যদি দরজায় ঘা দেয়, তাহা হইলে তো লজ্জার চূড়ান্ত আজ। বেশ

বুঝিতেছে যে কোন লোকের সামনে দাঁড়াইতে গেলেই সে আবার দ্বিগুণ বেগে অভিভূত হইয়া পড়িবে।

ওরই মধ্যে একটু সৌভাগ্য যে ব্যাপারটা হইল আফিস-ঘণ্টার শেষের দিকে। খানিকক্ষণ পরেই মোটরের শব্দ হইতে জাহ্নবী জানালা দিয়া দেখিল ব্রজলাল নূতন গাড়িটা করিয়া বাহির হইয়া যাইতেছে। আর একটু পড়িয়া থাকিয়া উঠিল, নিজেও নামিয়া যাইবে। ঘরের মধ্যে একটা ছোট ড্রেসিং টেবিল আছে, চুলগুলো একটু গুছাইয়া লইবার জন্য তাহার সামনে দাঁড়াইতেই মনে হইল যেন অন্য কাহার প্রতিচ্ছায়া;—চোখ দুইটা ফুলিয়া রাঙা হইয়া উঠিয়াছে, মুখটাও ভারি ভারি, সন্ধ্যার আগে এ-চেহারা লইয়া আফিস থেকে নামা চলিবে না, বাড়ি গিয়া মায়ের সামনে দাঁড়ানো তো অসম্ভবই।

চুলগুলো গুছাইয়া লইয়া, চোখ দুইটা ভালো করিয়া মুছিয়া লইয়া জাহ্নবী বন্দীর মতোই নিতান্ত নিরুপায়ভাবে সোফাটায় চুপ করিয়া বসিয়া রহিল; দরজাটাও খুলিল না। আজ শরীরটাকে অদ্ভুতভাবে হালকা বোধ হইতেছে, এমনটি আর কখনও হইয়াছে বলিয়া মনে পড়ে না, কতদিনের সঞ্চিত একটা বোঝা যেন এই একটু সময়ের মধ্যেই কি করিয়া গেছে নামিয়া, এইটুকুই নয়, সমস্ত জীবনটার রূপ যেন হঠাৎ গেছে বদলাইয়া, শুধু নিজের সঙ্কীর্ণ জীবনটুকুই নয়, সবার জীবনই, জীবনমাত্রই; যেন বড় বিষাদময়, বড় নিরুপায়, বড় অসহায়।

শীতের দিন ফুরাইয়া আসিতে দেরি হইল না। জাহ্নবী সোফাটা টানিয়া নিজেদের বাড়ির দিকের জানালার কাছাকাছি লইয়া আসিল; এটা উত্তর দিক, জানালা দিয়া পশ্চিম আকাশের খানিকটা দেখা যায়। সূর্যাস্ত হইয়া গেছে, চক্রবাল রেখায় একটি ফিকা গোলাপী আভা আছে লাগিয়া। কোথায় যেন পড়িয়াছে মুমূর্ষু রোগীর ম্লান হাসির সঙ্গে তুলনা করা হইয়াছে এটাকে, কোন কবিতার বইয়েই; শেলীও হইতে পারে, ঠিক মনে পড়িতেছে না।··· অন্নদাঠাকরুণের রোগশয্যার চিত্রটি জাগিয়া উঠিল তাহার মনে। আশ্চর্য! একদিনও ভালো করিয়া তাহাকে হাসিতে দেখে নাই। এই যে হাসির নিতান্ত

অভাব একটা মানুষের জীবনে, এর জন্য জাহ্নবীই দায়ী নাকি? এই প্রশ্নের উত্তরেই যেন নিজের জীবনের স্মৃতিগুলা ধারাপ্রবাহে একে একে আসিয়া উপস্থিত হইতে লাগিল—ছেলেবেলার যাযাবর জীবন, নিত্য এক আশ্রয় থেকে অন্য আশ্রয়ে—তাহার পর বনবাস—বোর্ডিং—তাহার পর এক বৎসরের এই নিত্যসন্দিগ্ধ জীবন। এর মধ্যে যে ঘটনাগুলা বেশি উজ্জ্বল হইয়া আছে, সেগুলা আশায় বা আনন্দে উজ্জ্বল নয়; তীব্র উৎকণ্ঠায়, ভয়ে, সন্দেহে স্মৃতির গায়ে জ্বলন্ত রেখায় জাগিয়া আছে। বোর্ডিঙের জীবনটুকু ছিল মানুষের মতো স্বাভাবিক, তাই তাহার শেষের অভিজ্ঞতাটুকু আরও গ্লানিময়।···এক একটা দৃশ্যে মনটা আটকাইয়া যাইতেছে—মেয়েদের গাড়ি থেকে তাড়া খাইয়া পুরুষের গাড়ির এক কোণে মাযে-ঝিয়ে তাহারা দুটিতে লুকাইয়া বসিয়া আছে;—আজ বোঝে, কেন··দুর্গাপূজার আলোর মধ্যে অন্ধকার খুঁজিয়া বেড়াইতেছে তিনজনে। অদ্ভুত কাণ্ড!—পূজার আলো আর সবার জন্যই, শুধু তাহাদের তিনজনকে বাদ দিয়া, অথচ আজ জাহ্নবী শপথ লইতে পারে যে, সেদিন অতগুলা লোকের মধ্যে দিদিমণি আর মায়ের আগ্রহই ছিল সবচেয়ে বেশি, সবচেয়ে খাঁটি।···অণিমা হাতের রুলিটা জানালা দিয়া কিরণময়ের দিকে বাড়াইয়া ধরিয়াছে, কি ব্যাকুল মিনতি দৃষ্টিতে!—সর্বস্ব দিলাম, এবার আমায় অব্যাহতি দাও—ওদিকে দৃষ্টিতে নিষ্ঠুর অতৃপ্তি।··জাহ্নবী প্রধানা শিক্ষয়িত্রীর সামনে নতদৃষ্টিতে দাঁড়াইয়া আছে, বোর্ডিং ত্যাগ করিবার নির্দেশ হইয়া গেল এইমাত্র—ফাঁসির নির্দেশ বোধ হয় এইরকমই একটা কিছু, লজ্জায়, নিরাশায় নিজেকে যেন অনুভব করিতে পারিতেছে না; প্রধানা বলিতেছে—"না, কারণ বলা বোর্ডিঙের নিয়ম নয় জাহ্নবী, তোমায় কালই যেতে হবে।" জাহ্নবী অনুভব করিতেছে পাশেই, সবার অলক্ষিতে যেন এলফ্রেড কিরণময় আছে দাঁড়াইয়া, মুখে বিজয়ের একটা কুটিল হাসি।···আসিবার দিন ডোরা বলিল—"অণিমাদির ওপর রাগ রেখো না পুযে, ওর দোষ নেই, খালি এইটুকু মনে রেখ জাহ্নবী, যে পুরুষ মেয়েদের কতটা অধঃপাতে নিয়ে যেতে পারে।"

এক এক সময় চিন্তার সূত্র যাইতেছে ছিঁড়িয়া। আকাশ আরও মলিন হইয়া উঠিল। মুমূর্ষুর হাসির মতো সেই আলোটুকুও আর নাই। জালী পর্দা দিয়া বাড়ির ভিতরটা দেখা যায়। দাদু ঘর থেকে বাহির হইয়া আসিয়া আকাশের দিকে চাহিল, বলিল—"হ্যাঁগা বন্দী, দিদিমণি এখনও এল না; বোধ হয় সন্ধ্যে হয়ে এলো, কি বলিস?" নারায়ণী তুলসী মঞ্চের জন্য প্রদীপ জ্বালিতে যাইতেছে, ঘুরিয়া বলিল,—"তা হ'ল বৈকি সন্ধ্যে।"

ঘর থেকে প্রদীপ জ্বালিয়া আনিয়া মঞ্চের ওপর রাখিয়া গলায় আঁচল জড়াইয়া অনেকক্ষণ ধরিয়া প্রণাম করিল, দেবতাকে কত-কী বলিবার আছে।...এই চারিদিকের ঐশ্বর্যের মধ্যে, উগ্র আধুনিকতার মধ্যে এই পুরাতনী, একরকম বলিতে গেলে এই দারিদ্র্যবিলাস—আজ যেন আরও বেশি করিয়া মিষ্ট লাগিতেছে জাহ্নবীর।...প্রণাম শেষ করিয়া—যেন মনের প্রার্থনাটুকু আগে দেবতার চরণে নিবেদন করিয়া, নারায়ণী বলিল—"বোধ হয় এক একদিন যেমন পড়িয়ে ওদিক থেকে ওদিকেই বেড়াতে যায় সেইরকম গিয়ে থাকবে।" কথাটা বলিয়া আরও কাছে আগাইয়া গেল, একটু গলা নামাইয়া বলিল—"এবার একদিন বলো বাবা, আমার মন ব'লছে রাজি হবে এবার।" আরও আস্তে কি একটু বলিল, তাহার পর আবার একটু জোরে—"তুমি ব'ললেই হয়, তা নাতনি রাগ ক'রবে বলে ভয়ে একবার এ-পর্যন্ত মুখ খুললে না তুমি—আশ্চয্যি ভয় বাপু!..."

একটু হাসিয়া ঘুরিয়া চাহিতে চাহিতে ঘরে চলিয়া গেল, এত দূর থেকে স্পষ্ট দেখা যায় না, তবে হাসিতে যেন বড় গভীর একটা আশা মাখানো রহিয়াছে। দাদুও লাঠির ওপর ভর দিয়া অল্প অল্প মাথা দুলাইয়া হাসিতেছে, নিবিড় আত্মাভিমানে। বলিল—"তা এবার বলব; হ্যাঁ, আমার কথা রাখবে বৈকি, এখন পর্যন্ত বলিনি তাই...তা এবার বলব; বলব আমি এবার...আমার কথা নাকি দিদিমণি ঠেলতে পারে!—পারে কখনও নাকি!"

জাহ্নবী আবার অন্যমনস্ক হইয়া গিয়া আকাশের পানে চাহিল। কোথায় চিন্তার সূত্র ছিঁড়িয়া গিয়াছিল মনে পড়িতেছে না। মায়ের মনের আশা, দাদুর

এই আত্মবিশ্বাস বড় করুণ বলিয়া মনে হইতেছে; এ যে কত ভঙ্গুর একমাত্র সে-ই তো জানে। মনে পড়ে ঠিক এই আশা এক একদিন যেন দিদিমাণর রোগ-ক্লান্ত চোখে অস্পষ্টভাবে ফুটিয়া উঠিতে দেখিয়াছিল; একটা কথা বলিবার ছিল, মুখ ফুটিয়া কিন্তু শেষ পর্যন্ত আর বলিতে পারিল না।···জাহ্নবী মনে মনে বলে—আমায় ক্ষমা কয়ো সবাই, যাদের যাদের মুখে জীবনে হাসি ফোটাতে পারলাম না, সবাই আমায় একবাক্যে ক্ষমা করো, নৈলে আরও অসহ হয়ে উঠছে আমার জীবন—দিদিমণি, দাদু, মা, আমি নিরুপায় জেনে আমায় ক্ষমা করো। কি করব আমি? বিষের পাত্রই আমার কপালে জুটল, আমি অমৃত বিলোই কি করে? মুখ ফুটে আমায় বোল না তোমাদের আশার কথা, ভুল করেও নয়··

আজ কি হইয়াছে, আরও সবার কাছে ক্ষমাপ্রার্থিনী জাহ্নবী,—যাহারা তাহার জীবনে কল্যাণ আনিতে চাহিয়াছে—অণিমাদি, ডোরা, এমনকি ব্রজলাল পর্যন্ত—তাহাদের চাওয়া আন্তরিক হোক বা বাহিরে-বাহিরেই হোক, সবার কাছে জাহ্নবী আজ ক্ষমাপ্রার্থিনী···আজকের ঘটনার সবটুকু মুছিয়া গিয়া শুধু ব্রজলালের মুখের কারুণ্যটুকু জাগিয়া আছে—"আমি কৃতজ্ঞ রইলাম জাহ্নবী দেবী" —বলার পরও যখন সবচেয়ে রূঢ়তম আঘাতটা পাইল।···একী জীবন? কোনও সম্পর্ক না রাখুক, কিন্তু সহজভাবে সবার সামনে দাঁড়াইতে পারিল না কেন জাহ্নবী?

একটি অশ্রুপ্রবাহে নিজের জীবনের ট্রাজেডি আজ নূতনভাবে সাজাইয়া দিয়াছে জীবনটাকে। শূন্যলগ্ন দৃষ্টির সামনে সান্ধ্য আকাশ বাহিয়া শুধু মর্মন্তুদ বিষণ্ণ মুখের মিছিল ভাসিয়া চলিয়াছে—দিদিমনি—দাদু—মা—অণিমাদি—ব্রজলাল—তাহার মুখের পানে চাহিয়া সবাই যেন দীর্ঘশ্বাস ফেলিতে ফেলিতে মিলাইয়া যাইতেছে।

চাহিয়া চাহিয়া একসময় অনুভব করিল আবার তপ্ত দৃষ্টি ধারা গাল বাহিয়া, কণ্ঠ ভিজাইয়া নামিয়া যাইতেছে—বুঝিতে পারিল না কাহার জন্য বেশি করিয়া,

দিদিমণি, দাদু, মা, অণিমাদি, না, ব্রজলাল—না, সবকে লইয়া, সবকিছু লইয়া তাহার নিজের জীবনের এই ট্র্যাজেডি?

অত গভীরে গিয়া বুঝিবার আর ক্ষমতা নাই জাহ্নবীর; অলস অবসাদে দুইটি ধারার মধ্যে নিজেকে মুক্ত করিয়া পড়িয়া রহিল।

একত্রিশ

কিন্তু একটা সন্ধ্যার সামান্য অশ্রুতে জীবনের গতি স্থায়িভাবে ফিরাইয়া দিতে পারে না। পরদিনই জাহ্নবী আবার পূর্বের জীবনেই জাগিয়া উঠিল; ব্যাপারটাকে এতই লঘু বলিয়া মনে হইল—এমনই একটা লজ্জাকর অশ্রুবিলাস যে সাধ্য থাকিলে জীবন থেকে মুছিয়া ফেলিত একেবারে। আরও লজ্জাকর এইজন্য যে, কাল ক্ষণিক দুর্বলতায় এমন সব কথা মনে হইয়াছিল যাহা সেই সব মেয়েদেরই সাজে যাহাদের জীবনে জাহ্নবীর মতো অভিজ্ঞতা নাই—বোর্ডিঙের শীলা, ক্ল্যারেন্স, অনুপা, চন্দ্রা—ক্লারা—যাহাদের জননীকে পুরুষের দৃষ্টি-বিষে জর্জরিত হইয়া পলাইয়া ফিরিতে হয় নাই, পশুর মতো অরণ্যে আত্মগোপন করিয়া কাটাইতে হয় নাই। কাল জাহ্নবী এতই আত্মবিস্মৃত হইয়াছিল যে, ব্রজলালকে শুধু ক্ষমা করে নাই, মনে মনে তাহার সামনে ক্ষমাপ্রার্থিনী হইয়া দাঁড়াইয়াছিল! ও যা করিয়াছে তাহার জন্য কালকের চেয়েও রূঢ় আঘাত কি প্রাপ্য নয় ওর? ও সেই দলের মানুষ যাহারা বিদেশীর সঙ্গে ষড়যন্ত্র করিয়া দেশের লক্ষ লক্ষ মানুষের প্রাণ লইয়াছে…কত বড় নীচ! বনের মধ্যে গোটাকতক বুভুক্ষু মানুষ লুকাইয়া আছে, জাহ্নবীর কাছে খবরটা পাইয়া মিলিটারিদের জানাইয়া দিল—কী, না কন্‌ট্রাকটারির সুবিধা হইবে; খোশামোদ! ঘুষ!—টাকা দিয়া নয়, নিজের মনুষ্যত্ব দিয়া!…আর, এই কথাই বা জাহ্নবী ভোলে কি করিয়া যে ও পরস্বাপহারী—অন্নদাঠাকরুণের মৃত্যুর গোড়াতে কি ঐ ব্রজলালই নয়?

সমস্ত সকালটা এই চিন্তা করিয়া এই মন লইয়াই জাহ্নবী অফিসে গেল,—শুধু বেশি সাবধান রহিল, মনটা অন্য দিনের চেয়েও আলোড়িত, অথচ কিছু বল চলিবে না; এই জায়গাই যে আঁকড়াইয়া ধরিয়া থাকিতে হইবে দাদুর মেয়ে আর নাতনির সন্ধান না পাওয়া পর্যন্ত। সব ভুলিয়া মুখের প্রসন্নতা ফুটাইয়া রাখিতে হইবে—অভিনয় করিতে হইবে।

অভিনয়ের মধ্যে আরও দুইটা মাস কাটিয়া গেল, তাহার পর দ্রুত পর্যায়ে এমন কয়েকটা ঘটনা ঘটিয়া গেল যে দুইজনের জীবনটাই কল্পনাতীত পরিণতির সামনে আসিয়া দাঁড়াইল।

এই দুইমাস পরের কথা। বিজ্ঞাপনগুলা দিয়া চলিয়াছে, উত্তর আসে মাঝে মাঝে, কিন্তু সব সাজানো—দুঃস্থ-দুর্গতদের তো অপ্রতুল নাই দেশে। দুঃখে নিরাশায় অশ্রদ্ধায়, অনেক দিন খোলেও না চিঠিগুলা, কয়েকদিনের জড়ো হইলে কোনদিন অবহেলাভরে পড়িয়া লয়। একদিন এইরকম তিন চারদিনের জমানো চিঠি পড়িতে গিয়া একটার খামে নজর পড়ায় একটু বিশেষভাবে সচেতন হইয়া উঠিল জাহ্নবী, নীল রঙের মোটা দামী খামে টাইপ করা নাম আর পোষ্ট বক্স। তাড়াতাড়ি খুলিয়া ভিতরে নাম দেখিয়া আরও বিস্মিত হইয়া গেল, অণিমার চিঠি। এক নিশ্বাসে পড়িয়া গেল।

অণিমা লিখিয়াছে সে যথাযথভাবে বলিতে পারে না, তবে বিজ্ঞাপনদাতা যদি কলিকাতা হইতে উত্তরে অমুক স্টেশনের দক্ষিণে অরণ্যের মধ্যে একটি পড়ো বাড়িতে সন্ধান করেন তো বোধ হয় স্ত্রীলোক আর তাহার কন্যাটির সন্ধান পাইতে পারেন। পথের একটা মোটামুটি আন্দাজ, বাড়িটার চেহারা, চৌহদ্দি—অর্থাৎ বছর দেড়েক আগে যেমন ছিল সমস্ত দিয়া দিয়াছে, যেটাতে বোর্ডিং আসিয়া দিনকতক ছিল সেটারও উল্লেখ করিয়া করিয়া। কি মনে করিয়া অণিমা কিন্তু নিজের ঠিকানাটা চিঠিতে দেয় নাই, খামের ওপর জাহ্নবী পোষ্ট অফিসের ছাপ দেখিল মাদ্রাজ জি, পি, ও।

দুইটা দিন একটা প্রবল কৌতূহলের অশান্তিতে কাটিল জাহ্নবীর, তাহার পর, তৃতীয় দিনে আবার সেই রকম খাম,—এবার রেজেষ্টারি করা; তাহার নাম-ঠিকানাও দেওয়া। তাড়াতাড়ি খুলিয়া জাহ্নবী পড়িতে লাগিল—কল্যাণীয়াসু,

কাল একটা বিজ্ঞাপনের উত্তর দিয়ে, আজ তোমায় চিঠিটা লিখতে বসেছি। ৭৪নং পোষ্ট বক্স দিয়ে কোনও ভদ্রলোক একটি মাঝবয়সী স্ত্রীলোক আর তাঁর আন্দাজ সতেরো, আঠারো বছরের কন্যার খোঁজ করছেন, কলকাতার একটি ইংরাজী দৈনিক হঠাৎ কোনরকমে হাতে পড়ায় দেখলাম।

আমি তোমাদের ঠিকানা দিয়ে সন্ধান নিতে বললাম। বলা বাহুল্য, কাজটা ঠিক হোল কি ভুল হোল এখন পর্যন্ত বুঝতে পারছি না। আমার দেবার কারণটাও বলি,—তোমার মা সেই কয়েক দিনের পরিচয়ে তোমাদের জীবন সম্বন্ধে আমায় কিছু কিছু বলেন; কিন্তু আমার মনে হয় কিছু লুকানও। লুকাবার সমীচীন কারণ থাকিতে পারে মনে করে, আর অনধিকার চর্চা ব'লেও আমি নিজে হ'তে কৌতূহল প্রকাশ করিনি, তোমাকে প্রশ্ন করা আরও অনুচিত মনে করেছিলাম। বিজ্ঞাপনটা দেখে আমার কেমন মনে একটা খটকা হোল আবার, দু'চার দিন ভাবলাম, শেষকালে কিন্তু লিখেই দিলাম।

তারপর মনে হোল তোমাকেও একটা চিঠি লিখে দেওয়া দরকার। যদি অন্যায় করে ফেলে থাকি তোমরা সাবধান হ'তে পারবে কেউ অনুসন্ধান ক'রতে এলে।

আমি তোমায় এর আগেও দু'খানা চিঠি দিয়েছি, বোর্ডিং ছাড়বার প্রায় মাসতিনেক পরে; আমি ছাড়ি প্রায় তোমার সঙ্গে সঙ্গেই। কোন উত্তর না পেয়ে মনে হল হয় চিঠি তোমার কাছে পৌছায় না, না হয় ইচ্ছা করে ঘৃণায় উত্তর দাও না।

এইটিই যে বেশি সম্ভব তা জানি জাহ্নবী, আর সেই জন্যেই দিয়েছিলাম চিঠি, তোমার ক্ষমা চেয়ে। আমি ওখান থেকে চ'লে আসবার দিনকতক

পক্ষেই তোমার ক্ষমা চাইবার দরকার পড়েছিল আমার, যখন টের পেলাম তুমি কত নিরীহ কত পবিত্র। কিন্তু অত তাড়াতাড়ি চিঠি দেবার আমার মুখ ছিল না; বিশেষ করে ভেবে দেখলাম বোর্ডিঙে গিয়ে আবার তোমায় অধিষ্ঠিত করবার পথ যখন বন্ধ করে এসেছি তখন শুধু কথার ক্ষমা চাইতে যাওয়াটা নিতান্তই যেন হাস্যকর হয়। আরও একটা কথা, আমার নিজের জীবনেও তখন একটা ঝড়-তুফান বয়ে চলেছে, ডুবব কি ভাসব ঠিক নেই; এমন অবস্থায় সব দায়িত্ব মিটিয়ে কাজ করে যাওয়া সম্ভব হয় নি আমার পক্ষে। মাসতিনেক পরে যখন মনে হল একটু আশার আলো পেয়েছি দেখতে, তখনই তোমার কাছে, ক্ষমা চেয়ে পাঠিয়েছি। সে ক্ষমা যে পাইনি (অর্থাৎ যদি পেয়েই থাক আমার চিঠি তুমি) তার জন্য আমার দুঃখ নেই জাহ্নবী; জানি আমার যা অপরাধ তাতে ক্ষমা আমার এ-জন্মে প্রাপ্য হবে না।

এরপর আর কি লিখব বুঝতে পারছি না। অথচ লেখার আমার এত আছে যে একটা চিঠিতে কুলিয়ে ওঠে না। আর তা জানাও তোমার দরকার, নৈলে জীবন-সম্বন্ধে ডোরার যা থিয়োরী সেইটেই তোমার মনে বদ্ধমূল হ'য়ে থাকবে। আমি ডোরার নিন্দে করছি না; ওর অদ্ভুত শক্তি, কিন্তু সেই শক্তি নিয়েই ও মেয়েদের মধ্যে একটা ব্যতিক্রম হয়ে রইল। ডোরা একটা সিনিক্ (cynic); পৃথিবীর সবকিছু থেকে ও যেন ঘৃণায় বিরক্তিতে মুখ ঘুরিয়ে নাক সিঁটকে ব'সে আছে। সমস্ত পৃথিবীটা পুরুষের সৃষ্টি ব'লে ওর এই সিনিসিজম্ পুরুষের ওপর কেন্দ্রীভূত হয়ে উঠেছে; অবশ্য সমস্ত পৃথিবী যে পুরুষেরই সৃষ্টি এটাও ওরই থিয়োরী একটা। ও পুরুষকে বিষের মতো ভয় করে; নরকের মতো ঘৃণা করে; পুরুষকে সর্বতোভাবে পরিহার করে ওর এই ভয় আর ঘৃণাকে যেভাবে জীবনে রূপ দিয়েছে সেটা সত্যিই বিস্ময়কর। সেইটেই আমি ওর অদ্ভুত শক্তি বলেছি, আর সেইটেই ওকে মেয়েদের মধ্যে একটা ব্যতিক্রম করে তুলেছে। কেন, বলি—

আমার বিশ্বাস পুরুষই শুধু সিনিক হ'তে পারে জাহ্নবী। পুরুষ চির অতৃপ্ত, তাই ধ্বংসই তার ধর্ম; তাই সিনিসিজম্ তার বেদ। তার একলার হাতের যা যা সৃষ্টি তাতে নিজের প্রকৃতিবশেই পুরুষ ধ্বংসের বীজ বপন করে চলে, তাই তার সৃষ্টির স্থায়িত্ব নেই, ক্রমাগতই ভাঙা-গড়া চলছে—যা গড়ছে সেটা আবার ভাঙবার জন্যেই গড়ছে।

ওরা যে বলে এইটেই বিবর্তনের আসল রূপ, সৃষ্টির স্বরূপ উপলব্ধির আসল ধারা, এটা আমি মানি না।

মানিনা, আমি মেয়ে ব'লে। আমার বিশ্বাস সৃষ্টি জিনিষটা আমাদের; সৃষ্টিতে সংহতি আনবার জন্যে যে জিনিষটা দরকার, বিধাতা সেটি আমাদের মধ্যেই দিয়েছেন। সৃষ্টি যে এখনও আছে টিকে—তা সে যেভাবে, যত অসম্পূর্ণ ভাবেই থাক্—তার কারণ পুরুষের পাশে আমরাও আছি।

ডোরাও এটা বিশ্বাস করে, এইখানে ডোরার সঙ্গে আমার মিল আছে; কিন্তু তারপর আর মিল নাই; ডোরা বলে ওদের ধ্বংসের পথে যেতে দাও, ঐ ওদের প্রাপ্য; আমি বলি ওদের পাশ থেকে স'র না, ওরা দু'হাত দিয়ে ঠেলে দিলেও স'র না, তোমার কল্যাণ স্পর্শ দিয়ে ওদের অন্তরের সৃষ্টি ধর্মটিকে বাঁচিয়ে রাখো ধ্বংসের দহন থেকে; তুমিই সৃষ্টির মধ্যেকার স্থিতি, তুমি স'রে গেলেই সৃষ্টি একেবারে ধ্বংস হ'য়ে যাবে।

তফাৎ হয়ে গেল আমাদের দু'জনের এই মিশনে।

জীবন একেবারে শেষ না হয়ে এলে জীবন সম্বন্ধে কিছু বলা যায় না জাহ্নবী—পথে কত বাধা, কত বিঘ্ন, তবু আমি যেন একটু আলো দেখতে পেয়েছি, মনে হয় আমার মিশনে এগিয়েছি একটু; বেশি নয়, একটা ধাপ, তবে আলোর সন্ধান পেয়েছি।

যে-চিঠি হয়তো পৌছুবেই না তাতে বেশি লিখে কি হবে? হয়তো এতটা লেখাই ব্যর্থ হোল। যদি পৌছায়, যদি উত্তর পাই সব লিখব তোমায়; বড়

আনন্দ পাব তোমায় লিখে। তুমি যদি ক্ষমা আমায় নাও করতে পার, তবু লিখো, তবুও তোমায় সব জানিয়ে আনন্দ পাব। আমার আশীর্বাদ নিও।

ইতি।

শুভার্থিনী,

অণিমা।

C/0. এ্যালফ্রেড কিরণময় রায়,

৮৭ শঙ্কর চেট্টিয়ার অ্যাভিনিউ

মাদ্রাজ।

আর যাই হোক, একটা কথা ঠিক যে চিঠিটা ভালো সময়ে পৌঁছায় নাই; চারিদিকেই এখন তিক্ততা, এখন 'বাণী' শুনিবার মতো অবস্থা নয় মনের, বিশেষ করিয়া অণিমার কাছে, যাহার জন্যই এতটা। আজ মন চায় ডোরার চিঠি পাইতে···কোথায় ডোরা?—অন্তরে আগুন জ্বলিতেছে, সে চায় ইন্ধন, উপশম নয়।

তাহার ওপর ঠিকানায় আছে কিরণময়ের নাম।—জাহ্নবী অনেকক্ষণ একদৃষ্টে সেই দিকে চাহিয়া রহিল, ব্যঙ্গে ধীরে ধীরে ঠোঁটের কোণটা কুঞ্চিত হইয়া উঠিতে লাগিল—মিশন!···সৃষ্টি!···স্থিতি!···সংহতি!···হুঁ! চিঠিটা দ্বিতীয়বার পড়িবারও ইচ্ছা হইল না।

একটা সংক্ষিপ্ত উত্তর দিল, তবে ভদ্রই—পূর্বের চিঠি দুইটি পায় নাই, হয়তো যে সময় সে দু'টা আসে তখন জাহ্নবীরা বনের মধ্যে। এখন চিঠি আর মারা যাইবার ভয় নাই, সেনা-ছাউনি কাছে পড়িয়া জায়গাটা সহরের মতো হইয়া গেছে। অণিমা যে তাহার মিশনে সাফল্যের আলো দেখিতেছে, ইহাতে জাহ্নবী সত্যই আনন্দিত, তবে বিস্তারিত খবরের অভাবে স্বরূপটা ধরিতে পারিতেছে না। জানিবার জন্য বিশেষ কৌতূহল রহিল জাহ্নবীর।

ক্ষমার কথা লিখিয়া অণিমা অপরিসীম লজ্জা দিয়াছে। জীবনের যা কিছু পাওয়া সে তো অণিমার দয়াতেই, তারই কৃতজ্ঞতা রাখিবার জায়গা কোথায় জাহ্নবীর?

বিজ্ঞাপনের ব্যাপারটা, কি ভাবিয়া—হয়তো বাহুল্য বোধেই আর পরিষ্কার করিল না ; লিখিল, মা তাহাদের পরিচয় লুকায় নাই কিছুই, হয়তো আবেগ-উৎকণ্ঠার মধ্যে বলার সময় কণ্ঠ স্খলিত হইয়া থাকিবে, যাহার জন্ত অণিমার সন্দেহ। কেহ অনুসন্ধান করিতে আসিলে বুঝাইয়া দিবে।

উত্তর এই খানেই শেষ করিল; শুধু ঠিকানা সম্বন্ধে লিখিল—"ব্রজলাল ব্যানার্জি মিলিটারি কনট্রাকটাস"—এইটুকু দিলে চিঠি নষ্ট হইবার সম্ভাবনা থাকিবে না।

বিয়াল্লিশ

এই সময় ব্রজলালের জীবনেও একটা রূপান্তর ঘটিল। অন্ত কিছু নয়, সেই ব্যবসায় লইয়াই, কিন্তু হঠাৎ এমনভাবে মাতিয়া উঠিল যে, আর সব কিছুই যেন ওর জীবন হইতে মুছিয়া গেল। অবশ্য জীবনে বৈচিত্র্য ওর ছিলও অল্প—কি লইয়াই বা থাকিবে?—তবু জাহ্নবীদের ছোট সংসারটির ভালো-মন্দ লইয়া একটা ঔৎসুক্য ছিল, সুযোগ পাইলেই গিয়া দাঁড়াইত, খোঁজ লইত; সেটা প্রায় বন্ধ হইয়া গেল। সব চেয়ে বড় কথা—জাহ্নবীকে কেন্দ্র করিয়া যে ঔৎসুক্যটুকু গড়িয়া উঠিতেছিল যাহার মধ্যে ছিল জীবনের সব বৈচিত্র্যের সূত্রপাত, বয়োধর্মের গুণে যাহা এদিকে ব্রজলালের একমাত্র তপস্যা হইয়া উঠিতেছিল, তাহা হইতেও তাহার মনটা গুটাইয়া আসিতে লাগিল।

ব্রজলাল অতিরিক্ত অন্যমনস্ক হইয়া পড়িয়াছে ; বাড়িতে থাকে অল্প, অফিসে বসে আরও অল্প, প্রায় সমস্তদিনই বাহিরে কাটে ; মোটরে করিয়া বাহির হইয়া যায়, ফেরে এক একদিন গভীর রাত্রে। কোন কোন দিন ফেরেও না, বার দুই এমন হইল যে একেবারে দুই তিনদিন পরে ফিরিল ; রীতিমতো ক্লান্ত, সাজ পোষাকও কতকটা অবিন্যস্ত, বেশ বোঝা যায় মস্তবড় একটা অনিয়ম-অত্যাচারের ঝড় বহিয়া গেছে শরীরের ওপর দিয়া।

অফিসে থাকে বড় কম ; যতটুকু থাকেও, নিয়মিত কাজকর্মের দিকে মন দিতে পারে না, কেমন একটা চঞ্চল অন্যমনস্ক ভাব, যেন প্রতি মুহূর্তেই অধীর আগ্রহে কি একটা আশা করিতেছে। টেলিফোনের হিড়িক গেছে বাড়িয়া, দূর-দূরের পাল্লা—দিল্লী, রাঁচি, আসাম ; খুব কাছে হইল তো কলিকাতা।

এর মধ্যে আর একটা নূতন ব্যাপার এই যে কয়েকদিন হইতে একটি অচেনা লোকের যাতায়াত আরম্ভ হইয়াছে। লোকটি বাঙালী নয়, লম্বা গলাবন্ধ কোট গায়ে, মাথায় কালো লম্বাটে একটা টুপি, আসে একটা বড় মোটরে করিয়া ; কখনও আসে ব্রজলালের সঙ্গেই, তাহার গাড়িতে ; এক একদিন এখানে থাকিয়া যায়, রাত্রিও কাটায় এখানেই, তাহার পর দুইজনেই কোথায় কি উদ্দেশ্যে ঘোরাঘুরি করিতে বাহির হইয়া যায়।

জাহ্নবীর কাজ কমিয়াছে, এমনি অফিসে থাকে কম ব্রজলাল, তাহার উপর আজকালকার গতিবিধি, আলাপ-আলোচনার মধ্যে একটা গোপনীয়তার চেষ্টা আছে।

তা থাক, জাহ্নবীর তাহাতে ক্ষতিবৃদ্ধি নাই, কিন্তু একটা সূক্ষ্ম অনুভূতির দ্বারা যেন বুঝিতে পারে কি একটা মস্তবড গলদ জমা হইতেছে। তাহার সঙ্গে জাহ্নবীর হয়তো কোন সম্পর্ক নাই, তবু একটা অস্বস্তি বোধ করে। ওর যেন মনে হয়, চারিদিকের হাওয়াটা অল্পে অল্পে বিষাক্ত হইয়া উঠিতেছে।

এর একটা প্রমাণ একদিন যেন পাওয়া গেল, যদিও বেশ নিঃসন্দিগ্ধভাবে নয়। একদিন অনুলেখ লওয়ার জন্য ডাক পড়িতে জাহ্নবী নিচে গিয়া দেখিল ব্রজলাল দুইটা হাতের মধ্যে মাথাটা গুঁজিয়া টেবিলের ওপর ঝুঁকিয়া বসিয়া আছে। এমন কিছু নূতন দৃশ্য নয়—আজকাল প্রায়ই যে রকম ক্লান্ত আর অবসন্ন থাকে, তবু একটু দৃষ্টি আকর্ষণ করিলই। জাহ্নবী প্রশ্ন করিল—আমায় ডেকেছেন ?”

মাথা না তুলিয়াই ব্রজলাল বলিল—“কেন ?”

সাড়া দেওয়ার ভঙ্গিতে জাহ্নবী একটু হকচকিয়া গেল, শুধু প্রশ্নের ওপর অদ্ভুত প্রশ্ন নয়, স্বরটাও গাঢ়। একটু হতভম্ব হইয়া গেলেও কিন্তু সাদা মনেই প্রশ্ন করিল—"শরীরটা কি আপনার বড্ড খারাপ ?"

ব্রজলাল সঙ্গে সঙ্গেই একটু ঝাঁকানি দিয়া মাথাটা তুলিয়া প্রতিপ্রশ্ন করিল—"ডু আই লুক ইট ?" (Do I look it ?)

—চোখ দুইটা ঈষৎ লাল, মুখটা থম্‌থমে, ঠোঁটের এক কোণে অল্প একটু অবোধ হাসি লাগিয়াই আছে। কয়েক সেকেণ্ড চাহিয়া থাকিয়াই কিন্তু মাথাটা গুঁজিয়া লইল, বলিল—"ও, জাহ্নবী দেবী ?···ভয়ানক ক্লান্ত, একটু ঘুমিয়ে আসি, তারপর ডাকব।"

জাহ্নবী কয়েক সেকেণ্ড কেন যে দাঁড়াইয়া রহিল, নিজের কাছে তাহার কোন জবাবদিহি পাইল না, শেষে—"তা হ'লে আসি এখন" বলিয়া বাহির হইয়া গেল।

সিঁড়ি দিয়া উঠিতে নিজের শরীরটাকে অদ্ভুতভাবে ভারী বোধ হইতেছে।··· এ আবার কি রূপ ব্রজলালের ! সুরা আসিতে আরম্ভ করিল নাকি ? আসিবার কথা, জাহ্নবী জানে, তবে মাতাল দেখে নাই। জীবনে, এত বড় একটা সর্বনাশ বিশ্বাসও করিতে পারিতেছে না, তাহা ভিন্ন ব্রজলালও প্রমাণের খানিকটা বাকি রাখিয়া দিল, অর্থাৎ জাহ্নবীর সামনে আর উঠিয়া গেল না, তাহা হইলে, মাতাল সম্বন্ধে অনভিজ্ঞ হইলেও তাহার সন্দেহটা তখনই মিটিয়া যাইত। কিন্তু এই প্রথম আর এই শেষ। জাহ্নবী একটু সতর্কই রহিল, কিন্তু এ ধরণের ব্যাপার আর চোখে পড়িল না। তবে একটা জিনিষ লক্ষ্য করিল—একটা জবাবদিহি করিয়া ব্যাপারটুকু জাহ্নবীর মন থেকে মুছিয়া ফেলিবার জন্ত ব্রজলাল যেন অতিরিক্ত ব্যস্ত হইয়া উঠিল—অত্যন্ত ক্লান্ত ছিল—উপরি উপরি দুই রাত ঘুম হয় নাই,—তাহার উপরও একটা দরকারি সাক্ষাৎকারের জন্ত নচে আসিয়া বসিতে হইয়াছিল—শরীরের এমন অবস্থা, মনের অবস্থা, কাহাকে যে কি বলিয়াছে কিছুই মনে নাই ব্রজলালের···ভাগ্যিস বাহিরের কেহ আসে নাই, নহিলে কী যে মনে করিত !···

একবারে নয়, কয়েকবারে কথাটা বলিল, প্রত্যেকবারেই একটা অভিমতের জন্য জাহ্নবীর মুখের পানে একটু করিয়া চাহিয়া রহিল; কিন্তু প্রতিবারেই সন্দেহটা বাড়িয়া যাওয়ায় জাহ্নবী "ও!...তাই তো!...তাই নাকি?" বলিয়াই সারিল।

প্রথমটা মনে মনে অতিশয় ভীত হইয়া পড়িল। তাহার পর রাগে, অসহায়তায়, মা-দাদুর ওপর অভিমানে মরিয়া হইয়া পড়িল; সহ্য করিয়া থাকিবে, যত বড়ই সর্বনাশ আসুক না কেন, যে-পথেই আসুক, চাকরি ছাড়িবে না বরং আসুক সর্বনাশ, একটা কিছু হইয়া এ পর্বটা শেষ হোক, আর সহ্য হয় না।

সর্বনাশটা এবার অন্য পথে উঁকি মারিল।

দিন কয়েক কাটিয়া গেছে, সেদিনের ঘটনার জেরটুকু পর্যন্ত মিলাইয়া আসিয়াছে, এমন সময় ব্রজলালের হঠাৎ আর একটা রূপান্তর ঘটিল।

এবারেও নূতন কিছু নয়, সেই কর্ম উন্মাদনা, শুধু আরও বাড়িয়া গেছে, যেন জোয়ারের ওপর বান ডাকিয়াছে। নূতনত্বের মধ্যে এই যে, এবারে বাহিরে ঘোরাঘুরির চঞ্চলতা নয়, অফিস থেকে আরম্ভ করিয়া বাড়ির চৌহদ্দিটা মায় পিছনের বাগান পর্যন্ত পরিষ্কার পরিচ্ছন্ন ফিটফাট করিয়া তুলিতে ব্যস্ত হইয়া উঠিয়াছে ব্রজলাল। সকাল থেকেই লোক লাগিয়া গেল, নিজে ঘুরিয়া ঘুরিয়া তদারক করিতে লাগিল। সাড়ে দশটায় আফিস খুলিলে মজুমদার মশাইকে নিজের কক্ষে ডাকিয়া পাঠাইল—খাতা-পত্র লেখায় যদি কিছু বাকি-বকেয়া থাকে তো আজই ঠিক করিয়া লইতে হইবে; তা' ভিন্ন এ দুদিন আফিসটাও যেন বেশ ছিমছাম থাকে, সবাই যেন নিজের নিজের বেশ-ভূষার দিকেও নজর রাখে একটু, জবরজঙ্গ হইয়া আফিসে না আসে।

নিজের কক্ষটা উদ্ধবের সাহায্যে ঠিক করিয়া লইয়া ব্রজলাল আফিসঘরে আসিয়া, একবার ভালো করিয়া চোখ বুলাইয়া লইয়া জাহ্নবীর ঘরে উঠিয়া গেল। জাহ্নবী

কাজ করিতেছিল, কিছু না বলিয়া ব্রজলাল ঘুরিয়া ঘুরিয়া দেখিল একটু, মুখে একটা তৃপ্ত হাসি, সোফাটাকে একটু পিছনে ঠেলিয়া ঘরের মাঝখানের জায়গাটুকু বাড়াইয়া দিল, আলমারির ডালা খুলিয়া দু'একখানা বই ঠিক করিয়া বসাইয়া দিল, একটা টানিয়া লইয়া কয়েকছত্র পড়িলও, তাহার পর হঠাৎ একটু ব্যস্ত হইয়াই সেটা রাখিয়া দিয়া বলিল—"নাঃ, আপনার ঘরটা দেখতে আসাই ভুল, "ইট্‌স্ এ নুক্ ইন্ হেভ্‌ন্।" (It's a nook in heaven)

যেমন মন্থর গতিতে প্রবেশ করিয়াছিল সে তুলনায় বেশ একটু ত্রস্তভাবেই বাহির হইয়া গেল যেন কি একটা দরকারি কথা মনে পড়িয়া গেছে। জাহ্নবী নিজের চেয়ারে কাঁটা হইয়া বসিয়াছিল, কাজের ওপর দৃষ্টি রাখিয়া, ব্রজলালের গতিবিধির দিকে মন রাখিয়া। কৌতূহল হইলেও কোন প্রশ্ন করিল না; নামিয়া গেলে জানালার বাহিরে দৃষ্টি নিবদ্ধ করিয়া এই নূতন সমস্যা লইয়া মনে মনে আলোচনা করিতে লাগিল। কিছুক্ষণ পরে উঠিয়া গিয়া ঘরের দুয়ারটা নিঃশব্দে অর্গলিত করিয়া আবার নিজের চেয়ারে আসিয়া সেইভাবে বসিল।

সমস্ত ব্যাপারটা পরের দিন পরিষ্কার হইয়া গেল।

সকালে প্রায় নয়টার সময় ব্রজলাল হঠাৎ এ-বাড়িতে আসিয়া উপস্থিত হইল। একটা চনমনে ভাব; প্রচণ্ড একটা অধীরতাকে যেন রাশ কষিয়া রাখিয়াছে। অম্বিকাচরণ আর নারায়ণীর সঙ্গেই একথা-সেকথা লইয়া আলোচনা করিতে লাগিল বটে, যেমন সাধারণতঃ করে কিন্তু জাহ্নবী বুঝিল তাহাকেই দরকার। ও যে ব্রজলালের আফিসেই চাকরি করে একথাটা এখনও গোপন আছে এ বাড়িতে; উদ্ধবেরও তাই এদিকে মাড়ানো মানা, কিছু একটা দরকারি কথা বলিতে ব্রজলাল যে তাই নিজেই আসিয়াছে জাহ্নবীর এটা বুঝিতে বাকি রহিল না।

এক সময় নারায়ণী একটু আড়াল হইলে, ছোট একটা চিরকুট মুড়িয়া জাহ্নবীর সামনে ফেলিয়া দিল, তাহার পর অম্বিকাচরণের কাছে বিদায় লইয়া চলিয়া গেল।

জাহ্নবী একটু আড়াল হইয়া পড়িল, লেখা আছে—"আফিসে যতশীঘ্র পারেন চলে আসুন, বিশেষ দরকার।"

কয়েকদিন থেকে মনের উপর একটার পর একটা ঝড় বহিয়া চলিয়াছে—দ্রুতগতিতে সমস্ত ব্যাপারটা যে চরমে আসিয়া পড়িতেছে এটা বোঝে জাহ্নবী; যাইবে কি একেবারেই কাজে ইস্তফা লিখিয়া পাঠাইয়া দিবে ঠিক করিয়া উঠিতে দেরি হইল; তাহার পর যাওয়াই ঠিক করিল, আজ যাহার মানে হয়তো আগুনেই ঝাঁপ দেওয়া।

গেট হইতে দেখিল ব্রজলাল অধীরভাবে বুকে হাত দুইটা জড়াইয়া বারান্দায় পায়চারি করিতেছে। জাহ্নবী প্রশ্ন করিল—"ব্যাপারখানা কি?"

ব্রজলাল অন্যমনস্কভাবে তাহার মুখের দিকে একটু চাহিয়া রহিল, তাহার পর বলিল—"ও!···আছে একটা কাজ, পরে শুনবেন···মজুমদারমশাইকেও ডেকে পাঠিয়েছি—আর সবাইকেও ···"

জাহ্নবী ওপরে উঠিয়া গেল। মনটা খুবই চঞ্চল, বাহিরের দিকের জানালার সামনে গিয়া দাঁড়াইয়া রহিল; একটু পরেই দেখিল একটা আঁটসাঁট প্যান্টালুন আর ঢিলেঢালা কোটে জবরজঙ্গ হইয়া মজুমদারমশাই হাঁপাইতে হাঁপাইতে প্রবেশ করিতেছে। আর একটু পরে একে একে অন্য কেরানিরাও আসিয়া উপস্থিত হইল।

এরপর প্রায় ঘণ্টাখানেক পরে একটা মোটরের শব্দে চকিত হইয়া জানালার পানে চাহিতে জাহ্নবী দেখিল মাঝারি সাইজের একটা জীপ্‌গাড়ি আসিয়া ফটকের সামনে দাঁড়াইল এবং জনতিনেক মিলিটারি পোষাকপরা সাহেবের মধ্য থেকে একজন নামিয়া ভিতরে প্রবেশ করিল। ব্রজলাল নিশ্চয় বারান্দায় সেই-ভাবে অপেক্ষাই করিতেছিল, হন্তদন্ত হইয়া আগাইয়া গিয়া মাঝপথ হইতে অভ্যর্থনা করিয়া লইয়া আসিল। এরপর ওপর থেকে আর-কিছু দেখা গেল না।

জাহ্নবী বুঝিল এই লোকটার জন্যই দু'দিন থেকে এত তোড়জোড়। এখানে মিলিটারি অফিসার দু'একজন আসিয়াছে; কিন্তু এত আড়ম্বর হয় নাই

কখনও; পোষাকে চেহারায় জাহ্নবীর এটাও মনে হইল এ লোকা যেনট একটু বিশিষ্ট।

একটা সহজ কৌতূহলে কিছু একটা আন্দাজ করিবার জন্যই জাহ্নবী সোফায় বসিয়া চিন্তা করিতে লাগিল। নিতান্ত অলস চিন্তা, কিন্তু সহসা একটা প্রশ্ন কোথা থেকে আসিয়া মনে উদয় হইতেই জাহ্নবীর শরীরটা হিম হইয়া গেল।—তাহার ঘরটা অত তদারক করিবার কি প্রয়োজন ছিল ব্রজলালের?—যেন এই ব্যবস্থারই উপলক্ষে?

প্রায় সঙ্গে সঙ্গে নিচের সিঁড়িতে পায়ের শব্দ হইল এবং একটা কিছু ভাবিয়া স্থির করিয়া লইবার আগেই ব্রজলাল আর আগন্তুক সাহেব গট-গট করিয়া উপরে উঠিয়া আসিল। ব্রজলালের মুখটা রাঙা হইয়া গেছে, স্নায়বিক উত্তেজনায় একটু যেন কাঁপিতেছে; ঘরের মাঝখানে আসিয়া বিলাতী কায়দায় হাতটা বাড়াইয়া জাহ্নবীকে সাহেবের কাছে পরিচিত করিল।…"এই আমার স্টেনো এবং সেক্রেটারী। পরিচিত করিয়ে আমি বিশেষ আনন্দ পাচ্ছি এইজন্যে যে ইনি কেম্ব্রিজ কোর্সে শিক্ষিতা।"

সাহেব করমর্দনের জন্য হাতটা বাড়াইয়া বলিল—"বিশেষ আনন্দিত হ'লাম আপনার পরিচয় পেয়ে। কোন্ স্কুলে ছিলেন আপনি?"

জাহ্নবীর আর দ্বিধা করিবারও সময় রহিল না, হাতটা বাড়াইয়া দিয়া বোর্ডিংটার নাম বলিল। সাহেব করমর্দন করিতে করিতেই বলিল—"বিশেষ আনন্দিত হলাম।"

তাহার পর হাতটা হাতে রাখিয়াই ব্রজলালের পানে চাহিয়া একটু হাসিয়া বলিল—"তাহলে আপনার এই কাটখোট্টা কারবারের মধ্যে উনি বিদ্যে আমদানী ক'রেছেন দেখছি!" (She has imported Scholarship into your prosy firm!)

ব্রজলাল হাসিয়া উত্তর করিল—"তা করেছেন। ঐ ওঁর বইয়ের আলমারি।…শেলীর বড় ভক্ত।"

"তাহলে কাব্যও আমদানী করেছেন !" (Ah, Poetry too !)

হাসিয়া জাহ্নবীর দিকে চাহিয়া বলিল—"আনন্দিত হ'লাম।"

হাতটাতে একটু নাড়া দিয়া ছাড়িয়া দিল, তাহার পর ঘরের এদিকে ওদিকে একবার নজর বুলাইয়া—"বেশ—চমৎকার—বাঃ—বলিতে বলিতে ব্রজলালকে সঙ্গে করিয়া নামিয়া গেল।

তেতাল্লিশ

বোধ হয় ঘণ্টাখানেক পরে সাহেবকে বিদায় দিয়া ব্রজলাল আবার জাহ্নবীর ঘরে আসিল। উল্লসিত আবেগে উঠিয়া আসিতেছিল, সিঁড়ির ওপর থেকেই জাহ্নবীকে দেখিয়া থতমত খাইয়া গেল। সে বাড়ির দিকের জানালার সামনে একটা পাথরের মূর্তির মতো স্থির হইয়া দাঁড়াইয়া আছে। মুখের মাত্র আধখানা দেখা যায়, কপাল থেকে চিবুক পর্যন্ত সমস্ত রেখাটা যেন একখানি নগ্ন খড়্গ।

ব্রজলাল ঘরের মাঝামাঝি না আসা পর্যন্ত হুঁস হইল না জাহ্নবীর। যখন ফিরিয়া দেখিল তখন কিন্তু দৃষ্টিটা প্রসন্ন না হইলেও শান্ত, কতকটা নির্বিকার, ভাবলেশহীন ; ফিরিয়া দেখিলেও নিজে হইতে কোন প্রশ্ন করিল না।

ব্রজলাল একটু অপ্রতিভ ভাবে বলিল—"শরীরটা খারাপ নাকি ?…একটা ভাল খবর দিতে এসেছিলাম।"

জাহ্নবী শুষ্ক কণ্ঠে উত্তর করিল—"খারাপ ? নাতো !…খবরটা কি ?"

"আজ একটা মস্তবড় লাভের পথ খুলে গেল—একটা খুব বড় কন্ট্রাক্ট্ পেয়ে গেলাম…"

বোধ হয় আগ্রহান্বিত প্রশ্নের প্রত্যাশায় একটু থামিল, না পাইয়া কিন্তু দমিল না ; মুখ একবার খুলিয়া গেছে, বলার-আনন্দেই বলিয়া চলিল—"এইটের জন্যেই এতদিন ধরে চেষ্টা করছিলাম—এই প্রায় হপ্তা দুয়েক ধরে অনেক কাঠখড় পুড়িয়ে শেষ পর্যন্ত গেলাম পেয়ে—ঐ যে সাহেব এসেছিল—অর্ডার

একরকম দিয়েই গেল—মেজর জি-ও টায়াণ্ট—ওই এখন ইষ্টার্ণ কম্যাণ্ড কমিসেরিয়েটের সবচেয়ে বড় সাহেব, একজন আমেরিকান—এই করতেই আসাম থেকে এসেছে—মিলিটারিতে চাল আর আটা সাপ্লাই করবার কন্‌ট্রাক্ট—যাদের হাতে ছিল তাদের অনেকের বদনাম হয়ে গেছে···কেড়ে নিয়ে নতুন লোককে দিচ্ছে—অনেক চেষ্টায় পাওয়া গেল·· আপনি এতবড় খবরটাতেও যেন ইন্‌টারেষ্ট পাচ্ছেন না জাহ্নবী দেবী, সত্যিই শরীরটা খারাপ নাকি?"

জাহ্নবী এবার কথা কহিল, বলিল—"ইণ্টারেস্ট আমার না পেয়ে উপায় নেই ব্রজবাবু, কেননা কাঠখড় যা পুড়িয়েছেন কন্‌ট্রাক্টটা পাওয়ার জন্যে তার মধ্যে একটা কাঠ হচ্ছি আমি।"

"কি রকম! আপনি!···"

"হ্যাঁ, আমি।·· ব্রজবাবু, আমি গেরস্ত বাঙালী ঘরের মেয়ে, বোর্ডিংে বিলিতি কোর্স পড়েছি বটে, কিন্তু মনিবের ব্যবসায়ে সুবিধে হবে বলে অপরিচিত মিলিটারি সাহেবের সঙ্গে হাত মেলাবার জন্যে নয়। আমার হাতটা এখনও জ্বলছে।"

জাহ্নবীর ঠোঁট দুইটা থরথর করিয়া বার দুই-তিন কাঁপিয়া উঠিল। ব্রজলাল স্তম্ভিত হইয়া শুনিতেছিল, কতকটা অবসন্নভাবে সোফাটায় গিয়া বসিল। দুই হাতের মুঠা একত্র করিয়া তাহার ওপর মুখটা চাপিয়া অনেকক্ষণ চুপ করিয়া বসিয়া রহিল, তাহার পর মুখ তুলিয়া বলিল—"বুঝেছি জাহ্নবী দেবী, কিন্তু বিশ্বাস করুন আপনি যা ভেবে কথাটা বলছেন সে রকম কিছু ভেবে আমি কাজটা করতে যাইনি, তবু অন্যায় হয়েছে, মাফ করুন।"

"মাফ করা না করার অধিকার আমার নেই, আমি চাকর, সহ্য ক'রে যাবার কথা, তা করছি।"

ব্রজলাল আবার সেইভাবে স্তব্ধ হইয়া বসিয়া রহিল, মুখটা রাঙা হইয়া উঠিয়াছে, একটু পরে আবার বলিল—"আমায় ক্ষমা করুন। স্বীকার করছি, যে-ভাবেই হোক, কাজটা অন্যায় হয়ে গেছে।···অনেক আজে-বাজে ফার্ম

কন্‌ট্রাক্ট ধরায় বদনাম হ'য়েছে, আমার ফার্মটা ভদ্র, এইটে বোঝাবার জন্তে প্রাণপাত করেছি ক'দিন থেকে। আমি মনে করি আমার ফার্মে সবচেয়ে গৌরব করবার যদি কিছু থাকে তো সে আপনি, তাই—নিতান্ত সেই কথা ভেবেই··"

"তাই মস্ত বড় একটা লাভের আশায় আমায় দাঁড়িপাল্লায় তুললেন ?"

এতদিনের সম্পর্কে এই প্রথমবার ব্রজলালের দৃষ্টি হঠাৎ উগ্র হইয়া উঠিল, অনেক কষ্টে সেটা কতকটা নরম হইয়া আসিল বটে, তবে কণ্ঠস্বর রুক্ষই রহিল, বলিল—"জাহ্নবী দেবী, মুখে যাই বলুন, এ ফার্মে সহ্য করবার কথা যে মনিবেরই এইটেই ধ'রে বসে আছেন আপনি। এক বৎসর ধরে এই ব্যাপারই চলেছে, আজ কিন্তু তার চূড়ান্ত হয়ে গেল।···আমি বার বার করে আপনাকে বলছি—ব্যবসার লোভে আপনার অমর্যাদা করব এমন কদর্য কথা আমি ভাবতে পারি না, তবু আমাকে অপদস্থ করবার যেন ঝোঁক চেপে গেছে। এ-ক্ষেত্রে আমায় মেনে নিতেই হচ্ছে যে, এই উদ্দেশ্যেই আমি সাহেবকে ডেকে এনে আপনার সঙ্গে শেক-হ্যাণ্ড করিয়েছি। তা হলেও তো আমি আপনার চাকরির সর্তের বাইরে যাইনি—আপনার মনে থাকতে পারে, গোড়াতেই বলেছিলাম মেয়ে ক্লার্ক বিজনেসের দিক থেকে ভালো, আজকাল বড় সব আফিসের একটা স্টাইল ওটা। আমার আফিসেও যে সেই স্টাইল মেনটেন করি, সাহেবকে দেখালাম মাত্র সেটা; স্বার্থ ছিল। আপনার না পছন্দ হয়, যার পছন্দ হয়, এমন মেয়েকে রাখতে হবে আমায়।"

এরপর আর কেহ কাহাকেও বুঝিবার চেষ্টা করিল না।

ব্রজলাল অবশ্য অন্য মেয়ে-কেরানি ভর্তি করিল না। যখন বলে কথাটা তখনও নিশ্চয় সে রকম কোন উদ্দেশ্য ছিল না, তবে জাহ্নবীর সঙ্গে ব্যবহারটা নিতান্ত যান্ত্রিক গোছের হইয়া পড়িল। সমস্ত কাজ জমা হইলে আফিস-ঘণ্টার শেষের দিকে একবার করিয়া নিচে ডাকে, এক সঙ্গে সমস্ত দিয়া দেয়, বুঝিয়া লয়। কথাবার্তা প্রাণহীন ভদ্রতার ওপরে ওঠে না কখনই।

হয়তো এতাবটা টিকিত না, ভালোবাসাই আবার জয়ী হইত—কেননা সত্যই ভালোবাসিয়াছিল ব্রজলাল; কিন্তু পুরুষের ভালোবাসা অন্য জাতের; সে একটাকে আশ্রয় করিয়া মরিতে চায় না, নব নব বাধায়, নব নব উন্মাদনায় নূতনকে আশ্রয় করিয়া নিত্য নব কলেবরে বাঁচিয়া থাকিতে চায়। ব্রজলাল নিজের কাজকে ভালোবাসিয়াছিল। তবু নারীর ভালোবাসাটাই জয়ী হইত বোধ হয়, বয়সেরও একটা ধর্ম আছে; কিন্তু সেদিকে ক্রমাগতই বাধা; ব্রজলাল নিজের ব্যবসায়কেই নিজের সমস্ত মন-প্রাণ সমর্পণ করিল,—এই শেষ আঘাতটায় একেবারে শেষবারের মতো।

শুধু মনপ্রাণই নয়, একনিষ্ঠ প্রণয়ীর মতো নিজের বিবেক পর্যন্ত নিঃশেষে উজাড় করিয়া দিল এই নূতন প্রণয়াস্পদার চরণে। তাহার পর যাহা হয়—অর্থাৎ নিজেও নিঃশেষ হইতে বসিল।

সেটা কিন্তু পরের কথা, তাহার আগে বিবেকের কথাটাই বিশদ করিযা বলা দরকার—

যুদ্ধের বাজারে সব চেয়ে বড় যে-কটা রোজগারের পন্থা ছিল, তাহার মধ্যে একটা ছিল মিলিটারি কনট্রাক্ট, অর্থাৎ সামরিক বিভাগের কাজকর্ম হাতে লওয়া। এর খরচের কোন হিসাব ছিল না বলিলেও অত্যুক্তি হয় না। কাজ করিয়া দিতে হবে—একটা সময়ের মধ্যে—যত টাকা লাগে দিবে গৌরীসেন। কাগজের টাকা, তাহার জন্য কাহারও দুর্ভাবনা ছিল না। দ্বিতীয় মহাযুদ্ধে ইংরাজপক্ষের গৌরীসেন চার্চিল একদিন পার্লামেণ্টে একটা প্রশ্নের উত্তরে বলে ভারতবর্ষে সমস্ত লড়াইটা চালাইতে লাগে বাৎসরিক দুই লাখ টাকা—অর্থাৎ নোট ছাপাইবার জন্য কাগজের দামটা।

যুদ্ধের আগে, মৃত্যুর মহাযজ্ঞের মধ্যে মানুষের জীবন সম্বন্ধে আসে অবিশ্বাস। এ অবিশ্বাস কিন্তু বৈরাগ্য আনে না, তাহা হইলে যুদ্ধদানবের রুজি মারা যাইত। আসে উৎকট, উদ্ভট এক ভোগলিপ্সা; দুদিনের জীবন, কখন কাহার সন্ধ্যা আসে বলা যায় না; ভোগ করিয়া লও। প্রায় ওপর

থেকে সব বড় বড় অফিসারদেরই হাত-পাতা—ঘুষ দাও, কাজ নাও, বড় মোটা পার বিল্ পাঠাও, শুধু আমার হিস্যাটা তাতে ভালোভাবে যেন বসানো থাকে।

কাজ রকমারি, তাহার মধ্যে বন কাটিয়া—কখনও বা গ্রামকে গ্রাম নিশ্চিহ্ন করিয়া বাড়ি তোলার কাজটা বেশ শাঁসাল। এতদিন ব্রজলালের হাতে শুধু এই কাজ ছিল।

তাহার পর সন্ধান পাইল এর চেয়েও একটা বড় কাজ আছে, রসদ সরবরাহ। এর লাভের পরিমাণ কল্পনা করিতেও যেন মাথা ঘুরিয়া যায়। বাড়িঘর বড় একটা প্রত্যক্ষ জিনিষ, তুলিবার পর দাঁড়াইয়া থাকিয়া নিজের অস্তিত্বের সাক্ষ্য দিবে, না দাঁড়াইলে থাকিবে শূন্যতার অভিযোগ; কিন্তু চাল-আটার স্থান সেপাইদের উদরে। আসামের প্রান্তে যুদ্ধ চলিতেছে, ফৌজকে ফৌজ যখন লুপ্ত হইয়া যাইতেছে, তখন চাল-আটা যথাস্থানে পৌছিল কি না পৌছিল কে তাহার হিসাব রাখিতেছে? একের জায়গায় দুনো, তিনগুণ চতুর্গুণ—এতো সাধারণ কথা। সরবরাহ নাই মোটে, অথচ বিল পাশ হইয়া উপর থেকে নিচে পর্যন্ত যথাযোগ্য ভাগাভাগি হইয়া গেল, হিসাবের এ-ভোজবাজিও হইয়া যাইতেছে গোলে হরিবোলের মধ্যে। কে দেখিবে?—যে রক্ষক সেই ভক্ষক; চার্চিল তো সহস্র-লোচন নয়।

এইখানেই শেষ নয়, চাল-আটা সরবরাহ না হোক বা আংশিক হোক গৃহস্থের কাছ থেকে খরিদের ঢালোয়া পরোয়ানা কন্ট্রাক্টরদের হাতে—গবর্ণমেন্টের সস্তা রেটে। দেশে দুর্ভিক্ষ—হাহাকার, সেই চাল আটা যদি জুৎ করিয়া গুদামসাৎ করিয়া রাখা যায় তাহা হইলে—সে তো স্বর্গকে ধরাতলে নামাইয়া আনা! ওদিকে গবর্ণমেন্টের কাছ থেকে অখণ্ড বিল, এদিকে সেই মালই আবার দেশের লোকের সামনে বাহির করিয়া দেওয়া—ধীরে ধীরে, ক্ষুধা বাড়ুক, আরও বাড়ুক, মৃত্যুর কাছাকাছি আসিয়া পড়ুক দেশ, একের জায়গায় দশ দিবে, বিশ দিবে, পঞ্চাশ দিবে। না দিয়া যাইবে কোথায়?

ব্রজলাল এই কামধেনুর জন্য প্রাণপাত করিয়া ফিরিতেছিল; অত মেহনৎ করিয়া বনকাটা আর ঘর তোলার উৎসাহ আসিয়াছিল কমিয়া। এ কয়টা দিন একেবারে চৈতন্যরহিত হইয়া ছুটাছুটি-তদ্বির করিয়া ফিরিতেছিল বলা চলে—ধাঁৎধোঁৎ বুঝিয়া অফিসারদের ধরা, যাহারা এ-কাজের কাজী; গুদামের ব্যবস্থা করা, ওপরে উঠিয়া কনট্রাক্টটা জোগাড় করা। ওর সত্যই জ্ঞান ছিল না, সাফল্যের মুখে, উল্লাসের অধীরতায় ও জাহ্নবীকে লইয়া যেটুকু করিল তাহার মধ্যে অন্ততঃ জ্ঞাতসারে কোনরকম কুৎসিত মনোবৃত্তি ছিল না; সত্যই নিজের কারবারের আভিজাত্যটা প্রমাণ করিবার জন্য ব্যাকুল হইয়া উঠিয়াছিল। ওর মনটা একমুখী হইয়া পড়িয়াছিল,—কাজটা চাই-ই,—তাহাতে কোথায় কি ত্রুটি-বিচ্যুতি হইয়া গেল অত খুঁটাইয়া দেখিবার ধৈর্য ছিল না ওর, খুব বেশি বলিলে এই পর্যন্ত বলা যায়।

চুয়াল্লিশ

কনট্রাক্ট পাওয়া গেল। নূতন কাজ পুরা দমে আরম্ভ হইয়া গেল। সব কাজেই মানুষ অন্ততঃ গোড়ার দিকটা একটু সাবধানে অগ্রসর হয়, ব্রজলালও শুরু করিল সেইভাবেই, কিন্তু বার-কতক খরিদ-সরবরাহ করার পর আর তাল রাখিতে পারিল না। লড়াই জিনিষটাই একেবারে অনিশ্চিত, তাহার ওপর স্পষ্ট বুঝা যায় তাহার আয়ু শেষ হইয়া আসিয়াছে, বলা নাই কহা নাই কোন্ দিন শেষ হইয়া যাইবে কে জানে, কিভাবে কাহাকে জয়মাল্য দিয়া?—তখন অনুশোচনায় নিজের আঙুল কামড়ানো ভিন্ন গতি থাকিবে না।

সব ঠিক করিয়া নামা। লম্বা কোট আর কালো টুপি পরিয়া যে-লোকটি মাঝে মাঝে আসিত তাহার সঙ্গে আছে গুদামের বন্দোবস্ত। বরানগরে, কলিকাতার একরকম বুকের ওপরেই বিরাট বাড়ি; মাথা নাই, হাতপা নাই, শুধুই পেট, হাজার হাজার মণ চাল আটার বস্তা আত্মসাৎ করিতে পারে।

মিলিটারির জন্ত গৃহস্থের নিকট হইতে একরকম জোর করিয়া খরিদ করা রসদ ধীরে ধীরে তাহার মধ্যে প্রবেশ করিতে লাগিল; খরিদ্দারও তৈয়ার—আবার ধীরে ধীরে উল্টা পথে বাহির হইয়া যাইতে লাগিল।

অসম্ভব লাভ, কল্পনাতীত, সত্যই মাথা ঘুরিয়া যায়। তাহার পর ঘূর্ণায়মান মস্তিষ্কের বিভ্রমে যাহা চিরকালই অর্থের পথ বাহিয়া আসিয়াছে—বিলাসব্যসন, তাহাও একে একে আসিয়া উপস্থিত হইতে লাগিল।

প্রথমে প্রচ্ছন্নভাবে, চোরের মতো, যেমন সব পাপই আসে। তাহার পর স্পষ্ট ঔদ্ধত্যে। সুরা লইয়া সেদিন যে সন্দেহ ছিল সেটা আর রহিল না।...সেই কালোটুপিওয়ালা লোকটার আনাগোনা ফের বাড়িয়াছে, কয়েকজন মিলিটারী সাহেবেরও; মাঝে মাঝে রাত কাটায়। 'ভিক্ট্রি লজ' একটা প্রমোদের আড্ডা হইয়া উঠিয়াছে, কলিকাতার ভেজালের মধ্যে থেকে দেহমনের ক্লান্তি অপনোদনের জন্ত সবাই ছুটিয়া আসে সপ্তাহে দুইবার তিনবার করিয়া। এক একদিন মত্ত উল্লাসের রোল উঠিয়া নৈশ আকাশ মথিত করে।... নারায়ণী অম্বিকাচরণ প্রথমটা চকিত হইয়া উঠিল, কিন্তু এমন সহজভাবে মানিয়া লইল যেন ব্রজলালের যে শেষ পর্যন্ত এই পথ, এটা যেন বহুপূর্ব থেকেই জানা ছিল। জাহ্নবীকে কেহ কিছু বলিল না। অম্বিকাচরণ যে কিছু বলে না তাহার কারণ ভয়ে নিরাশায় তাগার জিভ অসাড় হইয়া গেছে; তবে নারায়ণীর নীরবতার কারণ যে মেয়ের ওপর অভিমান এটা বুঝিতে জাহ্নবীর বাকি থাকে না।

তাহারও অভিমান আছে, ক্ষোভ আছে; মায়ের ওপর, নিজের অদৃষ্টের ওপর, দুই এক সঙ্গেই জড়ানো। একটা প্রচ্ছন্ন উল্লাসও আছে—দেখো তোমার অত সুখ্যাতির ব্রজলাল!...আমি তো চিনিয়াছিলাম, অনেকদিন আগেই মুক্ত হইতে চাহিয়াছিলাম, তুমিই বেটাছের্লের কাছে এত নিগ্রহ সহিয়াও তো আবার মোহে পড়িয়াই রহিলে।

আফিসে কাজ নাই বিশেষ। পুরাণো অর্থাৎ ঘরবাড়ি তোলার কাজটায় ঢিলা পড়িয়াছে। কতকটা যুদ্ধের শেষ অবস্থা বলিয়া কাজ কমিয়াছে, কতকটা

ব্রজলালের ইচ্ছাকৃত শিথিলতা, এ-লাভের কাছে ও-লাভটাকে লোকসানের সামিলই মনে হয়। নূতন কাজের বেশিটাই গোপনে, লেখালেখির বালাই অল্প।...প্রচুর অবসর। আগে অল্প একটু অবসর পাইলেও বইয়ের সঙ্গে কাটাইত জাহ্নবী, এখন ও-পাটই তুলিয়া দিয়াছে, বেশির ভাগই বাহিরের দিকে মুখ করিয়া সেফায় গা এলাইয়া দিয়া ভাবে। নিজেদের জীবনের কথা, তাহার পাশাপাশি ব্রজলালের জীবন। এক ধরণের আনন্দ পায় ব্রজলালের এই পরি-বর্তনে এই হিসাবে যে, এটা পুরুষের স্পষ্ট রূপ।·· আলো ভালো; অন্ধকার ভালো, কিন্তু আলো-আঁধার বড় একটা বালাই; যতদিন ব্রজলালের দোষের সঙ্গে কতকগুলা গুণের অস্পষ্ট রেখা মেশানো ছিল ততদিন সে ছিল বড় অস্বস্তিকর একটা ব্যাপার। এ এখন বেশ—স্বার্থ, প্রবঞ্চনা, অর্থ, সম্ভোগ—যে সম্ভোগে আর কাহারও দিকেই দৃক্‌পাত নাই—নারকীয় উল্লাসে গৃহের অপর অংশেই যে তিনটি জীব ত্রস্ত, বিনিদ্র রজনী যাপন করিতেছে—তাহাদের দুইজন অসহায় নারী, একজন অন্ধ, সে দিকে যে বিন্দুমাত্র খেয়াল নাই, এ একটা বেশ স্পষ্ট জিনিষ, পুরুষের স্পষ্ট রূপ, চেনা যায়, বোঝা যায়; মা-দাদুর জিহ্বা পর্যন্ত আর প্রশংসায় চঞ্চল হইয়া ওঠে না।· জাহ্নবী আনন্দ পায়; ঠিক উল্লাস নয়, স্পষ্ট দৃষ্টিতে দেখার একটা স্বাচ্ছন্দ্য।

ঘৃণায় আক্রোশে জাহ্নবীর মনটা ভরিয়া ওঠে, নিজেদের জীবনের যত অত্যাচার, যা কিছু ব্যর্থতা, সব খুঁটিয়া খুঁটিয়া স্মরণ করিয়া সেই ঘৃণা আক্রোশকে পুষ্ট করে। এই পুরুষই তাহার জননীকে এক আশ্রয় থেকে অন্য আশ্রয়ে তাড়া করিয়া ফিরিযাছিল, অরণ্যচারিণী করিয়াছিল। এই পুরুষেরই স্বরূপ সে দেখিয়াছে উৎসবে, তীর্থস্থানে, বোডিঙে, কিরণময়ের রূপে। ঘৃণাকে ফেনাইয়া তোলে জাহ্নবী।···সান্ত্বনা এই যে, এ-ই ওদের ধ্বংসের পথ। যাক্, দ্রুত নামিয়া যাক।·· ডোরা বলে—ওদের ধ্বংসের পথে ছেড়ে দাও, ওই ওদের প্রাপ্য। ডোরাই চেনে ওদের, যত অনিমারা মোহের আঁচল দিয়া ওদের ঘিরিয়া রাখে, ওদের ধ্বংসের সময় দেয় বিলম্বিত করিয়া।· বড় আনন্দ হয়

যে, জাহ্নবী ব্রজলালকে দূরে রাখিয়া গিয়াছে, শেষ পর্যন্ত ওর দিক থেকেও যে একটা প্রত্যাশা ছিল সেটাকেও তীব্র আঘাতে চূর্ণ করিয়া দিয়াছে; এখন দুজনের মধ্যে যোজনব্যাপী ব্যবধান।...জাহ্নবীর ইচ্ছা করে ডোরাকে ডাকিয়া একবার বলে কথাটা; জানায় যে অনিমা দিয়াই জগৎ পূর্ণ নয়, জাহ্নবীও আছে সেখানে।

এক একদিন কিন্তু কি হয়, চিন্তায় আসে অবসাদ, নিজের মনের আগুন নিজের মনকেই দেয় গলাইয়া, চোখের জ্বালা চোখের জলে যায় নিভিয়া। সব ব্যক্তিগত আক্রোশ, ব্যক্তিগত অভিমান মিলাইয়া গিয়া জীবন সম্বন্ধেই একটি ক্লান্ত প্রশ্ন থাকে জাগিয়া। জীবন কেন এমন? এত ভ্রান্তি, এত শ্রান্তি, এত বেদনা কোনখানেই বা থাকিবে কেন লাগিয়া? ক্ষুদ্র ভেদাভেদ, ক্ষুদ্র ঘৃণা-অভিমানের ঊর্দ্ধে মনটা যেন একটা অনন্ত বেদনা-লোকে উঠিয়া যায়।

এসব কিন্তু মনের বিলাস এবং তাহা একটা বড় কথা জাহ্নবীকে ভুলাইয়া রাখিয়াছিল।—সেটা এই যে, পাশে আগুন লাগিলে নিজের ঘরেরও বিপদ আছে। দুইটা ব্যাপারে জাহ্নবী সে বিষয়ে সজাগ হইয়া উঠিল।—

একদিন উদ্ধব আসিয়া দু'একটা নকল দেখাইবার পর বলিল—"দিদিমণি, মজুমদার মশাই আপনাকে বলতে বলেছিলেন··"

থামিয়া গেল; জাহ্নবী সচকিত হইয়া উঠিল, বলিল—"আমাকে বলতে বলেছিলেন?—কি রে? বল্, চুপ করলি কেন?"

"ব'লছিলেন—আপনি সাহেবকে একটু সামলান্ না, বড্ড বাড়াবাড়ি করছেন, কারবারে ক্ষতি হচ্ছে।"

জাহ্নবী একেবারে স্তম্ভিত হইয়া গেল। এদিকটা খেয়াল হয় নাই; অথচ খুব স্বাভাবিক ওদের সবার পক্ষে এইরকম ভাবা। আর ওদের ধারণা, কি এইটুকুতেই শেষ হইয়াছে যে, জাহ্নবীর খানিকটা প্রভাব আছে ব্রজলালের ওপর? সেটা হয়তো আগেও ছিল কতকটা, এখন নিশ্চয় এ পর্যন্ত আগাইয়া গেছে যে, আজকাল রাত্রে যে নরকলীলা অনুষ্ঠিত হয় এই বাড়িতে জাহ্নবীই তাহার প্রাণকেন্দ্র।

স্বর্ণার পাশে আতঙ্ক আসিয়া দাঁড়াইল। কিন্তু কেমন মরিয়া হইয়া উঠিয়াছে, এ আতঙ্কও কাটাইয়া উঠিল। যাক, পরের অভিমত লইয়া মাথা ঘামাইলে এক পা চলা যায় না এই দুনিয়ায়; আর মিথ্যাই তো এ ধারণা?

তাহার পর আতঙ্কটা বাস্তবের রূপে আরও ঘেঁষিয়া আসিয়া উপস্থিত হইল।

দুই দিন পরের কথা। জাহ্নবী আফিস হইতে ফিরিলে নারায়ণী তাহাকে ইসারা করিয়া সদর দরজার কাছে, অর্থাৎ অম্বিকাচরণের শ্রুতির বাহিরে লইয়া গেল। তাহার পর শুষ্কমুখে বলিল—"এতদিন কিছু বলিনি, কীই বা বলব, সব দেখতেই পাচ্ছিস—আর কিন্তু নিশ্চিন্দি থাকা যায় না মা। আজ ব্রজর মেসো এসেছিল—সেই লোকটা, বারাণসী নাম।"

জাহ্নবী প্রশ্ন করিল—"বাড়িতেই এসেছিল নাকি? ভেতরে?"

একেবারে ভেতরে—যে মানুষটাকে ব্রজ একদিন এই বাড়ি থেকেই অমন করে তাড়িয়ে দিয়েছিল, এই বাড়িরই মান-মর্য্যাদার দিকে চেয়ে।"

ভীতভাবে মুখের পানে চাহিয়া রহিল নারায়াণী। জাহ্নবী প্রশ্ন করিল—"কি বললে?"

সেইটেই আরও ভয়ের কথা জান্নু, বললে ব্রজই ডাকিয়ে এনেছে, কারবারটা আর একলা সামলাতে পারছে না। এতদিনও ওই সামলাচ্ছিল, কলকাতায় থেকে, এখন আর একেবারে সামনে এসে না বসলে চলে না। বাবার সঙ্গে সেই রকম আত্মীয়তা করে সব বলতে লাগল। এতদিন একটা ভরসা ছিল জান্নু, ওদিকে যাই করুক, বাড়ির এদিকে পা দেয়নি ব্রজ তার মানে চোখের পর্দাটা যায়নি, জানে আমাদের সামনে মুখ দেখানো শক্ত ওর। আজ ও নিজে আসেনি, কিন্তু তার চেয়ে এ যা করলে সেটা যে আরও ভয়ঙ্কর মা, ভয়ে আমার হাত পা সরছে না!"

জাহ্নবীও এই ধরণেরই কথা একটা ভাবিতেছিল—মিলিটারি সাহেবের আমদানিটা বাড়িয়াছে এদিকে, প্রায়ই জীপে করিয়া আসে কাজের জন্যে,

আবার নিছক সুরার জন্যও, কিন্তু আর ঘটা করিয়া পরিচিত করা তো দূরের কথা ; ওদের বর্তমানে ব্রজলাল কখনও ডাকিয়াও পাঠায় নাই জাহ্নবীকে।

কিন্তু প্রমাণ জড়ো করিয়া নারায়ণীকে শুধু আরও শঙ্কিত করিয়া তোলা। জাহ্নবী ওদিকে না গিয়া প্রশ্ন করিল—"তাহলে তোমরা দুজনে কিছু ভেবেছ তো মা ?"

"দুজনের মধ্যে একজন বুড়ো, অন্ধ, দ্বিতীয়জন মানুষের মধ্যেই নয়— পিসিমা গিয়ে আমারও আর পদার্থ নেই জাহ্নবী। ভেবে যা ঠিক করবার তা তো তুই করবি।"

"ধরো, বাড়ি ছেড়ে দেওয়ার কথাটা···"

"আজ হোলে কালকের জন্যে ব'সে থাকি না মা।"

"এই বাড়ির ঠিকানা দিয়ে দাদুর মেয়ে নাতনির জন্যে বিজ্ঞাপন দিযেছি। যদি কখন কেউ আসে তো আমাদের পাবে না।"

নারায়ণীর মুখটা শুকাইয়া গেল, জাহ্নবী বুঝিতে পারিল না বাবাকে হারাইবার ভয়ে, কি তাহার মেয়ে-নাতনি খুঁজিয়া পাইবে না সেই ভয়ে। প্রশ্ন করিল—"আসছে নাকি কারুর চিঠি পত্তর ?"

"কোন সময়ে না কোন সময়ে আসবে আশা করেই তো দেওয়া বিজ্ঞাপনগুলো। এখন ঠিকানা বদলাতে গেলে দেরি হবে। আরও গোলমালের সম্ভাবনা আছে।"

"এদের এখানে ঠিকানা দিয়ে গেলেই হবে।"

"একজন মাতাল—তার মাথার ঠিক নেই, আর একজন তার সহকারী— আমাদের জন্যে কোন মাথা ব্যথাই নেই।···বরং আমি ভুল বলছি মা, তার মাথা ব্যথা বোধ হয় বড্ড বেশি, সেই জন্যে এখান থেকে লুকিয়েই আমাদের পালানো ভাল বোধ হয়, ঠিকানা না দিয়ে।"

নারায়ণী বিহ্বলভাবে হাতটা বাড়াইয়া জাহ্নবীর কাঁধের ওপর রাখিল, বলিল—"জাহ্নু, সময় থাকতে তোর কথা শুনিনি, তার কি শোধ নিচ্ছিস মা

কতকগুলো সমিস্তে এনে ফেলে? একটা কথা ভেবে দেখ, তখন কি অবস্থা ছিল, এখন কি হয়েছে।··ধর যদি ভুলই হয়ে থাকে আমাদের, সেই কথা ধরে থাকবার কি সময়? আমার যে কী করে কাটছে মা, সমস্ত রাত জেগে থাকি, শরীর আমার কাঁপে জাহ্নবী, বুক ধড়ফড় করে আমার··।"

আর বলিতে পারিল না, আঁচলটা তুলিয়া চাপা স্বরে কাঁদিয়া উঠিল।·

জাহ্নবী চুপ করিয়া দাঁড়াইয়া রহিল। কান্না দেখিয়া সব মেয়েছেলের মতোই মনটা উথলিয়া উঠিতেছিল, কিন্তু ওর মনে একটা ধারাই বহে না। যে দুঃখ, অপমান, আশঙ্কায় এই অশ্রু তাহার সম্বন্ধেই কি-একটা কঠিন সঙ্কল্প লইয়া ও নিশ্চলভাবে খানিকটা দাঁড়াইয়া রহিল, তাহার পর কহিল—"মা, তাহলে তোমায় সব কথা খুলে বলতে হোল—যখন অমন একটা অপবাদ দিচ্ছ আমায়। দিন চারেক হোল আমি একটা চিঠি পেয়েছি—মনে হচ্ছে দাদুর মেয়েরই চিঠি—যেমন সব নাম ধাম পরিচয় দিয়ে লিখেছে··"

নারায়ণীর মুখটা সঙ্গে সঙ্গে বিবর্ণ হইয়া গেল। তবু উৎসাহ দেখাইবার চেষ্টা করিয়া বলিল—"সত্যি লিখেছে নাকি জানু?"

বুদ্ধিমতী কন্যার কিন্তু বুঝিতে বাকি রহিল না; বলিল—"হ্যাঁ লিখেছে মা, সে-ই, যতদূর আন্দাজ করছি। কিন্তু আমি এখনও কোন উত্তর দিইনি—পোষ্ট বক্স দিয়ে বিজ্ঞাপন দিয়েছিলাম, নাম ঠিকানা দোব, তবে তো আসবে। যদি বলো কেন দিসনি, তবে তার ঠিক উত্তর দিতে পারব না—বোধ হয় দাদুকে হারাতে হবে বলেই একটা কেমন গড়িমসি করার ভাব এসে গেছে।·· তোমারও এই ভাবটা এসেছে মা।"

নারায়ণী চুপ করিয়া একদিকে চাহিয়া দাঁড়াইয়া রহিল, দুই গণ্ড ধুইয়া আবার দর বিগলিত ধারায় অশ্রু বাহিয়া যাইতে লাগিল। জাহ্নবীও অনেকক্ষণ নিঃশব্দে রহিল দাঁড়াইয়া, তাহার পর বলিল—"এক কাজ করা যাক না হয় মা, যেমন বলছ, চলো ছেড়ে যাই এ জায়গা, আমরাই তাঁদের ওখানে গিয়ে উঠি; একটা আশ্রয় পাওয়া যাবে আপাতত।"

নারায়ণী কন্যার বুকে একেবারে লুটিয়া পড়িল, অশ্রুরুদ্ধ স্খলিতকণ্ঠে বলিল— "ও জাহ্নবী, ভগবান আমায় একি পরীক্ষায় ফেললেন মা ?"

এ যে কী পরীক্ষা জাহ্নবীও নিজের মন দিয়া বোঝে, তাহাকেও তো সেখানে আর একজনের পাশে দাঁড়াইতে হইবে, দাদুর নিজের নাতনি—রক্তের টান, জাহ্নবীর মতো জোড়াতালি দেওয়া সম্বন্ধ নয়···পারিবে সে-নাতনির সামনে গিয়া দাঁড়াইতে একটু দয়ার আবেদন লইয়া—এই দাদুর একটু ভাগ পাইবার জন্য ?

ওর কিন্তু চোখে অশ্রু নাই। রক্তে একটা বিষ ঢুকিলে বাহির হইতে যে ধরণেরই আঘাত লাগুক, সেই একটি বিষকেই বিচলিত করে ; জাহ্নবীর মনকে আচ্ছন্ন করিয়া আছে ঘৃণার বিষ—পুরুষের প্রতি, সেই থেকে সাক্ষাৎভাবে ব্রজলালের প্রতি ; আঘাত যেভাবেই আসুক—নিরাশা, বঞ্চনা, দুঃখ, অপমান— আর যে পথ দিয়াই আসুক, ঐ একটি অনুভূতিকেই করে পুষ্ট।

জাহ্নবী মাকে কাঁদিতে দিল অনেকখানি, কতকটা শান্ত হইলে বলিল— "থাক, ভেবেই বোলো মা, খুব এমন তাড়াতাড়ি কিসের ?—পাওয়া তো গেছে সন্ধান ? আমার দিক থেকে শুধু তোমায় বলছি, আমি তোমার মেয়ে, ছেলে বেলা থেকেই নিজেকে বাঁচিয়ে চলা আমার শিক্ষা মা। আর এ বাড়িতে তোমার পায়ের ধুলো আছে—মনে কু নিয়ে যে এ বাড়ির চৌকাঠ মাড়াতে যাবে, সে আপনি ধ্বংস হবে···মানে, তার ধ্বংসের ব্যবস্থা হবে।

পরের দিন সন্ধ্যায় জাহ্নবী বেড়াইতে বাহির হইতেছিল, চৌকাঠ থেকে প্রায় বাহির হইয়াই দেখিল বারাণসী হন হন করিয়া আগাইয়া আসিতেছে, তাহাকে দেখিয়াই একগাল হাসিয়া বলিল—"এই যে নাতনি !···কাল এসেছিলাম, কিন্তু···"

জাহ্নবীর মুখটা রাঙা হইয়া উঠিল, আগাইয়া গিয়া বলিল—"আপনি একবার এদিকে আসুন।"

বারাণসী থতমতো খাইয়া গিয়া অনুসরণ করিলে, খানিকটা তফাতে একটা কামিনী গাছের আড়ালে গিয়া দুজনে দাঁড়াইল। জাহ্নবী প্রশ্ন করিল—"কোথায় যাচ্ছিলেন আপনি ?"

বারাণসী হাসিবার চেষ্টা করিয়াই বলিল—"ঐ বাড়িতে, দাদার সঙ্গে একটু…"

"কেন ?—ও বাড়িতে আপনার ঢোকা তো মানা…দিদিমা নেই বলে ?"

"তা নয়—তা নয়—কথা হচ্ছে…"

"শুনুন, এ বাড়ির চৌকাঠের ভেতর পা দিলে পুলিশ কেসে পড়বেন। আপনাকে যিনি একদিন তাড়িয়েছিলেন তিনি আবার ডেকে আনায় আপনার আস্পর্ধা বেড়ে গেছে। তাঁকেও তাহলে কথাটা বলে দেবেন; বরং আর একটু বলে দেবেন—তিনি যে ধরণের ব্যাপার ক'রছেন, পাশের একটা ভদ্র পরিবারকে যেভাবে উদ্ব্যস্ত করে তুলেছেন, চৌকাঠ না মাড়ালেও তাঁকে যাতে পুলিশের হাতে পড়তে হয় তার ব্যবস্থায় আছি।"

বারাণসীকে সেইখানে কাষ্ঠপুত্তলিকার মতো দাঁড় করাইয়া বাগান অতিক্রম করিয়া চলিয়া গেল জাহ্নবী।

পঁয়তাল্লিশ

পুলিশ জাহ্নবীর ভরসায় বসিয়া ছিল না। ইতিমধ্যে অনেকদিন পূর্বেই একটি ব্যাপারের সূত্রপাত হইয়াছিল, চক্ষুর অন্তরালে হইয়াও গিয়াছিল অনেক কিছু।

লড়াইয়ে জোগান দেবার সবক্ষেত্রেই যে একটা বিরাট বিশৃঙ্খলা চলিয়াছে, এটা গবর্ণমেণ্টের সুপরিজ্ঞাত ছিল, কিন্তু লড়াই-ই একটা মস্ত বড় বিশৃঙ্খলা, গবর্ণমেণ্টের নিজের অস্তিত্বই সংশয়াকুল, সুতরাং কে চুক্তিপূর্ণ না করিয়াই বা অংশত সরবরাহ করিয়া বিল আদায় করিয়া লইয়া গেল সে-বিষয়ে অত অবহিত

হইবার ইচ্ছা ও অবসর দুইয়েরই অভাব ছিল। তাহা ভিন্ন অবহিত হইয়াই বা ফল কি? কণ্ট্রাক্টারদের সাহসের উৎস কোথায় গবর্ণমেণ্টের তো সেটা অপরিজ্ঞাত ছিল না—বড় বড় সামরিক অফিসার পর্যন্ত এ ব্যাপারে লিপ্ত, একটু নাড়া দিতে গেলেই সমর-ব্যবস্থার সমস্ত কাঠামোটাই ধূলিসাৎ হইয়া যাইবে।

তবুও সামরিক বিভাগের একটা অংশ হিসাবে গোয়েন্দারা রুটিনগত কাজ অল্প অল্প করিয়া যাইতেছিল, এক রকম দেখিয়া শুনিয়াও চক্ষু মুদ্রিত করিয়া।

কোহিমার যুদ্ধের পর একটু নিঃশ্বাস ফেলিবার ফুরসৎ হইল গবর্ণমেণ্টের। ঘর সামলাইবার দিকে খানিকটা নজর দিতে পারিল। এর আরও একটা দিক ছিল; ক্রমাগত নোট ছাপাইয়া টাকা ঢালা এতদিন, এ ব্যাপারটা আর বেশিদিন চলিতে দিলে মুদ্রাস্ফীতির চাপে শাসন ব্যবস্থা অচল হইয়া দাঁড়াইবে, সুতরাং এবার কণ্ট্রাক্টারদের দেনা মিটাইবার পালা বন্ধ করিয়া যাহারা এতদিন নিরুপদ্রবে খাইয়া পেট মোটা করিয়াছে তাহাদের দোহন করা দরকার। ঘুষ আর চুক্তিভঙ্গের মকদ্দমার একটা মরশুম পড়িয়া গেল, তবে বাদসাদ দিয়া, নহিলে ঠগ বাছিতে তো গাঁ উজাড় হইয়া যায়। যুদ্ধ এখনও বর্মায় চলিতেছে। একধার থেকে সবাইকে ধরিতে গেলে সঙ্কট অবস্থা দাঁড়াইয়া যাইবে।

ব্রজলালের ওপরও নজর ছিল, কিন্তু সাধারণ যা নৈতিক অবস্থা, সে-হিসাবে তাহার উপর বিশেষ নজর দেওয়া দরকার বোধ করে নাই গবর্ণমেণ্ট। নিজের ভোগ-বিলাসের দিকটা কম, ওপরের সবাইকে দিয়া থুইয়া বেশ হাতেও রাখিয়াছিল। কণ্ট্রাক্টারির প্রথম অংশটা নির্বিঘ্নেই কাটিয়া গেল।

দ্বিতীয় অংশের ইতিহাসটা অন্য রকম। চাল-ডাল-আটা লইয়া গবর্ণমেণ্ট এক সময় কনট্রাক্টারদের সঙ্গে এক রকম যোগ-সাজসেই ছিনিমিনি খেলিয়াছিল—জাপানীদের ভয়ে "পোড়ামাটি নীতি" অবলম্বন করিয়া যখন কৃত্রিম দুর্ভিক্ষ আমদানি করে। এখন সে ভয়টা অনেকটা কাটিয়া আসিয়াছে,

সুতরাং রসদের কন্‌ট্রাক্টারদের অত তোয়াজ করিবার দরকার নাই। চুক্তি পাকা হওয়ার সঙ্গে সঙ্গে গোয়েন্দা বিভাগও এদিকে অভিনিবিষ্ট হইয়া উঠিল। এই নাগাদ ব্রজলালের উচ্ছৃঙ্খলতা হঠাৎ বাড়িয়া গিয়া যেমন তাহাদের সন্দেহ আরও পুষ্ট করিল, তেমনি তাহাকেও করিয়া তুলিল অসতর্ক; এই অসতর্কতার ঝোঁকে ক্রমাগতই একটার পর একটা ভুল করিয়া সে বিপদের গহ্বরে নামিয়া যাইতে লাগিল। জীবন ক্রমাগতই হইয়া উঠিতে লাগিল উচ্ছৃঙ্খল।

এমন সময় একদিন দুপুরে ব্রজলালের আফিস কক্ষে একটি স্ত্রীলোক আসিয়া উপস্থিত হইল। বয়স প্রায় চব্বিশ-পঁচিশ বৎসর মনে হয়। রঙে, দেহের গঠনে, কেশে, মুখের ডৌলে সৌন্দর্যের সব কিছুই বর্তমান, তবুও ঠিক সুন্দরী কিনা বলা কঠিন, কোথায় কি যেন একটা কি আছে যা নারী-শ্রীর পরিপন্থী। এদিকে আগাগোড়া খদ্দরের বেশভূষা, পায়ে এক জোড়া নিতান্তই সাদা-মাটা স্যাণ্ডাল, হাতে খদ্দরের একটি সুদৃশ্য ঝোলা—গান্ধীজীব মূর্তির ছাপ মারা। আগে উদ্ধবের হাতে একটা কার্ড পাঠাইয়া দিয়াছিল, ডাক পড়িলে ভিতরে গিয়া নমস্কার করিয়া দাঁড়াইতে ব্রজলাল চেয়ার দেখাইয়া বসিতে অনুরোধ করিল।

প্রশ্ন করিল—"কি দরকার আপনার?"

স্ত্রীলোকটি ঝোলার মধ্যে থেকে একটা হ্যাণ্ডবিল বাহির করিল, তাহার পর ঝোলাটা গান্ধীর মূর্তি ওপরে করিয়া টেবিলে রাখিয়া হ্যাণ্ডবিলটা বাড়াইয়া ধরিয়া একটু হাসিয়া বলিল—"ভিক্ষেয় বেরিয়েছি।"

দুর্ভিক্ষের জন্য সাহায্যের জন্য একটা আবেদন, কোন্ এক গান্ধী-আর্তত্রাণ-মহিলা-সমিতির পক্ষ হইতে। ব্রজর মুখটা একটু গম্ভীর হইয়া গেল এবং পড়িতে যতটা সময় লাগা উচিত, তাহারও অতিরিক্ত সময় লইয়া হ্যাণ্ডবিলটার দিকে চাহিয়া রহিল। তাহার পর একটা যেন উপায় ঠাহর হইয়াছে এইভাবে মুখটা অল্প দীপ্ত হইয়া উঠিল এবং একটু হাসিয়া চোখ তুলিয়া বলিল—"আপনি ভুল জায়গায় এসে প'ড়েছেন, হয়তো অত খেয়াল না ক'রেই,—আমি লড়াইয়ে সাহায্য করে

টাকা উপার্জন করি, অর্থাৎ হিংসার প্রশ্রয় দিয়ে। এটা আপনাদের গান্ধীজীর নীতির...”

“কিন্তু আপনি তো তাঁর নীতি মানছেন না ?”

“কৈ আর মানছি বলুন ?”

“তাহলে তাঁর নীতির এটুকুই বা মানছেন কেন যে, যুদ্ধে রোজকার করা টাকা ভালো কাজে দেওয়া উচিত নয় ? ”

তর্কের ধাঁধা একটা ; বুঝিতে একটু সময় দিল স্ত্রীলোকটি, তাহার পর এক সঙ্গে দুইজনেই হাসিয়া উঠিল, ব্রজলাল অপ্রতিভ হইয়া কিছু বলিবার আগেই স্ত্রীলোকটি বলিল—“না, দয়া করে তর্কের আশ্রয় নেবেন না, পেরে উঠব না। দিন ; আর শুধু আপনার টাকার জন্মেই তো আসিনি, একদিনের জন্যেই তো আসা নয়, আরও আসব, এসে জ্বালাতন করব। আপনার অগাধ প্রতিপত্তি— অনেকদিক দিয়েই আপনার সাহায্যের পরামর্শের আশা রাখি আমরা...”

যে একদিন উপার্জনের পথ নিষ্কণ্টক রাখিবার জন্য দুর্ভিক্ষপীড়িতদেরও মিলিটারিদের হাতে তুলিয়া দিতে পারিয়াছিল, এ সব সাধারণ বুলির কাটান্ তাহার কাছে অনেক আছে ; কিন্তু ব্রজলাল আজকাল নারীসৌন্দর্য সম্বন্ধে একটু অন্যভাবে সচেতন, তাহা ভিন্ন আর একটা কথা তাহার মনে পড়িতেছিল, একবার শেষ চেষ্টা করার ; অন্যমনস্কভাবে শুনিতেছিল, উঠিয়া দাঁড়াইয়া বলিল—“আচ্ছা, আপনি একবার আমার সঙ্গে···দেখি একটা ব্যবস্থা যদি হয়, আসুন।”

মনে হঠাৎ একটা স্ফূর্তির জোয়ার আসিয়াছে, সঙ্গে সুন্দরী, তাহার পর সামনেও একটা বড় চান্স—যদি ভেজে জাহ্নবীর মন। কথাবার্তা কহিতে কহিতেই উপরে উঠিয়া আসিতেছে ; সামনে নিজে, দু'ধাপ পেছনে স্ত্রীলোকটি ; জাহ্নবী টেবিলে কি একটা লিখিতেছিল, পায়ের শব্দে একটু চকিতভাবে ঘুরিয়া চাহিল। সঙ্গে সঙ্গেই তাহার দৃষ্টি বিস্ফারিত হইয়া উঠিল এবং সে বিস্ময়ের চোটেই দাঁড়াইয়া উঠিল।

ব্রজলালের পিছনেও এই ধরণেরই ব্যাপার, স্ত্রীলোকটি থমকিয়া দাঁড়াইয়াছে, দৃষ্টিতে এক সঙ্গে আনন্দ, বিস্ময়, বিজয়োল্লাস; কিন্তু অদ্ভুত প্রত্যুৎপন্নমতি, সঙ্গে সঙ্গেই নিজের ঠোঁটের ওপর আঙুল চাপিয়া জাহ্নবীকে চুপ করিতে ইশারা করিল এবং সঙ্গে সঙ্গেই মুখের ভাবটাও সহজ করিয়া লইল।

ব্রজলাল জাহ্নবীর বিস্ময়াবিষ্ট দৃষ্টি অনুসরণ করিয়াই পিছনে চাহিয়াছিল, কিন্তু প্রবঞ্চিত হইয়া হাসিতে হাসিতেই আগাইয়া আসিয়া জাহ্নবীকে বলিল—"ও, আমার ওপরই রাগ এখনও?...আমি এসেছি এঁকে ইনট্রোডিউস্ করে দিতে—এণ্ড্ দিস্ টাইম্ ইট্ ইজ্ নট্ এ মেজর। এসেছেনও একটা ভালো কাজে।"

রসিকতাটুকু যে সুরুচিসঙ্গত হইল না, স্ফূর্তির চোটে সেটা খেয়ালের মধ্যেই আসিল না ব্রজলালের, নিজে একটা চেয়ার টানিয়া স্ত্রীলোকটিকে সোফাটা দেখাইয়া বসিতে অনুরোধ করিল। তাহার পর বলিল—"কৈ, একটা হ্যাণ্ডবিল দিন ওঁকে।"

ঘরের হাওয়াটা যেন বন্ধ হইয়া গেছে, ভিতরের উত্তেজনায় জাহ্নবী একটু একটু কাঁপিতেছে, ওর সেই পুরানো বিদ্বেষ জাগিয়া উঠিতেছে আশঙ্কা করিয়া ব্রজলালের মনের সরসতাটুকু দ্রুত শুকাইয়া আসিতেছে; স্ত্রীলোকটি প্রার্থীর প্রত্যাশার ভাব মুখে লইয়া স্তব্ধভাবে বসিয়া আছে। পড়া শেষ করিয়া জাহ্নবী নিরুৎসাহকণ্ঠে একবার উভয়ের পানে চাহিয়া বলিল—"যতটুকু সাধ্য না হয় দেব।"

তাহার পর ব্রজলালের মুখের পানে চাহিয়া বলিল—"আমার আর বিশেষ উৎসাহ নেই, আসল সময়েই কিছু করতে পারলাম না, দুর্ভিক্ষ এখন তো অনেকটা আয়ত্তের মধ্যে।"

ব্রজলাল শুষ্ক কণ্ঠে একটা ঢোক গিলিল, আগন্তুককে বুঝিতে না দিবার চেষ্টা করিয়া কতকটা ব্যাকুল কণ্ঠেই বলিল—"ভুলুন সে পুরানো কথা জাহ্নবী দেবী, পুরানো সব কথাই ভুলুন—ইট ইজ নেভার টু লেট টু মেণ্ড, সবাইকে সে অবসর দেওয়াও উচিত।"

ব্রজলাল বুঝিল না, তবে সংলাপ যে একটা অপ্রিয় পথে যাইতেছে সেটাকে রোধ করিবার জন্যই জাহ্নবী একটু ক্লান্তভাবে হাসিয়া বলিল—"বেশ, কি করতে পারি, বলুন আমায়।"

ব্রজলালের মুখটা আবার দীপ্ত হইয়া উঠিয়াছে; মনের কপাট চারিদিকেই যেন দুড়দাড় করিয়া গেছে খুলিয়া; স্ত্রীলোকটির দিকেই চাহিয়া বলিল—"আপনি খদ্দরধারিণী, নিয়েও রয়েছেন একটা ভালো কাজ, নিঃস্বার্থ, আপনাকে বলতে দোষ নেই। গবর্ণমেণ্টের কন্‌ট্রাক্টার, ওরা এসব পছন্দ করে না, তার ওপর নিই-বা না নিই, কাঁচা টাকার কারবার, একটা বদনাম আছেই, তাই আমার যা দেবার ইচ্ছে, সেটা ওঁর হাত দিয়েই দিতে চাই। খুলেই বললাম আপনাকে, এখন উনি যা বলেন।..."

জাহ্নবীর পানে চাহিল।

জাহ্নবী প্রশ্ন কবিল—"কত বলব বলুন; কত দেবেন?"

"যত খুশি—"

মুখটা উজ্জ্বল হইযা উঠিয়াছে, জীবনের একটা চান্স্ কিনিতেছে, শুধু ঐ হিসাবটাই আছে মনে। ..স্ত্রীলোকটি উদাসীন ঔৎসুক্যে নিঃশব্দে বসিয়া আছে।

জাহ্নবী একটু হাসিয়া বলিল—"আমি যদি এখন বলি দশ হাজার.."

"যদি কম না মনে করেন তো বলুন, নৈলে পনের, বিশ, যদি তারও বেশি আপনার ইচ্ছে হয়.."

চাপা উদ্বেগে ব্রজলালও কাঁপিতে আরম্ভ করিয়াছে। স্ত্রীলোকটি একবার নির্বিকার দৃষ্টি তুলিয়া চাহিল।

জাহ্নবী বলিল—"বেশ, আপনি নিচে যান। এঁদের কি রকম দরকার না দরকার বুঝে নিয়ে আপনাকে জানাচ্ছি।"

স্ত্রীলোকটিকে বলিল—"আপনার জন্যে একটু জল-টলের ব্যবস্থা করি আগে, ক্লান্ত রয়েছেন, এসেছেনও ঠিক দুপুরে।"

ইঙ্গিতটা ব্রজলালকে।

…"সে আপনাকে ভাবতে হবে না, আমি করছি ব্যবস্থা।" —বলিয়া ব্রজলাল ত্বরিতপদে নামিয়া গেল।

ছেচল্লিশ

সিঁড়িতে পায়ের শব্দ মিলাইয়া যাইবার পূর্বেই জাহ্নবী আবার আগের মতো বিস্মিত দৃষ্টিতে চাহিয়া চাপা গলায় বলিল—"ডোরাদি!…একি কাণ্ড!"

ডোরার মনটা নানারকম চিন্তার এলোমেলো স্রোতে বিক্ষুব্ধ, কিন্তু ওপরটা শান্ত। কত কথা কণ্ঠ পর্যন্ত ঠেলিয়া আসিতেছে, কড়া শাসনে সেগুলাকে যথাস্থানে ধরিয়া রাখিয়া শুধু বলিল—"তুমি এখানে? খুব আশ্চর্য করে দিয়েছিলে তো আমায়!… কি? চাকরি?"

"খাতিরের বহর দেখে বিশ্বাস করা শক্ত হচ্ছে নিশ্চয়ই, কিন্তু সত্যিই চাকরি। সব কথা শুনবে ক্রমে ক্রমে, কিন্তু আমার চেয়ে তোমার কাণ্ডকারখানা বিশ্বাস করা যে আরও শক্ত ডোরাদি। এ কি বেশ! এ কি মিশন! তুমি হঠাৎ খদ্দর পরে দুর্ভিক্ষের জন্যে চাঁদা …"

ডোরা ঈষৎ হাসিয়া বলিল—"যে দুর্ভিক্ষে মেয়েদের সঙ্গে পুরুষও মরছে—এই তো?—বুঝেছি। সেও শুনবে ক্রমে ক্রমে। কিন্তু আগে তোমার কথা বলো, ডোরা ইজ্ অলওয়েজ চেঞ্জেব্‌ল্ এ্যাজ্ দি ইংলিশ ওয়েদার,—নয় কি?"

"আমার কথা! তাই আগে শোন ডোরাদি, সত্যিই এত বলবার আছে, কিন্তু আরম্ভ করি কোথায়? তোমাকে এত দরকার জীবনে আমার কখনও হয়নি ডোরাদি। বছর দেড়েক আমি এসেছি, কিন্তু এই দেড় বছরের মধ্যে এত সব ঠাসা আছে—এত অপমান, লাঞ্ছনা, অবিচার যে একদিনে বলে শেষ হবার নয়। এর মধ্যে একটা মৃত্যু পর্যন্ত ধাক্কা দিয়ে গেল—সে যে কি মর্মান্তিক!

"আমি আবার আসব জাহ্নবী, তোমার মনিবকেও বলেছি, তাঁর সাহায্য দরকার আমার; শুনব একে একে। একদিনে বেশিক্ষণ বসে থাকাও ঠিক

নয়। হয়তো আমাদের সম্বন্ধটা উনি আন্দাজ করে নিতে পারেন, যা ঠিক এখন আমি চাই না কোন একটা কারণে—আন্দাজও করতে পার কারণটা তুমি—যা করতে এসেছি বুঝে।...কিন্তু এই যে লাঞ্ছনা অবিচার সেটা কার হাতে ?...তোমার মনিবের প্রোটেকশন পাও না ?"

"প্রোটেক্শন !—ওরই তো সব অত্যাচার ডোরাদি, এমন কি, দিদিমা যে মারা গেলেন তার কারণও..."

"সে কি !...ওঁর ব্যবহার তো খুবই ভালো মনে হোল, সত্যি কথা বলতে কি এত ভালো যে সেইটেই মন্দ লাগছিল আমার। এত টাকা যে দিতে চাইছেন, সে তোমার হাত দিয়েই—অবশ্য যেমন বললেন, ওঁর নিজের দেওয়ার বাধা আছে, কিন্তু তোমায় খুশি করবারও ভাব আছে তো সেই সঙ্গেই।"

জাহ্নবী এইখান থেকে আরম্ভ করিল—বাড়ী দখল করা থেকে সুরু করিয়া এই দেড় বৎসরের যত বড় বড় ঘটনা—ওদের সঙ্গে ব্রজলালের ঘনিষ্ঠতা, ওদের তিনজনকে করায়ত্ত করিয়া লওয়া, জাহ্নবীর প্রতি দৃষ্টি, ছোটখাট খিটিমিটি জাহ্নবীর সঙ্গে। যখন দুর্ভিক্ষ-পীড়িতদের মিলিটারির হাতে তুলিয়া দেবার কাহিনী শেষ করিয়া চেক দেবার কথায় আসিয়াছে—ডোরা অভিনিবেশসহকারে শুনিতেছিল—হঠাৎ সচকিত হইয়া উঠিল, বলিল—"ঠিক কথা, এই যে চেকটা দেবেন বলেছেন জাহ্নবী, সেটা ভুয়ো, না, সত্যি ?"

"সত্যিই তো মনে হয় ডোরাদি, সে তো প্রমাণও হয়ে যাবে এক্ষুনি..."

"অত টাকা দেবে ?—পনের হাজার—বিশ হাজার—তারও বেশি তুমি যদি বলো।"

অনেক দিন পরে দরদী শ্রোত্রী পাইয়া—শুধু শ্রোত্রীই কেন ?—দীক্ষা-গুরুই তো—জাহ্নবী মনের কপাট খুলিয়া ধরিল, যত আক্রোশ পুঞ্জীভূত হইয়া আছে সমস্ত বাহির করিয়া বলিল—"পঁচিশ—পঞ্চাশ তো ওর হাতের ময়লা ডোরাদি, দেয়ই তো, কি এমন বেশি দেবে ? মিলিটারি কন্ট্রাক্ট, খালি ঘুষ খাওয়াচ্ছে আর টাকা টানছে, এই তো দেখে আসছি, আজ এই এক বছর ধরে, তার

ওপর এই মাসখানেক থেকে আবার রসদ সাপ্লাইয়ের কন্‌ট্রাক্ট পেয়েছে—এখন তো পোয়া বারো ওর…"

"তার মানে?"

"পুকুরকে পুকুর চুরি।"

—ডোরা যে পুরুষের কীর্তির অভিজ্ঞতায় জাহ্নবীর কত নিচে নামিয়া গেছে, সেই গৌরবেই জাহ্নবী বলিয়া যাইতে লাগিল—"তুমি খদ্দর পরে মাটি হয়ে গেছ ডোরাদি। (একটু হাসিয়া)—একেবারে মাটি হয়ে গেছ বলাও চলে—পুরুষদের সবচেয়ে উন্নতির যুগে তাদের সবচেয়ে বড় কীর্তির কথাগুলোই অজ্ঞাত থেকে গেল তোমার।…পুকুর চুরি নয়তো কি?—মাল আসামে যাচ্ছে বলে কলকাতার গুদামে গিয়ে ঢুকছে—বিলের টাকা এদিকে ঠিক বাক্সয় এসে হুড়হুড়িয়ে পড়ছে—এক এক ক্ষেপে এক লাখ, সওয়া লাখ, দেড় লাখ··"

ডোরা উদাসীন কণ্ঠে বলিল—"তুমি আবার তেমনি আমার চেয়েও এগিয়ে গেছ জাহ্নবী—মনে পুরুষদের নিন্দেয়—যে দোষটা আমারই আগে বেশি ছিল—অবিশ্যি এখনও একেবারে যায়নি। ··সত্যি বলছ, না আমার সেই রোগ?"

জাহ্নবী মুখটা অবজ্ঞায় একটু কুঞ্চিত করিল, বলিল—"সত্যিই খদ্দরে তোমার মাথা খেয়েছে ডোরাদি।·· আচ্ছা দাঁড়াও, আমি গুদামে ঢুকে দেখবার পথ বাৎলে দিলে বিশ্বাস করবে?"

ডোরা বিদ্রূপে অবিশ্বাসে চোখ তুলিয়া একটু হাসিল, বলিল—"গুদামে ঢোকা!—না অতটা নিশ্চয় পারব না যদিও অণিমাদির ওপর একদিন যেভাবে গোয়েন্দাগিরি করতে দেখেছ, তাতে তোমার প্রশ্নটা করায় দোষ দিই না·· তবু শুনি পথটা কি?"

আবার অবহেলাভরে একটু হাসিল।

"আসছই তো এখন মাঝে মাঝে—লম্বা কোট আর কালটুপি পরে যে লোকটি যাওয়া আসা ক'রছে—একদিন না একদিন পড়বেই চোখে—সে কোথায় গিয়ে ওঠে দেখো কলকাতায়। ··অবিশ্যি আন্দাজেই বলছি, তবে ভুল নয়।…"

ডোরা যেন হঠাৎ সচকিত হইয়া উঠিল, যেন তাহার খদ্দরের ধর্ম নষ্ট হইতেছে এই অনধিকার চর্চ্চায়, সমস্তটা মন থেকে ঝাড়িয়া ফেলিয়া বলিল—"যাক, আদার ব্যাপারী, জাহাজের খবরের দরকার নেই—ও যা করেছি এক সময় করেছি—তুমি চেকটা আনিয়ে দাও দিকিনি, যদি সত্যি হয়।"

"কত বলব?···তোমার দরকার সম্বন্ধে আলোচনা তো খুব হ'ল তখন থেকে।"

ডোরা ভাবিল, তাহার পর বলিল—"সমস্ত বাংলাটাই তো একটা বুভুক্ষু হাঁ হয়ে দাঁড়িয়েছে, চাইবার কি পরিমাণ হয়? ··বেশ, হাজার পঁচিশের কথা বলো না, দেখাই যাক; একেবারে একটা বড় অঙ্ক পেলে ঘোরার হাত থেকেও পরিত্রাণ পাই; ক্লান্ত হয়ে পড়ছি, অব্যেস নেই।···নিজেই যাবে?"

"না, একটা স্লিপ লিখে দিলেই হবে।"

স্লিপটা লিখিয়া উদ্ধবকে ডাকিতে যাইতেছিল—ডোরা তীক্ষ্ণ উৎকণ্ঠায় নিজের একটা তর্জনীর নখ দাতে খুটিতেছিল—উঠিয়া গিয়া জাহ্নবীর কাঁধে হাত দিল, বলিল—"দাঁড়াও, একটা কাজ করতে পারবে?"

জাহ্নবী একটু বিস্মিত হইয়াই ফিরিয়া চাহিল, প্রশ্ন করিল—"কি?"

"সোজা আমার নামেই চেকটা লিখে দিতে বলবে?—তুমি নিজে গিয়ে বললে বোধ হয় শুনতে পারেন।"

"না ডোরাদি, এ-চ্যারিটিতে অত টাকা ডিরেক্ট নিজের নামে দিতে চাইবে না; জেনে-শুনে বিপদে ফেলা হবে নাকি?"

ডোরার হাত, মুখের ভাব শিথিল সহজ হইয়া গেল, বলিল—"তাহলে তোমার নামেই দিন লিখে—আমায় এনর্ডোস্ করে দিও।···একটা হাঙ্গামা কমাবার জন্যে বলছিলাম।

তাহার পর বিস্ময়ের পুলকে হঠাৎ জাহ্নবীর ডান হাতটা চাপিয়া বলিল—"সত্যি জাহ্নবী, এত টাকা কল্পনাতেও আসে নি, আমাদের কাজটা যে কত এগিয়ে দেবে এতে!···তোমার এত বলা সত্বেও লোকটার প্রতি শ্রদ্ধা আমার

বেড়ে যাচ্ছে—তোমার কাছে আরও শুনে বোধ হয় যাবে কমে সে-শ্রদ্ধা কিছু কিছু—তবু এও তো ওঁর মনের একটা দিকই ?”

এই সময় ব্রজলালের বাবুর্চি একটা ট্রেতে সৌখিন চায়ের সরঞ্জাম লইয়া নিচে সিঁড়ির পথে প্রবেশ করিল, পিছনে অন্য একটা ট্রেতে খাবারের প্লেট সাজাইয়া উদ্ধব। ওদিকে অফিস-ঘর থেকে মজুমদার মশাই চশমার ওপর দিয়া ভ্রূ বিস্তারিত করিয়া দেখিয়া সহকারীদের মনোযোগ আকর্ষণের জন্য একটু কাশিল, তাহার পর বোধ হয় মিথ্যা করিয়াই খাতায় একটা ঠিক দিবার অভিনয় করিয়াই বলিল—“এগারর এক নামে, হাতে এল এক···হাতে এল এক।···ইনি আবার খদ্দর। কতই যে দেখতে হবে!···”

সাতচল্লিশ

কোথা হইতে ব্রজলালের জীবনে যেন হঠাৎ এক ঝলক আলো আসিয়া পড়িল।

আর যাহার পক্ষে যাহাই হোক এই চেকটা, ওর তো পূজার অর্ঘই। দশ হাজার নয়, পনেরও নয়, একেবারে পঁচিশ। একদিন নিষ্ঠুরভাবেই ভক্তের পূজা প্রত্যাখ্যান করিয়া দেবী যেন আবার স্বপ্নাদেশে নিজে হইতেই স্বর্ণ-কমল মাগিয়া লইলেন।

ডোরা আসিতে লাগিল। বড় ভালো লাগে মেয়েটিকে, তবে প্রথম দিন যেমন ভালো লাগিয়াছিল—সুন্দরী যুবতী হিসাবে—আজ ঠিক সে-ধরণের ভালো লাগা নয়। একদিনেই কোথা দিয়া কি হইয়া গেছে, ব্রজলালের দৃষ্টিতে আর সেই ক্ষুধিত মোহ নাই; এখন ভালো লাগে ডোরা জাহ্নবীকে ফিরাইয়া আনিয়াছে বলিয়া। ডোরাই কি ফিরাইয়া আনিয়াছে? আর সত্যই কি জাহ্নবী ফিরিল? কিন্তু এসব প্রশ্নই ওঠে না ব্রজলালের মনে। ও জানে

জাহ্নবী ফিরিয়াছে—যখন চেকটা দেয়, মুখে ছিল না কি একটা ক্ষমার প্রসন্নতা ? অন্তরের কৃতজ্ঞতায় এর সমস্ত যশটুকু ও ডোরাকেই দিল।

বিপুল উৎসাহে আর্তত্রাণের কাজে লাগিয়া গেল। অবশ্য শরীরে খাটিয়া নয়, ডোরার সঙ্গে আলোচনা করিয়া, প্ল্যান করিয়া ; জাহ্নবীকেও ডাকিয়া লয়। কেহ দেখা করিবার জন্য ফোন্ করিলে বারণ করিয়া দেয়। চকিতে কখনও দেখিয়া লয় ওদের আসিতে বারণ করায় জাহ্নবীর মুখে যেন একটি মাধুর্য ফুটিয়া উঠিয়াছে। কখন কখন একটা রুক্ষ মন্তব্যও করিয়া দেয় টেলিফোনের অন্য প্রান্ত লক্ষ্য করিয়া।

কখনও একলা শুধু ডোরার সঙ্গেই আলোচনা চলিতে থাকে। এটা জাহ্নবী না মনে করুক, ডোরার আগমনের ছুতা করিয়া ব্রজলাল জাহ্নবীর সঙ্গ-সাধনা করিতেছে। একটা জীবনের চান্স্—ব্রজলাল খুবই সন্তর্পণে, পা টিপিয়া টিপিয়া অগ্রসর হইতেছে। ও-বাড়িতেও যাওয়া পূর্বের মতোই বন্ধ রাখিল—জাহ্নবীর কাছে ওর চেকের মর্যাদা না নষ্ট হয়—সে না ভাবে এটা সন্ধির উপঢৌকন।

ডোরার সঙ্গে প্রাণ খুলিয়া আলাপ করে—দুর্ভিক্ষের কথা থেকে পলিটিক্স, পলিটিক্স থেকে সমাজনীতি, তাহার মধ্যে এক একদিন স্ত্রী-পুরুষের সমাজগত সম্বন্ধ লইয়াই হয়তো খানিকটা সময় গেল কাটিয়া—ব্রজলাল লয় নারীর পক্ষ, ডোরা পুরুষের। বড় ভালো লাগে মেয়েটিকে—অনেক অভিজ্ঞতা, জীবনে অনেক দেখিয়াছে, এক সময় মতটা নাকি ভিন্নই ছিল—নিজেই বলে—আজ কিন্তু ব্রজলাল দেখে, বড় উন্নত, উদার।

কারবারের কথাও আসিয়া পড়ে। নিতান্ত সহজ কৌতূহলে ডোরা এক একটা প্রশ্ন করে, কখন কখন সঙ্কুচিত হইয়াই ; ব্রজলাল প্রশ্নের অতিরিক্ত উত্তরও দিয়া দেয়। ডোরা একদিন একটু অনুযোগের কণ্ঠেই সাবধান করিল—"সিক্রেট সম্বন্ধে সাবধানই থাকবেন ব্রজবাবু, সময়টা বড় খারাপ, যেমন শুনি স্পাইয়ে স্পাইয়ে ছেয়ে গেছে সারা দেশটা।"

কণ্ঠে বেশ একটু দরদ আছে, দুদিনের মাত্র পরিচয়, কিন্তু উৎকণ্ঠার মধ্যে খুবই আন্তরিকতা।

ব্রজলাল উত্তর করিল—"আপনি যেমন!—আপনি বাংলার মেয়ে, আমি বাঙ্গালী ছেলে—ও-বেটাদের কাছে সমান নিগ্রহ ভোগ করছি—কি গলদ ওদের ভেতর—নিজের কারবারের অভিজ্ঞতায় যেটুকু বুঝেছি ব'লব না?···না, সাবধান আছি বৈকি। তবে না হয় আরও থাকব।"

ব্রজলাল মাটি থেকে যেন কত উঁচুতে গেছে উঠিয়া, আনন্দে ইচ্ছা করিতেছে নিত্য-নিয়তই নিজেকে ধরি মেলিয়া। জাহ্নবী ওর পঁচিশ হাজারের চেক—ওর অর্ঘ—নিজে চরণ পাতিয়া গ্রহণ করিয়াছে যে!

জাহ্নবীও লক্ষ্য ক'রে একটা পরিবর্তন—মস্ত বড় পরিবর্তন,—রাত্রির সুরা-উৎসব, যেটা একরকম নিত্যকার ব্যাপার হইয়া দাঁড়াইয়াছিল—বন্ধ হইয়া গেছে; আগে দু'রাত বাদ দিয়া একটা রাত্রে হইয়াছিল, তাহার পর এক রাত বাদ দিয়া আর এক রাত, তাহার পর পাঁচ রাত আর একেবারে সাড়াশব্দ নাই—দশটা রাতের এই হিসাব—নির্ভুলভাবে কষা আছে জাহ্নবীর।

তাহার নিজের মনটাও যেন মাঝে মাঝে টাল খাইয়া যায়; যেভাবে চলিতে যায়, যেভাবে চলা অভ্যাস করিয়া আসিয়াছে, তাহার যেন ব্যতিক্রম হইয়া পড়ে এক একবার। জাহ্নবী অন্যমনস্ক হইয়া যায় থাকিয়া থাকিয়া, আগেও হইয়াছে এক-আধ বার কিন্তু এখন থেকে তফাৎ এই যে, আজকাল যেন চেষ্টা করিয়া মনটা ঘুরাইয়া লইতে হয়। হয়তো ডোরার এই পরিবর্তনও একটা কারণ,—সবাই তো নবরূপে নবভাবে জাগিয়া উঠিতেছে। অণিমা বলে তাহার সাধনায় কি নূতন আলো দেখিতে পাইয়াছে—কী আলো সে-ই জানে। ডোরার পরিবর্তন তো অচিন্তনীয়ই একেবারে—তবে কি এর মধ্যেও জগৎ-সত্যের কোন গোপন ইঙ্গিত আছে? এমনও কি হওয়া সম্ভব যে, শুধু জাহ্নবীই সমস্ত জীবন ব্যাপিয়া একটা একটানা ভুল করিয়া যাইবে?···হয়তো একই ধরণের চিন্তায় মনটা ক্লান্ত হইয়া উঠিয়াছে, এর বেশি কিছু নয়; কিন্তু ভাবে জাহ্নবী, এক একদিন অকারণেই

মনটা হু হু করিয়া ওঠে। একদিন বসিয়া বসিয়া শুধু শুধুই চোখ দুটি জলে ভরিয়া আসিল।—জীবনটা যেন গোলমেলে পথ ধরিয়া কোন্ অনিশ্চয়তার পানে চলিয়াছে, নিজেকেই যেন চেনা যায় না।

এর যেন প্রতিক্রিয়া হিসাবেই,—মনকে যেন চোখ রাঙাইবার জন্যই ডোরা আসিলে জাহ্নবী ব্রজলালের কুৎসায় পঞ্চমুখ হইয়া ওঠে, বিনাইয়া বিনাইয়া তাহার কথাবার্তা থেকে নূতন অর্থ বাহির করিতে থাকে। খুঁজিয়া খুঁজিয়া ওর ব্যবসায়ের গুপ্ত রহস্য ধরে ফেলিয়া। ডোরা চলিয়া গেলে ওর মনে কি ওটা অনুতাপের অবসাদ?—ঠিক বুঝিতে পারে না জাহ্নবী, শুধু এইটুকু স্পষ্ট ওর কাছে—এ রকম অন্তর্দ্বন্দ্বে এত ক্ষত বিক্ষত হয় নাই জীবনে আর কখনও; আর যেন পারে না।

ডোরা দিন পাঁচেক একরকম উপর্যুপরিই আসিল, মাত্র দু'একদিন বাদ দিয়া। তাহার পর একেবারে সপ্তাহখানেক দেখা নাই। এমন কিছু ব্যাপার নয়, ঘুরিয়া বেড়ানই তো কাজ তাহার, কিন্তু যেহেতু আসিবে না বলিয়া যায় নাই, জাহ্নবী উদ্বিগ্ন হইয়া উঠিতে লাগিল। ক্রমে মনটা তিক্তও হইয়া উঠিতে লাগিল ডোরার ওপর এবং একদিন ব্রজলালের কাছে নিজে হইতেই ওর প্রসঙ্গটা তুলিয়া অযথাই একটু কটু মন্তব্য করিয়া দিল।

কাজের মধ্যেই একবার মুখ তুলিয়া প্রশ্ন করিল—"সেই মহিলাটি আর এলেন না, না?"

ব্রজলাল উত্তর করিল—"কৈ আর এলেন? কাজও তো তাঁর নানা জায়গায়।"

জাহ্নবী একটু থামিয়া বলিল—"সত্যি হয় তবেই ভালো···একেবারে পঁচিশ হাজারের চেক!"

"আপনার সন্দেহ হয়?"

"খদ্দরকে সন্দেহ হয় তো?···তাই থেকেই···মানে গাউন ছেড়েও অনেকে খদ্দর ধ'রছে, শাড়ির কথা বাদই দিই।"

এর পর ডোরার পূর্ব ইতিহাস বলা, যেটা বারণ ছিল ডোরার; তাহার জন্মেই বোধ হয় অবচেতন মনের এই গৌরচন্দ্রিকা; তাহার আগেই কিন্তু একদিন ডোরা আবার আসিয়া পড়িল।

ডোরা আসিল বিকেলে, অফিস বন্ধ হওয়ার প্রায় ঘণ্টাখানেক আগে।

জাহ্নবীর অল্পস্বল্প যা কাজ, অনেকক্ষণ শেষ হইয়া গেছে, কাজ না থাকিলে আজকাল যা' কাজ—সোফায় হেলান দিয়া আকাশ-পাতাল চিন্তা করিতেছিল, ডোরাকে দেখিয়া খানিকটা অভিমান ভরেই বলিয়া উঠিল—"এই যে, মনে প'ড়েছে ডোরাদি?"

ডোরা জাহ্নবীর অফিস-চেয়ারটায় বসিতে বসিতে বলিল—"মনে অষ্টপ্রহরই রয়েছ, তাই আসাটাকেই বড় বলে ভাবিনি।"

এই দরদের কথাটাতে অভিমানটুকু বাড়িয়া গেল আরও, জাহ্নবী মুখটা ভার করিয়া বলিল—"সে বলতে পারতেন বোর্ডিঙের ডোরাদি—জাহ্নবী মোলো কি বেঁচে আছে, অষ্টপ্রহর ভাবতেন···এ তুমি যেন সত্যিই বড় বদলে গেছ ডোরাদি—পোশাকে, কাজে, মতামতে, সঙ্গী বাছায়; আজকাল···"

"কাজ তোমার শেষ হয়েছে? উঠতে পারবে একবার?···মনিবের হুকুম নিতে হবে নাকি?"

কথায় বাধা দিয়া এমনভাবে প্রশ্নগুলা করিয়া উঠিল, জাহ্নবী বিস্মিতভাবে প্রশ্ন করিল—"কেন?"

"আমার সঙ্গে একজায়গায় যাবে। চলো, ওঠ, পরে জিগ্যেস কোরো'খন।"

"কোন বিপদ-টিপদ··?"

"বিপদেরই ব্যবস্থা হয়ে রয়েছে চারিদিকে, সম্পদ আসবে কোথা থেকে?··· নাও, ওঠ।"

ডোরা আর অফিসে প্রবেশ করিল না, জাহ্নবী অনুমতিটা লইয়া আসিলে দুজনে আফিসের চৌহদ্দি পার হইয়া সদর রাস্তায় উঠিল, তাহার পর ডানদিকের রাস্তাটা ধরিল, অর্থাৎ সহরের উল্টাদিকের।...জাহ্নবী হঠাৎ যেন সম্মোহিত হইয়া গেছে, একবার শুধু প্রশ্ন করিল—"কোথায় নিয়ে চ'লেছ ডোরাদি ?"

ডোরা সংক্ষিপ্ত উত্তর করিল—"দেখবে এখুনি, চলে এসো না।"

এই রাস্তায়ই আসিয়া জাহ্নবী একদিন "ভিকট্রি লজ" খুঁজিয়া বাহির করে। খানিকটা গিয়া ডানদিকে পুরানো জঙ্গলের একটা ফালি, তাহার পরই চষা মাঠ। কলোনিটা হইয়া অবধি মাঠের ওদিকের গ্রাম থেকে কিছু কিছু লোক যাতায়াত করে। একটা পায়ে-হাঁটা সরু পথ গড়িয়া উঠিয়াছে। সেই পথ ধরিয়া বনটুকু অতিক্রম করিয়া উহারা মাঠে আসিয়া পড়িল। ডোরা একবার দাঁড়াইয়া পড়িয়া চারিদিকটা দেখিয়া লইল, তাহার পর বলিল—"ঐখানটায় চলো।"

রাস্তা থেকে প্রায় দু'শ গজ দূরে, ডানদিকে একটা ডোবার ধারে গিয়া বসিল উহারা: সামনে খোলা মাঠ, পেছনে জল, তৃতীয় মানুষের সাড়াশব্দ নাই। সব মিলাইয়া প্রায় মাইলখানেক আসিয়াছে, শরতের অপরাহ্ণ একটু মলিন হইয়া পড়িয়াছে।

জাহ্নবী বেশ খানিকটা বিমূঢ় হইয়া গেছে, শুষ্ক কণ্ঠে একটা ঢোক গিলিয়া বলিল—"তারপর ?"

ডোরা উত্তর করিল—"তোমার আফিসের শেষ কথাগুলোর জবাব আমি মুখে করে এনেছি জাহ্নবী, আমি মোটেই বদলাইনি—না পোশাকে, না মতামতে, না কাজে, না সঙ্গী বাছায়।"

জাহ্নবী দেখিল চেহারাতেও নয়—সেই বোর্ডিঙের ডোরা—পরুষ, কঠোর, চোখে সেই জ্বালা। নির্বাক বিস্ময়ে চাহিয়া রহিল, কোন প্রশ্ন করিতেই মুখে রা সরিল না। ডোরা বলিয়া চলিল—"বুঝবে না তুমি, আমিই টীকা করে দিচ্ছি—ছদ্মবেশই আমার চিরকাল আসল পোশাক, তাই এই খদ্দর; সেবাই আমার

কাজ, কিন্তু তুমি ভুলে যাচ্ছ, সেটা আমার নিজের জাতের অর্থাৎ স্ত্রী জাতির সেবা, তা আজও করছি, কাজেই মতামতও বদলায়নি মোটেই; বাকি থাকে সঙ্গী বাছার কথা জাহ্নবী,—যে বিদ্রূপটা তুমি আমায় ব্রজবাবুর সঙ্গে হৃদ্যতা করতে দেখে করেছ; কিন্তু ভুলছ কেন, আমি পুরুষকে আস্কারা দিই, তাকে ধ্বংসের পথে নিয়ে যাবার জন্যে? কিরণময়ের কথা ভুলেছ?"

কথা বলার সঙ্গে সঙ্গে দৃষ্টি আরও প্রখর হইয়া উঠিতেছে ডোরার।

জাহ্নবী তীব্র আতঙ্কে চাহিয়া রহিল, মুখ দিয়া শুধু বাহির হইল—"ডোরাদি!"

ডোরা বলিয়া চলিল—"যা ভয় করেছ, তা-ই জাহ্নবী, আমি ধ্বংস করতেই এসেছি তোমার ব্রজলালকে।...খদ্দর আমার ছদ্মবেশ—বেটাছেলে যেটাকে পবিত্র বলে মাথায় তুলে নিয়েছে, আমি যেটাকে ঘৃণা করি, কিন্তু কাজে লাগাচ্ছি—ছদ্মবেশই আমার আসল বেশ এখন জাহ্নবী, আমি এখন একজন গোয়েন্দা।"

জাহ্নবী বিকৃত স্বরে চীৎকার করিয়া উঠিল—"সে কি!"

ডোরা একবার চারিদিকে চাহিয়া দেখিল, তাহার পর নিশ্চিত হইয়াই বলিল—"চীৎকার তোমায় করতেই হবে, তাই এখানে নিয়ে আসা। তবুও চুপ করেই শোনবার চেষ্টা করো। আমি এখন গোয়েন্দা বিভাগেই রয়েছি, আপাতত মিলিটারি সাইডে। তুমি বোর্ডিং থেকে চলে আসবার পর অণিমাদি চলে এলেন; কিরণময়ের হাত ধরে। সবচেয়ে বড় আঘাত ছিল সেটা আমার জীবনে, ঠিক করলাম, মেয়েদের কথা আর ভাবব না। এমন একটা বিতৃষ্ণা হোল সেই থেকে যে, কিরণময়কে জড়াবার যে অমোঘ অস্ত্র আমার হাতে ছিল—সেই নতুন কুলিজোড়া—সে অস্ত্রও হাতছাড়া করে দিলাম একেবারেই। শেষকালে দেখলাম—অসম্ভব, মেয়েদের কথা না ভাববার মানে যে পুরুষের কথাও না ভাবা, তা কি করে সম্ভব। বোর্ডিং ছেড়ে বেরিয়ে পড়লাম। লড়াইয়ের ব্যাপারেই পুরুষ আজকাল বেশি মত্ত, ঐদিকেই জুটিয়ে নিলাম কাজ—সুন্দরীকে ওরা কাজ দিতে কার্পণ্য করে না—তার জন্যে আমার এই খদ্দরের মতোন ওরাও

একটা ছদ্মবেশ ধারণ করে—কথার ছদ্মবেশ—শিভ্যালরি।…কেরানি, কেরানি থেকে ঢুকলাম 'ওয়াকাই' (W. A C. I.) বিভাগে। ওরা মানুষ মারবে, দেশ ধ্বংস করবে, ওদের পাশে বসে ওদের মনোরঞ্জন করতে হবে—চিরকালই করতে হয়েছে মেয়েছেলেকে—যুদ্ধক্ষেত্রেও শুনেছি মোগলের সঙ্গে হারেম থাকত, বাঈজী থাকত।…কিছু সর্বনাশ ক'রে চললাম, কিন্তু আশা মেটে না জাহ্নবী—এত অন্যায়, এত ব্যাভিচার, তার তুলনায় কিছুই করা হয় না; শেষে একদিন হঠাৎ এই গোয়েন্দা বিভাগের দিকে নজর পড়ল—একটা সিনেমার ছবি দেখে; মাতাহারির কথা জানো, জার্মান স্পাই?…দেখলাম-এই আমার ঠিক উপযুক্ত ক্ষেত্র। রূপ—যেটাকে ওরা অমৃত বলে পান করবে, সেটাকে ওদের কণ্ঠে বিষ করে তোলবার এমন সুবিধে আর কোথাও নেই। আমি মেয়েছেলে, আমার স্বভাবই সব জিনিস সরস করে তোলা, সুমিষ্ট করে পরিবেশন করা—ধ্বংসের বিষকে মধুর প্রলেপ দিয়ে পুরুষের হাতে তুলে দেওয়ার প্রলোভনটা ছাড়তে পারলাম না। আজ আট মাস এসেছি, ভালো ফসল তুলেছি জাহ্নবী আপাতত…"

জাহ্নবী কী শুনিতেছে, কী শুনিতেছে না, যেন বোধ হয় নাই; দৃষ্টিতে শূন্যতা, শেষের ক'টা কথায় যেন চৈতন্য ফিরিয়া আসিল, ডোরার ডান হাতটা বুকে টানিয়া লইয়া ব্যাকুল বেদনায় বলিয়া উঠিল—"ও ডোরাদি! আমি যে তোমায় বিশ্বাস করে ওর সব কথা বলেছি! ওর সব সিক্রেট বের করে দিয়েছি—চিঠি খুলেও—এ কি সর্বনাশ হোল? ‥ তুমি আমার কথাগুলোও কাজে লাগালে নাকি? কিন্তু সে জন্য তো বলা নয় ‥"

"কি জন্য তবে জাহ্নবী? তুমি নিজের মনটাকে আগে গুছিয়ে নাও, তারপর উত্তর দাও আমার কথার; আমার মত বদলেছে বলে ঠাট্টা করলে, কিন্তু তোমার মতও কি আর সেই আছে,—বোর্ডিঙে যা ছিল?…"

জাহ্নবী ব্যাকুলভাবে একটা যেন উত্তর হাতড়াইতে লাগিল, তাহার পর নিরুপায় দৃষ্টি ডোরার মুখের দিকে তুলিয়া বলিল—"আছে—কিন্তু…কিন্তু

আমিই-বা কি প্রতিদান দিলাম ডোরাদি, মেয়ে হয়ে?···না ডোরাদি, ওসব যাও ভুলে—তুমি এসেছিলে, দুঃখের কথা জমা হয়েছিল অনেক দিন থেকে, নিতান্ত আপন জেনে বললাম—তা বলে গোয়েন্দাকে বলব কেন?···ভুলে যাও বলছি। দোহাই—মেয়ে হয়ে মেয়ের কপালে এ-কলঙ্কটা দিও না···আমি ওর খাই, ওর বাড়িতে থাকি···শুধু আমি একলা নই—আমার বলতে পৃথিবীতে যে কেউ আছে···"

"শোন জাহ্নবী, বড় চঞ্চল হয়ে পড়েছ; তুমিই তো বলেছ, ও তোমাদের বাড়ি গাজুরি দখল করে ইমারৎ তুলেছে, তোমার দিদিমা সেই শোকে গেল মারা! তারপর খাওয়া—সে তো শরীরে খেটে খাচ্ছ—এসব তো তোমার মুখে শোনা যুক্তি—আমিই যখন তর্ক করেছি তোমার সঙ্গে।"

জাহ্নবী মুখের পানে ফ্যাল ফ্যাল করিয়া চাহিয়া রহিল; এবার তাহার দৃষ্টি স্বচ্ছ হইয়া আসিতেছে, অনেক বিপদের মুখে যে-জাহ্নবী নিজের মনকে সংযত করিয়া লইয়া বিপদকে কাটাইয়া উঠিয়াছে, সেই জাহ্নবীই ধীরে ধীরে আত্মপ্রতিষ্ঠা করিতেছে যেন। ধীরে ধীরে আরম্ভ করিল—"ডোরাদি, শোন, তুমিও বড় চঞ্চল হয়ে রয়েছ, একটু শান্ত হয়ে শোন, লক্ষ্মীটি। আমার জীবনটা দেখো ডোরাদি। ছেলেবেলায় যবে থেকে বুঝতে শিখেছি, জীবনের একটা দিকই দেখে যাবার দুর্ভাগ্য আমার—সমাজকে দেখলাম তার বিকৃত রূপে, তারপর কাটল জঙ্গলে, তারও ফাঁক দিয়ে সমাজের যেটুকু চোখে পড়ল, তাও বিকৃতই, বোর্ডিঙের ইতিহাস তুমি জানই, তারপর এই জীবন। এটা এসেছে অদ্ভুতরূপে, কিন্তু এটা কি সম্ভব নয় যে, আমার আগেকার জীবনের অভিজ্ঞতার জন্যেই আমি এটাকেও বিকৃত করে দেখছি? এটা কি সম্ভব নয়—ডোরাদি যে, জীবনকে সত্যরূপে দেখবার ক্ষমতাটাই আমি চিরকালের জন্যে হারিয়ে বসেছি?"

ডোরা ঠোঁটের একটা কোণ চাপিয়া শুনিতেছিল; বড়রা অপরিণত বয়সের কথা যে রকম অবজ্ঞামিশ্রিত প্রশ্রয়ের সঙ্গে শোনে, তাহার পর বলিল—

"সেটা যে অসম্ভব, তা বলি না জাহ্নবী, তবে এক্ষেত্রে শুধু এইটুকুই বলতে পারি, তুমি যেভাবে দেখেছ, সেইটেই সত্য রূপ—তোমার রিপোর্টের সূত্র ধরে আমি প্রমাণ সংগ্রহ করেছি, ব্রজবাবুও নিজের সন্ধান নিজে কিছু কিছু দিয়েছেন—বের করে নিয়েছি তাঁর কাছ থেকে—"

"ডোরাদি!"

"তারপর সেসব প্রমাণ এখন পুলিশের হাতে···"

"ডোরাদি, বাঁচাও, সর্বনাশ হয়ে যাবে!···দয়া করো—মনে করো—আমাকেই দয়া করছ।···"

ডোরা যেন নূতনভাবে সচকিত হইয়া উঠিল; শান্ত, বিস্মিত দৃষ্টিতে চাহিয়া বলিল—"তোমাকে দয়া! কেন জাহ্নবী; এত দূর নাকি?···" তাহার পর উঠিয়া দাঁড়াইল, অন্তরের সমস্ত ঘৃণা আক্রোশ ঢালিয়া প্রত্যেকটি কথা স্পষ্ট করিয়া বলিল—"তবে শোন জাহ্নবী" আমরা এদিকে এসেছি, ওদিকে পুলিশ বাড়ি ঘেরাও করে নিয়েছে। পরিণাম কি হবে জানই। —তবুও দয়া করেছি আমি,—অনেক কথা লুকিয়েছি, অনেক প্রমাণ নষ্ট করে দিয়েছি, নিজের হাতে। ···কেন এমন দুর্বল হলাম নিজেই বুঝতে পারছি না। সবচেয়ে আশ্চর্য, তোমায় আমি ক্ষমা করতে পারলাম কি করে! সবচেয়ে বেশি করে তোমায় শিখিয়েছিলাম, সবচেয়ে বেশি বিশ্বাস ছিল তোমার ওপর, সব চেয়ে নিরাশ করেছ তুমি। অথচ তোমায় ক্ষমা করলাম!—নিশ্চয় তোমার মুখ চেয়েই ব্রজলালকেও খানিকটা।—আমি কিন্তু নিজেকে কি করে ক্ষমা করি?"

"ডোরাদি—ছোট বোন আমি···বোর্ডিঙে যাকে অত করে ভালোবাসতে···"

ডোরা নিজের ঠোঁটের খানিকটা কামড়াইয়া চুপ করিয়া দাঁড়াইয়া রহিল, তাহার পর নিজের ব্লাউসের ভিতর হইতে ব্রজলালের দেওয়া সেই চেকটা বাহির করিয়া বলিল—"এই দেখো করেছি ক্ষমা তোমায়, দিইনি এটা পুলিশের হাতে। ···এখনও মনে হচ্ছে দিয়ে আসি—তোমার নামে দেওয়া চেক পঁচিশ হাজারের।

তোমার ব্রজলাল আর তুমি তাহলে একসঙ্গে বেরোও বাড়ি থেকে—পুলিশের শোভাযাত্রায় পাশাপাশি হয়ে···”

আর একটু সম্মোহিতের মতো দাঁড়াইয়া চেকটা কুচি কুচি করিয়া ছিঁড়িয়া পাশের ডোবাটায় নিক্ষেপ করিল, তাহার পর জাহ্নবীকে বলিল—“চলো তোমার ব্রজলালকে নতুন রূপে দেখবে চলো।”

যখন ফিরিল. বিলম্ব হইয়া গেছে, পুলিশ নিজের কার্য সমাধা করিয়া চলিয়া গেছে। ডোরা গেটের কাছ থেকেই সংক্ষিপ্ত বিদায় লইয়া চলিয়া গেল।

সমস্ত কারখানাটা নিস্তব্ধ, লোক যাহারা আছে বারান্দায়, এক জায়গায় জড়ো হইয়া মৌনভাবে দাঁড়াইয়া আছে—ঠাকুর, বাবুর্চি, মালী, উদ্ধব আর নেপালী দারোয়ানটা; কেরানিদের মধ্যে কেহই নাই। জাহ্নবী কিছু না বলিয়া ওপরে নিজের অফিসে চলিয়া গেল।

টেবিলের ওপর একখানা পোস্ট অফিসের রেজেস্ট্রি খাম। অন্যমনস্কভাবে হাতে তুলিয়া লইয়া সোফায় এলাইয়া পড়িল। কিছু করিতে ইচ্ছা হইতেছে না, একটা অদ্ভুত শূন্যতা আর অবসাদের মধ্যে নিজের অস্তিত্বই যেন অনুভব করিতে পারিতেছে না। ··নিশ্চয় দরকারী চিঠি—রেজিস্ট্রি যখন, হয়তো দাদুর মেয়ের সম্বন্ধে কোন নতুন খবর, কিন্তু ক্লান্তভাবে পাশে ফেলিয়া রাখিয়া চুপ করিয়া পড়িয়া রহিল জাহ্নবী। ··আবার কখন যে তুলিয়া লইয়াছে, কখন যে খুলিয়াছে খামটা হুঁস নাই।···অণিমার চিঠি, সঙ্গে একটা ফটো; অণিমা একটা চেয়ারে বসিয়া আছে, কোলে একটি হৃষ্টপুষ্ট শিশু, চেয়ারের ডানদিকে দাঁড়াইয়া কিরণময়। দুইজনেরই পরিধানে খদ্দরের শাড়ি আর ধুতি, শিশুটির ফ্রকও যেন খদ্দরেরই বলিয়া মনে হইল। তিনজনের মুখেই হাসি—শিশুটিকেও কি করিয়া ঠিক মুহূর্তটিতে হাসাইয়া দিয়াছে। ফটোর নিচে লেখা ‘স্নেহের জাহ্নবীকে,’ তাহার তলায় যুগ্ম দস্তখৎ। কিরণময় নিজের নামের একটা অক্ষর বোধ হয় দুষ্টামি করিয়াই অণিমার নামের সঙ্গে একটু জড়াইয়া দিয়াছে।

জাহ্নবী অনাসক্তভাবে চাহিয়া থাকিয়া চিঠিটা তুলিয়া লইল। বেশ বড় চিঠিই, কিন্তু লাইনের ওপর দিয়া শুধু চোখ দুইটাই গড়াইয়া চলিয়াছে, মাথায় কিছু ঢুকিতেছে না জাহ্নবীর। গড়াইয়াই চলিল দৃষ্টি, তাহার পর প্রায় শেষের দিকে আসিয়া গোটা কয়েক লাইনে অবরুদ্ধ হইয়া গেল—"মেয়েদের ভালোবাসা যে সর্বজয়ী জাহ্নবী—আমরা বিরাগী শঙ্করকেও তাঁর শুষ্ক তপস্যা থেকে ছিনিয়ে নিয়ে সংসারী করে ছেড়েছি, উচ্ছৃঙ্খলকে শৃঙ্খলিত করা, এ আর বেশি কথা কি? তেমনি আবার, এই জন্যেই আমাদের যারা চায়—অবশ্য চাইবার মতন করে, পূর্ণ কল্যাণে—তাদের বঞ্চিত করার মতন নিষ্ঠুর বঞ্চনাও নেই জগতে ..."

পরিশিষ্ট

মাসখানেক পরের কথা।

রায় শোনান হবার পর মজুমদার মশাই অশ্রুসিক্ত নয়নে আগাইয়া গেল, বলিল—"আপনি ভয় পাবেন না স্যার—আপীলে এ-কেস টেঁকবে না—জজের ওখানে, নয়তো হাইকোর্টে তো নিশ্চয়। আমি সব ব্যবস্থা করেছি।"

ব্রজলাল স্থিরভাবে শুনিতেছিল, একটু হাসিয়া বলিল—"আপীল করব না তো মজুমদার মশাই।"

"সেকি! আমি পরামর্শ নিয়েছি, পনের আনা চান্স... ফাইনাল আপীল পর্যন্ত তো নিশ্চয়ই..."

"বাকি এক আনাটাকেও বাদ দেওয়া যায় না তো ..."

"তবু চেষ্টা করতে হবে, সুনাম বজায় রাখবার জন্যে।"

ব্রজলাল একটু ম্লান হাসিয়া বলিল…"যেটা অর্জন করাই হয়নি, সেটা বজায় রাখবার কথা তো ওঠে না মজুমদার মশাই।…অন্তত আপনার তো জানবার কথা।"

তাহার পর আগাইয়া গিয়া কাঁধে হাত দিয়া বলিল—"তা নয়, আমার সময় নেই মজুমদার মশাই। মাঝখান থেকে, আপীল করা—সে হয়তো বাঁচার আশায় মরার যন্ত্রণাটা টেনে বাড়ানোই সার হবে।…থাক্ সে কথা, আপনি জাহ্নবী দেবীর সঙ্গে একটু দেখা করাবার বন্দোবস্ত করুন আমার—কাল পরশু যত শীগগির হয়। আর আমার সেফের মধ্যে একটা রেজেস্টারি করা দলিল আছে, অন্য একটা দলিলের কপির সঙ্গে পিন-করা, খানাতল্লাসের সময় নেপালীর হাতে সরিয়ে দিয়েছিলাম—সেটা আমার চাই।"

দেখা করার ব্যবস্থা হইল দিন দুই পরেই। টাকার জোরে একটু ভদ্র পরিবেশের মধ্যে মজুমদার মশাই ব্যবস্থাটা করাইল।

জাহ্নবী কোন রকমে সামলাইয়া রাখিয়াছিল নিজেকে, সামনে আসিতেই একেবারে ভাঙিয়া পড়িল। হাতের আঁজলায় মুখ ঢাকিয়া অনেকক্ষণই অশ্রু বিসর্জন করিল, তাহার পর কোন রকমে নিজেকে সামলাইয়া লইয়া বলিল—"আমায় ক্ষমা… ক্ষমা পাবার কী উপায় আছে আমাব ?"

ব্রজলাল দুই-পা আগাইয়া গেল ডান হাতটাও ধীরে ধীরে একটু তুলিল, কিন্তু তখনই নামাইয়া লইল, স্নিগ্ধকণ্ঠে বলিল—ক্ষমার কোন কথাই উঠে না তো জাহ্নবী দেবী…"

আপনি জানেন না কি আমার ভুল, কত অপরাধ আমার, তাই বলছেন ও-কথা।…কিন্তু আমার জীবনটা দেখুন—ছেলেবেলা থেকেই যে একটা দিকই আমার চোখে পড়ল—বিষের চোখ দিয়ে আমি অমৃত চিনি কি করে?…যবে থেকেই জ্ঞান হয়েছে, দেখে আসছি মায়ের অপমান…এমন একজনও কেউ এসে দাঁড়াল না এত বড় সংসারে যে…উঃ! ‥তারপর মানুষের ভয়ে জঙ্গলে—পশুর মতন…উঃ!"

ডোরাকে যাহা বলিল সেদিন, সেই কথাগুলো বলিতে চায়, আরও সবিস্তারে ; ক্ষমার যে ওর বড় দরকার। কিন্তু আর অগ্রসর হইতে পারিল না। হাতে আঁচল গুটাইয়া গুমরিয়া গুমরিয়া কাঁদিতে লাগিল!

ব্রজলাল আগাইয়া গিয়া এবার স্নেহভরে ডান হাতটা কাঁধের ওপর রাখিল, বলিল—"আমি নিজের অপরাধের সাজাই বইছি জাহ্নবী দেবী। এতে আমার একটুও সন্দেহ নেই। যা নিয়ে মেতে ছিলাম, সেটা থেকে ভগবানের বিধানেই আলাদা হয়ে আজ আমি সেটার আসল রূপ দেখতে পাচ্ছি, তার পাশে নিজেরও আসল রূপ। লোভ আমাদের উচ্ছৃঙ্খল ক'রে দেয়। শক্তি আমাদের অন্ধ করে তোলে। ভোগের আমরা মর্যাদা রক্ষা করতে পারি না।···কত বলব?—আমার এ-দিককার জীবনটার তো সবই দেখছেন আপনি, এই খানেই কি নিয়ে আসবাব ধারা নয়?···আমার শোক নেই এর জন্য, এটার দরকার ছিল আমার জীবনে। শুধু একটা সন্দেহ নিয়ে যাচ্ছি আমি—সবচেয়ে লুব্ধ হয়ে যা চেয়ে ছিলাম, মনে-প্রাণে—সেটা পেলে আর সব লালসাই কি ফিকে হয়ে যেতনা আমার কাছে? আমি কি বেঁচে যেতাম না?"

জাহ্নবী একবার দৃষ্টি তুলিয়া চাহিল, আবার তখনই জলভারেই সেটা যেন নত হইয়া পড়িল।

যে-দিকটার বেদনা এত নিবিড়, সে দিকটা—যেন অগ্রসর হইতে না পারিয়াই ছাড়িয়া দিল ব্রজলাল। তুইটা পিন-করা কাগজ বাহির করিয়া বলিল—"একটা কথা আপনার মন থেকে সরে যাওয়া দরকার;—বাড়িটা আমি গাজুরি দখল করে ছিলাম না। হয়তো সত্যিই আপনি অতটা অবিশ্বাস করেন না, তবু যদি একটু সন্দেহ লেগে থাকে, তো কাছারি থেকে আমার স্বত্বের এই যে নকলটা নিয়েছিলাম, সেটা দেখলেই কেটে যাবে।·· আগে বলিনি, তার কারণ, পাকা রকম জানলে আপনারা হয়তো চলে যেতেন বাড়ি ছেড়ে। আর একটা যা কাগজ সেটা আপনার নামে বাড়ি-বাগান সব লেখা আছে; নকলটা নেবার মাসখানেক পরেই রেজেস্টারি করি,

প্রায় বছরখানেক হোল, তারপর আর বদলাই নি।·· না, রাখুন আপ‍ি জ দেবী, আমার অনুরোধ, আমার বোঝা হিসেবেও তো বইতে হবে।

আর একটা কথা, সেই সঙ্গে একটা শেষ অনুরোধ। আমি আপনাকে বুঝেছি, তার মানে আপনার ঘেন্নাকে আমি চিনেছি; হয়তো মাঝে একটু সন্দেহ হয়েছিল, কিন্তু এখন ভালোভাবেই চিনেছি তার স্বরূপ। ঘেন্না জিনিসটা হচ্ছে আদর্শের উল্টোদিক—পুরুষ সম্বন্ধে মেয়েদের একটা উঁচু আদর্শ গড়া আছে বলেই যেখানে অভাব দেখে, সেখানে অবজ্ঞা এসে দাঁড়ায় তার মনে। মেয়েদের প্রশংসাব মতন এও তো পুরুষের জীবনের আলোই, এই আলোব পথ ধরেই মেয়েদের আদর্শে পৌছুতে হবে বলেই তো যুগ-যুগ ধরে পুরুষ একটু একটু করে এতটা হয়েছে; এখনও কিন্তু কতো বাকি!

এই দুটো বছর জীবনের পক্ষে এমন কিছু বেশি নয়, কিন্তু জীবন গড়ার পক্ষে বোধ হয় কমও নয় নিতান্ত। আমি সেই চেষ্টাই করব জাহ্নবী দেবী; আমি আপিল করলাম না, আমার নষ্ট করবার আর সময় নেই বলে। মনে করবেন আমি আপনার জন্যে প্রায়শ্চিত্ত করছি, তপস্যা করছি; আমার শেষ অনুরোধ আমার জন্যে অপেক্ষা করে থাকবেন।"

সমাপ্ত